The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা
উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 867 | 25 April 2025 | শুক্রবার ১২ বৈশাখ ১৪৩২



Mirza Abbas doubts timely election under interim govt

→ Page 18



World Bank lowers growth forecast to 3.3% in FY25

→ Page 18



Bangladeshis worry amid US immigration crackdown

→ Page 19



Arrest warrant issued against Shaon

→ Page 19

### সামারের ছুটিতে দেশে না যাবার পরামর্শ

# ২৫ হাজার বাংলাদেশি শিক্ষার্থী উদ্বিগ্ন

আজকাল রিপোর্ট




যুক্তরাষ্ট্রের বিশ্ববিদ্যালয়গুলো বিদেশি শিক্ষার্থীদের ক্যাম্পাস ত্যাগ করতে নিষেধ করছে। এমনকি গ্রীষ্মকালীন (সামার) ছুটিতে যেন ছাত্রছাত্রীরা দেশে না যান সে ব্যাপারে পরামর্শ দিচ্ছে বিশ্বদ্যিালয় ও কলেজগুলো। কোন অজুহাত ছাড়াই গত ৩ মাসে ৫ হাজার বিদেশী (ইন্টারন্যাশনাল) শিক্ষার্থীর স্টুডেন্ট ভিসা (এফ-১) বাতিল করায় সতর্ক অবস্থান নিয়েছে বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান। অনেককে কোন কারণ ছাড়াই আইস পুলিশ গ্রেফতার করে বিদেশি শিক্ষার্থীদের দেশে পাঠিয়ে দিচ্ছে। হার্ভার্ড সহ বেশ কয়েকটি বিশ্ববিদ্যালয় ইমিগ্র্যান্ট প্রশ্নে হোমল্যান্ড সিকিউরিটির বিভিন্ন পদক্ষেপের বিরুদ্ধে আইনী আশ্রয় নিয়েছে। গণহারে স্টুডেন্ট ভিসা বাতিল করায় যুক্তরাষ্ট্রে অধ্যয়নরত ১০ লাখ বিদেশি ছাত্রছাত্রীদের মধ্যে আতংক ছড়িয়ে পড়েছে। এর মধ্যে রয়েছে ভারতের সাড়ে ৩ লাখ ও চীনের প্রায় ৩ লাখ। বাংলাদেশের রয়েছেন ২৫ হাজার শিক্ষার্থী। উদ্বেগ উৎকণ্ঠায় দিন কাটাচ্ছেন তারা। যারা খন্ডকালীন কাজ করতেন তারা কাজে যাওয়া বন্ধ করে দিয়েছেন। যার মধ্যে ২০ হাজার এসেছে গত ৩ বছরে। অধিকাংশ ছাত্রছাত্রীই এখন হোস্টেল/ডর্ম ও ক্যাম্পাসের বাইরে যাচ্ছেন না। যার প্রভাব পড়েছে নিউইয়র্ক সিটির ক্লাব ও বারগুলোর উপর। আগে শুক্র ও শনিবার (উইকেন্ড নাইট) রাতে ক্লাবগুলো কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের পদভারে মুখরিত থাকতো। এখন প্রায় জনশূন্য। গত শুক্রবার ডিউক বিশ্ববিদ্যালয় আন্তর্জাতিক এরপর ৪১ পৃষ্ঠায়



### যুক্তরাষ্ট্রেই থাকছেন শিক্ষার্থী অঞ্জন

## আইনি লড়াইয়ে বাংলাদেশি ছাত্রের জয়

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্রে অবস্থানরত বাংলাদেশি শিক্ষার্থী অঞ্জন রায় কিছুদিন আগে এক ইমেইলের মাধ্যমে জানতে পারেন তার স্টুডেন্ট ভিসা বাতিল হয়েছে। তাকে দেশে ফিওে যেতে হবে। তবে আশাহত না এরপর ৪১ পৃষ্ঠায়



## বাংলাদেশ সোসাইটি'র ট্রাস্টিবোর্ড গঠিত

আজকাল রিপোর্ট

নিউইয়র্কে প্রবাসী বাংলাদেশিদের আমব্রেলা সংগঠন বাংলাদেশ সোসাইটি নতুন ট্রাস্টিবোর্ড গঠন করলো। এই বোর্ড সংগঠনের সকল অনিয়ম ও অসংগতি তদন্ত সাপেক্ষে ব্যবস্থা নিতে পারবে।। যেকোন জটিলতা তৈরি হলে কার্যকরি কমিটিকে পরামর্শ এরপর ৪১ পৃষ্ঠায়

## সন্তান জন্ম দিলেই ৫ হাজার ডলার বোনাস

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্রে সন্তান জন্ম দিলেই মায়েরা প্রায় ৬ লাখ টাকা (৫ হাজার ডলার) করে পাবেন। জন্মহার বৃদ্ধির উদ্যোগ হিসেবে এরপর ৪৪ পৃষ্ঠায়

## জ্যাকসন হাইটসের 'হাটবাজার রেস্টুরেন্ট' বন্ধ হয়ে গেলো

আজকাল রিপোর্ট

নিউইয়র্কের জ্যাকসন হাইটস-এর ৭৩ স্ট্রিটের জনপ্রিয় রেস্টুরেন্ট ও গ্রোসারি হাটবাজার বন্ধ হয়ে যাচ্ছে। আগামী ৩০ এপ্রিল এরপর ৪১ পৃষ্ঠায়

# নেতৃত্বের খোঁজে আওয়ামী লীগ

আজকাল রিপোর্ট

ক্ষমতাচ্যুত আওয়ামী লীগ ঢাকায় তাদের দলের নেতৃত্ব দেওয়ার জন্য লোক খুঁজছে। দলটি এখন দেশের ভেতরে রাজনীতিতে সক্রিয় অবস্থান তৈরির বিষয়কে অগ্রাধিকার দিচ্ছে বলে জানাচ্ছেন এর নেতারা। কিন্তু বিপর্যস্ত দলটি এখন আকস্মিক ঝটিকা মিছিল এবং সামাজিক মাধ্যমের ওপর ভর করে এগোচ্ছে। এর বাইরে বড় কোনো কর্মসূচি নিয়ে রাজনীতির মাঠে টিকে থাকার মতো তাদের সাংগঠনিক অবস্থা এখনও হয়নি। অন্যদিকে, জুলাই গণঅভ্যুত্থানে হত্যাকাণ্ডের অভিযোগ ও ফ্যাসিবাদের তকমা এড়িয়ে দেশের রাজনীতিতে আওয়ামী লীগের সহসাই ফেরত আসা সম্ভব কি না, এই প্রশ্নও রয়েছে। বাংলাদেশের মুক্তিযুদ্ধের এরপর ৪১ পৃষ্ঠায়

## স্ক্যামার আতঙ্ক কমিউনিটিতে

### নিউইয়র্কে ২ মিলিয়ন ডলার ক্রিপ্টো চুরির দায়ে মামলা

হাসান মাহমুদ

বাংলাদেশি কমিউনিটিতে ব্যাপকভাবে 'স্ক্যামার আতঙ্ক' দেখা দিয়েছে। স্ক্যামারদের নানা প্রতারণার ফাঁদে পা দিয়ে সাধারণ মানুষ তাদের অর্থ হারিয়েছেন এবং নানাভাবে হয়রানির শিকার হয়েছেন বলে অভিযোগ পাওয়া গেছে। এধরনের ভিকটিমদের সংখ্যা দিনদিন বাড়ছে। ব্যাংক একাউন্ট থেকে টাকা তুলে নেয়া এবং বিভিন্ন ম্যাসেজ দিয়ে লোভনিয় লিংক পাঠিয়ে মোবাইল ও ব্যাংক একাউন্টটের তথ্য হাতিয়ে নিয়ে ডলার নিয়ে যাওয়ার এরপর ৪০ পৃষ্ঠায়

### ২৭ মে লায়ন্স ক্লাবের নির্বাচন

## লড়ছেন হাসিনা, রাসেল ও আলম

আজকাল রিপোর্ট

নিউইয়র্ক বাংলাদেশি আমেরিকান লায়ন্স ক্লাবের নির্বাচন আগামী ২৭ মে অনুষ্ঠিত হবে। এ নির্বাচনে সভাপতি পদে মনোনয়নপত্র জমা দিয়েছেন মুনমন হাসিনা এরপর ৪৪ পৃষ্ঠায়

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ১টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $14.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত SBNY
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1312055

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন,নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্ত্বর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস্, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
▪ TAX Liens Charge-Offs ▪ Inquiries ▪ Collections
▪ Garnishment ▪ Bankruptcy ▪ Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কন্সট্রাকশন কাজে দুর্ঘটনা, গাড়ী/বিল্ডিং এ দুর্ঘটনা
হাসপাতালে বিকলাঙ্গ শিশুর জন্ম, ফেডারেল ডিসএবিলিটি
কোন অগ্রিম ফি নেয়া হয় না
যোগাযোগঃ
917-282-9256
email: moinlaw@gmail.com
বিস্তারিত দেখুন ১১ নম্বর পৃষ্ঠায়
Moin Choudhury
Attorney at Law

RAJIB AHMED
PRESIDENT & CEO
LICENSED REAL ESTATE EXPERT
MEGA insurance BROKERAGE
TLC UBER, LYFT, YELLOWCAB, BLACK CAR
ইন্স্যুরেন্সের জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
আমরা দিচ্ছি ফ্রি কোটেশন সুবিধা
TAXI-LIMOUSINE INSURANCE EXPERT
WE OFFER DMV/TLC SERVICES & CLAIMS
Uber lyft NYC TAXI
DIRECT: 718-730-5290 OFFICE: 212-721-0001
32-47 57TH ST, WOODSIDE, NY 11377

KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স
পেরোল | বিজনেস সেটআপ
ইমিগ্রেশন | নোটারী পাবলিক
AUTHORIZED IRS e-file PROVIDER
ENROLLED AGENT
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent
PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights

GOLDEN AGE HOME CARE
সর্বাধিক জনপ্রিয় হোম হেল্‌থ কেয়ার এজেন্সী
হোম কেয়ার
PCA & CDPAP SERVICE
সর্বোচ্চ পেমেন্টের নিশ্চয়তা
Please Contact
Shah Nawaz MBA
President & CEO
646-591-8396
Email: info@goldenagehomecare.com | www.goldenagehomecare.com


NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR ADULT DAY CARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
Health Insurance for New Yorkers
CenterLight
HealthSystem
Anthem.
Hamaspik
MANAGED CARE
MetroPlusHealth
S W H
Senior Whole Health.
FUHAD HUSSAIN
LIFE & HEALTH INSURANCE AGENT
MOHAMMAD ZAHID ALAM
CHIEF FINANCIAL OFFICER
SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
A SISTER CONCERN OF
SHAH NAWAZ GROUP
সর্বোচ্চ সেবার
নিশ্চয়তা
CALL US NOW:
718-516-3425
SNG
SHAH NAWAZ
Design by: ihopeprint.com, 929-538-7903
CONTACT US:
Off: 718-516-3425
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
78-06 101 Ave, Suite C
Ozone Park, NY 11416

সিরাজুল ইসলাম চৌধুরী-এর কলাম মুক্তিযুদ্ধ আসলেই শেষ হয়নি আমাদের
০৫ পৃষ্ঠায়



শুভজিৎ বাগচী-এর কলাম ভারতের সাম্প্রতিক দাঙ্গার দায় কার
১০ পৃষ্ঠায়



মাসুমা হক প্রিয়াংকা-এর কলাম রাজনৈতিক সংস্কৃতির দুষ্টচক্র
১২ পৃষ্ঠায়






# বাংলাদেশি কানাডিয়ান ইয়ুথদের নিয়ে টরন্টোয় কর্মশালা

আজকাল ডেস্ক

বাংলাদেশি-কানাডিয়ান ইয়ুথদের নিয়ে একটি গুরুত্বপূর্ণ কর্মশালা গত ১৯ এপ্রিল টরন্টোয় বিআইইএস (বেঙ্গলি ইনফরমেশন অ্যান্ড এমপ্লয়মেন্ট সার্ভিস) অফিসে অনুষ্ঠিত হয়। এতে ২০ জন ইয়ুথ এবং ৪ জন অভিভাবক অংশগ্রহণ করেন। এই কর্মশালায় অংশগ্রহণকারীরা খোলামেলা আলোচনার মাধ্যমে বাংলাদেশি ইয়ুথদের নানা ধরনের চ্যালেঞ্জের কথা তুলে ধরেন। আলোচ্য বিষয়গুলোর মধ্যে ছিল-কমিউনিটি স্পেসের অভাব, নেটওয়ার্কিং ও ভলান্টিয়ার করার সুযোগের সীমাবদ্ধতা, শিক্ষাগত ও পেশাগত দিকনির্দেশনার ঘাটতি, সামাজিক এরপর ৩৮ পৃষ্ঠায়

# যুক্তরাষ্ট্রের প্রবাসিরা রেমিট্যান্স প্রেরণে শীর্ষে

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্র প্রবাসিরা রেমিট্যান্স প্রেরণে এখন শীর্ষে রয়েছেন। বাংলাদেশ ব্যাংকের সর্বশেষ তথ্য মতে, চলতি ২০২৪-২৫ অর্থবছরের প্রথম ৯ মাসে (জুলাই-মার্চ) ২ হাজার ১৭৮ কোটি ৪৪ লাখ (২১.৭৮ বিলিয়ন) ডলার দেশে পাঠিয়েছেন বিশ্বের বিভিন্ন দেশে অবস্থানকারী প্রবাসীরা। যা গত অর্থবছরের একই সময়ের চেয়ে ২৮.৫৮ শতাংশ বেশি। আর রেমিট্যান্সের এই উল্লম্ফনে সবচেয়ে বেশি অবদান রাখছেন যুক্তরাষ্ট্রে অবস্থানকারী প্রবাসীরা। দেশটি থেকে জুলাই-মার্চ সময়ে ৩৯৪ কোটি ৬১ লাখ (৩.৯৪ বিলিয়ন) ডলার এসেছে, যা মোট রেমিট্যান্সের ১৮.১১ শতাংশ। আর গত অর্থবছরের একই সময়ের চেয়ে দ্বিগুণের বেশি। ২০২৩-২৪ অর্থবছরের জুলাই-মার্চ সময়ে যুক্তরাষ্ট্র থেকে ১৯৪ কোটি ৩১ লাখ (১.৯৪ বিলিয়ন) ডলার রেমিট্যান্স এসেছিল দেশে। এরপর ৩৬ পৃষ্ঠায়

## নিউইয়র্কে রেমিট্যান্স ট্রান্সফার প্রতিষ্ঠানকে গভর্নর মনসুর

# বিগত সরকার ব্যাংকিং সেক্টরে লুটপাট করেছে

আজকাল রিপোর্ট



যুক্তরাষ্ট্রে বাংলাদেশের একটি ব্যাংক চালুর সম্ভাবনার কথা জানালেন গভর্নর ড. আহসান এইচ মনসুর। নিউইয়র্কে তিনি বলেন, সরকারি কোন ব্যাংক প্রতিষ্ঠায় কিছু জটিলতা আছে। তবে প্রাইভেট কোন একটি ব্যাংক চালু করার সম্ভাবনা রয়েছে। ঢাকায় ব্যাংকগুলোর সাথে আমি এর সম্ভাবনা নিয়ে আলোচনা করবো। বিগত সরকার ব্যাংকিং সেক্টরে লুটপাট করেছে। বাংলাদেশ কনস্যুলেটে আয়োজিত এসোসিয়েশন অব বাংলাদেশি আমেরিকান মানি ট্রান্সমিটার এন্ড এজেন্টস (এবিএএমটিএ) এর কর্মকর্তাদের সাথে গত ১৯ এপ্রিল শনিবার মতবিনিময়কালে তিনি এ কথা বলেন। মানি ট্রান্সফার এজেন্টরা গভর্নরের কাছে যুক্তরাষ্ট্রে বাংলাদেশের একটি ব্যাংকের শাখা খোলার দাবি তুলে ধরলে তিনি এ কথা জানান। এবিএএমটিএ বাংলাদেশি মানি ট্রান্সফার প্রতিষ্ঠানগুলোকে রেমিট্যান্স এর বিপরীতে ২% প্রণোদনা দেবার ব্যাপারে প্রস্তাব দেয়া হয়।

মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন ডেপুটি গভর্নর হাবিবুর রহমান, কনসাল জেনারেল নাজমুল হুদা, স্ট্যান্ডার্ড এক্সপ্রেসের সিইও মোহাম্মদ মালেক, ব্যাংক এশিয়ার আতাউর রহমান, সোনালী এক্সচেঞ্জের প্রধান মোহাম্মদ মহসিন, এবিএএমটিএ এর প্রেসিডেন্ট ও সানম্যান এক্সপ্রেসের মাসুদ রানা তপন ও এরপর ৩৪ পৃষ্ঠায়

# কার্ডিফে বাংলা নববর্ষ উদযাপন

আজকাল রিপোর্ট

বাঙালী জাতির কৃষ্টি সংস্কৃতি ও ইতিহাস ঐতিহ্য ও গৌরবময় অধ্যায় নব প্রজন্মের সামনে তুলে ধরা এবং কমিউনিটির বন্ধন আরও শক্ত করার লক্ষ্যে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা ও উৎসবমুখর পরিবেশে জাঁকজমকভাবে নানা আয়োজনের মধ্য দিয়ে বৃটেনের ওয়েলসের রাজধানী কার্ডিফে অনুষ্ঠিত হয়ে গেলো বাঙালির প্রাণের নববর্ষ বরণ 'বাংলার মেলা'।

গত ২১ এপ্রিল দিনব্যাপী আয়োজনে বিভিন্ন শহর থেকে আগত প্রবাসীরা উপস্থিত থেকে অনুষ্ঠানকে প্রাণবন্ত করে তোলেন। মেলায় স্টলগুলোর মধ্যে ছিলো দেশি খাবার, কাপড়, আসবাবপত্রসহ বিভিন্ন দেশের খাবার ও পণ্যের সমাহার।নানান সংগঠন ও প্রতিষ্ঠানের এরপর ২৯ পৃষ্ঠায়



# আটলান্টিক সিটিতে পহেলা বৈশাখ বাংলা নববর্ষ হিসেবে স্বীকৃতি পেল

আজকাল রিপোর্ট

নিউজার্সি রাজ্যের আটলান্টিক সিটিতে পহেলা বৈশাখকে বাংলা নববর্ষ হিসেবে স্বীকৃতি দেওয়া হয়েছে। গত ১৬ এপ্রিল, অনুষ্ঠিত সিটি কাউন্সিলের সভায় পহেলা বৈশাখকে বাংলা নববর্ষ হিসেবে স্বীকৃতি দেওয়ার লক্ষ্যে প্রস্তাব আনা হয়। সভায় অংশগ্রহণকারী কাউন্সিল সদস্যরা এই প্রস্তাবের পক্ষে ভোট দিলে সর্বসম্মতিক্রমে তা গৃহীত হয়। সভায় আটলান্টিক সিটির মেয়র মার্টি স্মল,কাউন্সিল সভাপতি এ্যারন রেনডলফ,সহ সভাপতি কলিম শাহবাজ, লা টয়া ডান্সটন,এ্যানিমেল ক্রাউচ,মারিয়া লাকা,জেসি কার্টজ,জর্জ টিবিট, স্টিফেনি এরপর ৩৬ পৃষ্ঠায়

# আটলান্টিক সিটিতে বর্ষবরণ ৩০ এপ্রিল

আজকাল রিপোর্ট

নিউ জার্সি রাজ্যের আটলান্টিক সিটিতে আগামী ৩০ এপ্রিল, বুধবার বাংলা 'নববর্ষ বরণ' অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এসি ডাকটাউনের উদ্যোগে ওইদিন বিকেল পাঁচটা থেকে রাত নয়টা পর্যন্ত ২২০০ ফেয়ার মাউন্ট এভিনিউস্থ স্টকটন বিশ্ববিদ্যালয়ের নোয়েস আর্ট গ্যারেজে অনুষ্ঠিতব্য "নববর্ষ বরণ" অনুষ্ঠানের বিভিন্ন আয়োজনের মধ্যে থাকছে সংগীত, নৃত্য, আবৃত্তি ও বৈশাখী মেলা।

বৈশাখী মেলায় বাংলার ঐতিহ্যবাহী চারুকারু, খাবার-দাবার, বুটিক, পোশাক-পরিচ্ছদ, গয়নাসহ নানারকম দেশীয় পণ্যের সমাহার থাকবে।

এছাড়া প্রবাসে ভিন্ন সংস্কৃতিতে বেড়ে ওঠা নতুন প্রজন্মের শিশু-কিশোররা যাতে আবহমান এরপর ২৯ পৃষ্ঠায়



# নিউইয়র্কে কুমিল্লা সোসাইটি অব ইউএসএ'র শপথ গ্রহণ

আজকাল রিপোর্ট

কুমিল্লা সোসাইটি অব ইউএসএ'র নতুন কমিটির শপথ গ্রহণ অনুষ্ঠান গত ১৩ এপ্রিল ব্রঙ্কসের নিরব রেস্টুরেন্টে আনন্দঘন পরিবেশে অনুষ্ঠিত হয়।

সংগঠনের বিদায়ী সভাপতি মিয়া মোহাম্মদ দাউদের সভাপতিত্বে এবং বিদায়ী সাধারণ সম্পাদক এইচ এম মিজানুর রহমানের উপস্থাপনায় শপথ পরিচালনা করেন নির্বাচন কমিশনার ও কুমিল্লা সোসাইটির সাবেক সভাপতি আবুল খায়ের আখন্দ। এসময় নির্বাচন কমিশনের অন্যান্য সদস্যরা উপস্থিত ছিলেন। বিদায়ী সভাপতি ও সাধারণ সম্পাদক নয়া কমিটিকে ফুল দিয়ে এরপর ৩৮ পৃষ্ঠায়


রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
- প্রাইভেট অকশনে বাড়ি
- পাবলিক অকশনে বাড়ি
- ব্যাংক মালিকানা বাড়ি
- শরট-সেল ও REO প্রপার্টি
কল করুনঃ
৫১৬ ৪৫১ ৩৭৪৮
150 Groat Nack Road, Groat Nack, New York-11021
nurulazim67@gmail.com
Nurul Azim

York Holding Realty
Licensed Real Estate Broker
Over 20 Years Experience in Real Estate Business
Zakir H. Chowdhury
President
- Now Hiring Sales Persons
- Free Training (Free course fees for selected people)
- Earn up to 300K Yearly
Call Us: 718-255-1555 | 917-400-3880
We are Specialized in Residential, Commercial, Industrial, Bank Owned, Co-op, Condo, Buying-Selling & Rentals
718-255-4555
zchowdhury646@gmail.com
www.yorkholdingrealty.com
70-32 Broadway, Jackson Heights NY-11372

আপনার স্বপ্নের বাড়ীটি বেছে নিন
Dream Cottage Realty Inc
আমরাই আপনার এটর্নি, প্রি-অ্যাপ্রুভড লোন সহ সকল ব্যাবস্থা করে থাকি।
শত ভাগ গ্যারান্টি
সবচেয়ে কম রেটের মর্টগেজে সহযোগীতা প্রদান করা হয়
Fazle Shohag Khan
Licensed Real Estate Sales
Cell: 1-917 770 1341
Office: 1-516 800 5160
e-mail: shohag.khan@hotmail.com

OPEN 24 HOURS
PANSHI NEVER SLEEP
আমরা সব ধরনের ক্যাটারিং করি
ভাল খাবার, সুন্দর পরিবেশ, ভাল সার্ভিস, কমদামে উপভোগ করুন।
$6.99 Midnight & Driver Special
PANSHI RESTAURANT & PARTY HALL
168-37/39 Hillside Ave, Jamaica, NY 11432
Tel: 718-480-8516, Fax: 718-480-8531

US BANGLA TAX & MULTISERVICES INC.
US BANGLA TECHNOLOGY & SUPPLIES INC.
US BANGLA DEVELOPER & PROPERTY INC.
Chandan Gupta
President
347-239-3408
Mostafezur Rahman
Vice President
646-361-0250
Authorized IRS e-file Provider
One Stop Services
37-47 73rd Street, Suite #217
Jackson Heights, NY-11372
Tel :718-255-6783
Fax:718-255-6783
usbanglagroup@yahoo.com
Services : Individual & Business Tax Services, Immigration Services, Loan Modification, Real Estate Property Investment.


NABANNO
HALAL
FREE WiFi
দেশীয় স্বাদ নবান্নেই
আমরা শতভাগ ফ্রেশ খাবার পরিবেশন করি।
পিকনিক সহ সকল প্রকার অনুষ্ঠানে ক্যাটারিং করি।
আমরা সুস্বাদু হালাল চায়নিজ খাবার পরিবেশন এবং ক্যাটারিং করি।
সুসজ্জিত হলে বিয়ে, গায়ে হলুদ, জন্মদিন সহ সকল প্রকার পার্টি ও অনুষ্ঠানের জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।
DOORDASH
Uber Eats
GRUBHUB
www.nabannorestaurant.com
Nabanno Restaurant
37-22 73rd St, Jackson Heights, NY 11372, Phone:718 734 6000


LIBERTY BROKERAGE
GET YOUR TLC INSURANCE FROM US WITH THE BEST RATE
(Black Car, Livery, Taxi, Yellow Cab, Green Cab)
Our Services
TLC Insurance
DMV & TLC Service
TLC Car & Plate Rent
Auto, Home & Business Ins.
TLC Base (Black & Green Cab)
ARIF SHAHRIAR
PRESIDENT & CEO
NYC Office:
41-05 69th Street
Woodside, NY 11377
Buffalo Office:
170 Kerns Ave, ST #101
Buffalo, NY 14211
Phone: 718-567-5600
info@libertybkg.com, www.libertybkg.com

সম্পাদকীয়

# ‘নিউইয়র্কে হিন্দুময় বাংলা নববর্ষ! মুসলমান ভাইরা কই?’

‘নিউইয়র্কে হিন্দুময় বাংলা নববর্ষ!’ সোশ্যাল মিডিয়ায় এমন একটি লেখা দেখে চোখ আটকে গিয়েছিল। এমন প্রশ্নটি ছুঁড়ে দিলেন কে? রতন তালুকদার। নিজের পরিচয়ে তিনি লিখেছেন, সাপ্তাহিক জন্মভূমির সম্পাদক। পেশায় নানাচড়াই উৎড়াই পেরিয়ে অনেকদিন। মাঝেমধ্যেই অকপটে সত্য কথাটি বলেন। তার অনেক লেখায় সীমবদ্ধতার আচঁড়ও পাওয়া যায়। কিন্তু বৈশাখ নিয়ে এ লেখাটি অনেক তাৎপর্য বহন করে। বিষয়টি অনেকের নজরে এলেও প্রবাসের সাংবাদিক, লেখক ও উদারমনের মানুষেরা বুঝেও না বুঝবার ভান করেছেন। অনেকে আলাপচারিতায় বৈশাখ প্রসংগটি আনলেও তা নিয়ে লেখেননি। এ বিবেচনায় রতন তালুকদার ধন্যবাদ পাবার দাবিদার।

তিনি লিখেছেন, ‘অনেক অনেক দিন আগের কথা নয়। নিউইয়র্কে বাংলাদেশী কমিউনিটি গড়ে উঠেছে আশির দশকের মাঝামাঝি থেকে। এই জনপদে ক্রমেই ভিড় বাড়ে। এখন তো শত শত সংগঠনের কলরবে ট্র্যাফিক জাম! বাংলাদেশী অভিবাসীর সংখ্যা বেড়েছে। সাথে সাথে বেড়েছে সভা-সমিতি, ব্যবসা-বাণিজ্য, দেশী কায়দায় প্রধান প্রধান দিবসগুলোর উদযাপন। সাথে সাথে বেড়েছে টাউট-বাটপারদের ধান্দাবাজি!

মাত্র ৩২ বছর আগের কথা বলছি। বাংলা ১৩৯৯ সাল থেকে ১৪০০-এ যাত্রা। এক শতক থেকে অন্য শতকে পা রাখা। বাংলা ১৪০০ সাল বরণ করতে নিউইয়র্ক বাংলাদেশী কমিউনিটিতে বড় বর্ষবরণ অনুষ্ঠানটি হয়েছিলো এস্টোরিয়ার ঐতিহ্যবাহী বহমিয়ান হলে, দিনব্যাপী বর্ষবরণ। বর্ণিল রঙে রঙিন ছিলো অনুষ্ঠান, গান-বাজনা বই মেলা সবই হৃদয় কেড়ে নেয়া দেশের নস্টালজিক অনুভূতি। এই অনুষ্ঠানটি ছিলো আউট ডোর ইন ডোর মিলিয়ে। সবখানে উপচে পড়া ভিড়। সে স্মৃতি এখনো মনে রেখাপাত করে। কিন্তু এবার ১৪৩২-এ এ কি দৃশ্যপট? পুরোপুরি বদলে গেল পরিবেশ। সংস্কৃতি, ধর্মবর্ণের আবরণে বিচ্ছিন্নতা। টাইম স্কয়ার থেকে জ্যামাইকা আর্ট সেন্টার, জ্যাকসন হাইটস্ থেকে এস্টোরিয়া সেই একই চিত্র। বাঙালি (বাংলাদেশী) মুসলমানরা যেন আবহমান বাংলার সংস্কৃতি ভুলতে বসছে। ধর্মান্ধতায় যেন সব ভেসে যাচ্ছে। নেশাখোরের মত ধর্মান্ধ ব্যাধি মহীরূপ নিয়ে সমাজে ও সম্প্রদায়ের মাঝে বিভক্তির রেখা টানছে।

এবার নিউইয়র্ক বর্ষবরণে সেই চিত্রই চোখে পড়লো। চারিদিক হিন্দুময়, মুসলমান ভাইরা কই? অথচ ৩৫ বছর আগে এস্টোরিয়ায় বহমিয়ান পার্কের বর্ষবরণে দেখেছি হাতেগোনা ক'জন হিন্দু! জানিনা, আজি হতে শতবর্ষ পরে ১৫০০-তে কী হবে?’

> এ ক্ষেত্রে রতন দা ঠিকই বলেছেন। তবে মুসলমানরা কেন অতীতের ন্যায় এই সার্বজনীন উৎসব থেকে নিজেদেরকে দূরে রেখেছেন তাও খতিয়ে দেখা দরকার। উৎসব যখন একজন ব্যক্তির খোরাকের বস্তুতে পরিণত হয়। একজনের পকেটের উৎসবে পরিণত হয় তখন প্রশ্ন উঠতেই পারে। আসুন সবাই বলি, ধর্ম যার যার। সংস্কৃতি ও উৎসব সবার

একজন সংবাদ কর্মির এ অনুধাবন অনেকেরই মনের কথা। ছোট বেলায় গ্রামেগঞ্জে বৈশাখী মেলায় গিয়েছি দল বেঁধে। ছিল উৎসব। সারা বছর অপেক্ষা করেছি এ দিনটির জন্য। মেলায় হিন্দু, মুসলমান কিংবা খ্রিস্টানের বিন্দুমাত্র নিশানা পাইনি। আবালবৃদ্ধবনিতা এতে সামিল হতেন। স্কুল জীবন পেরিয়ে কলেজ ও বিশ্ববিদ্যালয়ের সময়ে রমনায় বৈশাখের উৎসবে অংশ নেয়া ছিল বাৎসরিক এক পার্বন। কই হিন্দু মুসলমানের কথিত সুবাতাসতো গায়ে লাগে নি? কিন্তু সম্প্রতি নিউইয়র্কে এই বৈশাখী উৎসব নিয়ে ধর্মীয় সুরওরি দেয়া হচ্ছে। এক বছর আগেই রমজান মাসে বৈশাখী উৎসব করা যাবে না এমন ফতোয়া দেবার চেষ্টা করা হয়েছিল। ইফতারের সময় নাচ গানের কর্মসূচি দিয়ে আয়োজকরা উদ্ধত্যতাও দেখিয়েছিলেন। সর্বজনীন বৈশাখে উলু ধ্বণি যেমন গ্রহণযোগ্য নয়, বাঙালীর শাসত সংস্কৃতি বৈশাখী উৎসবকে অনৈসলামিক বলে অভিহিতও মানায় নয়। এই ধরনের অনুষ্ঠানের আয়োজকদেরও সতর্কতার সাথে পরিমাপ করতে হবে।

সার্বজনীন একটি উৎসবে যখন একটি ধর্মীয় লোকজনের উপস্থিতি শতকরা ৯০ ভাগ থাকে, তখন প্রশ্ন উঠতেই পারে। এ ক্ষেত্রে রতন দা ঠিকই বলেছেন। তবে মুসলমানরা কেন অতীতের ন্যায় এই সার্বজনীন উৎসব থেকে নিজেদেরকে দূরে রেখেছেন তাও খতিয়ে দেখা দরকার। উৎসব যখন একজন ব্যক্তির খোরাকের বস্তুতে পরিণত হয়। একজনের পকেটের উৎসবে পরিণত হয় তখন প্রশ্ন উঠতেই পারে।

আসুন সবাই বলি, ধর্ম যার যার। সংস্কৃতি ও উৎসব সবার।

# মুক্তিযুদ্ধ আসলেই শেষ হয়নি আমাদের

## সিরাজুল ইসলাম চৌধুরী



বাংলাদেশে মৌলবাদ আবার মাথা চাড়া দিয়ে উঠেছে। এক দিক দিয়ে এটা অত্যন্ত অপ্রত্যাশিত। কেননা বাংলাদেশের অভ্যুদয় ধর্মভিত্তিক জাতীয়তাবাদকে প্রত্যাখ্যান ও পরাভূত করে। কিন্তু পরাভূত শক্তি আবার ফিরে এসেছে। তার পরাজয়টা কেবল যে সশস্ত্র যুদ্ধক্ষেত্রে ঘটেছিল তা নয়, ঘটেছিল আদর্শিকভাবেও। তাহলে কেন তার পুনরুত্থান? কেমন করে?

বোঝা যায় যে মৌলবাদীরা তাদের আদর্শিক পরাজয়টিকে মেনে নেয়নি। দৈহিকভাবে হেরে গিয়ে এবং ধাওয়া খেয়ে পালিয়ে ছিল মাত্র, পরে পরিস্থিতি আগের মতো প্রতিকূল নেই দেখে ফিরে এসেছে। এই যে পরিস্থিতি পাল্টে যাওয়া, এর প্রধান উপাদান কী? সেটা হলো পুঁজিবাদের পুনঃপ্রতিষ্ঠা। ওই যে ব্যক্তি বড় হয়ে উঠছে সমষ্টির তুলনায়-এই নীতিটি আগের রাষ্ট্রগুলোতে কার্যকর ছিল, মনে হয়েছিল বাংলাদেশে তা থাকবে না, কেননা বাংলাদেশ হবে প্রকৃত অর্থে গণতান্ত্রিক, সেখানে রাষ্ট্র হবে সবার সাধারণ সম্পত্তি, যার দরুন রাষ্ট্র তার শোষণকারী ভূমিকা ছেড়ে রক্ষাকারীর ভূমিকা নেবে এবং সমাজে অধিকার ও সুযোগের সাম্য প্রতিষ্ঠিত হবে। সেটাই ছিল স্বপ্ন। স্বপ্ন ভেঙে গেছে। যার ফলে অধিকাংশ মানুষের জীবনে দুঃস্বপ্ন নেমে এসেছে, এমন দুঃস্বপ্ন যা ছিল কল্পনার বাইরে, কারণ মুক্তিযুদ্ধে বিজয় তাদেরকে আশা দিয়েছিল, তারবার সাহস জুগিয়েছিল যে স্বপ্ন দূরে নয়, নিকটবর্তী বটে।

চোখ কচলে মানুষ দেখেছে যে যুদ্ধ করল সবাই, কিন্তু সুফল চলে যাচ্ছে ধনীদের গৃহে। উনিশ শ সাতচল্লিশের স্বাধীনতাতে যারা উপকৃত হয়েছিল, একাত্তরের স্বাধীনতাতে তারাই উপকার পাচ্ছে, দ্বিতীয়বার। কে মুক্তিযোদ্ধা আর কে রাজাকার সেটা কোনো বিবেচনার বিষয় রইল না, সত্য হয়ে উঠল শ্রেণি। সাধারণ মানুষ আরও দেখল মুক্তিযোদ্ধা নাম নিয়ে কিছু মানুষ এমন আচরণ করছে যে তারা যেন পাকিস্তানিদের পরাজিত করেনি, যেন নিজেদের দেশকেই জয় করেছে; কাজেই দেশ তাদের, তারা এখন লুটপাট করবে, আগে পাকিস্তানিরা যেমন লুটপাট করেছে। মুক্তিযুদ্ধের চেতনা সর্বত্র ভূলুণ্ঠিত হলো।

রাষ্ট্র আবার সেই পুরোনো পুঁজিবাদী পথ ধরে এগোতে থাকল। সংবিধান থেকে ধর্মনিরপেক্ষতা বিদায় নিল, সমাজতন্ত্রকে ছেঁটে ফেলা হলো এবং গণতন্ত্রের পরিবর্তে কখনো বৈধ কখনো অবৈধ স্বৈরশাসন কায়েমি হয়ে বসে রইল। দারিদ্র্য, বৈষম্য ও অজ্ঞতা বৃদ্ধি পাওয়া শুরু করল। অধিকাংশের স্বার্থ না দেখে কতিপয়ের স্বার্থ রক্ষা করবার দায়িত্ব গ্রহণ করে রাষ্ট্র হয়ে দাঁড়াল পীড়নকারী প্রতিষ্ঠান, যার কাছে আশ্রয় নেই, ভরসা নেই ন্যায়বিচারের।

> সম্পদ উৎপাদন তো বটেই, সম্পদের সুষম বণ্টনও প্রয়োজন হবে। শত্রু চলে গেছে মনে করছি, কিন্তু শত্রু মোটেই যায়নি। শত্রু হচ্ছে ব্যক্তির স্বার্থকে বড় করে তোলা এবং সেই গুরুত্বদানের পেছনে কাজ করছে পুঁজিবাদী অর্থনীতি ও আদর্শ-শত্রু তারাও। আমাদের মুক্তিযুদ্ধ আসলেই শেষ হয়নি। সেই যুদ্ধে হেরে গেলে কেবলই পেছন দিকে হাঁটতে থাকব, এখন যেমন হাঁটছি ক্রমাগত

কথা ছিল শিক্ষা হবে অভিন্ন ও সর্বজনীন। তা হয়নি। পাকিস্তানি রাষ্ট্রে এবং তারও আগে যে তিন ধরনের শিক্ষাধারা প্রচলিত ছিল, সেগুলো প্রবল বেগে ফিরে এসেছে। গরিব মানুষকে উৎসাহিত করা হয়েছে মাদ্রাসায় সন্তানদের পাঠাতে। সেখানে গিয়ে তারা আরও গরিব হয়েছে এবং ধর্মনিরপেক্ষতায় আস্থা হারিয়েছে। ধর্মনিরপেক্ষতা নিয়ে শাসকশ্রেণির অস্বস্তি ছিল। ধর্মনিরপেক্ষতা বলতে তারা সব ধর্মের অবাধ চর্চা বুঝেছে এবং কার্যত ধর্মচর্চাকে উৎসাহিত করেছে।

এটাও দেখা গেছে, ধনীরা মনে করেছে যে তারা ধনী হয়েছে ভাগ্যগুণে। তারা আরও ধনী হতে চায়। আবার ভেতরে-ভেতরে অপরাধবোধও কাজ করেছে, কেননা তারা জানে যে ধনার্জনের পথটা যে সৎ ছিল তা নয়, ছিল অপরাধাচ্ছন্ন। সৌভাগ্যের অত্যাচর্য তৎপরতার জন্য কৃতজ্ঞতা এবং অপরাধবোধের বোঝা এই দুইয়ের তাড়নায় ধনীরা ধর্মকার্য ধরেছে। তারা মোটেই ধার্মিক নয়, ধর্মের আনুষ্ঠানিকতাটাই করে, আধ্যাত্মিকতার বালাই নেই। কিন্তু তাদের দৃষ্টান্ত কম বিত্তবানদের অস্থির করে ধর্মের পথ ধরতে।

সমাজের প্রায় সবাই এখন পুঁজিবাদী। ব্যক্তিগত মুনাফা চায়। অন্যের ভালোমন্দ সম্পর্কে আগ্রহ কমছে, ক্রমাগত সংকীর্ণ, স্বার্থবুদ্ধিসর্বস্ব ও হতাশ হয়ে পড়ছে। হতাশা একটি ভয়ংকর ব্যাধি। ধর্মসহ নানাবিধ মাদকাসক্তি ওই ভূমিতে লালিত-পালিত হয়। প্রতিশ্রুতি ছিল যে রাষ্ট্র ধর্মনিরপেক্ষতাকে প্রতিষ্ঠিত করবে। রাষ্ট্র তা করেনি। বস্তুত রাষ্ট্র ধর্মনিরপেক্ষতাকে কেবল যে সংবিধান থেকে বাদ দিয়েছে তা নয়, সেখানে রাষ্ট্রধর্ম হিসেবে ইসলামকে যুক্ত করেছে। ধর্মভিত্তিক রাজনৈতিক দলের তৎপরতা তো রয়েছেই, জাতীয়তাবাদী বলে পরিচিত বুর্জোয়া রাজনৈতিক দলও প্রায় প্রতিযোগিতামূলক পদ্ধতিতেই ধর্মকে রাজনৈতিক উদ্দেশ্যে ব্যবহার করে চলেছে। এসব মিলিয়েই বাস্তবতা। এই বাস্তবতা রাজনৈতিক ধর্মনিরপেক্ষতা ও দার্শনিক

এরপর ২৪ পৃষ্ঠায়

# দায় অন্য কাউকে দেয়া বোকামি

## শামীমুল হক

প্রিয় হাসু আপা, আমার অন্তরের অন্তস্তল থেকে আপনাকে জানাই অভিনন্দন। দূর দেশে বসে আপনি যে ঘৃণার বিষবাষ্প ছড়াচ্ছেন এ জন্য আপনাকে অভিনন্দন না জানিয়ে পারলাম না। সামাজিক যোগাযোগ মাধ্যমে আপনার ভাষণ, নেতাকর্মীদের প্রতি সহিংস কর্মকাণ্ডের নির্দেশনা বাংলাদেশের সকল মানুষ মন ভরে শুনছেন। তারা বলছেন, নেত্রী তো একেই বলে। যিনি নিজের দোষ অবলীলায় অন্যের ঘাড়ে নির্বিঘ্নে চাপিয়ে দিতে পারেন। সত্যিই আপা আপনি পারেনও বটে। ইতিমধ্যে আপনার নির্দেশনার কিছু বাস্তবায়ন শুরু হয়েছে। সেদিন দেখলাম কয়েকজন লোক নিয়ে ভোরে মিনিট দশেকের একটি মিছিল হয়েছে। গুলিস্তান এলাকায় হওয়া এ মিছিল হওয়ার পর মানুষ বলছে, আপনি ক্ষমতায় থাকতে আপনার অত্যাচার, নির্যাতন, হামলা, মামলা, গ্রেপ্তারের ভয়ে বিরোধী নেতাকর্মীরা এমনভাবে ঝটিকা মিছিল করতো। তারপরও তাদের আপনি ছাড়তেন না। ছবি দেখে আপনার পুলিশ বাহিনী তাদের গ্রেপ্তার করতো। আর আপনি তা দেখে মিটিমিটি হাসতেন। আচ্ছা আপা, সেদিনের ভোরের সেই ঝটিকা মিছিল দেখে আপনিও কি হেসেছেন? বড় জানতে ইচ্ছে করে। আবার প্রশ্ন জাগে আপনি পালিয়ে যাওয়ার পর আপনার প্রথম, দ্বিতীয়, তৃতীয় সারির সকল নেতা গাঢাকা দিয়েছে। ষোল বছরের ধারাবাহিক ক্ষমতায় থাকাতে তারাই লুটেপুটে খেয়েছে দেশটাকে। আপনি সবই জানতেন। কিন্তু কিছু বলতেন না। বরং আশকারা দিয়েছেন।

আপাগো, এখন কতো কথা মনে হয়।

এই যে ধরুন না ২০৪১ সাল পর্যন্ত ক্ষমতায় থাকতে আপনি কতোই না কসরত করেছেন। নির্বাচন নির্বিঘ্নে করতে মিথ্যা মামলায় খালেদা জিয়াকে জেলে পাঠিয়েছেন। আবার নির্বাহী ক্ষমতায় তাকে শর্তসাপেক্ষে বাসায় থাকতে দিয়েছেন। একাধিকবার শারীরিক অবস্থার চরম অবনতি হলেও বিদেশে চিকিৎসা নিতে পারমিশন দেননি। আপনার মহত্ত্ব বোঝাতে বক্তৃতা- বিবৃতিতে সবসময় বলতেন, আমি খালেদার প্রতি দয়া দেখিয়েছি বলেই তাকে বাসায় থাকতে দিয়েছি। আবার তারেক রহমানকে হুমকি দিয়ে বলেছেন, বেশি বাড়াবাড়ি করলে খালেদা জিয়াকে আবার জেলে পাঠিয়ে দেবেন। একাধিকবার খালেদা জিয়াকে মুক্তি দিতে তার পরিবারের পক্ষ থেকে আবেদন করা হয়েছে। আবার তার দল থেকে আন্দোলন তো সবসময়ই ছিল। আপনি আইনের দোহাই দিয়ে তাকে দিনের পর দিন আটকে রেখেছেন। কিন্তু আপনি পালিয়ে যাওয়ার সঙ্গে সঙ্গে তাকে মুক্তি দেয়া হয়েছে। এটাও নির্বাহী আদেশে। এখন পারলে আপনি পারলেন না কেন? আসলে আপনার ভয় ছিল খালেদাকে নিয়ে। তাই না আপা? কিন্তু শেষ পর্যন্ত আপনার কোনো কৌশলই তো টিকলো না। ২০০০ মানুষকে গণহত্যা চালিয়েও আপনি পার পেলেন না। মানুষ হাসি মুখে বুক পেতে দিয়েছে বুলেটের সামনে। তবুও তারা আপনার মতো নিষ্ঠুরতম স্বৈরাচারকে ক্ষমতায় দেখতে চায়নি। আর চায়নি বলে তারা অকাতরে প্রাণ দিয়েছে। হেলিকপ্টার থেকেও আপনি আপনার জনগণের ওপর বুলেট ছুড়েছেন। আবার আপনিই ইদানীং সাজিয়ে গুছিয়ে মিথ্যা বলে যাচ্ছেন ওরা ২০০০ ছাত্র-জনতাকে হত্যা করেছে। প্রধান উপদেষ্টার প্রতি আপনার আক্রোশ নতুন নয়। এটা পুরনো। এখনো সামাজিক যোগাযোগমাধ্যমে দেয়া আপনার বক্তব্য, নেতাকর্মীদের দেয়া নির্দেশনার ফাঁকেও ড. ইউনূসকে সুদখোর বলতে ভুলেন না। আপনি জোর দিয়ে এখনো বলছেন এসবের বিচার অবশ্যই করবেন। আবার এটাও বলেন, আমি শেখ হাসিনা যা বলি তা করে দেখিয়ে দেই।



সত্যিই হাসু আপা, আপনার ভাগ্য খুব ভালো। আপনার প্রতিপক্ষ আপনার মতো এত প্রতিহিংসাপরায়ণ নন। তাই তো তাদের ওপর এত নির্মম অত্যাচার, অবিচার, গুম, হত্যা, হামলা, মামলা, গ্রেপ্তার চালানোর পরও কোনো কোনো নেতাকে আপনাদের জন্য মায়াকান্না করতে দেখা যায়। কেউ কেউ বলেন, আপনি ক্ষমতায় থাকতে এদের সুযোগ-সুবিধা দিয়েছেন। কোনটা সত্যি, কোনটা মিথ্যা আপনিই ভালো জানেন।

আপা, আপাগো আপনার এ দুর্দশার জন্য আপনি নিজেই দায়ী। অন্য কাউকে দায় দেয়া বোকামি। আপনি নিজেকে সর্বময় ক্ষমতার কেন্দ্রবিন্দু বানিয়ে সব করেছেন। যেসব নেতা আপনার কথার দ্বিমত করবে তাদের দূরে ঠেলে দিয়েছেন। কাছে টেনে নিয়েছিলেন টাকলা মুরাদের মতো চরিত্রহীনদের। দুর্নীতিবাজ আর চরিত্রহীনরা আপনাকে নিয়ে গীত গাইতেন। আপনি এ গীত শুনে মনের আনন্দে নাচ করতেন। বাহ কি চমৎকার। এমন চমৎকার সভা পরিষদ নিয়ে আপনি দেশ চালিয়েছেন। যে পরিষদ আপনার ভুল সিদ্ধান্তকেও স্বাগত জানিয়েছে। আপনি যত স্বৈরাচারী হয়েছেন ততই তারা খুশি হয়েছে। আর আজীবনের জন্য তো সিংহাসন আপনার করে নিয়েছেন। নির্বাচন দিয়েছেন নামে মাত্র। ষোল বছর সিংহাসনে বসে আপনি যেসব অপকর্ম করেছেন তার ফিরিস্তি দেশের মানুষের মুখে মুখে। এমনকি আপনার দলের ত্যাগী নেতারাও আপনাকে এখন ঘৃণা করে। তারা আপনার মুখটি পর্যন্ত দেখতে চায় না। হাসু আপা, আপনি ক্ষমতায় থাকতে নানা চমক দেখিয়েছেন। আপনার এসব চমকে

এরপর ২৮ পৃষ্ঠায়

> এই ভঙ্গুর বিরোধিতার ফাঁকে মোদি তাঁর পুরোনো কৌশলে আবারও সফল। তিনি বিরোধীদের সাংবিধানিক জাতীয়তাবাদের বক্তব্যকে ব্যাহত করে দিয়েছেন। অথচ গণতন্ত্রের স্বাস্থ্যের জন্য সেই কথাগুলোরই এখন সবচেয়ে বেশি প্রয়োজন। তবু বড় প্রশ্ন থেকেই যায়: কত দিন মোদি এই চালগুলো খেলতে পারবেন? কত দিন তিনি দেশের প্রকৃত সমস্যাগুলো থেকে মানুষের চোখ ঘুরিয়ে রাখতে পারবেন? সময়ের পালাবদলে সেই উত্তরও ক্রমেই স্পষ্ট হয়ে উঠছে


| | | | |
|---|---|---|---|
| Editor & Publisher | : Shah Nawaz | সম্পাদক ও প্রকাশক | : শাহ্ নেওয়াজ |
| Managing Editor | : Rano Nawaz | ব্যবস্থাপনা সম্পাদক | : রানো নেওয়াজ |
| City Editor | : Anik Raj | সিটি এডিটর | : অনিক রাজ |
| General Manager | : Abubakar Siddique | জেনারেল ম্যানেজার | : আবুবকর সিদ্দিকী |

**Weekly Ajkal**
71-16 35th Ave, Jackson Heights,
NY 11372, USA.
Ph: 646-267-7751, Fax: 718-865-9130
web: www.ajkalnewyork.com
e-mail: ajkalnews@gmail.com

# যে প্রশ্নের উত্তর খোঁজা হয়েছে লন্ডন বৈঠকে

শান্তনা রহমান

বিএনপি-জামায়াতের শীর্ষ নেতাদের বৈঠকে কী আলোচনা হয়েছে তা এখনো অজানা। লন্ডনে বা ঢাকায় কোনো দলের পক্ষ থেকেই আনুষ্ঠানিকভাবে কিছুই বলা হয়নি। এ কারণেই হয়তো বিস্তর কৌতূহল। দু'দলের মধ্যে যে দূরত্ব বেড়েছিল তার কি কিছুটা অবসান হয়েছে? কেন দূরত্ব তৈরি হলো, কারা এর জন্য দায়ী তা নিয়ে দু'দলের নেতারা আলোচনা করেছেন। খুঁজেছেন উত্তর। চলমান রাজনীতি ও ভবিষ্যৎ নির্বাচন নিয়ে দীর্ঘসময় আলোচনা হলেও সুনির্দিষ্ট কোনো সিদ্ধান্তের দিকে হাঁটেননি নেতারা। পর্যবেক্ষকরা পরস্পরবিরোধী অবস্থান থেকে এক কক্ষে বসাটাকেও ইতিবাচক বলে মনে করছেন। কারণ দু'দলের মধ্যে উদ্বেগ ছিল, ছিল বেদনা। একে অপরকে প্রতিদ্বন্দ্বী ভাবতে শুরু করেছিল। গেল সপ্তাহে বিএনপি-জামায়াতের শীর্ষ নেতারা এক বৈঠকে মিলিত হন। যদিও বৈঠকটি ছিল মূলত মানবিক। তবে এক ঘণ্টার এই বৈঠকে বেশির ভাগ সময় রাজনীতির চর্চাই হয়েছে। অসুস্থ বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়াকে দেখতেই জামায়াতের আমীর ডা. শফিকুর রহমান সেখানে যান। বিএনপি'র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের বাসায় তারা মিলিত হন। ডা. শফিকুর রহমান ইউরোপীয় ইউনিয়নের আমন্ত্রণে ব্রাসেলস গিয়েছিলেন। ইউরোপীয় নেতাদের কাছে তারা তাদের অবস্থান তুলে ধরেছেন। জামায়াত কী চায় তাও স্পষ্ট করেছেন। প্রথমবারের মতো অনুষ্ঠিত এই বৈঠককে তারা অত্যন্ত সফল বলে বর্ণনা করছেন বিভিন্ন মাধ্যমে। বেগম জিয়ার সঙ্গে বৈঠক হবে এ নিয়ে কোনো জল্পনা ছিল না। অনেকটা নাটকীয়ভাবেই ডা. শফিকুর রহমান সেখানে হাজির হন। দু'দলের শুভাকাঙ্ক্ষীরা এই বৈঠকের ব্যাপারে নানাভাবে তাগিদ দিয়ে আসছিলেন। এর আগে অবশ্য ফোনালাপ হয় দু'পক্ষের মধ্যে। তারেক রহমান নিজেই জামায়াতের আমীরকে স্বাগত জানান। যা ছিল অত্যন্ত আন্তরিকতায় ভরা। নিজ হাতে তিনি তাদের আপ্যায়িত করেন তার বাসভবনে। আলোচনার শুরুটা ছিল আবেগময়। অসুস্থ খালেদা জিয়ার শারীরিক অবস্থা কেমন, কীভাবে তার দিন কাটছে তা জানার চেষ্টা করেন ডা. শফিকুর রহমান। কবে দেশে ফিরবেন তাও জানতে চান ডা. শফিকুর রহমান। এরপর ধীরে ধীরে রাজনৈতিক আলোচনা শুরু হয়। ২০০১ সালের নির্বাচনে বিএনপি-জামায়াতের নেতৃত্বে চারদলীয় জোট গঠিত হয়। ক্ষমতায় আসে জোট।



বাংলাদেশের ইতিহাসে প্রথমবারের মতো সরকারে স্থান পায় জামায়াত। মতিউর রহমান নিজামী ও আলী আহসান মোহাম্মদ মুজাহিদ মন্ত্রী হন। যা নিয়ে বিএনপি প্রচণ্ড সমালোচনার মুখে পড়ে। ওয়ান-ইলেভেনের আগ পর্যন্ত তাদের মধ্যে সৌহার্দ্যপূর্ণ সম্পর্কই ছিল বহাল। এরপর থেকে দূরত্ব বাড়তে থাকে। বেগম জিয়া যান কারাগারে মিথ্যা মামলায়। জামায়াত নেতাদের ফাঁসি কার্যকর হয়। জাতীয়-আন্তর্জাতিক নানা খেলায় দু'দলের ঐক্যে ফাটল ধরে। অনেকটা প্রকাশ্যেই একে অপরকে দোষারোপ করতে থাকেন। সুযোগ নেয় ফ্যাসিস্ট আওয়ামী লীগ সরকার।

লন্ডন বৈঠকে বেগম জিয়া খুব কম কথা বলেছেন। তবে তার কথাবার্তার মধ্যে ঐক্যের সুর ছিল। তারেক রহমান আলোচনা এগিয়ে নিয়েছেন। ডা. শফিকুর রহমান বার কয়েক বলেছেন, কোথা থেকে কী হলো জানি না। কিন্তু আমাদের তরফে ঐক্য ভাঙার কোনো চেষ্টা ছিল না। বিএনপি'র নেতাদের বক্তৃতা-বিবৃতি পর্যালোচনা করলেই এর জবাব খুঁজে পাওয়া যাবে। তারেক রহমান তার অবস্থান খোলাসা করেন। বলেন, এত বড় এরপর ২৯ পৃষ্ঠায়

অসুস্থ বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়াকে দেখতেই জামায়াতের আমীর ডা. শফিকুর রহমান সেখানে যান। বিএনপি'র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের বাসায় তারা মিলিত হন। ডা. শফিকুর রহমান ইউরোপীয় ইউনিয়নের আমন্ত্রণে ব্রাসেলস গিয়েছিলেন। ইউরোপীয় নেতাদের কাছে তারা তাদের অবস্থান তুলে ধরেছেন। জামায়াত কী চায় তাও স্পষ্ট করেছেন। প্রথমবারের মতো অনুষ্ঠিত এই বৈঠককে তারা অত্যন্ত সফল বলে বর্ণনা করছেন বিভিন্ন মাধ্যমে। বেগম জিয়ার সঙ্গে বৈঠক হবে এ নিয়ে কোনো জল্পনা ছিল না



এরপর ডা. শফিক আলোচনার প্রসঙ্গ পাল্টে চলমান রাজনীতির দিকে আলোকপাত করেন। ঘোলা পানিতে মাছ শিকারে একটি বাইরের শক্তি নানা ষড়যন্ত্র করছে তা নিয়েও তারা আলোচনা করেন এবং তারা একমত হন। কবে নির্বাচন হতে পারে তা নিয়ে বেশ কিছু সময় আলোচনা হয়। নির্বাচনের সময়সীমা নিয়ে দু'দলের অবস্থান কাছাকাছি নয়, বিপরীতমুখী। দু'দলের মধ্যে দূরত্ব কমাতে কিছু করণীয় নিয়েও কথাবার্তা হয় তাদের মধ্যে। আরও ধৈর্য, আরও সংযমের ওপর জোর দেন নেতারা। ঢাকায় একটি সূত্র নিশ্চিত করেছে, ভবিষ্যতে দু'দলের সম্পর্কে ফাটল ধরে এমন কোনো কাজকে প্রশ্রয় দেবেন না কেউই- সেই বিষয়েও তারা এক অলিখিত সিদ্ধান্তে পৌঁছান

# নেতৃত্বশূন্য পাকিস্তানের ভবিষ্যৎ কী

মালিহা লোধি

পাকিস্তানের সমস্যা শুধু সংখ্যায় বাড়ছে না, বরং দেশের ভেতরে বিভাজন আর অস্থিরতাও তাতে আরও গভীর হচ্ছে। কোথাও বিক্ষোভ, কোথাও বিদ্রোহ, কোথাও আবার চরমপন্থীদের সহিংসতা। সন্ত্রাসবাদ, কেন্দ্র ও প্রদেশের মধ্যে টানাপোড়েন, পানিবণ্টন নিয়ে বিরোধ এবং সরকার ও বিরোধী দলের মধ্যে সংঘাত-সব একসঙ্গে ঘটছে।



এই পরিস্থিতি থেকে বোঝা যায়, দেশের শাসনব্যবস্থা ও নেতৃত্ব কোন পর্যায়ে রয়েছে। সংবাদমাধ্যমে সরকার নিজেই নিজেকে বাহবা দিলেও আসল চিত্র একেবারেই ভিন্ন। মৌলিক সমস্যা এখনো অব্যবস্থাপনার শিকার। শাসনের মানও জনগণের প্রত্যাশার অনেক নিচে। পাঞ্জাবসহ বিভিন্ন জায়গায় শাসকদের গুণগান করে বড় বড় বিলবোর্ড টাঙানো হচ্ছে।

কিন্তু এসব দিয়ে নেতৃত্ব তৈরি হয় না। টেলিভিশনে যেসব অনুষ্ঠান দেখানো হয়, সেখানে মনে হয় ক্ষমতাবানদের দৈনন্দিন দায়িত্ব পালনও যেন বিশেষ কিছু। এসব মানুষকে উৎসাহিত তো করেই না, বরং মনে হয়, নেতারা নিজেরাই নিজেদের গ্রহণযোগ্যতা নিয়ে অতি উদ্বিগ্ন। প্রকৃত স্বীকৃতি আসে কাজ দিয়ে, পোস্টার আর পত্রিকার ৬০ পাতার বিজ্ঞাপন দিয়ে নয়।

পাকিস্তানের সেসব জটিল সমস্যা এখন সামনে এসেছে। খাপছাড়া, এলোমেলোভাবে অর্থনীতি, রাজনীতি আর নিরাপত্তা-সংকট সামাল দেওয়ার চেষ্টা কাজে আসে না, বরং ভবিষ্যৎ নিয়ে জনমনে অনিশ্চয়তা তৈরি করে। একের পর এক জনমত জরিপে সেই হতাশারই প্রতিফলন দেখা যাচ্ছে। সম্প্রতি ইপসস জরিপে দেখা গেছে, ৭০ শতাংশ মানুষ মনে করে, দেশ ভুল পথে হাঁটছে।

পাকিস্তানের ইতিহাসে এর আগেও নেতৃত্বহীন সময় এসেছে। অতীতে অনেকেই দেশের সর্বোচ্চ পদে অধিষ্ঠিত হয়েছেন। কিন্তু তাঁদের না ছিল দক্ষতা, না ছিল দীর্ঘমেয়াদি সমস্যা মোকাবিলার দৃষ্টিভঙ্গি। ক্ষমতা হাতে পেলেই যে নেতৃত্ব প্রতিষ্ঠিত হয়, তা নয়। এই কারণেই দেশে শুধু শাসন হয়েছে, শাসনব্যবস্থা গড়ে ওঠেনি। রাজনীতি হয়েছে ক্ষমতার খেলা, জনস্বার্থ নয়। কিন্তু এখন সমস্যাগুলো এতটাই জটিল যে নেতৃত্বশূন্যতা আজ ভয়াবহভাবে স্পষ্ট।




তাহলে কেমন নেতৃত্ব চাই পাকিস্তানের? কাকে বলব দক্ষ নেতা? আর কী গুণ থাকা দরকার একজন কার্যকর নেতার মধ্যে? সবার আগে প্রয়োজন এমন এক দৃষ্টিভঙ্গির, যা শুধু বর্তমান নয়, ভবিষ্যৎ নিয়েও পথ দেখায় এবং আশার সঞ্চার ঘটায়। সেই স্বপ্নকে বাস্তব করার পরিকল্পনাও থাকা চাই। একজন নেতা কেবল কথা বলেই থেমে যাবেন না, তিনি জাতির মধ্যে ঐকমত্য গড়ে তুলবেন, মানুষের ভরসা অর্জন করবেন আর রূপান্তরের পথে সাহসিকতার সঙ্গে অগ্রসর হবেন।

একজন নেতার উচিত হবে এমন দল গঠন করা, যাঁদের মধ্যে দক্ষতা ও সততা দুই-ই রয়েছে। বুদ্ধিমান নেতা জানেন, কে কোন কাজের উপযুক্ত। ব্যক্তিগত আনুগত্য বা রাজনৈতিক সুবিধা নয়। নেতৃত্ব মানে হচ্ছে মানুষের সঙ্গে সংযোগ তৈরি করা, তাদের দুঃখ-কষ্ট বোঝা, তাদের স্বপ্ন ও প্রত্যাশা জানা এবং তার সাড়া দেওয়া।

এই মানদণ্ডে বিচার করলে দেখা যায় আজকের শাসকগোষ্ঠী কতটা ব্যর্থ। কোথাও কোনো বড় স্বপ্ন নেই। নেই সুসমন্বিত কোনো পরিকল্পনা। সমস্যা দেখা দিলেই তড়িঘড়ি দমনের চেষ্টা চলছে।

কিন্তু মূল সমস্যাগুলো থেকে যাচ্ছে অমীমাংসিত। যেমন বেলুচিস্তানের পরিস্থিতি। প্রদেশটি তীব্র অসন্তোষে ফুটছে, অথচ কোনো টেকসই সমাধানের রূপরেখা তৈরি হয়নি। আবার পাঞ্জাব ও সিন্ধুর মধ্যে পানির ভাগাভাগি নিয়ে বিরোধ দিনকে দিন বাড়ছে। অথচ কেন্দ্রীয় সরকার যেন চোখ বুজে আছে।

অর্থনীতি নিয়েও বর্তমান নেতৃত্বের মধ্যে কোনো দৃষ্টিভঙ্গি নেই। দীর্ঘদিনের কাঠামোগত দুর্বলতার কারণে অর্থনীতি বারবার সংকটে পড়ে। সেগুলো দূর করার বাস্তব উদ্যোগ দেখা যায়নি। ছোটখাটো সমাধানে ব্যস্ত থেকেছে সরকার। দীর্ঘমেয়াদি সংস্কারের সাহস দেখায়নি।

অর্থনীতি নিয়েও বর্তমান নেতৃত্বের মধ্যে কোনো দৃষ্টিভঙ্গি নেই। দীর্ঘদিনের কাঠামোগত দুর্বলতার কারণে অর্থনীতি বারবার সংকটে পড়ে। সেগুলো দূর করার বাস্তব উদ্যোগ দেখা যায়নি। ছোটখাটো সমাধানে ব্যস্ত থেকেছে সরকার। দীর্ঘমেয়াদি সংস্কারের সাহস দেখায়নি।

আরও বড় সমস্যা হচ্ছে নেতৃত্বের গ্রহণযোগ্যতা। নির্বাচনের বৈধতা নিয়ে বিতর্কের কারণেই তাদের প্রতি জনসমর্থন দুর্বল। সিদ্ধান্ত গ্রহণ হয়েছে এলোমেলোভাবে, ভবিষ্যৎ পরিকল্পনার কোনো ছাপ নেই। শাসনের দায়িত্ব পেয়েছে এমন একটি দল, যেখানে কিছু দক্ষ পেশাজীবী থাকলেও বেশির ভাগই নির্বাচিত হয়েছে পারিবারিক সম্পর্ক বা রাজনৈতিক আনুগত্যের ভিত্তিতে।

আর একেবারেই অনুপস্থিত একটি গুণ। সেই গুণটি হলো জনগণকে নাগরিকদের অনুপ্রাণিত করার ক্ষমতা। আজকের নেতারা যেন সাধারণ মানুষের জীবন থেকে একেবারেই বিচ্ছিন্ন হয়ে পড়েছেন। তাঁদের কথা বা কাজ, কোনোটাতেই মানুষের প্রতিচ্ছবি নেই। তাঁরা দেশকে একত্র করার বদলে যেন আরও বিভক্ত করে ফেলছেন। এরপর ৩৮ পৃষ্ঠায়

আর একেবারেই অনুপস্থিত একটি গুণ। সেই গুণটি হলো জনগণকে নাগরিকদের অনুপ্রাণিত করার ক্ষমতা। আজকের নেতারা যেন সাধারণ মানুষের জীবন থেকে একেবারেই বিচ্ছিন্ন হয়ে পড়েছেন। তাঁদের কথা বা কাজ, কোনোটাতেই মানুষের প্রতিচ্ছবি নেই। তাঁরা দেশকে একত্র করার বদলে যেন আরও বিভক্ত করে ফেলছেন।বর্তমান সময়ের যোগাযোগনির্ভর জগতে জনগণের সঙ্গে সম্পর্ক গড়ে তোলার মতো দক্ষতাও তাঁদের মধ্যে অনুপস্থিত। হেনরি কিসিঞ্জার লিখেছিলেন, 'সাধারণ নেতারা বর্তমান সামলান; কিন্তু মহান নেতারা সমাজকে নিয়ে যান স্বপ্নের দিকে।' দরকার এমন নেতৃত্ব, যাঁরা সাহস করে পুরোনো ব্যর্থতার শৃঙ্খল ছিন্ন করে দেশকে নিয়ে যাবেন একটি আশাবাদী ভবিষ্যতের দিকে

# আলমগীর খান আলম: প্রবাসজীবনের হারিয়ে যাওয়া এক আলোকবর্তিকা

> সাকিল মিয়ার গ্রাফিক্স ওয়ার্ল্ডে সেই হাসিমুখ পাই না। ইফতার পার্টিতে নেই সেই করমর্দন। নেই বসন্ত বাতাসের সাংস্কৃতিক আয়োজনে আলম ভাইয়ের নিরলস দৌড়ঝাঁপ। যেন এক শূন্যতা ঘিরে থাকে সব কিছু। আলমগীর খান আলম শুধু একজন সংগঠক ছিলেন না। ছিলেন নিউইয়র্ক প্রবাসের এক আলোকবর্তিকা। তার শূন্যতা আজও অনুভব করি। একটা সময়, একটা আবেগ কিংবা একটা প্রেরণার অভাব যেন চারদিকে। আলম ভাই, নিউইয়র্ক আপনাকে মনে রাখবে। আপনার স্মৃতি, আপনার কাজ, আপনার নিঃশব্দ অবদান চিরকাল বেঁচে থাকবে প্রবাসজীবনের ইতিহাসে। আলমগীর খান আলম ভাই এখন ঢাকার ধানমণ্ডির নিজস্ব বাসভবনে অন্যরকম জীবনযাপন করছেন এবং আশা করি ভালো আছেন

আকবর হায়দার কিরন



নিউ ইয়র্কের প্রবাসজীবনের কথা যখন উঠবে, তখন আলমগীর খান আলমের নামটি স্মরণে আসবেই। গত প্রায় পঁচিশ বছর ধরে যিনি একক প্রচেষ্টায় গড়ে তুলেছিলেন প্রবাসের সাংস্কৃতিক পরিসর। সেই আলম ভাই আজ নিউইয়র্কে নেই। মায়ের মারাত্মক অসুস্থতার খবর শুনে হঠাৎ করেই ফিরে গেছেন ঢাকায়-তিন যুগের সম্পর্ক ছিন্ন করে।

চলিউড এওয়ার্ডস নামক যে স্বপ্নমঞ্চে নিউইয়র্ক একসময় রূপ নিত ঢাকার চলচ্চিত্র নগরীতে। তার প্রাণপুরুষ ছিলেন আলম ভাই। রাজ্জাক থেকে ববিতা, রুনা লায়লা থেকে সাবিনা ইয়াসমিন, মাহজাবিন থেকে মোশাররফ করিম-সবাই তার আমন্ত্রণে ছুটে এসেছেন প্রবাসের দর্শকদের কাছে। এই মঞ্চ শুধু বিনোদনের ছিল না। ছিল পরিচয় ও সংযোগের এক প্রাতিষ্ঠানিক রূপ।

তিনি আয়োজন করতেন এনআরবি এওয়ার্ডস। যেখানে প্রবাসী সাংবাদিকতা ও সংস্কৃতিকে সম্মানিত করা হতো। আমি নিজে ও প্রিয় সহকর্মী নিহার সিদ্দিকী সেই সম্মান পেয়েছি-যা শুধু পুরস্কার নয়। ছিল একজন প্রবাসী সংস্কৃতি-কর্মীর পক্ষ থেকে কৃতজ্ঞতার নিদর্শন।

আলম ভাইয়ের পিঠা উৎসব ও বৈশাখী মেলা ছিল নিউইয়র্কের বাঙালির মিলনমেলা। বাংলা নববর্ষের আগমনে তার আয়োজন পেতো এক উজ্জ্বল উৎসবের রূপ-যেখানে বাঙালিয়ানা নতুন করে জেগে উঠতো। বাংলাদেশ সম্মেলন ছিল তার আরেকটি স্মরণীয় প্রয়াস। যার বিশেষ স্মরণিকার দায়িত্ব আমাকে বারবার দিয়েছিলেন। এই সম্মেলন ছিল প্রবাসের 'মিনি বাংলাদেশ', যেখানে নতুন প্রজন্ম শিকড়ের সঙ্গে সংযোগের সুযোগ পেতো।

এই সব আয়োজনের আলোকচিত্র ও ভিডিও ধারন করে এক নীরব ইতিহাস রচনা করেছেন নিহার সিদ্দিকী-আলম ভাইয়ের নীরব সঙ্গী।



আজ যখন জ্যাকসন হাইটসে যাই। সাকিল মিয়ার গ্রাফিক্স ওয়ার্ল্ডে সেই হাসিমুখ পাই না। ইফতার পার্টিতে নেই সেই করমর্দন। নেই বসন্ত বাতাসের সাংস্কৃতিক আয়োজনে আলম ভাইয়ের নিরলস দৌড়ঝাঁপ। যেন এক শূন্যতা ঘিরে থাকে সব কিছু।

> যেখানে প্রবাসী সাংবাদিকতা ও সংস্কৃতিকে সম্মানিত করা হতো। আমি নিজে ও প্রিয় সহকর্মী নিহার সিদ্দিকী সেই সম্মান পেয়েছি-যা শুধু পুরস্কার নয়। ছিল একজন প্রবাসী সংস্কৃতি-কর্মীর পক্ষ থেকে কৃতজ্ঞতার নিদর্শন। আলম ভাইয়ের পিঠা উৎসব ও বৈশাখী মেলা ছিল নিউইয়র্কের বাঙালির মিলনমেলা। বাংলা নববর্ষের আগমনে তার আয়োজন পেতো এক উজ্জ্বল উৎসবের রূপ-যেখানে বাঙালিয়ানা নতুন করে জেগে উঠতো। বাংলাদেশ সম্মেলন ছিল তার আরেকটি স্মরণীয় প্রয়াস। যার বিশেষ স্মরণিকার দায়িত্ব আমাকে বারবার দিয়েছিলেন। এই সম্মেলন ছিল প্রবাসের 'মিনি বাংলাদেশ', যেখানে নতুন প্রজন্ম শিকড়ের সঙ্গে সংযোগের সুযোগ পেতো

আলমগীর খান আলম শুধু একজন সংগঠক ছিলেন না। ছিলেন নিউইয়র্ক প্রবাসের এক আলোকবর্তিকা। তার শূন্যতা আজও অনুভব করি। একটা সময়, একটা আবেগ কিংবা একটা প্রেরণার অভাব যেন চারদিকে।

আলম ভাই, নিউইয়র্ক আপনাকে মনে রাখবে। আপনার স্মৃতি, আপনার কাজ, আপনার নিঃশব্দ অবদান চিরকাল বেঁচে থাকবে প্রবাসজীবনের ইতিহাসে। আলমগীর খান আলম ভাই এখন ঢাকার ধানমণ্ডির নিজস্ব বাসভবনে অন্যরকম জীবনযাপন করছেন এবং আশা করি ভালো আছেন।

নিউইয়র্ক, এপ্রিল ২২, ২০২৫

SECI
Sonali Exchange Co. Inc.
Secure, Fast, Reliable
বিনা খরচে বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন
রবিবার জ্যাকসন হাইটস, জ্যামাইকা ও ব্রঙ্কস শাখা খোলা থাকে
- আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
- আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনা
- আমরা ৩০ বছর যাবত আপনাদের সেবা দিয়ে যাচ্ছি

ঘরে বসে টাকা পাঠাতে আপনার মোবাইল থেকে
Sonali Exchange Mobile App
ডাউনলোড করে রেজিস্ট্রেশন করুন
যোগাযোগ - ২১২-৮০৮-০৭৯০
সোনালী এক্সচেঞ্জে এর মাধ্যমে রেমিটেন্স প্রেরণ করুন
দেশের অর্থনৈতিক উন্নয়নে অংশীদার হোন
রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগা করুন

| | | | |
|---|---|---|---|
| ASTORIA 718-777-7001 | ATLANTA 770-936-9906 | BROOKLYN 718-853-9558 | JACKSON HTS 718-507-6002 |
| BRONX 718-882-1081 | JAMAICA 374-644-5150 | MANHATTAN 212-808-0790 | MICHIGAN 313-368-3845 |
| | OZONE PARK 347-829-3875 | PATERSON 973-595-7590 | |

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইনক
SONALI EXCHANGE CO. INC.
সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান
LICENSE IS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, IF-------
আমাদের সার্ভিস নিন -আপনাকে সেবা করার সুযোগ দিন

# কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল’



# এটর্নী মঈন চৌধুরী

## Moin Choudhury, Esq.

**Hon. Democratic District Leader at Large, Queens, NY**

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

# 917-282-9256

**Moin Choudhury, Esq**

**Email: moinlaw@gmail.com**

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



**Timothy Bompart**
Attorney at Law

# এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দুর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্য
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
**Immigration**



**Moin Choudhury**
Attorney at Law

(To Schedule Appointment Only)

**Call:917-282-9256**

E-mail: moinlaw@gmail.com

**Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372**

**Manhattan Office By Appointment Only.**

**Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076**

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

NY INSURANCE
BROKEAGE INC.
NY I
NY INSURANCE BROKERAGE
TLC INSURANCE SPECIALIST
718 476-2025

NY CAR & LIMO
SERVICES INC
NY CAR & LIMO SERVICES INC B02902
BLACK & GREEN CAR BASE
718 727 4444

BEGINNER'S
DRIVING ACADEMY
YOUR DRIVER LICENSE IS OUR RESPONSIBILITY
929 244-7730

DMV EXPRESS
PLATES
NEW, SURRENDER & TRANSFER
TITLE
NEW & DUPLICATE TITLE REQUEST
REGISTRATION
NEW, REPLACE, RENEWAL & TRANSFER
929-244-7730
EXCELSIOR

# ভারত ও চীনের মতো মেধাবী তরুণদের দেশে ফেরাতে আমরা কী করছি

বিদেশি বিনিয়োগ বাড়াতে পারেনি। টেকসই বিনিয়োগ ব্যবস্থাপনা তৈরি করতে পারেনি। বাংলাদেশের অনেক গবেষক, উদ্ভাবক, শিক্ষক, উদ্যোক্তা পৃথিবীর বহু দেশে সফলতার সঙ্গে কাজ করছেন। যাঁদের অনেকেই দেশে ফিরে অবদান রাখতে চান। দেশের জন্য কিছু করতে চান। তাঁদের মধ্য থেকে বাছাই করে সেরা মানুষদের ফিরিয়ে নেওয়ার উদ্যোগ নিতে হবে। দেশের বিশ্ববিদ্যালয়ে এবং বিজ্ঞান গবেষণাগারে নিয়োগ দিতে হবে। তাহলে উচ্চশিক্ষা ও গবেষণার সংস্কৃতিতে সুফল আসবে। ভবিষ্যতে অনেক মেধাবী তরুণেরা দেশে ফেরার আগ্রহ পাবেন। অন্তত বিশ্ববিদ্যালয় ও গবেষণাপ্রতিষ্ঠানে ট্যালেন্ট হান্ট করতে হবে এখনই! বর্তমান সরকার কি এমন একটি রাষ্ট্রীয় প্রকল্প দ্রুত শুরু করবেন?

রউফুল আলম



আজ থেকে মাত্র চার দশক আগে চীনের গবেষণা ও আবিষ্কার-উদ্ভাবনের সংস্কৃতি এতটা অগ্রসর ছিল না। চীনের অসংখ্য শিক্ষার্থী উচ্চশিক্ষার জন্য ইউরোপ-আমেরিকায় ছড়িয়ে পড়তেন। তাঁদের বেশির ভাগই নিজ দেশে ফিরতে চাইতেন না। চীন সরকার এই অবস্থার পরিবর্তন করতে চেয়েছে। ফলে প্রতিটি প্রদেশে তারা গড়ে তুলেছে বিজ্ঞান গবেষণাকেন্দ্র (স্টেট কি ল্যাবরেটোরিজ-এসকেএল) এবং বিশ্ববিদ্যালয়গুলোতে আধুনিক গবেষণার ওপর জোর দিয়েছে।

চীনে বর্তমানে পাঁচ শতাধিক স্টেট ল্যাবরেটরি আছে। আমার অনেক চীনা সহকর্মী এই পরিবর্তনের জন্য টেং সিয়াওপিংকে কৃতিত্ব দেন। টেং সিয়াওপিংকে অনেকেই আধুনিক চীনের স্থপতি মনে করেন।

২০১৮ সালে চীনের সিয়ান জিয়াওতং বিশ্ববিদ্যালয়ে যাই একটি বিজ্ঞান সম্মেলনে অংশগ্রহণের জন্য। আমি তখন আমেরিকার আইভি লিগ প্রতিষ্ঠান ইউনিভার্সিটি অব পেনসিলভানিয়ায় পোস্ট ডক্টরাল গবেষণা করছিলাম। সিয়ান জিয়াওতং বিশ্ববিদ্যালয়ের গবেষণার সুযোগ-সুবিধা দেখে আমি খুবই বিস্মিত হই।

আমেরিকার বহু প্রতিষ্ঠানের চেয়ে সেখানে গবেষণার সুযোগ-সুবিধা ছিল অনেক বেশি। অনেক ব্যয়বহুল অবকাঠামো ওরা তৈরি করে রেখেছে। আর সারা পৃথিবী থেকে বাছাই করে সেরাদের সেরা তরুণ গবেষকদের সেসব প্রতিষ্ঠানে কাজের সুযোগ করে দিচ্ছে।

২০০৮ সাল থেকে চীন সরকার রাষ্ট্রীয়ভাবে একটি 'ট্যালেন্ট হান্ট' প্রকল্প শুরু করে। সহস্র মেধাবী প্রকল্প বা থ উজেন্ড ট্যালেন্ট প্ল্যান নামে সেটি পরিচিত। এই প্রকল্পের অধীন, তীব্র প্রতিযোগিতার মধ্য দিয়ে তরুণ গবেষকদের চীনে ফেরানো হয়। তাঁদের উচ্চ বেতন-ভাতা ও গবেষণার জন্য ফান্ড দেওয়া হয়।

পিএইচডি এবং পোস্ট ডক গবেষণার মান, পাবলিকেশন ইত্যাদির ওপর ভিত্তি করে ৩০-৩৫ বছর বয়সী তরুণ গবেষকদের সরাসরি প্রফেসরশিপও দেওয়া হতো। শুধু গত ১০ বছরেই চীনের গবেষণা ও আবিষ্কার-উদ্ভাবনের সংস্কৃতি আগের চেয়ে বহুগুণ বৃদ্ধি পেয়েছে, সমৃদ্ধ হয়েছে। সহস্র মেধাবী প্রকল্প, সেই সমৃদ্ধির একটি বড় কারণ।



অনুরূপ প্রভাব আমি ভারতেও লক্ষ করেছি। বিশেষ করে ভারতের আইআইটিগুলো বিশ্বমানের গবেষণা করে। প্রতিষ্ঠানগুলো স্থানীয়ভাবে উচ্চ দক্ষতাসম্পন্ন তরুণ তৈরি করছে। যেটি তাদের বিনিয়োগব্যবস্থাকে টেকসই করছে। স্থানীয় উদ্যোক্তা তৈরিতে সাহায্য করছে। ভারতের একাডেমিক ও ইন্ডাস্ট্রিয়াল গবেষণার সংস্কৃতিকে অনেক শক্তিশালী করছে।

মুম্বাই আইআইটির একজন অধ্যাপকের নাম দেবব্রত মাইতি, বাঙালি ও বয়সে তরুণ। দেবব্রত মাইতি, শুধু ভারতের নয়, সমগ্র দক্ষিণ এশিয়ার সবচেয়ে নামকরা অর্গানিক কেমিস্ট। অধ্যাপক মাইতি, জন হপকিন্সে পিএইচডি করেছেন। অধ্যাপক বাকওয়াল্ড নামের একজন নামকরা গবেষকের অধীন পোস্ট ডক করেছেন। দেবব্রত মাইতির সঙ্গে আমার পরিচয় হয় ১১-১২ বছর আগে। স্টকহোম ইউনিভার্সিটিতে।

অধ্যাপক মাইতি, পোস্ট ডক শেষে আমেরিকা থেকে ফিরে ভারতে গিয়ে কাজ শুরু করেন। তাঁর কাজের মান এবং গতি অভাবনীয়। তাঁর ল্যাবে তৈরি হচ্ছে সেরা অর্গানিক কেমিস্ট। ওষুধশিল্প, কেমিক্যাল ইন্ডাস্ট্রিসহ বহু শিল্পে ভারত পৃথিবীতে এখন এগিয়ে যাচ্ছে। এর পেছনে এই মাইতির মতো অধ্যাপকেরা অনেক বড় ভূমিকা রাখছেন।

অধ্যাপক মাইতি পিএইচডি-পোস্টডকের সময় যে মানের পাবলিকেশন করেছেন, বাংলাদেশের অনেক তরুণ সে মানের পাবলিকেশন করেন। তিনি বিদেশে যে মানের অধ্যাপকদের সঙ্গে কাজ করেছেন, বাংলাদেশের অনেক তরুণ সেই মানের অধ্যাপকদের সঙ্গে কাজ করেন। তিনি ভারতে ফিরে যত কাজ করেছেন, বাংলাদেশি কোনো মেধাবী তরুণ দেশে ফিরে গেলে, তাঁর অন্তত ৫ ভাগ কাজও করতে পারতেন; কিন্তু বাংলাদেশি একজন তরুণের বেলায় বিষয়টা অধ্যাপক মাইতির মতো সহজ নয়!

বাংলাদেশি একজন তরুণ, দেশের একটি পাবলিক বিশ্ববিদ্যালয়ে ফিরে যাওয়ার পথটাই আজও সুগম হয়নি। দেশের কোনো ভিসি কি কখনো ট্যালেন্ট হান্টের উদ্যোগ নিয়েছেন? বিশ্ববিদ্যালয়গুলো এখনো একজন প্রভাষক কিংবা সহকারী অধ্যাপককে বিদেশে পাঠায় পিএইচডি ডিগ্রির জন্য। অথচ যথারীতি পিএইচডি-পোস্ট ডক আছে এমন কাউকে নিয়োগের জন্য আমন্ত্রণ জানায় না। দেশের গবেষণা প্রতিষ্ঠানগুলোতেও একই নিয়ম। ৫৪ বছর ধরে চলে আসা এই রীতির পরিবর্তন তো কখনো না কখনো করতেই হবে।

কারণ, অধ্যাপক মাইতি ফিরে যাওয়ার মতো একটি পরিবেশ পেয়েছেন। সঙ্গে পেয়েছেন কাজ করার একটি সেটআপ। তাঁদের মতো মানুষদের নিয়োগ দেওয়ার জন্য আইআইটিগুলো ট্যালেন্ট হান্ট করে। তরুণেরা ফিরে গিয়ে ফান্ডের জন্য আবেদন করেন। সরকার সামর্থ্য অনুযায়ী ফান্ড দেয়। একটা ইকো সিস্টেম দাঁড়িয়েছে। দেবব্রত মাইতি জানতেন, আমেরিকায় না থেকে ভারত ফিরে গেলে, তাঁর দেশকে অনেক কিছু দিতে এরপর ২৯ পৃষ্ঠায়

# ভারতের সাম্প্রতিক দাঙ্গার দায় কার

শুভজিৎ বাগচী

মধ্য পশ্চিমবঙ্গের বিশালকায় মুর্শিদাবাদ জেলায় গোষ্ঠী সংঘর্ষের জেরে তিনজনের মৃত্যুর মধ্য দিয়ে কার্যত শুরু হয়ে গেল আগামী বছর রাজ্যের অষ্টাদশ বিধানসভা নির্বাচনের প্রস্তুতি। যেকোনো রাষ্ট্রে, রাজ্যে বা জেলায় আলোচনার জন্য যখন মধ্যপথ খোলা থাকে না এবং রাজনীতি গোষ্ঠীকেন্দ্রিক-ইংরেজিতে 'সেক্টেরিয়ান' হয়ে দাঁড়ায়, তখন হিংসা ও ধ্বংস অনিবার্য। বিধানসভা নির্বাচনের ঠিক এক বছর আগে, পশ্চিমবঙ্গকে সেই হিংসার জন্য প্রস্তুত হতে হবে, ইতিমধ্যেই যা শুরু হয়ে গেছে। শুধু মুর্শিদাবাদ নয়, রাজ্যের বিভিন্ন স্থানে ছোট-বড় সহিংসতার ঘটনা ঘটছে।

ইংরেজিতে আরও একটি শব্দবন্ধ আছে, 'আন-আইডেন্টিফায়েড মিসক্রিয়েন্টস', অজ্ঞাতপরিচয় দুষ্কৃতী। এই শব্দবন্ধ না থাকলে দক্ষিণ এশিয়ায় প্রশাসন চালানো যেত কি না, তা গবেষণার বিষয়। যা হবে সেটাই 'অজ্ঞাতপরিচয় দুষ্কৃতী'র ওপর চাপিয়ে নিষ্কৃতি পাওয়া যায়। কারও দায় নেই, সব দায় 'অজ্ঞাতপরিচয় দুষ্কৃতী'র। এই পরিচয়হীন দুষ্কৃতী যদি না থাকত, তাহলে বলতে হতো যাবতীয় দাঙ্গা-হাঙ্গামা কে ঘটাচ্ছে। সে কোন দল, গোষ্ঠী বা সংগঠনের প্রতিনিধি, আর কেনইবা তার পরিচয় গোপন করে সমাজের জন্য ২৪ ঘণ্টা কাজ করে চলেছে। প্রশাসনের সমস্যাও বাড়ত।

মুর্শিদাবাদে ১১ ও ১২ এপ্রিল দাঙ্গা ও হত্যার পর আবার সেই 'অজ্ঞাতপরিচয় দুষ্কৃতী' মহাশয়ের কথা শোনা গেল। এই দুষ্কৃতকারীদের সম্পর্কে বিস্তারিত তথ্য পাওয়া দুষ্কর। গত ৩০ বছরের সাংবাদিক জীবনে ভারতের ছোট-বড় গোটা পনেরো দাঙ্গার পর ঘটনাস্থলে পৌঁছে বুঝেছি, কেন দাঙ্গা হয়েছিল এবং কে বা কারা ঘটিয়েছিল, তা কোনো সাংবাদিকের পক্ষে বোঝা সম্ভব নয়। কারণ, এর জন্য যতবার ঘটনাস্থলে যাওয়া প্রয়োজন বা যত অর্থ ব্যয় করে দীর্ঘ তদন্ত করা প্রয়োজন, তা এককভাবে একজন সাংবাদিক বা দক্ষিণ এশীয় সংবাদ সংস্থার পক্ষে করা সম্ভব নয়। একমাত্র প্রশাসন বা হয়তো বড় বেসরকারি নাগরিক সংগঠন এ কাজ করতে পারে, যদি তারা রাজনৈতিক চাপ অগ্রাহ্য করতে পারে, যা বর্তমানের দক্ষিণ এশিয়ায় প্রায় অসম্ভব একটা ব্যাপার।

দাঙ্গার পর সাধারণত কী হয়

সাধারণত দেখা যায়, এ ধরনের ঘটনার পর ভারতে স্থানীয় মানুষ অপর পক্ষকে দোষারোপ করেন অর্থাৎ হিন্দুরা মুসলমানের দোষ দেন এবং মুসলমানরা হিন্দুদের দোষ দেন। পশ্চিমবঙ্গের পরিপ্রেক্ষিতেও এটাই স্বাভাবিক। কিন্তু 'পার্টি সোসাইটি' হওয়ার কারণে এখানে বিজেপি তৃণমূল কংগ্রেসের দোষ দেয় এবং তৃণমূল বিজেপির দোষ দেয়। এভাবেই দাঙ্গার দায় নির্ধারণের ঐতিহ্য অব্যাহত। সাংবাদিকেরা সাধারণত ঘটনাস্থলে এক বা বড়জোর দুই দিন থাকেন, ছবি তোলেন এবং কয়েকজনের সঙ্গে কথা বলেন। এরপর সব দিক বাঁচিয়ে একটা প্রতিবেদন লেখেন। স্বাভাবিকভাবেই এর মধ্যে নানা ফাঁক থাকে, যেটা এক বা দুই দিনে ধরা সম্ভব হয় না। মুর্শিদাবাদের ক্ষেত্রেও তা-ই। মনে রাখা প্রয়োজন, এ ধরনের ঘটনা যখন ঘটে, তখন হঠাৎ ঘটে না। একটা প্রস্তুতি থাকে। সেই প্রস্তুতি কে নিয়েছিলেন ও কেন নিয়েছিলেন, সেটা সাধারণত পাঠকের কাছে অধরাই থেকে যায়। প্রশাসন 'অজ্ঞাতপরিচয় দুষ্কৃতী'কে দোষ দেয় এবং বাধ্য হয়েই মানুষকে সেটা মেনে নিতে হয়।



কিন্তু রাজনৈতিক দলের এভাবে মেনে নিলে চলে না। তাদের অপর পক্ষকে দোষ দিতে হয় এবং সেভাবেই মুর্শিদাবাদে এক পক্ষ অপর পক্ষকে দোষ দিচ্ছে। ধরে নেওয়া যেতেই পারে, এভাবেই বেশ কিছু ঘটনা আগামী এক বছরে ঘটবে এবং দোষারোপের বহর বাড়বে। যাদের জেতার সম্ভাবনা নেই (বাম ফ্রন্ট এবং কংগ্রেস), তারা চ্যাম্পিয়ন ও রানার্সআপ-দুই পক্ষকেই দোষ দেবে।

কিন্তু দাঙ্গার দায়িত্ব কার

এর বাইরে অর্থাৎ অজ্ঞাতপরিচয় কারও ওপর দোষ চাপিয়েও একটা প্রশ্ন থেকেই যায়। প্রশ্নটি হলো নির্দিষ্ট অঞ্চলে, রাজ্যে বা ওই দেশে কে বা কারা দাঙ্গার সময়ে ক্ষমতায় ছিলেন, তারা কি দায় এড়াতে পারেন? গুজরাট, উত্তর প্রদেশ থেকে পশ্চিমবঙ্গ-ভারতের সব রাজ্যের ক্ষেত্রেই এই প্রশ্ন তোলা যেতে পারে এবং নিশ্চিতভাবে কোথাওই শাসক দল দায়িত্ব এড়াতে পারে না। উত্তর প্রদেশ, গুজরাটে যেমন বিজেপি পারে না, তেমনই পশ্চিমবঙ্গে পারে না তৃণমূল কংগ্রেস।

ওপরের অনুচ্ছেদ থেকে এ সিদ্ধান্তে পৌঁছানো যেতে পারে যে পশ্চিমবঙ্গের তৃণমূল কংগ্রেস শাসিত সরকার মুর্শিদাবাদের ঘটনার জন্য দায়ী। এর কারণ শুধু এটা নয় যে ২০১১ সাল থেকে তারা রাজ্যে ক্ষমতায় আছে। অন্য কারণ আছে।

মুসলমান সংখ্যাগরিষ্ঠ মুর্শিদাবাদে নির্বাচিত জনপ্রতিনিধিদের প্রায় প্রত্যেকেই তৃণমূলের নেতা। বিজেপির প্রভাব সামান্যই। তৃণমূল কংগ্রেসের প্রতিনিধিত্ব কতটা গভীর, সেটা দেখে নেওয়া যাক। গত সপ্তাহান্তের সহিংসতার কেন্দ্রস্থল জঙ্গিপুর মহকুমাসহ গোটা মুর্শিদাবাদ জেলায় তৃণমূল ২০২৪ সালে তিনটি সংসদীয় আসনের তিনটিতেই জিতেছিল। জেলার ২২টি বিধানসভা আসনের মধ্যে ২০টি বর্তমানে এরপর ২৪ পৃষ্ঠায়



পরবর্তী দুটি নির্বাচনে মমতা বন্দ্যোপাধ্যায় হিন্দু ভোটের বড় অংশ নিজের দিকে টানতে পেরেছিলেন। ফলে বিজেপি তাদের ২০১৯-এর ফলের পুনরাবৃত্তি গত ছয় বছরে করতে পারেনি। কিন্তু বিজেপি জানে যে সাম্প্রদায়িক লাইনে ভোট হলে তাদের হিন্দু ভোট বাড়ে, ফলও ভালো হয়। আশা করা যায়, আগামী দিনে তারা সেই লক্ষ্যেই কাজ করবে এবং যত করবে, তত সমাজ আরও 'সেক্টেরিয়ান'-গোষ্ঠীকেন্দ্রিক হয়ে পড়বে। তার সঙ্গেই পাল্লা দিয়ে বাড়বে হিংসা, দ্বেষ, সংঘাত। আহত হবেন সাধারণ মানুষ, মৃত্যুও হবে অনেকের। স্বাভাবিকভাবেই দায়ী করা হবে ক্ষমতাসীন তৃণমূল কংগ্রেসকে। বিষয়টি মাথায় রেখে আগামী এক বছর মমতা বন্দ্যোপাধ্যায় রাজ্যের আইনশৃঙ্খলা কীভাবে সামলান, সেদিকে নজর থাকবে পশ্চিমবঙ্গ তো বটেই, গোটা ভারতের। বাংলাদেশেরও

# বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

# BANGLA TRAVELS
## JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার



Mohammad B Hossain (Belal)
President & CEO

সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি

**৭৪৯+**
JFK-Dhaka-JFK Return

আমরা IATA অনুমোদিত

আমরা ARC অনুমোদিত





**স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০**
ওমরাহ ভিসা - এয়ার টিকেট - হোটেল

Saudi Arabian Airlines

DELTA AIR LINES | Biman Bangladesh Airlines | American Airlines | ETIHAD Airways | Emirates | QATAR Airways | KUWAIT AIRWAYS




## দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন

বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।



আবু তাহের খান
ট্রাভেল কনসালটেন্ট
২৬ বছরের অভিজ্ঞ



কাঞ্চন
ট্রাভেল কনসালটেন্ট
১২ বছরের অভিজ্ঞ



কে.এম. শহিদ
ট্রাভেল কনসালটেন্ট
১৮ বছরের অভিজ্ঞ



মাহির
ট্রাভেল কনসালটেন্ট
৮ বছরের অভিজ্ঞ



জাহাঙ্গীর
ট্রাভেল কনসালটেন্ট
১০ বছরের অভিজ্ঞ

**7305 37th Road, Jackson Heights, NY 11372**
(কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়)

**Phone: 917-396-4140, 917-592-7828**

Price Can Be Change Anytime. digitalonetravel@gmail.com www.digitalonetravel.com OPEN 7 DAYS: 11AM -10PM *Terms & Condition may apply. See store for details.

# কমিশন প্রস্তাবিত সাংবাদিকতার অধিকার সুরক্ষা অধ্যাদেশ: প্রেক্ষাপট ও প্রয়োজনীয়তা

মো. মামুন অর রশিদ



কোনো রাজনৈতিক দলের বিবেকবান কট্টর সমর্থকও তাঁর দলের বিপক্ষে যাওয়া ঘটনার পক্ষপাতহীন সংবাদ গণমাধ্যমে দেখতে চান। গণমাধ্যমে সব সময় প্রকৃত সত্য উঠে আসবে-এটিই প্রত্যাশিত। তবে গণমাধ্যমে সমাজের পক্ষপাতহীন চিত্র তুলে ধরা মোটেও সহজ কাজ নয়। এর সঙ্গে অনেকগুলো বিষয় জড়িত। গণমাধ্যমের প্রধান অংশীজন হলো সাংবাদিক। সাংবাদিক নিরপেক্ষ, চাপমুক্ত ও পেশাদার না হলে তাঁর পক্ষে কোনো ঘটনার সত্য বিবরণী প্রকাশ করা সম্ভব নয়। দুঃখজনক হলেও সত্য, বাংলাদেশে এখনো সাংবাদিকতা পেশাটি স্বাধীন কিংবা চাপমুক্ত হতে পারেনি। এখনো পেশাগত কর্মে নিয়োজিত সাংবাদিকেরা প্রায়ই সহিংসতা, হুমকি ও হয়রানির শিকার হচ্ছেন। বিষয়টি বিবেচনা করে গণমাধ্যম সংস্কার কমিশন 'সাংবাদিকতার অধিকার সুরক্ষা অধ্যাদেশ, ২০২৫' জারির প্রস্তাব করেছে। কমিশন স্বপ্রণোদিত হয়ে এই অধ্যাদেশের খসড়াও কমিশনের প্রতিবেদনে সংযুক্ত করেছে। সাংবাদিকতা সুরক্ষা আইন কেন প্রয়োজন, তার সুনির্দিষ্ট কারণ উঠে এসেছে গণমাধ্যম সংস্কার কমিশনের প্রতিবেদনে।

বস্তুনিষ্ঠ তথ্য প্রকাশ এবং বাক্স্বাধীনতার অধিকার চর্চার কারণে বিভিন্ন সময় বাংলাদেশের সাংবাদিকদের হয়রানি ও শারীরিক আক্রমণের শিকার হতে হয়েছে। সাংবাদিকদের পেশাগত কাজে বাধা দিতে হুমকি, ভীতিপ্রদর্শন, আইনগত হয়রানির মতো ঘটনা প্রায়ই ঘটছে। এসব বেআইনি কার্যক্রম স্বাধীন সাংবাদিকতাকে মারাত্মকভাবে বাধাগ্রস্ত করে।

ক্ষমতাসীন দলের সদস্য কিংবা প্রভাবশালীদের হুমকি ও হামলার ক্ষেত্রে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী প্রায়ই কোনো সুরক্ষা দেয় না। আর যেখানে রাষ্ট্রীয় বিভিন্ন সংস্থা বা আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য জড়িত থাকেন, সেখানে প্রশাসনও নিষ্ক্রিয় দর্শকের ভূমিকা পালন করে এবং আদালতেও প্রতিকার কিংবা সুরক্ষা মেলে না। গণমাধ্যম সংস্কার কমিশনের প্রতিবেদনে এসব আশঙ্কার কথা উঠে এসেছে।

দুঃখজনক হলেও সত্য, হত্যার শিকার হওয়া সাংবাদিকদের অধিকাংশের পরিবারই বিচার পায়নি। এক যুগের বেশি সময় সাগর-রুনি দম্পতির বহুল আলোচিত হত্যাকাণ্ডের বিচার না হওয়ায় জনগণের মধ্যে ধারণা তৈরি হয়েছে যে সাংবাদিকেরা মারলে কিছুই হয় না।

গত দেড় দশকে সাংবাদিকেরা তাঁদের অনলাইন ও অফলাইন রিপোর্টিংয়ের জন্য বিভিন্নভাবে যেমন আক্রমণের শিকার হয়েছেন, তেমনি গ্রেপ্তার ও মিথ্যা মামলায় জেলও খেটেছেন। আলোকচিত্র সাংবাদিক শফিকুল ইসলাম কাজল, সাংবাদিক-গবেষক মোবাশ্বের হাসান, সাংবাদিক গোলাম সারোয়ারসহ বেশ কয়েকজন সাংবাদিক বিভিন্ন মেয়াদে গুমের শিকার হয়েছেন। এ ছাড়া আড়ি পাতার প্রযুক্তি ব্যবহার ও নজরদারির কারণে সাংবাদিকদের ব্যক্তিগত গোপনীয়তার অধিকার মারাত্মকভাবে ক্ষুন্ন হয়েছে।

সাংবাদিকদের নিরাপত্তা প্রদান একটি বৈশ্বিক বিষয়। পৃথিবীর বিভিন্ন দেশে সাংবাদিকদের আইনগত সুরক্ষা প্রদানে উদ্যোগ নেওয়া হয়েছে এবং হচ্ছে। ইউরোপীয় ইউনিয়নের মিডিয়া ফ্রিডম অ্যাক্ট এ ক্ষেত্রে উল্লেখ্য। এ আইনে গণমাধ্যম ও সাংবাদিকদের সঙ্গে পেশাগতভাবে সম্পর্কিত ব্যক্তিদের ওপর নজরদারি, বিশেষ করে গতিবিধি অনুসরণ ও ব্যক্তিগত যোগাযোগে আড়ি পাতার প্রযুক্তি ব্যবহারের বিরুদ্ধে সুরক্ষা দেওয়া হয়েছে।

শ্রীলঙ্কার গণ-অভ্যুত্থানপরবর্তী সরকার নতুন যে গণমাধ্যম নীতি গ্রহণ করছে, তাতে শারীরিক, যৌন, মানসিক, মৌখিক লাঞ্ছনা (গালাগাল) এবং আইনগত হয়রানি থেকে সাংবাদিকদের সুরক্ষা পাওয়ার অধিকার স্বীকৃতি পেয়েছে। পাকিস্তানেও মিডিয়া ফ্রিডম প্রটেকশন অ্যাক্ট চূড়ান্ত হওয়ার পর পার্লামেন্টে পাস হওয়ার অপেক্ষায় রয়েছে।

বিদ্যমান বাস্তবতায় বাংলাদেশেও সাংবাদিকতার অধিকার সুরক্ষা আইন অপরিহার্য হয়ে পড়েছে। গণমাধ্যম সংস্কার কমিশন প্রস্তাবিত 'সাংবাদিকতার অধিকার সুরক্ষা অধ্যাদেশ, ২০২৫'-এর ভিত্তি হলো সংবিধানের ৩২, ৩৯ ও ৪০ অনুচ্ছেদ। সংবিধানের ৩২ অনুচ্ছেদে জীবন ও ব্যক্তিস্বাধীনতার অধিকার রক্ষণ, ৩৯ অনুচ্ছেদে চিন্তা, বিবেক, বাক্ ও ভাব প্রকাশের স্বাধীনতা, সংবাদপত্রের স্বাধীনতা এবং ৪০ অনুচ্ছেদে পেশা ও বৃত্তির স্বাধীনতা ও অধিকারের নিশ্চয়তা দেওয়া হয়েছে।

পেশাগত কাজে সাংবাদিকদের সুরক্ষা প্রদান গণমাধ্যমের স্বাধীনতার অন্যতম পূর্বশর্ত। এ জন্য সাংবাদিকদের সুরক্ষা প্রদানের বিষয়ে সুনির্দিষ্ট আইন থাকা উচিত। গণমাধ্যম-সংশ্লিষ্ট ব্যক্তিদের প্রত্যাশা, সরকার দ্রুত সাংবাদিকতার অধিকার সুরক্ষাসংক্রান্ত অধ্যাদেশ জারি করবে এবং জাতীয় সংসদের আগামী অধিবেশনে এটি আইন হিসেবে পাস হবে।

সাংবাদিকতার অধিকার সুরক্ষা অধ্যাদেশ, ২০২৫-এর খসড়া প্রস্তাবনায় মোট ধারা রয়েছে ২০টি। প্রস্তাবিত এই অধ্যাদেশকে আইনে পরিণত করা গেলে এটি গণমাধ্যমের স্বাধীনতা প্রতিষ্ঠায় মাইলফলক হয়ে থাকবে।

প্রস্তাবিত এই অধ্যাদেশে যেসব ধারা সংযুক্ত করা হয়েছে, তা সাংবাদিকতার অধিকার সুরক্ষায় কার্যকর ভূমিকা পালন করবে। কারা সাংবাদিক হিসেবে বিবেচিত হবেন, সে বিষয়ও প্রস্তাবিত অধ্যাদেশে সুস্পষ্টভাবে ব্যাখ্যা করা হয়েছে। প্রস্তাবিত অধ্যাদেশে 'সাংবাদিক/সংবাদকর্মী' বলতে সার্বক্ষণিক সাংবাদিক; গণমাধ্যমের কাজে নিয়োজিত আছেন-এমন কোনো সম্পাদক, এরপর ২৪ পৃষ্ঠায়



> তাহলে তিনি অনধিক ১ বছরের কারাদণ্ড অথবা ৫০ হাজার টাকা অর্থদণ্ড অথবা উভয় দণ্ডে দণ্ডিত হবেন। প্রস্তাবিত এই অধ্যাদেশে অভিযোগ দায়েরের পদ্ধতি, বিচার ও তদন্তপ্রক্রিয়া সম্পর্কেও বলা হয়েছে। তবে সাংবাদিক পরিচয়ের অপব্যবহার এবং পেশাবহির্ভূত কোনো অপরাধমূলক কাজের ক্ষেত্রে সাংবাদিকদের কোনো সুরক্ষার সুযোগ থাকবে না। পেশাগত কাজে সাংবাদিকদের সুরক্ষা প্রদান গণমাধ্যমের স্বাধীনতার অন্যতম পূর্বশর্ত। এ জন্য সাংবাদিকদের সুরক্ষা প্রদানের বিষয়ে সুনির্দিষ্ট আইন থাকা উচিত। গণমাধ্যম-সংশ্লিষ্ট ব্যক্তিদের প্রত্যাশা, সরকার দ্রুত সাংবাদিকতার অধিকার সুরক্ষাসংক্রান্ত অধ্যাদেশ জারি করবে এবং জাতীয় সংসদের আগামী অধিবেশনে এটি আইন হিসেবে পাস হবে

# রাজনৈতিক সংস্কৃতির দুষ্টচক্র

মাসুমা হক প্রিয়াংকা



> প্রচারণার ফলে বাস্তব পরিস্থিতি আড়ালে চলে যাচ্ছে, যা রাজনৈতিক সচেতনতার জন্য সবচেয়ে বড় বাধা। বর্তমান সময়ে রাজনৈতিক বাস্তবতা এমন এক অবস্থায় পৌঁছেছে, যেখানে প্রচারণা এবং বাস্তবতার মধ্যে ব্যবধান ক্রমেই বাড়ছে। অধিকাংশ গণমাধ্যম নিজ নিজ অবস্থান থেকে অবিরাম এমন সব প্রচারণা চালাচ্ছে, যাতে জনগণের মধ্যে বিভ্রান্তির সৃষ্টি হচ্ছে। কিন্তু দীর্ঘ মেয়াদে এই কৌশল ব্যর্থ হয়, কারণ জনগণের অভিজ্ঞতা সরাসরি তাদের জীবনযাত্রার ওপর নির্ভরশীল। ইতিহাস বলে, যখন প্রচারণা আর বাস্তবতার মধ্যে ব্যবধান খুব বেশি হয়ে যায়, তখন সমাজে একটি বিস্ফোরণ অনিবার্য হয়ে ওঠে। বাংলাদেশের রাজনীতি এখন কি তেমন এক সন্ধিক্ষণে দাঁড়িয়ে আছে?

বাংলাদেশের রাজনৈতিক সংস্কৃতির অন্যতম বৈশিষ্ট্য হলো প্রচারণার মাধ্যমে বাস্তবতাকে নিয়ন্ত্রণের চেষ্টা। আওয়ামী লীগ সরকার দীর্ঘদিন ধরে রাষ্ট্রীয় ক্ষমতায় থেকে একধরনের 'গণতান্ত্রিক কর্তৃত্ববাদী' শাসনব্যবস্থা প্রতিষ্ঠা করে, যেখানে বিরোধীদের দুর্বল করা এবং আন্দোলন দমনের জন্য নানামুখী কৌশল প্রয়োগ করা হয়েছিল। এর একটি প্রধান অস্ত্র হলো গণমাধ্যমের ব্যবহার।

বর্তমানে বাংলাদেশে মূলধারার গণমাধ্যমগুলোর একটি বড় অংশ সরকারপন্থী অবস্থান গ্রহণ করেছে। এই অবস্থান শুধু নিরপেক্ষতার অভাব থেকেই তৈরি হয়নি, বরং এটি একটি পরিকল্পিত প্রচারণার অংশ। গণমাধ্যমগুলোর সম্পাদকীয় নীতি এবং সংবাদ পরিবেশনের ধরন পর্যবেক্ষণ করলে স্পষ্ট হয়, তারা প্রায়ই সরকারপন্থী ভাষ্য প্রচারে আগ্রহী। বিশেষত, রাজনৈতিক বিশ্লেষণ ও প্রতিবেদনগুলোতে 'বিশেষ প্রতিনিধি' নাম দিয়ে এমন সব তথ্য দেওয়া হয়, যার নির্ভরযোগ্য সূত্র থাকে না। 'বিশ্লেষকদের মতে' বা 'বিশ্বস্ত সূত্রের বরাত দিয়ে' বলা হয়-এ ধরনের অস্পষ্ট সূত্র উল্লেখ করে রাজনৈতিক প্রতিপক্ষকে দুর্বল করার চেষ্টা চলে।

আওয়ামী লীগের রাজনৈতিক কৌশলের অন্যতম বৈশিষ্ট্য ছিল, প্রতিপক্ষকে শুধু রাজনৈতিক প্রতিদ্বন্দ্বী হিসেবে নয়, রাষ্ট্রবিরোধী শক্তি হিসেবে চিত্রিত করা। এই চেষ্টার মূল লক্ষ্য ছিল বিরোধী দলগুলোর মধ্যে বিভেদ সৃষ্টি করা, যাতে তারা বৃহত্তর ঐক্য গড়ে তুলতে না পারে। ২০১৩-১৪ সালে বিএনপির আন্দোলনের সময় এটি ব্যাপকভাবে ব্যবহার করা হয়। তখন বিরোধী দলের প্রতিটি আন্দোলনকে 'নাশকতা' হিসেবে অভিহিত করা হয়েছিল, যা গণমাধ্যমের মাধ্যমে ব্যাপকভাবে প্রচারিত হয়। একই কৌশল ২০১৮ সালে কোটা সংস্কার আন্দোলনের সময়ও প্রয়োগ করা হয়, যখন আন্দোলনকারীদের ভারতবিরোধী ও দেশবিরোধী ষড়যন্ত্রের অংশ হিসেবে চিত্রিত করা হয়েছিল।

বর্তমান সময়ে একই ন্যারেটিভ নতুনভাবে ব্যবহৃত হচ্ছে। এবার শুধু বিএনপি বা জামায়াত নয়, বরং বামপন্থীদেরও একই শ্রেণিতে ফেলার চেষ্টা চলছে। এতে দুটি প্রধান লক্ষ রয়েছে। প্রথমত, ছাত্র গণ-অভ্যুত্থানের মতো আন্দোলনকে রাজনৈতিকভাবে বৈধতা না দেওয়া। দ্বিতীয়ত, বামপন্থীদের বিরোধী রাজনৈতিক শক্তি থেকে আলাদা করা। কেননা, বামপন্থীদের আন্দোলন দমিয়ে রাখলে বিরোধী রাজনীতির মূল স্রোত কেবল বিএনপি বা জাতীয় নাগরিক পার্টির মধ্যে সীমাবদ্ধ থাকবে।

এখানে আওয়ামী লীগের আরেকটি ঐতিহাসিক রাজনৈতিক কৌশলের কথা মনে করা যায়। দলটি একদিকে দাবি করত যে তারা মুক্তিযুদ্ধের চেতনার ধারক এবং বামপন্থীরা তাদের স্বাভাবিক মিত্র। আবার অন্যদিকে, যখন প্রয়োজন মনে করেছে, তখন একই বামপন্থীদের 'ষড়যন্ত্রকারী' আখ্যা দিয়ে দমননীতি চালাতে দ্বিধা করেনি। এই দ্বৈত নীতি নতুন নয়। ১৯৭২-৭৫ সময়কালেও একই প্রবণতা দেখা গিয়েছিল।

বামপন্থীদের নিয়ে প্রচারণার দুটি দিক রয়েছে। একদিকে বলা হয়, তাঁরা আওয়ামী লীগের 'অঘোষিত মিত্র', ভারতপন্থী এবং সুবিধাবাদী। অন্যদিকে বলা হয়, তাঁরা সহিংস বিপ্লব চায়, রাষ্ট্রবিরোধী কর্মকাণ্ডে লিপ্ত। এই দুই ধরনের প্রচারণার উদ্দেশ্য একটাই-বামপন্থীদের রাজনৈতিকভাবে বিচ্ছিন্ন করা এবং জনগণের কাছে গ্রহণযোগ্যতা কমানো। বাস্তবে, বামপন্থীরা বিভিন্ন সময়ে আওয়ামী লীগ ও বিএনপি উভয়ের সমালোচনা করেছেন এবং কখনো কখনো স্বাধীন অবস্থান নিয়েছেন। কিন্তু যখন আওয়ামী লীগ বামদের বিরুদ্ধে প্রচারণা চালায়, তখন সেটি রাষ্ট্রীয় প্রচারণার অংশ হয়ে ওঠে।

আন্দোলনের বিরুদ্ধে প্রচারণার অন্যতম প্রধান কৌশল হলো, দেশের অস্থিতিশীলতার জন্য আন্দোলনকারীদের দায়ী করা। অথচ বাস্তবতা হলো, অস্থিতিশীলতা তৈরি হয় যখন সাধারণ মানুষের জীবনযাত্রা সংকটে পড়ে, দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি নিয়ন্ত্রণ করা যায় না, প্রশাসনিক নিপীড়ন বৃদ্ধি পায় এবং রাজনৈতিক প্রতিহিংসার কারণে রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলো একপক্ষীয় হয়ে পড়ে। বিশ্বব্যাংকের সাম্প্রতিক এক প্রতিবেদনে বলা হয়েছে, বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধির হার ২০২৩ সালে কমে দাঁড়িয়েছে ৫.৬ শতাংশে, যা আগের কয়েক বছরের তুলনায় উল্লেখযোগ্যভাবে কম। একই সময়ে দ্রব্যমূল্য বেড়েছে ১২-১৪ শতাংশ হারে, যা সাধারণ মানুষের জীবনযাত্রাকে কঠিন করে তুলেছে। এ ধরনের পরিস্থিতিতে যখন মানুষ বিক্ষোভে ফেটে পড়ে, তখন সেটাকে 'অরাজকতা' হিসেবে প্রচার করা রাজনৈতিক কৌশল ছাড়া কিছু নয়।

বাংলাদেশের রাজনৈতিক সংস্কৃতি এক অদ্ভুত দুষ্টচক্রে আটকে গেছে। প্রতিটি সরকার বিরোধীদের দমন করতে রাষ্ট্রীয় শক্তি ব্যবহার করে, কিন্তু যখন ক্ষমতা বদল হয়, তখন তারাই নির্যাতনের শিকার হয়। এই সংস্কৃতি আওয়ামী লীগ একাই তৈরি করেনি, তবে তারা এটিকে সাংগঠনিক রূপ দিয়েছে এবং ক্ষমতায় থাকার প্রতিটি বছর এটি আরও সুসংহত হয়েছে। বিরোধী দলগুলো যখন এই দমননীতির বিরুদ্ধে কথা বলে, তখন তারা ক্ষমতায় গেলে একই কাজ করে। ফলে, এই চক্র থেকে মুক্তির কোনো পথ দেখা যায় না।

সত্যিকারের গণতন্ত্র প্রতিষ্ঠার জন্য প্রয়োজন স্বাধীন গণমাধ্যম, মতপ্রকাশের স্বাধীনতা এবং বহুমাত্রিক রাজনৈতিক চর্চা। কিন্তু বর্তমান পরিস্থিতিতে গণমাধ্যমের স্বাধীনতা প্রায় অস্তিত্বহীন হয়ে পড়েছে। ২০২৩ সালের বিশ্ব মুক্ত গণমাধ্যম সূচকে বাংলাদেশ ১৮০টি দেশের মধ্যে ১৬২তম অবস্থানে রয়েছে, যা গণমাধ্যমের নিয়ন্ত্রণের ভয়াবহ চিত্র তুলে ধরে। সরকারপন্থী এরপর ২৮ পৃষ্ঠায়





www.careeracademyny.com
CAREER ACADEMY OF NEW YORK
BECOME A CERTIFIED
HOME HEALTH AIDE
TODAY!
HHA, PCA & PCA TO HHA CERTIFICATION COURSE
347-425-3878
CALL NOW
A CONCERN OF SHAH NAWAZ GROUP
SNG SHAH NAWAZ GROUP
347-425-3878 careeracademyofny@gmail.com
975 Liberty Avenue, Brooklyn, New York-11208




মার্কিন যুক্তরাষ্ট্রের হোয়াইট হাউজের এফিলিয়েটেড PRESIDENTIAL AWARD
& NATIONAL HEALTHCARE CHAMPION AWARD
প্রাপ্ত এবং CIP মুহাম্মদ আব্দুল কাদের ভূঁইয়া (শিশির) পরিচালিত হোম কেয়ার এজেন্সি
ALL COUNTY
CDPAP
PCA
HHA.RN
হোম কেয়ার
NYS LICENSED HOME CARE AGENCY
অন্য এজেন্সিতে চলমান কেইস ট্রান্সফার অথবা নতুন কেইস শুরু করার আগে আমাদের পরামর্শ আপনাকে এগিয়ে রাখবে
PH : 718 593 0932
* DIRECT DEPOSIT * WEEKLY PAYMENT* FESTIVAL BONUS* 401K. INSURANCE
এজেন্সি ট্রান্সফার কেইস এর জন্য স্পেশাল সুবিধা দেওয়া হবে
Get Paid to Take care of Your Friends & Family
150-47 Hillside Ave, Jamaica, NY 11432. Ph: (631) 935-8581, www. allcountyhealthny.com



Kulaura Bangladeshi Association Of Usa Inc.
কুলাউড়া বাংলাদেশী এসোসিয়েশন অব ইউএসএ ইনক
নবনির্বাচিত কার্যকরী কমিটি ২০২৫-২০২৮ইং এর
অভিষেক ও সাংস্কৃতিক সন্ধ্যা
সৈয়দ ইলিয়াস খসরু
সভাপতি
লুৎফুর রহমান
সহ-সভাপতি
মঈনুর রহমান সুয়েব
সাধারণ সম্পাদক
বদরুল ইসলাম মিন্টু
সহ-সাধারণ সম্পাদক
ওবায়দুর রহমান কামাল
কোষাধ্যক্ষ
রায়হান বিন ওয়াহিদ
সাংগঠনিক সম্পাদক
শামীম আহমদ
প্রচার সম্পাদক
আজিজুল হক স্বপন
ক্রীড়া ও সমাজকল্যাণ সম্পাদক
মিতা চক্রবর্তী
সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক
সালমা চৌধুরী মিলি
মহিলা সম্পাদিকা
অলিউর রহমান
কার্যনির্বাহী সদস্য
সালিক আহমদ
কার্যনির্বাহী সদস্য
মফিজুর রহমান খান মিজিক
কার্যনির্বাহী সদস্য
তাহমিদুর চৌধুরী তৌফিক
কার্যনির্বাহী সদস্য
ফারুক মিয়া
কার্যনির্বাহী সদস্য
সঙ্গীত পরিবেশনায়
স্বপ্নীল সজীব ও রেশমী মির্জা
৫ই মে, সোমবার
সন্ধ্যা ৬টা
স্থান
কুইন্স প্যালেস
৩৭-১১ ৫৭ স্ট্রীট, উডসাইড,
নিউইয়র্ক ১১৩৭৭
সুধী,
আসসালামু আলাইকুম/আদাব
যুক্তরাষ্ট্র প্রবাসী কুলাউড়াবাসীর প্রিয় সংগঠন 'কুলাউড়া বাংলাদেশী এসোসিয়েশন অব ইউএসএ ইনক'র নবনির্বাচিত কার্যকরী কমিটির (২০২৫-২০২৮ইং) শপথ গ্রহণ, অভিষেক ও সাংস্কৃতিক অনুষ্ঠান আগামী ৫ই মে সোমবার সন্ধ্যা ৬টায় কুইন্স প্যালেসে (৩৭-১১ ৫৭ স্ট্রীট, উডসাইড, নিউইয়র্ক ১১৩৭৭) এ অনুষ্ঠিত হবে।
উক্ত অনুষ্ঠানে আপনি/আপনারা বিশেষভাবে আমন্ত্রিত।
-আমন্ত্রণে-
শাহ্ আলাউদ্দিন
সভাপতি
ফোন: ৯২৯-৫৯২-৬৪৩০
আবেদ আহমদ
সাধারণ সম্পাদক
ফোন: ৬৪৬-৬৪৫-৫৪০১
সৈয়দ ইলিয়াস খসরু
সভাপতি (নির্বাচিত)
ফোন: ৬৪৬-২৯১-৭৪০৮
মঈনুর রহমান সুয়েব
সাধারণ সম্পাদক (নির্বাচিত)
ফোন: ৯১৭-৫৪০-৭১৩৭

# ব্রঙ্কস তথা নিউ ইয়র্ক এর প্রবাসি বাংলাদেশিদের জন্য সু-খবর

## সম্পুর্ন বাংলাদেশি মালিকানাধীন একটি অনন্য প্রতিতিষ্ঠান। এখানে সুলভ মুল্যে ঘরের যাবতিয় আসবাবপত্র সহ রয়েছে অত্যাধুনিক ইলেকট্রনিকস ও ইলেক্ট্রিক্যাল সামগ্রি।

শুভ উদ্বোধন উপলক্ষে চলছে বিশাল সেল।

মাত্র ৪০% ডাউন পেমেন্ট দিয়ে কিস্তিতে পরিশোধ করার সুযোগ গ্রহন করুন। বিস্তারিত জানতে কল করুন।

# S & A DISCOUNT FURNITURE INC.

একটি নির্ভরযোগ্য বাংলাদেশী প্রতিষ্ঠান
1627 Westchester Ave. Bronx, NY 10472
Tel: (347) 269-5249 - Cell: 646-404-0921
email: sa.discountfurniture@gmail.com

**NO CREDIT NEEDED!**
**WE APPROVE EVERYONE**
**90 DAYS NO INTEREST**
**SAME AS CASH**

DCA# 2111113
Easy Trasportation:
#6 Train To Morrison, Soundview Ave.
Bus Bx4 & Bx4A

We Accept Major Credit Cards

## GRAND OPENING SALE

On Sale



| VIERNES | SÁBADO | DOMINGO |
|---|---|---|
| $10 | $7 | $5 |
| FRIDAY | SATURDAY | SUNDAY |
| LUNES | MARTES | MIÉRCOLES Y JUEVES |
| $3 | $2 | Mixed Prices |
| MONDAY | TUESDAY | WEDNESDAY & THURSDAY |

TARGET. amazon.com Walmart COSTCO WHOLESALE
















MATTRESS



*Order By Phone. Pay After Delivery.*

| | |
|---|---|
| TWIN SIZE | $100 |
| FULL SIZE | $150 |
| QUEEN SIZE | $199 |
| KING SIZE | $399 |

* এখানে পাবেন "আমাজন" "টারগেট" "ওয়ালমারট" ও "কস্টকো "র মত বিখ্যাত ব্রান্ডের আইটেম অত্যন্ত কম মুল্যে।
* ফোনে অরডার দিন, ডেলিভারির পর পে করুন।

# PPL-এর আমরা অথরাইজড এজেন্ট

## CDPAP নিয়ে কোন চিন্তা করবেন না।



## COMMITTED HOME CARE



## সকল সুযোগ সুবিধা পূর্বের মতোই থাকবে।

**PPL & NYS DEPARTMENT OF HEALTH এর অনুমোদিত FACILATOR হিসেবে CDPAP সার্ভিস TRANSFER এ সহযোগিতা করে থাকি।**

## আজই যোগাযোগ করুন - (718) 457-0813

কোন প্রকার নার্স সার্টিফিকেট ছাড়া, বর্তমান ইন্স্যুরেন্স পরিবর্তন না করে আগের মতোই আপনার প্রিয়জনের সেবা দিতে পারবেন। এর জন্য আপনাকে CDPAP থেকে অন্য কোনো প্রোগ্রামে যেতে হবে না। আমরা খুব সহজে ট্রান্সফার করে দিতে পারি। আপনার প্রিয়জনের সেবার মান যেন অক্ষুন্ন থাকে, সে বিষয়ে আমরা সর্বদা যত্নবান।

আপনি ইচ্ছে করলে ডিরেক্ট 833-247-5346 নাম্বারে কল দিয়ে ট্রান্সফার করতে পারেন। তবে অবশ্যই আপনার হোমকেয়ার সার্ভিসের জন্য COMMITTED HOME CARE নাম উল্লেখ্য করতে হবে।



Giash Ahmed
Vice President
Committed Home Care
Phone : 718-457-0813, Fax : 718-457-0814
Cell : 917-744-7308
giashahmed123@gmail.com

## CORPORATE OFFICE:

37-05 74 St, 2nd Fl,
Jackson Heights, NY 11372
Tel : 718-457-0813
Fax: 718-457-0814

# NY INSURANCE BROKERAGE INC

# আপনি কি TLC প্লেট নিতে চান??

**NY INSURANCE দিচ্ছে আপনাকে সেই সুযোগ**

যারা কোভিড-১৯ কালিন সময়ে (মার্চ ৭, ২০২০ থেকে সেপ্টেম্বর ১২, ২০২২)
প্লেট সারেন্ডার করেছেন কিন্তু নতুন করে প্লেট নেন নি,
তাদের জন্য টিএলসি নতুন করে প্লেট দিচ্ছে।

এই সুযোগ গ্রহন করতে চাইলে NY INSURANCE-এ দ্রুত যোগাযোগ করুণ



CONTACT US:

SCAN ME

718-476-2025

71-16 35th Avenue, Jackson Heights, NY 11372

office@nyinsuranceb.com www.nyinsurancebrokerage.us

Design & Print by: ihopeprint.com, 929-538-7903

# World Bank lowers growth forecast to 3.3% in FY25

Shah Nawaz



The World Bank has lowered Bangladesh's economic growth projection to 3.3 percent in the current fiscal year, down from its previous forecast of 4 percent, citing political unrest and subdued investment.
The forecast by the Washington-based lender is the lowest so far. Yesterday's projection by the WB comes a day after the International Monetary Fund predicted 3.76 percent growth of Bangladesh's gross domestic product for the current fiscal year ending in June.
The Asian Development Bank earlier projected 3.9 percent growth of GDP for the year.
In its South Asia Development Update released today, the WB attributed the overall deceleration in the first three quarters of FY25 to a sharp decline in private and public investment.
It noted that political violence, curfews, and internet shutdowns severely disrupted economic activity in the first quarter.
Private investment growth is likely to remain constrained through the rest of the year due to global trade disruptions, high input and borrowing costs, and continued domestic policy uncertainty, the WB said.
The report linked the weakening of private investment to sluggish private sector credit growth, which expanded only 7.3 percent year-on-year in December 2024, its slowest pace in three decades.
Public investment is also expected to decline amid reduced capital expenditure, although easing external sector pressures and a narrowing current account deficit have provided some relief, as per the report.
The World Bank forecasts South Asia's GDP growth to slow to 5.8 percent in 2025, 0.4 percentage points lower than its previous estimate, before rebounding to 6.1 percent in 2026.
"Multiple shocks over the past decade have left South Asian countries with limited buffers to withstand an increasingly challenging global environment," said Martin Raiser, World Bank vice president for South Asia.
He called for targeted reforms to address fiscal fragility, underperforming agriculture, and climate vulnerabilities.
Among other countries in the region, India's growth is expected to slow to 6.3 percent in FY26, Pakistan's economy is projected to grow by 3.1 percent in FY26, and Sri Lanka is forecast to grow by 3.1 percent in 2026.



## Mirza Abbas doubts timely election under interim govt

Ajkal Desk

BNP senior leader Mirza Abbas expressed doubts today over whether the interim government will hold the election timely in line with people's expectations as some cohorts of Awami League are trying to mislead the chief adviser to disrupt the polls. "The Election Commission will conduct the election as per people's expectations. Prof Muhammad Yunus has placed us in an embarrassing situation by suggesting that the election will be held in December or June," he said at a discussion.
Ganatantra Forum organised the programme titled "Democracy, Reform and Reality in the Current Context" at the Jatiya Press Club. After the chief adviser said the election would be held by December, Abbas pointed out that one of his officials had stated it would take place by June.
"He (CA) later endorsed it. So, there is quite a strong argument to be made that this is an effort to prevent the election from taking place," he said.
Abbas, a BNP standing committee member, said there is a saying—hope for the best and prepare for the worst.
"From that worst-case thinking, I believe the government probably won't hold elections anytime soon. I see no indication of that happening. This is my personal opinion, not my party's," he added. He, however, still hopes the government will take steps towards holding the election in line with the people's aspirations. "There's no alternative to the election."
Abbas said BNP wants both reforms and elections. "But there is no need for unnecessary reforms beyond what the people require. Elections are the alternative to elections. We must hold the election after implementing the reforms necessary for the people of the country."
He warned the chief adviser that cohorts of the Awami League, including four serving secretaries, a retired secretary and some advisory council members, would attempt to steer him away from the right path. "They will destroy all your achievements and reputation." Abbas said the BNP and the people of the country want to uphold the dignity of Professor Yunus and ensure his success in building a prosperous Bangladesh.
He said former fascist ruler Sheikh Hasina, along with her party leaders, activists and government officials in the administration and law enforcement agencies who were involved in misdeeds, must be brought to justice.
"Our struggle against those who want to rehabilitate the Awami League in the country will continue," the BNP leader said.

## Bangladeshis worry amid US immigration crackdown

### 31 already deported; officials say more could be sent back

Ajkal Desk

The United States has deported at least 31 Bangladeshis after President Donald Trump took a tough immigration policy.Since February, the Trump administration has intensified efforts to deport undocumented immigrants. Over the past one and a half months, Bangladeshis have been deported by commercial and chartered flights. Most of them had lost their immigration cases. Sources at the Special Branch (SB) of police and the immigration desk at Hazrat Shahjalal International Airport in Dhaka confirmed the developments to The Daily Star. "We have so far received 31 Bangladeshi nationals deported from the US at different times. Most recently, five arrived on a chartered flight two days ago," said Golam Rasul, additional inspector general and the SB chief. According to officials, the deportations followed a series of meetings between US embassy representatives in Dhaka and officials from the home ministry of Bangladesh.
Home ministry sources said a meeting was held on February 23, where Khuda Baksh Chowdhury, special assistant to the chief adviser on home affairs, represented Bangladesh, and Megan Bouldin, deputy chief of mission at the US embassy, represented the American side.
A subsequent meeting on March 5 at the home ministry discussed logistical preparations to receive the deported Bangladeshis. "The number of deported Bangladeshi nationals could be several thousands," said a meeting participant, seeking anonymity. During the meetings, US embassy officials conveyed President Trump's commitment to strict enforcement of immigration laws and emphasised that cooperation from partner countries is critical to implementing these measures effectively, officials present there said.
They informed the home ministry that several Bangladeshis had exhausted all legal avenues regarding their residency status and were now subject to final removal orders. The US had, therefore, decided to arrange their orderly repatriation to Bangladesh. The US side stressed two priorities -- issuance of travel documents for Bangladeshis within 30 days of request and acceptance of returnees regardless of the mode of removal -- be it commercial, charter, or military flights. They urged Bangladesh to ensure a smooth and coordinated deportation process. In response, Bangladesh reiterated its commitment to fulfilling international obligations and expressed readiness to accept its nationals through any mode of transfer.
A senior SB official said the government has been working closely with the US to ensure the Bangladeshi nationals are repatriated with dignity.
"This issue was strongly raised during meetings with US embassy officials," the official said, adding that due to diplomatic efforts and international concern, Bangladeshi deportees were not handcuffed during deportation, unlike nationals of some other countries. The deportation process involves US authorities notifying the Bangladesh embassy in Washington upon identification of an



undocumented individual. The embassy then informs Dhaka, and the SB verifies the identity before accepting and registering the returnee at the airport. "If any deportee needs legal assistance, the government will provide support," said an official involved in the repatriation process, adding that the government is considering engaging BRAC, a leading NGO, to support returnees. Shariful Hasan, associate director of BRAC's Migration and Youth Platform, said, "We regularly support returnee migrants at the airport and can offer counselling and financial aid if needed." The Daily Star spoke to six people who were recently sent back from the US. Ratan Morol, a resident of Munshiganj, said he went to the US in September last year. "I applied for asylum, but the court rejected my petition and deported me on March 16." He added that the US authorities paid for his airfare. Ratan said he was held at a deportation centre before being sent back, adding that he had seen at least 50 other Bangladeshis there. Another deportee, Ibrahim Khalil from Noakhali, said he went to the US in April last year and was deported on March 9. "The US government bore my airfare. I was flown back on a Qatar Airways flight. There was no mistreatment -- no handcuffs, no humiliation. I was treated like a regular passenger," said Khalil, who had also applied for asylum, which was later rejected.

# Queens bus riders to see expanded service on six routes starting this summer

Ajkal Desk

More frequent and reliable bus service is coming to Queens this summer as part of a broader push by Governor Kathy Hochul and the Metropolitan Transportation Authority (MTA) to improve transit access in the outer boroughs. Beginning June 29, the MTA will enhance service on 16 high-ridership local routes citywide, including six in Queens: the Q13 (Flushing–Ft. Totten), Q28 (Bayside–Flushing), Q35 (Rockaway Park–Midwood), Q43 (Jamaica–Floral Park), Q66 (Flushing–Long Island City) and Q69 (Long Island City–Astoria). The improvements, which build on expanded express service introduced in March, aim to reduce wait times, cut commute durations, and provide better connectivity for neighborhoods underserved by the subway. Governor Hochul announced the expansion alongside MTA leadership, calling it a critical step in modernizing the city's transit infrastructure. "Every New Yorker deserves access to safe, fast and reliable public transit, and I'm investing in our buses and subways so we can deliver better service in every corner of our city," Hochul said. "We're taking action to strengthen our transportation infrastructure, bring stations and equipment up to par and create the best experience for every rider." The Queens lines slated for upgrades serve key corridors between Flushing, Bayside, Jamaica, Astoria, Rockaway Park and Long Island City—some of which have seen steady growth in bus ridership, according to MTA data. "More than 800,000 Queens residents rely on MTA bus service each day, and each one of them deserves a fast, reliable commute that gets them to work, school, home or elsewhere quickly," Queens Borough President Donovan Richards said. "With these needed service enhancements—in tandem with the full Queens Bus Network Redesign coming this summer—that commute is exactly what families across the borough will finally be able to enjoy." The enhancements are being funded through $8 million from the Outer Borough Transportation Account, created by the state legislature in 2018 to support improvements in non-Manhattan neighborhoods.



© NYC DOT

Among the strongest advocates for improved service in Queens was State Senator Leroy Comrie, who emphasized the importance of accessibility.

"Increasing bus services throughout Queens is crucial for ensuring that all New Yorkers have access to reliable and efficient transportation," Comrie said. "These enhancements will reduce commute times and make connecting with essential services easier for our communities."

Several lawmakers also highlighted specific route improvements. Assembly Member Larinda C. Hooks praised the upgrades to the Q66 and Q69 routes, which connect Northern Boulevard and Long Island City—areas where riders often experience long commutes.

"We appreciate the additional service being added to key routes like the Q66 and Q69," Hooks said. "This is a positive step toward improving access for residents who often experience long and complex commutes." State Senator John Liu welcomed the added service for northeast Queens, where residents often rely on buses as their primary mode of mass transit. "Increasing service on many of these routes will provide more options for riders in northeast Queens without direct subway access," Liu said. "This expansion is an important part of the MTA's broader bus redesign and aligns with the goals of congestion pricing." The Q13 and Q28 routes, which connect Bayside and Flushing, are among the lines expected to benefit from the service increase. The Q35, which links Rockaway Park to Midwood, will also receive expanded service, improving connectivity for South Queens residents. MTA Chair and CEO Janno Lieber noted that buses are vital for outer borough commuters. "Buses connect New Yorkers to jobs, education, entertainment and everything else the city has to offer," Lieber said. "By increasing service on some of the busiest routes in the outer boroughs, we can deliver opportunity and quality of life upgrades to literally thousands of New Yorkers." The service boost comes ahead of the city's long-awaited congestion pricing program, which is expected to further reduce car traffic and increase demand for mass transit options, especially in outer boroughs like Queens. NYC Transit President Demetrius Crichlow added, "Frequent, reliable bus service is essential for so many New Yorkers, especially for those who don't live near the subway."




# Press Photo Contest 2025 awards handed over

Anik Raj

Drik Picture Library lifted the curtain on Bangladesh Press Photo Contest 2025 with an awards ceremony at the DrikPath Bhaban at Panthapath in the capital on Saturday.

The 12-day exhibition is featuring 31 photographs of 21 photographers which will continue till April 30.

Managing director of Drik Picture Library Shahidul Alam delivered his welcome speech while judges of the contest namely Adviser to Chakma Circle and Human Rights Defender Rani Yan Yan, photographer-teacher Munem Wasif and special photojournalist of daily Prothom Alo Zahidul Salim spoke and handed over awards to seven award-winning photojournalists at the programme.

The event was moderated by ASM Rezaur Rahman, also curator of the exhibition.

The Picture of the Year 2024 was awarded to Ashraful Alom, former photojournalist of the Prothom Alo who received Tk 1,00,000 as prize money.

Six other photographers in three categories also won awards at the event.

Each category winner and honorable mention winner received Tk 50,000 and Tk 10,000 respectively, in addition to crests and certificates.

Jajang Nokrek, a Garo Indigenous photographer from the plain, has won the 'Indigenous People Grant 2025' under the Bangladesh Press Photo Contest while the exhibition features 'Indigenous People Grant 2024' winner Denim Chakma's photo.

The names of 7 winners were announced at the inaugural ceremony on April 19.

The contest was launched on February 9 with an open photo call while 252 photojournalists submitted 1,310 photos taken over the past year.

# Arrest warrant issued against Shaon

Ajkal Desk



A Dhaka court has issued an arrest warrant against actress and singer Meher Afroz Shaon in a case filed by her stepmother, Nishi Islam. The information was confirmed on Wednesday, April 23. The arrest order was issued a day earlier, on Tuesday (April 22), by the Dhaka Metropolitan's First Additional Chief Metropolitan Magistrate Court. Shaon is accused of physically assaulting her father, Engineer Mohammad Ali, and stepmother, Nishi Islam. The case includes a total of 12 accused individuals, among them former Detective Branch (DB) chief Mohammad Harun-or-Rashid.

During Tuesday's hearing, two police officers from Badda Police Station admitted in court that, under the instructions of their then Officer-in-Charge (OC), they had detained and physically assaulted Nishi Islam. However, as Meher Afroz Shaon, former DB chief Harun, and the remaining accused failed to appear in court, the magistrate issued arrest warrants against them. Expressing satisfaction with the court's decision, Nishi Islam stated, "We want justice. Shaon has used her influence and assaulted us."

According to the complaint, the conflict began when Shaon's father, Engineer Mohammad Ali, placed a matrimonial advertisement early last year. Through that, he met and later married Nishi Islam. After learning of the marriage, Shaon allegedly began subjecting her father to physical and mental abuse. Using her political influence as an Awami League affiliate, she reportedly managed to have her stepmother imprisoned for six months. Additionally, she is accused of falsely declaring her father mentally unstable and having him confined in a psychiatric facility for several months. Nishi Islam has also claimed that Shaon's siblings were involved in these actions.

# PBI to investigate domestic abuse case against Pori Moni

Ajkal Desk



Popular Bangladeshi actress Shamsunnahar Smrity, known by her stage name Pori Moni, has been sued by her former domestic helper, Pinky Akter, over allegations of physical abuse. The case was filed on Tuesday (April 22) at Dhaka Metropolitan Magistrate's Court. Magistrate Nazmin Akter recorded the plaintiff's statement and directed Police Bureau of Investigation (PBI) to probe the matter and submit a report by May 8. The case also names Saurav, 28, who resides in the same apartment, as a co-accused.

According to the complaint, Pinky began working at Pori Moni's residence in March 2024 through a domestic help agency. Though she was initially tasked with caring for one child, she claims she was made to look after two children and handle cooking duties around the clock. On April 2, Pori Moni allegedly assaulted Pinky following an argument over feeding the child milk instead of solid food. Pinky claims the actress slapped her repeatedly in the face and head until she lost consciousness. Saurav was reportedly present and encouraged the assault.

# এই সপ্তাহের কবিতা



## স্বপ্নগুলো উঁকি দেয়
### সুফিয়ান আহমদ চৌধুরী

বৃষ্টিতে ভিজে কিশোরী আনন্দে
আকাশে কালো মেঘের ভেলা
সারাদিন ঝরে ঝর ঝর করে বৃষ্টি
বর্ষার টই টুম্বুর জল থই থই
ঝাল চানাচুর সুখে খায় কেমন
স্বপ্নগুলো উঁকি দেয় কাজল চোখে
কদম ফুলের ঘ্রাণ ছড়ায় মউ মউ
গাছের ডালে ডানা ঝাপটায় পাখি
বুকের ভেতর ভালোবাসা তোলপাড়
ভাবনায় পেখম মেলে ময়ূরী রঙিন
ফর্সা হবে ভোরের আলোয় চারদিক
ঘুঙুর পায়ে ঘুরে বেড়ায় কিশোরী সুখে
হাওয়ায় উড়ে এলোমেলো কালো চুল
মুখে খুশির ঝিলিক স্বর্ণালি রঙের---- ।

লেখক: কবি, নিউইয়র্ক।



## মানুষ এখন
### সুজন দাশ

নীতির স্বার্থে ওঠেনা মানুষ
পক্ষপাতের উর্ধ্বে,
নীতিবান হলে ভাত নেই তার
ঠেলে দেয় তারে যুদ্ধে।

নৈতিকতার শোনে না স্তবক
নেয় না ভালোর শিক্ষা,
ছোটকাল হতে নিচ্ছে সবাই
ভোগ লালসার দীক্ষা।

মানবতা আর বুদ্ধি বিবেক
ক্রমে ক্রমে আজ শূন্য,
পুঁজির জোয়ারে ভাসছে সবাই
ভুলে গেছে পাপ পুণ্য।

নিজের ভুলটি দেখছে না কেউ
অপরের ভুল ধরতে,
লেগে রয় প্যাঁচে ভেজালে দ্বন্দ্বে
লোভে লাভে যায় লড়তে।

বজায় রাখতে কায়েমী স্বার্থ
টেনে আনে পাশে ধর্ম,
পশুত্ব ঘৃণা মাতে হিংসায়
বোঝেনা জ্ঞানের মর্ম।

লেখক: কবি, নিউ জার্সি।





## কাল বৈশাখী
### রহমান আতাউর

হে কাল বৈশাখী,
দেখিতে চাহি অনুদ্ধত মূর্তি,
আনত করো হে ত্রাসরুদ্ধ মূর্তি।

উদাসী হাওয়ায়, উদাসী হবো না আজ
তোমায় ঘিরে হৃদয়ে রচিত হোক,
সুবর্ণ সোনালী কারুকাজ।

হে ময়ূরাক্ষী,
এই নববর্ষে, হাসির হররার হর্ষে
চিত্তে চিত্রণ হোক
তোমার প্রস্ফুরিত স্পর্শে, নন্দিত নববর্ষে।
রাত জাগা পাখি হয়ে, আমি যে জাগি
তোমায় নিয়ে, আমি হবো না বৈরাগী।

চৈত্রদিনের ঝরা পাতার শেষে
কাজল কালো মেঘ আসবে ভেসে।
জীর্ণ তরু শাখায়
ফুটিবে যখন নবপল্লব মঞ্জরী।
হে সাকী, হে বরনারী
যেন পুস্পাধারে ফুলঝুরি,
রঙিন সুতোয় বুনবো তোমার রূপমাধুরী।

নবতন বঙ্গভূমি, নতুন করে সাজে
হৃদঅঙ্গনে ক্ষণে ক্ষণে হৃদমন্দিরা বাজে।

প্রবল বেগে ধায়
বিহগ তার মৃত্যুর মহাকাশে উড়ায়।
কাল বোশেখী বেসুরো সুরে সুর মেলায়।
উত্থিত ঘূর্ণী চৌদিক চূর্ণী
ধরিত্রীর বিপুল ধূলায়।

বজ্রমেঘের বজ্রনিনাদ গুরু গুরু
বিহগ যেন, মম দীক্ষা গুরু।
চিত্ত করো জয়, বর্জন করো ভয়
হৃদয় মাঝে দুর্বার দুর্জয়।
এই নতুন বর্ষে, চিরাচরিত বঙ্গীয় হর্ষে
মঙ্গল আলোক হোক অক্ষয়।

পথে প্রান্তরে, স্ফুতিত হৃদয়ের মরুচরে
এই নভে, শুরু হোক তবে, সুবর্ণ পল্লব-পত্রে।
জুলাই বিপ্লবে যোগ হ'ল নতুন দিশার যাত্রা,
এই নববর্ষে আনন্দ শোভাযাত্রা।

লেখক: কবি, নিউইয়র্ক।





## প্রমাণ আছে ভূরিভূরি
### মশিউর রহমান রুবেল

বুকে পিঠে করেছে গুলি
গুলিতে উড়েছে মাথার খুলি
কে করেছে কত গুলি
প্রমাণ আছে ভূরিভূরি।

চলবে না তোর জারিজুরি
কে দিয়েছে সুড়সুড়ি
কে করেছে বাহাদুরি
মিলছে প্রমাণ ভূরিভূরি।

কে করেছে জোরাজুরি
আকাশ থেকেও হয়েছে গুলি
কে দিয়েছে ওইসব গুলি
প্রমাণ আছে ভূরিভূরি।

কে করেছে তড়িঘড়ি
কার কথাতে এত গুলি
কে দিয়েছে মিথ্যা বুলি
বাড়লো তার পাপে ঝুলি।

কে করেছে কোলাকুলি
বলতো দেখি খোলাখুলি
সে দিনের সেই কথাগুলি
আজও আমি নাহি ভুলি।

কার বুকে কত গুলি
কে গেয়েছে কোন কলি
কে কেঁদেছে রোল ধরি
স্মৃতিতে রেখেছি তুলি।

মুখ ঢেকে করেছে গুলি
সেই দৃশ্য কেমনে ভুলি
সেই ছবি রেখেছি তুলি
বিচার হবে খোলাখুলি।

কার কথা আগে বলি
কে করেনি গুলি?
কে করেছে বাড়াবাড়ি
সেই কথাটি তুলে ধরি।

বলেছে কেউ মরি মরি
আমি গিয়ে তাকে ধরি
জপছে সে হরি হরি
তাকে নিয়ে আমি মরি।

লেখক: ছড়াকার, ঢাকা।



## আজ পাইছি তোরে!
### মোহাম্মদ আব্দুল আজিজ

আজ পাইছি তোরে
ছাড়বো না রে
দিবো না আর যাইতে,
তোরে বাড়িত নিয়া ইচ্ছা মতো
খাবো রে মাস্ক বাইতে।

তোরে না ধরিলে
না ভরিলে
আপনি কি আর যাইতে?
ধান না দিলে মুরগি রে তুই
সাথে কি আর আইতে?

কষবো তোরে
মুরগি ওরে
যা যা লাগে তাইতে
তুই দেখতে ভালা নাদুসনুদুস
লাগবো মজা খাইতে।

রান্না করে
খাইয়া তোরে
যাবো রে হাল বাইতে
ওরে তোর লাগিয়া আজ যাবো না
নদীর ঘাটে নাইতে।

লেখক: কবি, নিউইয়র্ক।







## মে দিবস
### মোহাম্মদ মহিবুর রহমান

শিকাগো শহর, আমেরিকা, অষ্টাদশ শতাব্দীর স্রোত,
শ্রমিকেরা বলল, 'কাজের ঘন্টা হোক আট',
বেশি কাজে নেই লোভ।
১লা মে, ১৮৮৬ দাবিটা ছিল স্পষ্ট,
রক্তে ভেজা দাবি আজও বয়ে আনে অনেক কষ্ট।
হে মার্কেট স্কয়ারে উঠেছিল গর্জন
বুলেটে নিতে গেল শ্রমিকের আন্দোলন।
থামেনি তবুও প্রতিবাদের শপথ
মে দিবস আনলো বিশ্বে এক নতুন পথ।
ঘামে ভেজা, হাতে গড়া সভ্যতা
ন্যায্য দাবিতেই এসেছিল সফলতা।
শ্রমিকের ত্যাগেই জ্বলে সভ্যতার আলো
দিনে দিনে দূর হয় অনিয়ম ও কালো।
মে দিবস মানে শুধু ছুটি নয়
এটি ত্যাগ ও সংগ্রামের চিরন্তন পরিচয়।
শ্রমিকের পাশে থেকো, দাঁড়াও সকলে নির্ভয়ে
প্রত্যাশা, পরিবর্তন আসবেই সমাজ জয়ে।

লেখক: কবি, নিউইয়র্ক।



## গৃহ সন্ন্যাসী
### বিপুল চন্দ্র রায়

মৃত গাছকে যতই জল দাও না কেন;
সে কখনো ও বেঁচে উঠবে না।
ঠিক তেমনি
সত্যকে স্বীকার করতে
শক্তি এবং সাহস লাগে।
সূর্যোদয়ে অন্ধকার দূরীভূত হয়
যেমন সত্য তেমনি সত্য
পুরুষের জীবনযুদ্ধে ভূমিকা রাখে
একজন গৃহ সন্ন্যাসী।

লেখক: কবি, নিউইয়র্ক।

# BEST TAX EXPRESS INC.

# ট্যাক্স
## একটি গুরুত্বপূর্ণ বিষয়

**অহেতুক ঝামেলা এড়াতে**
**অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে**
**ট্যাক্স ফাইলিং করুন।**

tax refund

AUTHORIZED IRS e-file PROVIDER

ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং,অডিট,ফাইন্যানসিয়াল স্টেটমেন্ট, বুককিপিং , অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠান, লাইসেন্স ও পে-রোল,আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স সমস্যা সমাধানে অভিজ্ঞ।

Individual And Business Tax, Audit, Financial Statement, Bookkeeping, Non-profit Business Setup, Licensing & Payroll, Specialized In IRS & NYS Tax Problem Resolution

**FINANCE, ACCOUNTING, TAX FILING, AUDIT & CONSULTING**
**( Business & Non profit )**

**Call Us**
+1 (646) 253-4798
+1 (718) 878-6878

**Email Us**
besttaxexpress@gmail.com

**OpenTime**
Seven Days in a Week
(07.00 AM - 10.00 PM)

**Website**
www.besttaxexpress.com

**Endicott Branch**
103 Washingtone Avenue 2nd Fl, Endicott, NY 13760

**Main Branch**
168-29 Hillside Ave. 2nd floor, Suit-2 Jamaica, NY 11432

**Buffalo Branch**
1288 Fillmore Avenue, Buffalo, NY 14211

**Jamaica Branch**
159-06 Hillside Avenue, Jamaica, NY 11432

**Woodside Branch**
69-07 Roosevelt Avenue 2nd Fl, Woodside, NY 11377



# খাদ্যনালীর সুস্থতার মহাওষুধ

ডা. মো. তৌহিদ হোসাইন

বর্তমান স্বাস্থ্য বিজ্ঞান গত দশক ধরে তিনটি বিষয়ে ব্যাপক গবেষণা চালিয়ে যাচ্ছে। বিষয় তিনটি হলো- ফাস্টিংয়ের মাধ্যমে স্বাস্থ্যগত উন্নয়ন, শরীরকে ফ্রি রেডিক্যাল ইনজুরির হাত থেকে সম্ভব রক্ষা করা যাতে মানুষ খুব সহজে বুড়ো না হয়ে বরং এর কারণে সৃষ্ট বিভিন্ন রোগবালাই থেকে বেঁচে থাকে এবং অটোফেজির গতি বাড়ানোর মাধ্যমে স্বাস্থ্যের উন্নয়ন। এক সময় পাশ্চাত্য বিশ্ব মুসলমানদের না খেয়ে রোজা থাকাকে অনর্থক শরীরকে কষ্ট দেয়ার শামিল মনে করে বিদ্রুপ করত। আর এখন গত এক দশকে শুধু রোজার মতো ইন্টারমিটেন্ট ফাস্টিং নিয়ে ইন্টেস্টাইনের উপকারিতা নিয়েই গবেষণাপত্র বেরিয়েছে দেড় লক্ষাধিক। বেঁচে থাকার প্রয়োজনে আমরা খাবার খাই। আর এই খাবারকে হজম করে খাদ্যনালী। সেই হজমকৃত খাবার শক্তিতে রূপান্তর ঘটে চলার পথের শক্তি জোগায়। কিন্তু আমাদের মনে রাখতে হবে, শুধু খাদ্য হজম করাই খাদ্যনালীর একমাত্র কাজ নয়; বরং পুরো খাদ্যনালীর সাবমিউকাল লেয়ারে ছড়িয়ে আছে অসংখ্য লিম্ফেটিক ফলিকল যাদের মূল কাজের সময় মানুষ যখন বিশ্রামে বা ঘুমে থাকে; আর মিউকাল মেমব্রেনে যে কোটি কোটি গ্ল্যান্ড ও কোষ থাকে, মূলত সেগুলো সক্রিয় হয় খাবার গ্রহণ করার পরপরই।



অবস্থাটি এমনই যে, আমরা খাবার গ্রহণ করার পরপরই খাবার হজম করার জন্য প্রচুর শক্তির দরকার হয়। শক্তি প্রোডাকশনের প্রয়োজনে অন্য সব জায়গায় রক্ত সাপ্লাই কমিয়ে দিয়ে খাদ্যনালীতে বাড়িয়ে দেয় শরীর। এমনকি অধিক পরিমাণে খাদ্য গ্রহণ করলে ব্রেইনেও রক্ত সাপ্লাই খানিকটা কমিয়ে খাদ্যনালীর চাহিদা শরীর পূরণ করার চেষ্টা করে। এ জন্যই বেশি খাবার গ্রহণ করলে খাবার গ্রহণের কিছুক্ষণের মধ্যেই ঝিমুনি বা তন্দ্রা চলে আসে, কারণ ব্রেইনে সাপ্লাই কিছুটা কমিয়ে দিয়েছে শরীর।
রোজা থাকার কারণে প্রয়োজন হয় না বলে ১৪-১৬ ঘণ্টা কোষগুলো অনেকটা বিশ্রামে থাকে এবং খাদ্যনালীতে তেমন কোনো রস নিঃসৃত হয় না। এই সময়ে এখানকার কোষগুলোর মূল কাজ হলো গারবেজ পরিষ্কার করা, অ্যান্টিবডি তৈরি করা এবং এনার্জি সঞ্চয় করে রাখা। রোজা থাকার কারণে খাদ্যনালী এই অতিরিক্ত সুবিধা পেয়ে যাচ্ছে। ক্রমাগত এক মাস রোজায় খাদ্যনালীর কোষসমূহ ধুয়েমুছে পরিষ্কার হয়ে যায়। রোজা তথা ইন্টারমিটেন্ট ফাস্টিং মূলত স্বাস্থ্যের প্রয়োজনে কোষ পরিষ্কার করার ব্যায়াম যা এরপর ৪০ পৃষ্ঠায়



# বাত কমাতে চান, জেনে নিন উপায়

ইসরাত জাহান ইফাত

গেঁটে বাত বা গাউট হলো এক ধরনের প্রদাহজনিত বাত, যা রক্তে অতিরিক্ত ইউরিক অ্যাসিড জমে গাঁটে স্ফটিক তৈরি করায় হয়ে থাকে। এতে হঠাৎ করে জোড়ায় তীব্র ব্যথা, লালচে ভাব ও ফোলাভাব দেখা দেয়। সাধারণত পায়ের বৃদ্ধাঙ্গুলিতে শুরু হলেও এটি শরীরের যে কোনো জয়েন্টে হতে পারে। ইউরিক অ্যাসিড হলো পিউরিন নামক প্রাকৃতিক উপাদানের বিপাকজাত বর্জ্য, যা কিডনির মাধ্যমে শরীর থেকে বেরিয়ে যায়। তবে কিডনির কর্মক্ষমতা কমে গেলে বা অতিরিক্ত পিউরিনজাত খাবার গ্রহণ করলে রক্তে ইউরিক অ্যাসিড জমে গেঁটে বাত তৈরি হয়। এটি শুধু ব্যথাই বাড়ায় না, বরং হৃদরোগ ও কিডনির জটিলতা বাড়ানোরও আশঙ্কা তৈরি করে। তাই এ রোগ ব্যবস্থাপনায় ওষুধের পাশাপাশি খাদ্যাভ্যাস ও জীবনযাপনে পরিবর্তন অত্যন্ত গুরুত্বপূর্ণ। গবেষণায় দেখা গেছে, সঠিক খাদ্যাভ্যাস ইউরিক অ্যাসিড নিয়ন্ত্রণে কার্যকর ভূমিকা রাখে।
কী কী খাবেন?
ভিটামিন সি সমৃদ্ধ ফল: আমলকি, পেয়ারা, লেবু, কমলা, কিউই, ক্যাপসিকাম, স্ট্রবেরি, পেঁপেড় এসব ফলে ভিটামিন সি রয়েছে, যা ইউরিক অ্যাসিড নিঃসরণে, ব্যথা কমাতে সাহায্য করে। দৈনিক পর্যাপ্ত ভিটামিন সি গ্রহণ করলে রক্তে ইউরিক অ্যাসিডের মাত্রা উল্লেখযোগ্যভাবে কমে যায়।
আনারস ও আপেল: আনারসে থাকা ব্রোমেলিন ব্যথা ও প্রদাহ কমাতে সাহায্য করে। আপেলে থাকা মেলিক অ্যাসিড ও অ্যাপেল সিডার ভিনেগারের অ্যাসিটিক অ্যাসিড লিভার পরিষ্কারে সহায়ক এবং শরীরের অ্যালকেলাইন ব্যালান্স বজায় রাখতে ভূমিকা রাখে।
লো-ফ্যাট প্রোটিন: ডিমের সাদা অংশ, লো-ফ্যাট দুধ, টক দই ও ছানা, কাঠবাদাম এবং দেশি নদীর মাছ (যেমন- রুই, কাতল, পাবদা) তুলনামূলকভাবে কম পিউরিনযুক্ত এবং উচ্চমানের প্রোটিন সরবরাহ করে। এতে ইউরিক অ্যাসিড বেড়ে এরপর ৪০ পৃষ্ঠায়

# চুল পড়া: কারণ, লক্ষণ ও সমাধান

অধ্যাপক ডা. এসএম বখতিয়ার কামাল



চিকিৎসা বিজ্ঞানের ভাষায় চুল পড়াকে বলে অ্যালোপেশিয়া। একটি গবেষণায় দেখা গেছে ৩০-৫০ বছর বয়সের প্রায় ৫৮% পুরুষ কোনো না কোনো অ্যালোপেশিয়ায় ভুগছেন। ২০-২৯ বছর বয়সী মহিলাদের মধ্যে ১২% চুল পড়ার সমস্যায় ভোগেন। চুল পড়ার প্রধান কারণ বংশগত বা জেনেটিক। অ্যালোপেশিয়া অর্থে চুল পড়া, সেটি আংশিক বা সম্পূর্ণ, অল্প জায়গায় সীমাবদ্ধ বা বিস্তীর্ণ হতে পারে এবং অভ্যন্তরীণ বা বাহ্যিক কারণে হতে পারে। সাধারণত: দিনে আমাদের ১০০টি চুল পড়ে, কিন্তু যদি আপনি তার চেয়ে বেশি চুল পড়তে দেখেন (১২০-১৫০ বা আরও বেশি) বা মাথার ত্বকের কোনো জায়গা খালি হয়ে যেতে দেখেন, তবে আপনার তখনই চুলের ডাক্তারের পরামর্শ নেয়া উচিত।
চুল পড়ার প্রকারভেদ
বিশেষজ্ঞ চুলের ডাক্তাররা চুল পড়াকে নিম্নলিখিত শ্রেণিতে ভাগ করেন:
- যা (androgenetic alopecia) (বয়সজনিত চুল পড়া) এটি অনেক লোকের হয়, মহিলা ও পুরুষ উভয়েই এই রোগের শিকার হতে পারেন। এটি খুব তাড়াতাড়ি শুরু হতে পারে যেমন টিনএজ (teenage) বয়সে এবং বয়সের সঙ্গে এর ঝুঁকি বেড়ে যায়।
- মেল প্যাটার্ন বল্ডনেস (male pattern baldness)
- বিন্যাস অনুযায়ী চুল পড়া শুরু হয়, প্রথমে কপালের দুই পাশ থেকে (temple areas)। সময়ের সঙ্গে হেয়ারলাইন (hairline) পিছিয়ে এরপর ৪০ পৃষ্ঠায়



# অন্তঃসত্ত্বার শ্বাসকষ্ট

ডা. মোহাম্মদ আজিজুর রহমান

অন্তঃসত্ত্বা অবস্থায় শ্বাস নিতে কষ্ট হওয়াটা একটি সাধারণ বিষয়। মনে করা হয় যে তিন চতুর্থাংশ গর্ভবতী নারী যাঁদের আগে কখনোই শ্বাস কষ্ট ছিল না, তাঁদের এই সময় দম ফুরিয়ে আসে বলে মনে হয়। স্বাভাবিক প্রথম বা দ্বিতীয় তিন মাস-কাল থেকে শুরু হতে পারে। এটি গর্ভকালীন স্বাভাবিক শারীরিক পরিবর্তনের কারণে ঘটে থাকে।
এ সময় পাঁজরের খাঁচার চারপাশের আয়তন বৃদ্ধি পেতে দেখা যায়। এর কারণে গর্ভাবস্থায় পাঁজরের খাঁচা ঊর্ধ্বমুখী হয় ও বাইরের দিকে চলে আসে। এ সময় ফুসফুসকে আরও বেশি ধারণক্ষমতা দেওয়ার জন্য এ রকম হয়ে থাকে।
এ ছাড়া গর্ভাবস্থায় প্রোজেস্টেরন হরমোন ফুসফুসের মাধ্যমে রক্তে অক্সিজেনকে শোষণ করার পদ্ধতির সঙ্গে পরিবর্তিত শরীরকে মানিয়ে নেওয়ার জন্য তৈরি করে তোলে। এর ফলে শরীর কার্বন ডাই-অক্সাইডের মাত্রার প্রতি অনেক বেশি সংবেদনশীল হয়ে ওঠে। এই পরিবর্তনগুলোর মানে হলো অক্সিজেন ও কার্বন ডাই-অক্সাইডের প্রক্রিয়াজাতকরণে শরীর ভালোভাবেই কাজ করছে। আসলে বেশির ভাগ গর্ভবতী নারী এ সময় একটু হাঁপিয়ে শ্বাস নেন, যেমনটা গর্ভধারণের পূর্বে নিতেন। কিন্তু প্রতিবার শ্বাস এরপর ৪০ পৃষ্ঠায়

# মাথায় উকুন হলে কী করবেন

ডা. লিটন দেবনাথ





মাথায় উকুন হওয়া আমাদের দেশে পরিচিত ও বিরক্তকর সমস্যা। এই পরজীবী সাধারণত মানবদেহের তিনটি জায়গায় সংক্রমণ করে, যার মধ্যে মাথায় বা মাথার চুলে সবচেয়ে বেশি সংক্রমণ ঘটায়। এ ছাড়া শরীরে এবং পিউবিক হেয়ার বা গুহ্যলোমেও হওয়া বিচিত্র নয়। আবার পুরুষের তুলনায় নারীদের চুলে উকুনের সংক্রমণ বেশি হতে দেখা যায়। যার মধ্যে কিশোরীদের মাথায় বেশি উকুন হয়। শিশুদের ক্ষেত্রে ৩ থেকে ১২ বছর বয়সে উকুন বেশি দেখা যায়।
উকুন উড়তে বা লাফ দিতে পারে না। সাধারণত একজনের মাথা, শরীর থেকে সরাসরি অন্যজনের মাথা, শরীরে চলে যেতে পারে। আবার একজনের ব্যবহৃত চিরুনি, ব্রাশ, বালিশ, চুলের ফিতা, রাবার ব্যান্ড, বিছানার চাদর, গামছা, তোয়ালে ইত্যাদির মাধ্যমেও ছড়াতে পারে।
খালি চোখেই উকুন দেখা যায়। চুলের গোড়ায়, চুলে বাচ্চা উকুন, প্রাপ্তবয়স্ক উকুন ও উকুনের ডিম (যা দেখতে সাদাটে) দেখা যায়। ডিমগুলো সাধারণত চুলের গায়ে লেগে থাকে।
অনেক সময় কোনো উপসর্গ থাকে না। তবে দীর্ঘদিন উকুনের সংক্রমণে চুলকানি, ছোট ছোট দানা, গোটা, চামড়া লাল হয়ে যাওয়া, ব্যথা হওয়া, কষ পড়া; এমনকি জ্বর, খিটখিটে স্বভাব, মাথার, কানের পেছনের দিকে চাকা বা লিম্ফনোড বড় হওয়ার মতো সমস্যা দেখা দিতে পারে।
উকুন যেহেতু মানুষের রক্ত খেয়ে বেঁচে থাকে, তাই বিশেষ করে শিশুদের ক্ষেত্রে দীর্ঘদিন সংক্রমণের কারণে রক্তশূন্যতা হতে পারে।
এ ছাড়া মাথার ত্বকে সংক্রমণ বা পায়োডারমা অব স্ক্যাল্প হতে পারে।
চিকিৎসা
প্রাচীনকালে উকুনের চিকিৎসার জন্য মাথা ন্যাড়া করাই ছিল প্রধান কৌশল। এখনো আমাদের দেশে এই প্রচলন থেকে গেছে। তা ছাড়া চুল খুব ছোট করা ভালো, যেখানে মাথার সব জায়গায় সমমাপের চুল থাকবে।
উকুনের চিকিৎসায় বিভিন্ন রকমের ওষুধ ব্যবহৃত হয়। গর্ভবতী নারী এবং যাঁরা শিশুকে বুকের দুধ পান করান এবং ছোট শিশুদের ক্ষেত্রে ওষুধ দেওয়ার ব্যাপারে বিশেষ সতর্কতা অবলম্বন করতে হবে। অবশ্যই চিকিৎসকের পরামর্শ অনুযায়ী চিকিৎসা নিতে হবে।
ঘরোয়া চিকিৎসা
উকুন দূর করার ক্ষেত্রে অনেক সময় পেট্রোলিয়াম জেলি, মেয়োনিজ, টি ট্রি অয়েল, রসুন, নারকেল তেল, অলিভ অয়েল বাড়িতে ব্যবহার করা যায়। তবে এতে সব সময় ভালো ফল নাও পেতে পারেন।
প্রতিরোধ
নিয়মিত চিরুনি দিয়ে মাথা ভালোভাবে আঁচড়ানো। প্রতিবার আঁচড়ানোর আগে মাথা ভালোভাবে তেল বা পানি দিয়ে ভিজিয়ে নিতে হবে।
কাপড়চোপড়, বালিশ, তোয়ালে, বিছানার চাদর গরম পানিতে ধুয়ে রোদে এরপর ৩৯ পৃষ্ঠায়

# হ্যান্ডস অন ফিসিক্যাল থেরাপি রিহাবিলেইশন

## এ. ভুঁইয়া

এলআইসি. ফিসিক্যাল থেরাপিস্ট

আপনি কি নিম্নে উল্লেখিত যে কোন ব্যথায় ভুগছেন?
তাহলে আজই যোগাযোগ করুন।
আমাদের আছে ২০ বছরের অভিজ্ঞতা।

* পিঠ ব্যথা
* গাড় ব্যথা
* বাহু ব্যথা
* কব্জি ব্যথা
* হাঁটু ব্যথা
* পায়ের পাতা ব্যথা
* পায়ের আঙ্গুল ব্যথা

ক্লিনিক খোলা থাকার সময়
সোমবার থেকে শুক্রবার
সকাল ১০.০০-সন্ধ্যা-৭টা
শনিবার
সকাল ১০.০০-বিকাল-৪টা
রবিবার বন্ধ

আমরা প্রায় সব ইন্স্যুরেন্স গ্রহণ করি

আমরা ইংলিশ, স্প্যানিশ, হিন্দি, বাংলা ও আরবীতে কথা বলি

75-17 41 Ave. Elmhurst, NY 11373
(Corner of 76th St & Broadway

170-08 Hillside Ave, Jamaica, NY 11432

Tel : 917-832-7824, Cell : 718-696-7002
Fax : 917-832-6100





# হোমিও চিকিৎসা

জ্যাকসন হাইটস এর বাংলাদেশ প্লাজার নীচ তলায়



ডাঃ এফ হক
হোমিওপ্যাথিক কনসালটেন্ট
DI. Hom (USA)
(Diploma in Homeopathy)

ব্যথা, পাইলস, গ্যাস্টিক, কিডনি ও প্রস্রাবের সমস্যা, যৌন ও চর্মরোগ সহ সব ধরনের জটিল রোগ।

## হোমিও ভিটামিন সেলিং সেন্টার
## Homeo & Vitamin Selling Center

এপয়েন্টমেন্ট এর জন্য কল করুন

**347-596-3111, 347-485-8020**

জ্যাকসন হাইটস অফিসঃ (বাংলাদেশ প্লাজা) (দুপুর ২টা থেকে রাত ৯টা পর্যন্ত)
৩৭-১৫ ৭৩ স্ট্রিট (Lower Level), জ্যাকসন হাইটস, নিউ ইয়র্ক।
ব্রুকলিন অফিসঃ (সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত)
৪৭৫ ম্যাকডোনালস্ এভিনিউ, (৩য় তলা), ব্রুকলিন, নিউ ইয়র্ক।



# আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Member of
FRANCHISE BROKER ACADEMY

FRANCHISE | L1A VISA | E2 VISA | POLITICAL ASYLUM

**Captor USA, Inc.**
Franchise & Business Consulting Firm
37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.
Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590
Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১
সপ্তাহে ৭ দিনই খোলা

## মুক্তিযুদ্ধ আসলেই শেষ হয়নি আমাদের

৫ পৃষ্ঠার পর

ইহজাগতিকতাকে উৎসাহিত করছে না, বরং মানুষকে প্ররোচিত করছে উল্টো দিকে যেতে। ধর্মনিরপেক্ষতার ধারকেরা দুই ভাগে বিভক্ত, উদারনৈতিক ও বামপন্থি। উদারনীতিতে বিশ্বাসী যাঁরা, তাঁরা জনগণের ওপর প্রভাব ফেলতে ব্যর্থ হয়েছেন। সেটা অস্বাভাবিক কোনো ব্যাপার নয়। কেননা তাঁরা ভদ্রলোক এবং জনবিচ্ছিন্ন। তদুপরি তাঁরা হচ্ছেন বিদ্যমান পুঁজিবাদী ব্যবস্থার সমর্থক, যে ব্যবস্থাকে শ্রমজীবী মানুষ মনেপ্রাণে ঘৃণা করে, যদিও প্রকাশ করবার পথ পায় না। উদারনীতিকেরা ব্যক্তির বিকাশকে সমর্থন করেন, সমষ্টির বিপরীতে। তাঁরা রাষ্ট্রের অনুগ্রহপুষ্ট, নানাভাবে। তাঁদের দৃষ্টিভঙ্গি বা আদর্শ কোনোটাই জনগণের কাছে গ্রহণযোগ্য নয়। ধর্মনিরপেক্ষতা ও ইহজাগতিকতার প্রকৃত সমর্থক হচ্ছেন বামপন্থিরা। কিন্তু কিছুটা নিজেদের দার্শনিক দুর্বলতা, কিছুটা পরদেশনির্ভরতা এবং অনেকটা রাষ্ট্র ও সমাজব্যবস্থার বৈরিতার কারণে তাঁরা প্রবল হতে পারেননি। স্মরণীয় যে, বাংলাদেশ প্রতিষ্ঠার পর রাষ্ট্রীয় নীতি ছিল রাজাকারদের ক্ষমা করা এবং বামপন্থিদের প্রয়োজনে হত্যা করা। জনগণ বিক্ষুব্ধ, তাদের সেই বিক্ষোভ বাম দিকে যাবে-এমন পথ এখনো তৈরি হয়নি। ফলে সাধারণ মানুষ ডান দিকেই যাচ্ছে এবং ডানপন্থিদেরও ডানে যাদের অবস্থান সেই মৌলবাদীরা সুবিধা করে নিচ্ছে।

আসল অপরাধ পুঁজিবাদের। সেই দুর্বৃত্ত নানা অপরাধের জন্ম দিচ্ছে এবং প্রায় কোনো অপরাধেরই যথোপযুক্ত বিচার নেই। বিচারব্যবস্থা যে দুর্বল হবে তার নিশ্চিত পূর্বাভাস পাওয়া গেছে তখনই, যখন দেখা গেছে যুদ্ধাপরাধী পাকিস্তানি হানাদার ও তাদের দোসর স্থানীয় রাজাকারদের বিচার হয়নি। বিচার হয়নি তো বটেই, বিচারের আগ্রহও দেখা যায়নি। যে রাষ্ট্রে অত বড় অপরাধীদের শাস্তি হয় না, সেখানে অন্য অপরাধীরা শাস্তি পাবে এমন ভরসা জনগণ পায়নি। আসল সত্য তো এটাই যে যাঁরা ক্ষমতা পেয়েছিলেন, তাঁরা ব্যস্ত ছিলেন নিজেদের স্বার্থ নিয়ে। সবার স্বার্থ দেখার মতো সময়ের অভাব ছিল তাঁদের দিক থেকে। তাঁরা নিজেরাও তো সহযোগীই ছিলেন পুঁজিবাদী বিশ্বব্যবস্থার। পুঁজিবাদী বিশ্ব বাংলাদেশের অভ্যুদয়ের বিরোধিতা করেছিল এই রাষ্ট্র সমাজতন্ত্রীদের হাতে চলে যাবে-এই রকমের আশঙ্কা থেকে। পরে তারা ঋণ, সাহায্য, পরামর্শ সর্বোপরি আদর্শ দানের মাধ্যমে রাষ্ট্রকে টেনে নিয়েছে তাদের বৃত্তে। বাংলাদেশের শাসকশ্রেণি সেই ব্যবস্থারই অধীনতা মেনে নিয়েছে, পাকিস্তানি শাসকশ্রেণি যার অধীনে ছিল। তফাতটা আদর্শগত নয়। স্বার্থগত। পুঁজিবাদী আদর্শের অনুসারীরা ওই একই আদর্শের উগ্র সমর্থক যুদ্ধাপরাধী ও রাজাকারদের শাস্তি দিতে উৎসাহ পাবে, এটা স্বাভাবিক নয়। উৎসাহ তারা পায়ওনি। বরং ধর্মান্ধ মৌলবাদীদের নৃশংস তৎপরতা ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে বর্তমান অন্তর্বর্তী সরকারের শাসনামলে। তাহলে পথ কী? পথ হচ্ছে মুক্তিযুদ্ধের চেতনা। যে চেতনার মূল বিষয় ব্যক্তির নয়, সমষ্টির স্বার্থকে বিকশিত করা। সম্পদ উৎপাদন তো বটেই, সম্পদের সুষম বণ্টনও প্রয়োজন হবে। শত্রু চলে গেছে মনে করছি, কিন্তু শত্রু মোটেই যায়নি। শত্রু হচ্ছে ব্যক্তির স্বার্থকে বড় করে তোলা এবং সেই গুরুত্বদানের পেছনে কাজ করছে পুঁজিবাদী অর্থনীতি ও আদর্শ-শত্রু তারাও। আমাদের মুক্তিযুদ্ধ আসলেই শেষ হয়নি। সেই যুদ্ধে হেরে গেলে কেবলই পেছন দিকে হাঁটতে থাকব, এখন যেমন হাঁটছি ক্রমাগত।

## ভারতের সাম্প্রতিক দাঙ্গার দায় কার

১০ পৃষ্ঠার পর

শাসক দলের দখলে; জেলার ২৬টি পঞ্চায়েত সমিতির সব কটি তৃণমূলের। একইভাবে মোটামুটি ২৫০টি গ্রাম পঞ্চায়েতের প্রায় প্রতিটি তৃণমূলের নিয়ন্ত্রণাধীন। শহরাঞ্চলের ৮টি পৌরসভার মধ্যে ৭টি তৃণমূলের। যে পৌরসভাটি (জোমকল) দখলে নেই, সেটিও প্রশাসক হিসেবে চালাচ্ছেন তৃণমূলের এক বিধায়ক। অর্থাৎ, মুর্শিদাবাদের সংঘাতের জন্য বিজেপিকে দায়ী করা যাচ্ছে না। কারণ, নির্বাচনী রাজনীতিতে গেরুয়া পার্টির প্রায় কোনো অস্তিত্বই জনসংখ্যার নিরিখে পশ্চিমবঙ্গের তৃতীয় বৃহত্তম রাজ্য মুর্শিদাবাদে (৭০ লাখের ওপর) নেই।

কিন্তু রাজনীতি সাম্প্রদায়িক চেহারা নিলে তার সুবিধা আবার মূলত পায় বিজেপি। এর প্রধান কারণ যখন পুরোপুরি ভোটের মেরুকরণ হয়ে যায়, অর্থাৎ ভোটাররা যখন রাজনৈতিক দলের ধর্মীয় চরিত্রের কথা মাথায় রেখে ভোট দেন, তখন প্রধানত লাভ হয় হিন্দুত্ববাদী দলের। কারণ, ভারতে প্রায় সর্বত্রই হিন্দুরা সংখ্যাগরিষ্ঠ। আর যেহেতু ভারতের প্রধান হিন্দুত্ববাদী দল বিজেপি, ফলে হিন্দু-মুসলমান লাইনে ভোট হলে তার সুবিধা পায় বিজেপি। মুর্শিদাবাদের মতো ঘটনা এ ধরনের মেরুকরণে গোটা রাজ্যে সাহায্য করে।

২০১৯ সালের লোকসভা নির্বাচনে পশ্চিমবঙ্গে যখন প্রবল ধর্মীয় মেরুকরণ ঘটেছিল, তখন বিজেপি মোট ৪২টি লোকসভা আসনের মধ্যে ১৮টি পেয়েছিল। নির্বাচনী পরিসংখ্যানবিদেরা বলেছিলেন, ২০১৪ সালের লোকসভা নির্বাচনে বিজেপি হিন্দু ভোটের ২১ শতাংশ পেলেও ২০১৯ সালে পেয়েছিল ৫৭ শতাংশ; অর্থাৎ বিজেপির হিন্দু ভোট একলাফে ৩৬ শতাংশ বেড়ে গিয়েছিল। হিন্দু-মুসলিম লাইনে ভোট না হলে বিজেপির ভোট এতটা বাড়ত না। পরবর্তী দুটি নির্বাচনে মমতা বন্দ্যোপাধ্যায় হিন্দু ভোটের বড় অংশ নিজের দিকে টানতে পেরেছিলেন। ফলে বিজেপি তাদের ২০১৯-এর ফলের পুনরাবৃত্তি গত ছয় বছরে করতে পারেনি।

কিন্তু বিজেপি জানে যে সাম্প্রদায়িক লাইনে ভোট হলে তাদের হিন্দু ভোট বাড়ে, ফলও ভালো হয়। আশা করা যায়, আগামী দিনে তারা সেই লক্ষ্যেই কাজ করবে এবং যত করবে, তত সমাজ আরও 'সেক্টেরিয়ান'-গোষ্ঠীকেন্দ্রিক হয়ে পড়বে। তার সঙ্গেই পাল্লা দিয়ে বাড়বে হিংসা, দ্বেষ, সংঘাত। আহত হবেন সাধারণ মানুষ, মৃত্যুও হবে অনেকের। স্বাভাবিকভাবেই দায়ী করা হবে ক্ষমতাসীন তৃণমূল কংগ্রেসকে। বিষয়টি মাথায় রেখে আগামী এক বছর মমতা বন্দ্যোপাধ্যায় রাজ্যের আইনশৃঙ্খলা কীভাবে সামলান, সেদিকে নজর থাকবে পশ্চিমবঙ্গ তো বটেই, গোটা ভারতের। বাংলাদেশেরও।

লেখক: শুভজিৎ বাগচী প্রথম আলোর কলকাতা সংবাদদাতা।

## আল আকসা মুসলিম উম্মাহর চেতনার বাতিঘর

২৫ পৃষ্ঠার পর

আল্লাহর অসীম রহমতে নবি সোলাইমান (আ.) এমন ক্ষমতা লাভ করেছিলেন, যা দুনিয়ার সব পশুপাখি, জিন এবং বায়ুমণ্ডল পর্যন্ত তার পরম অনুগত ও বাধ্য ছিল। একান্ত আজ্ঞাবহরূপে এরা সবাই তার হুকুম তামিল করত। নবি সোলায়মান (আ.) পিতার মনের বাসনা পূর্ণ করতে বদ্ধপরিকর হলেন। পৃথিবীর বিভিন্ন দেশ থেকে সুযোগ্য প্রস্তরশিল্পী এবং বিভিন্ন শ্রেণির প্রখ্যাত কারিগরদের এনে বিরাট অট্টালিকা নির্মাণ করলেন। নানাবিধ উপকরণ দিয়ে সুসজ্জিত করা হলো। এর জন্য জিনদের দ্বারা গভীর সাগরের তলদেশ থেকে পাথর উত্তোলন করা হয়েছে। প্রাচীর গাত্রে এবং উপরিভাগে গাছ ও কেরেশতাদের চিত্রাঙ্কন করা হলো। ছাদে স্বর্ণ, রুপা, মোতি, হীরা পান্না, ইয়াকুত, ফিরোজা প্রভৃতি ধাতু ও প্রস্তরগুলো খচিত হয়ে সুরম্য মসজিদগৃহের শোভা শতগুণ বৃদ্ধি পেল। বনি ইসরাইল কওমের ধার্মিক লোকজন এই বায়তুল মুকাদ্দাস বা পবিত্র ইবাদতগৃহে আল্লাহতায়ালার উপাসনায় মগ্ন হলো। মুসলমানদের কাছে আল-আকসা মসজিদের ঐতিহাসিক গুরুত্ব রয়েছে। প্রথম দিকে মুসলমানরা এ স্থানকে কিবলা হিসাবে ব্যবহার করত। হিজরতের পর কুরআনের আয়াত অবতীর্ণ হওয়ায় এর পরিবর্তে কাবা নতুন কিবলা হয়। মসজিদ আল কিবলাতাইনে নামাজের সময় এ আয়াত নাজিল হয়। এরপর থেকে কাবা কিবলা হিসাবে ব্যবহৃত হয়ে আসছে। আল-আকসা মসজিদের এলাকা অসংখ্য নবি রাসূলের স্মৃতিবিজড়িত, এর আশপাশে অনেক নবি রাসূলের সমাধি রয়েছে। এর সঙ্গেই জড়িয়ে আছে দ্য গ্রেট সুলতান সালাউদ্দিন আইয়ুবীর অসংখ্য স্মৃতি। এ মসজিদের পাথরের গায়ে লেখা রয়েছে সম্পূর্ণ সূরা ইয়াসিন। এটি দীর্ঘকালের ওহি অবতরণস্থল, ইসলামের কেন্দ্র এবং ইসলামি সংস্কৃতির চারণভূমি ও ইসলাম প্রচারের লালন কেন্দ্র। এটি মুসলিম উম্মাহর ভালোবাসা ও প্রাণের স্পন্দন।

## কমিশন প্রস্তাবিত সাংবাদিকতার অধিকার সুরক্ষা অধ্যাদেশ: প্রেক্ষাপট ও প্রয়োজনীয়তা

১২ পৃষ্ঠার পর

সম্পাদকীয় লেখক, নিউজ এডিটর, উপসম্পাদক, সহসম্পাদক, ভিডিও এডিটর, ফিচার লেখক, রিপোর্টার, সংবাদদাতা; খণ্ডকালীন সাংবাদিক, ফ্রিল্যান্স সাংবাদিক এবং বিদেশি গণমাধ্যমের প্রদায়ক হিসেবে কর্মরত সাংবাদিক; গণমাধ্যমের কাজে নিয়োজিত আছেন-এমন কোনো কপি টেস্টার, কার্টুনিস্ট, সংবাদ চিত্রগ্রাহক, গ্রাফিক ডিজাইনার এবং নিবন্ধিত গণমাধ্যমের সংবাদকর্মে নিয়োজিত কর্মীকে বোঝানো হয়েছে।

প্রস্তাবিত অধ্যাদেশের ৩ ধারায় বলা হয়েছে, প্রত্যেক সাংবাদিককে সহিংসতা, হুমকি ও হয়রানি থেকে সুরক্ষা প্রদানের দায়িত্বে থাকবে উপযুক্ত কর্তৃপক্ষ ও সরকার। দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষ ও সরকার যথাযথভাবে সাংবাদিকের সুরক্ষার বিষয়টি নিশ্চিত করবে। একই ধারায় আরও বলা হয়েছে, কোনো ব্যক্তি এমন কোনো কর্মকাণ্ড করবেন না বা নিয়োজিত হবেন না, যা দ্বারা সাংবাদিকদের ব্যক্তিগত বা পেশাগত জীবন বা সম্পদের কোনোরূপ ক্ষতি হয়।

নিবর্তনমূলক কোনো আইন বা বিধি দ্বারা সাংবাদিকদের ব্যক্তিগত বা পেশাগত জীবন বা সম্পদের নিরাপত্তা বিঘ্নিত না হয় কিংবা সাংবাদিকদের আইনবহির্ভূতভাবে গ্রেপ্তার বা আটক না করা হয়, সে বিষয়েও পদক্ষেপ নেওয়ার কথা এই ধারায় বলা হয়েছে।

প্রস্তাবিত অধ্যাদেশের ৪ ধারায় সাংবাদিকদের ব্যক্তিগত গোপনীয়তা এবং গৃহ, পরিবার ও যোগাযোগের সব মাধ্যম সুরক্ষিত রাখার অধিকারের কথা বলা হয়েছে। একই ধারায় আরও বলা হয়েছে, কেউ অন্তর্ভুক্তির মাধ্যমে কিংবা জোরপূর্বক শারীরিক বা মানসিক চাপ প্রয়োগ করে সাংবাদিককে তথ্যসূত্র প্রকাশে বাধ্য করতে পারবেন না।

প্রস্তাবিত অধ্যাদেশে সাংবাদিকদের স্বাধীনভাবে পেশাগত দায়িত্ব পালন-সম্পর্কিত বিধান অন্তর্ভুক্ত করা হয়েছে। ৫ ধারায় বলা হয়েছে, পেশাগত দায়িত্ব পালনকালে কোনো সাংবাদিক যেন সহিংসতা, হুমকি, হয়রানি এবং বিশেষত যৌন হয়রানির শিকার না হন, সে বিষয়ে উপযুক্ত কর্তৃপক্ষ ও সরকার বিশেষ উদ্যোগ নেবে। প্রস্তাবিত এই অধ্যাদেশে সরল বিশ্বাসে কৃতকর্মের জন্য সাংবাদিকদের সুরক্ষার অধিকার দেওয়া হয়েছে, যা নিঃসন্দেহে গণমাধ্যমের স্বাধীনতা নিশ্চিতকরণে সহায়ক হবে।

অধ্যাদেশের ৭ ধারায় বলা হয়েছে, পেশাগত কর্মে নিয়োজিত কোনো সাংবাদিক যদি সরল বিশ্বাসে কোনো গণমাধ্যমে তথ্য, উপাত্ত, লিখিত বা অডিও-ভিডিও প্রতিবেদন প্রকাশ করেন এবং এর দ্বারা কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান বা সংস্থা ক্ষতিগ্রস্ত হলে বা ক্ষতিগ্রস্ত হওয়ার আশঙ্কা থাকলে ভিন্ন উদ্দেশ্য প্রমাণিত না হওয়া পর্যন্ত ওই সাংবাদিকের বিরুদ্ধে দেওয়ানি বা ফৌজদারি মামলা বা অন্য কোনো আইনগত কার্যধারা রুজু করা যাবে না।

৯ ধারায় কোনো সাংবাদিকের বিরুদ্ধে সহিংসতা, হুমকি ও হয়রানিকে শাস্তিযোগ্য অপরাধ হিসেবে গণ্য করা হয়েছে। এ ক্ষেত্রে অপরাধের মাত্রা অনুযায়ী অভিযুক্ত ব্যক্তি অন্যূন এক বছরের কারাদণ্ড বা অনূর্ধ্ব পাঁচ বছরের কারাদণ্ড বা অন্যূন এক লাখ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডিত হবেন। ১০ ধারায় অর্থদণ্ডকে ক্ষতিপূরণ হিসেবে সাংবাদিককে দেওয়ার বিধানও রাখা হয়েছে।

অধ্যাদেশে মিথ্যা অভিযোগকারীকে শাস্তির আওতায় আনার বিধান অন্তর্ভুক্ত করা হয়েছে। ১৫ ধারায় বলা হয়েছে, যদি কোনো সাংবাদিক আইনানুগ কারণ না থাকা সত্ত্বেও অন্য কোনো ব্যক্তির ক্ষতিসাধনের উদ্দেশ্যে অভিযোগ করেন, তাহলে তিনি অনধিক ১ বছরের কারাদণ্ড অথবা ৫০ হাজার টাকা অর্থদণ্ড অথবা উভয় দণ্ডে দণ্ডিত হবেন।

প্রস্তাবিত এই অধ্যাদেশে অভিযোগ দায়েরের পদ্ধতি, বিচার ও তদন্তপ্রক্রিয়া সম্পর্কেও বলা হয়েছে। তবে সাংবাদিক পরিচয়ের অপব্যবহার এবং পেশাবহির্ভূত কোনো অপরাধমূলক কাজের ক্ষেত্রে সাংবাদিকদের কোনো সুরক্ষার সুযোগ থাকবে না।

পেশাগত কাজে সাংবাদিকদের সুরক্ষা প্রদান গণমাধ্যমের স্বাধীনতার অন্যতম পূর্বশর্ত। এ জন্য সাংবাদিকদের সুরক্ষা প্রদানের বিষয়ে সুনির্দিষ্ট আইন থাকা উচিত। গণমাধ্যম-সংশ্লিষ্ট ব্যক্তিদের প্রত্যাশা, সরকার দ্রুত সাংবাদিকতার অধিকার সুরক্ষাসংক্রান্ত অধ্যাদেশ জারি করবে এবং জাতীয় সংসদের আগামী অধিবেশনে এটি আইন হিসেবে পাস হবে।

লেখক: বিসিএস তথ্য ক্যাডারের সদস্য এবং জনসংযোগ কর্মকর্তা পদে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে কর্মরত।


জ্যামাইকায় বাংলাদেশী আমেরিকান অভিজ্ঞ ও বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা পরিচালিত মেডিকেল ও ডেন্টাল অফিস



মেডিসিন বিশেষজ্ঞ

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু, হজ্ব ভ্যাকসিন দেয়া হয়।

Cell: 718-864-8882

আমরা প্রায় সব ধরনের ইন্সিওরেন্স গ্রহণ করি।

Dr. Mohammad M. Rahman, MD
Attending Physician, NYU School of Medicine

Board Certified in Internal Medicine, Geriatrics, Hospice & Palliative Care Medicine



Astoria Office
30-04 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500
www.drmrahman.com

718-526-0700

অভিজ্ঞ ডেন্টিষ্ট

Digital Xray সহ সর্বাধুনিক প্রযুক্তিতে অত্যন্ত যত্নসহকারে শিশু, বয়োজেষ্ঠ সহ সবার দাঁতের সকল প্রকার চিকিৎসা করা হয়।



We Do Implant



Dr. Siddiqur Rahman D.D.S.

We accept Medicaid, Metro Plus, Health Plus, Wellcare, Fidelis, Health First, United Health Care, Affinity & Other PVT. INS.

Dental Office

Jamaica Office
170-12, Highland Ave,
Jamaica NY 11432
Tel: 718-526-0700

Brooklyn Office
345 Broadway
Brooklyn, NY 11211
Tel: 718-384-1671

Mon-Tue-Thu-Fri (2Pm to 7 Pm)

Wednesday (12 Pm to 5 Pm)
Saturday (11Am to 5 Pm)

MEDICAL & DENTAL OFFICE
170-12, HIGHLAND AVE, JAMAICA, NY 11432



# আল আকসা মুসলিম উম্মাহর চেতনার বাতিঘর

মো. জিল্লুর রহমান

আল-আকসা মসজিদ শুধু ফিলিস্তিন বা মধ্যপ্রাচ্যের কাছে নয়, বরং সমগ্র মুসলমানদের কাছে অত্যন্ত গুরুত্বপূর্ণ, এটি তাদের ভালোবাসা ও প্রাণের স্পন্দন। এটি মুসলমানদের প্রথম কেবলা এবং পৃথিবীতে নির্মিত দ্বিতীয় মসজিদ যা মাসজিদুল হারামের পরে নির্মিত হয়। কুরআনে মিরাজের ঘটনা উল্লেখ করার সময় এ স্থানের নাম নেওয়া হয়েছে। খুলাফায়ে রাশিদিনের পরও ইসলামি পণ্ডিতরা একে ঐতিহ্যগতভাবে 'আল-ইসরা' বলে উল্লেখ করেছেন। সূরা বনি ইসরাইলের ১নং আয়াত 'আল-আকসা'-এর গুরুত্বকে আরও বাড়িয়ে দিয়েছে। এ আয়াতে বলা হয়েছে 'পবিত্র ও মহিমময় তিনি যিনি তাঁর বান্দাকে রাতারাতি ভ্রমণ করিয়েছেন (মক্কার) মাসজিদুল হারাম থেকে (ফিলিস্তিনের) মাসজিদুল আকসায়'। এ আয়াতটির অনুবাদ ও ব্যাখ্যায় প্রায় সব পণ্ডিতই সুনির্দিষ্টভাবে 'আল-আকসা' ও 'মসজিদ আল-হারাম' উল্লেখ করেছেন এবং বর্ণিত 'আল-আকসা'টি যে 'জেরুজালেমে' অবস্থিত 'আল-আকসাটিই তা নিশ্চিত করেছেন।



কুরআন ও ইসলামি বিবরণ অনুযায়ী আল-আকসা মসজিদে মুহাম্মাদ (সা.) মিরাজের রাতে, বিদ্যুৎ ও আলোর চেয়ে দ্রুতগামী বাহন বোরাকে চড়ে এসেছিলেন। মিরাজ শেষে নবি (সা.) প্রথম বাইতুল মুক্কাদ্দিসে অবতরণ করেন। সেখান থেকে বোরাকে করে প্রভাতের আগেই মক্কায় পৌঁছেন। নবি (সা.)-এর নবুওয়াত প্রকাশের একাদশ বছরের (৬২০ খ্রিষ্টাব্দ) রজব মাসের ২৬ তারিখের দিবাগত রাতে প্রথমে কাবা শরিফ থেকে জেরুজালেমে অবস্থিত বায়তুল মুকাদ্দাস বা মাসজিদুল আকসায় গমন করেন। তিনি এখানে নামাজ পড়েন এবং তার পেছনে অন্য নবি রাসুলরা নামাজ আদায় করেন। অতঃপর তিনি বোরাকে (বিশেষ বাহন) আসীন হয়ে উর্ধ্বলোকে গমন করেন। উর্ধ্বাকাশে সিদরাতুল মুনতাহায় তিনি আল্লাহর সাক্ষাৎ লাভ করেন। ফেরেশতা জিবরাইল পুরো যাত্রায় তার সঙ্গে ছিলেন। সব মুসলমান বিশ্বাস করেন, সশরীরে জাগ্রত অবস্থায় মিরাজ সংঘটিত হয়েছিল।

বায়তুল মুকাদ্দাসে নামাজ আদায়ের বিশেষ ফজিলত রয়েছে। এ বিষয়ে এক হাদিসে হজরত আবু দারদা (রা.) থেকে বর্ণিত, রাসুলুল্লাহ (সা.) বলেন, 'মসজিদে হারামে এক নামাজ এক লাখ নামাজের সমান, আমার মসজিদে (মসজিদে নববি) এক নামাজ এক হাজার নামাজের সমান এবং বাইতুল মাকদাসে (মসজিদে আকসা) এক নামাজ ৫০০ নামাজের সমান।'-(*মাজমাউয যাওয়াইদ ৪/১১*)।

আবু যার (রা.) থেকে বর্ণিত : আমি বললাম, 'হে আল্লাহর রাসুল! পৃথিবীতে প্রথম কোন মসজিদ তৈরি করা হয়েছে? তিনি বললেন, মসজিদে হারাম। আমি বললাম, অতঃপর কোনটি? তিনি বললেন, মসজিদে আকসা। আমি বললাম, উভয় মসজিদের (তৈরির) মাঝে কত ব্যবধান ছিল? তিনি বললেন, ৪০ বছর। অতঃপর তোমার যেখানেই সালাতের সময় হবে, সেখানেই সালাত আদায় করে নেবে। কেননা এর মধ্যে ফজিলত নিহিত রয়েছে।' (*সহিহ বুখারি, হাদিস নং ৫৮৫*)।

নবি দাউদ (আ.) যখন জীবিত ছিলেন তখন তিনি আল্লাহর নবি ও বাদশা ছিলেন। ৩০ বছর বয়সে তার নবুওয়াতপ্রাপ্তির পর ৭০ বছর বয়স পর্যন্ত তিনি আল্লাহর ধর্মপ্রচারে নিমগ্ন ছিলেন এবং শাসনকার্য পরিচালনা করেছেন। জীবন সায়াহ্নে উপস্থিত হয়ে তিনি রাজ্যের প্রধান ব্যক্তিদের ডেকে বললেন, আমার জীবনের একটি প্রধান বাসনা ছিল, আমি আল্লাহতায়ালার ইবাদতের জন্য একখানা পবিত্র গৃহ নির্মাণ করব এবং এর জন্য আমি প্রয়োজনীয় স্বর্ণ, রুপা, তামা, পিতল, লোহা, কাঠ, পাথর ইত্যাদি সংগ্রহ করে রেখেছি। তারপর তিনি পুত্র সোলাইমান (আ.)কে এই পবিত্র গৃহ নির্মাণসংক্রান্ত প্রয়োজনীয় পরামর্শ দান করলেন এবং এ কার্যের গুরুত্বের বিষয়টি অবহিত করলেন। তিনি হজরত সোলাইমান (আ.)কে বারবার বললেন-স্মরণ রেখো, এটা বাসগৃহ নয়; এটা আল্লাহতায়ালার ইবাদতগৃহ।

এরপর ২৪ পৃষ্ঠায়



সাক্ষাতকারে গোলাম মহিউদ্দিন ইকরাম

ওয়াকফ সংশোধনী বিল

## ভারতে মুসলিম অধিকার হরণের নতুন ষড়যন্ত্র

তোফায়েল গাজালি

সম্প্রতি ভারতের বিজেপি সরকার 'ওয়াকফ সংশোধনী বিল' বাতিল করেছে, যা নিয়ে ভারতজুড়ে মুসলিম সম্প্রদায়ের মধ্যে চরম উদ্বেগ ও ক্ষোভ বিরাজ করছে। অনেকেই বলছেন, এটি একটি সুপরিকল্পিত মুসলিম নিধন নীতির অংশ। এ প্রেক্ষাপটে কথা বলেছেন *বাংলাদেশের বরেণ্য আলেম, ইসলামি চিন্তাবিদ ও রাজনৈতিক ব্যক্তিত্ব, জমিয়তে উলামায়ে ইসলাম বাংলাদেশের মহাসচিব* মাওলানা গোলাম মহিউদ্দিন ইকরাম।

-ভারতে সম্প্রতি ওয়াকফ সংশোধনী বিল বাতিল করা হয়েছে। আপনি এ ঘটনাটি কীভাবে দেখছেন?

মাওলানা মহিউদ্দিন ইকরাম : এটি নিঃসন্দেহে ভারতের মুসলিমদের ওপর একটি সরাসরি আঘাত। ওয়াকফ সম্পত্তি মুসলিমদের ধর্মীয়, সামাজিক ও শিক্ষাপ্রতিষ্ঠান পরিচালনার মূল উৎস। ওয়াকফ সংশোধন আইনের মাধ্যমে মুসলিমদের দানকৃত মসজিদ, মাদ্রাসা, কবরস্থান, খানকা-মাজার ও আশ্রয়কেন্দ্রের মতো ধর্মীয় সম্পদগুলোতে সরকারি হস্তক্ষেপ ও দখলের পথ তৈরি করা হয়েছে। সংশোধনী বিলে ওয়াকফ বোর্ড ও কেন্দ্রীয় ওয়াকফ কাউন্সিলে অমুসলিম ২ জন সদস্য রাখা বাধ্যতামূলক করা হয়েছে। ফলে ওয়াকফ বোর্ডের ক্ষমতা অনেকটাই খর্ব হয়ে যাবে, যা মুসলমানদের জন্য চরম উদ্বেগের বিষয়। এর মাধ্যমে মুসলমানদের ধর্মীয় প্রতিষ্ঠানে নগ্ন হস্তক্ষেপের সম্ভাবনা বাড়বে। ভারতে মুসলিম স্বার্থবিরোধী ওয়াকফ সংশোধনী বিল পাশ বিজেপি সরকারের ধারাবাহিক মুসলিমবিরোধী পদক্ষেপ-বিশেষত ধর্মীয় স্বাধীনতা, মালিকানা ও অধিকার হরণে সুপরিকল্পিত প্রচেষ্টার নয়া কৌশল। বিজিপির এসব কর্মকাণ্ডই প্রমাণ করে তারা চরম মুসলিমবিদ্বেষী।

-বিজেপির ধারাবাহিক মুসলিমবিরোধী পদক্ষেপ বলতে কী বোঝাতে চাইছেন?

মাওলানা মহিউদ্দিন ইকরাম : বর্তমানে ভারতে প্রায় ৩০ কোটির বেশি মুসলমানের বসবাস। দীর্ঘদিন থেকে বিজেপি সরকারের প্রত্যক্ষ ও পরোক্ষ সহায়তায় ভারতে হাজার বছরের পুরোনো মসজিদ, মাদ্রাসাসহ বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠান নানা কূটকৌশলে ধ্বংস করা হচ্ছে। মুসলমানদের অন্যতম শরিয়তের বিধান 'তিন তালাক' নিষিদ্ধ করা হয়েছে। লাভ ম্যারেজের নামে ধর্মান্তর প্রক্রিয়াকে সীমিত করা হয়েছে। গরুর গোশত রাখার অজুহাতে মুসলমানদের প্রায়ই পিটিয়ে হত্যা করা হচ্ছে। মুসলমানদের বিভিন্ন প্রদেশে 'জয় শ্রীরাম' বলতে বাধ্য করা হচ্ছে। এসব বিজিপি সরকারের মুসলিমবিনাশী ষড়যন্ত্রের অংশ। আমরা আশা করি, ভারত সরকার অবিলম্বে ওয়াকফ সংশোধন বিল বাতিল করে ভারতের মুসলমানদের জীবন, সহায়-সম্পত্তিসহ সব স্বার্থরক্ষায় কার্যকর ব্যবস্থা গ্রহণ করবে এবং তাদের নিরাপত্তা বিধানে সব ধরনের ব্যবস্থা নেবে।

-ওয়াকফ সংশোধনী বিলের ফলে মুসলিম সম্প্রদায়ের ওপর আর কী প্রভাব পড়বে?

মাওলানা মহিউদ্দিন ইকরাম : ওয়াকফ সংশোধনী বিলের ফলে মুসলিম সম্প্রদায়ের

এরপর ৩৬ পৃষ্ঠায়



## ইসলাম নারীকে দিয়েছে সর্বোচ্চ সম্মান

মারিয়াম আক্তার

ইসলাম মানবতার ধর্ম। নারী ও পুরুষ উভয়কে সম্মান ও মর্যাদার সঙ্গে সৃষ্টি করেছেন আল্লাহ। ইতিহাসের পাতা উল্টালে দেখা যায়, ইসলামপূর্ব যুগে নারীদের কোনো সম্মান, অধিকার বা সামাজিক অবস্থান ছিল না। নারী ছিল শুধু ভোগের বস্তু, উত্তরাধিকারেও ছিল তাদের অংশ, জীবন্ত কন্যাশিশুকে পুঁতে ফেলা ছিল প্রচলিত রীতি। সে অমানবিক যুগে ইসলামের আবির্ভাব নারী জাতির জন্য ছিল এক আলোকবর্তিকা। রাসূলুল্লাহ (সা.)-এর মাধ্যমে ইসলামের যে আলো ছড়িয়ে পড়ে, তা নারীর জীবনে নিয়ে আসে এক বিপ্লব। নারীকে দেওয়া হয় আত্মমর্যাদা, শিক্ষার অধিকার, সম্পদের অধিকার, নিরাপত্তা ও সম্মানের পূর্ণ নিশ্চয়তা। তাই বলা যায়, ইসলামই প্রথম নারী-অধিকার রক্ষাকারী ধর্ম।

কন্যাসন্তানের মর্যাদা

ইসলামপূর্ব সমাজে কন্যাশিশু জন্মকে অভিশাপ মনে করা হতো। আল্লাহতায়ালা সে বর্বরতা সম্পর্কে বলেন-'যখন তাদের কারও কাছে মেয়ে সন্তানের সংবাদ দেওয়া হয়, তখন তার মুখ অন্ধকার হয়ে যায় এবং সে দুঃখে ক্লিষ্ট হয়...' (*সূরা নাহল : ৫৮*)। ইসলাম এ ধারণার অবসান ঘটায়। রাসুল (সা.)

এরপর ২৮ পৃষ্ঠায়

## নামাজের সময় সূচি Prayer Times For New York City এপ্রিল-মে ২০২৫

| তারিখ | ফজর | সূর্য | জোহর | আছর | মাগরিব | এশা |
|---|---|---|---|---|---|---|
| ২৬ | ৪:৩৭ | ৬:০১ | ১২:৫৪ | ৪:৪৩ | ৭:৪৭ | ০৯:১১ |
| ২৭ | ৪:৩৬ | ৫:৫৯ | ১২:৫৪ | ৪:৪৩ | ৭:৪৮ | ০৯:১২ |
| ২৮ | ৪:৩৪ | ৫:৫৮ | ১২:৫৩ | ৪:৪৪ | ৭:৪৯ | ০৯:১৪ |
| ২৯ | ৪:৩২ | ৫:৫৭ | ১২:৫৩ | ৪:৪৪ | ৭:৫০ | ০৯:১৫ |
| ৩০ | ৪:৩১ | ৫:৫৫ | ১২:৫৩ | ৪:৪৪ | ৭:৫১ | ০৯:১৬ |
| ০১ | ৪:৩০ | ৫:৫৪ | ১২:৫৩ | ৪:৪৪ | ৭:৫২ | ০৯:১৭ |
| ০২ | ৪:২৯ | ৫:৫৩ | ১২:৫৩ | ৪:৪৫ | ৭:৫৩ | ০৯:১৮ |

source: salahtimes.com

# MONIR SECURITY TRAINING SCHOOL

**37-22 73 Street Suite # 1C**
**Jackson Heights, NY 11372**

# 347-659-8842

## 7 DAYS OPEN

আমাদের আছে ঃ

1. 8 Hours Pre-Assingnment Class (for New License)
2. 8 Hours Annual Class (Every Year)
3. 16 Hours OJT Class (for New License)



# Abdullah Sweets & Restaurant

**দেশি ও হালাল খাবারের নিশ্চয়তা নিয়ে জ্যাকসন হাইটস ও ব্রুকলিনে আব্দুল্লাহ সুইটস এন্ড রেস্টুরেন্টে সবাইকে স্বাগত**

সুলভ মূল্যে সকল অনুষ্ঠানের ক্যাটারিং
সরবরাহ করা হয় বন্ধু বান্ধব ও পরিবারসহ
আমাদের খাবারের স্বাদ পরীক্ষা করুন

**পিকনিকের ক্যাটারিং এর বুকিং চলছেঃ
বুকিং এর জন্য কল করুন**







**JACKSON HEIGHTS**
**73-06 37 th AVE, NY-11372**
**TEL : 718-406-9657**

**BROOKLYN**
**91 CHURCH AVE, NY -11218**
**TEL : 718-766-5381**



# BUY - SALE - RENT

**kw LANDMARK II**
KELLERWILLIAMS REALTY

List your House with me
I will Sell within a short time
বাড়ী দ্রুত ক্রয়- বিক্রয় ও
ভাড়ার জন্য এখনই যোগাযোগ করুন



**MOHAMMED SALIM**
Licensed Real Estate Salesperson
(917) 691-7721
(347) 846-1200
EACH OFFICE IS INDEPENDENTLY OWNED AND OPERATED

75-35 31ST AVENUE, SUITE 202
JACKSON HEIGHTS, NY 11370

msalim@kw.com
msalim.kw.com

## ইসলাম নারীকে দিয়েছে সর্বোচ্চ সম্মান

২৫ পৃষ্ঠার পর

বলেন : 'যে ব্যক্তি কন্যাসন্তানদের লালনপালন করে, তাদের সঙ্গে উত্তম ব্যবহার করে, কিয়ামতের দিন সে আমার সঙ্গে থাকবে'। (সহিহ মুসলিম)।

**শিক্ষার অধিকার**

নারী শিক্ষা সম্পর্কে রাসুল (সা.) বলেন, 'জ্ঞান অর্জন করা প্রতিটি মুসলিম নর-নারীর ওপর ফরজ'। (ইবনু মাজাহ)। আল্লাহর রাসুল (সা.) নিজে স্ত্রীদের শিক্ষা দিয়েছেন, সাহাবিয়াদের প্রশ্নের উত্তর দিয়েছেন এবং শিক্ষাপ্রতিষ্ঠান স্থাপন করেছেন, যাতে নারীরা দ্বীন শিখতে পারে। হজরত আয়েশা (রা.) ছিলেন ইসলামি জ্ঞানের অন্যতম প্রধান ব্যক্তিত্ব, যিনি শত শত হাদিস বর্ণনা করেছেন। ইসলামের ইতিহাসে নারীরা শিক্ষিকা, মুফাসসিরা, মুহাদ্দিসা এবং দাঈ হিসাবে কাজ করেছেন।

**অর্থনৈতিক অধিকার**

ইসলাম নারীদের আর্থিক স্বাধীনতা ও সম্পদের মালিকানা স্বীকৃতি দিয়েছে। কন্যা, স্ত্রী, মা তিন অবস্থাতেই নারীরা উত্তরাধিকার পায়। 'পুরুষের যেমন অধিকার আছে, নারীদেরও তেমনি অধিকার রয়েছে, শরয়ি অংশ অনুযায়ী'। (সূরা নিসা : ৭)। হজরত খাদিজা (রা.) ছিলেন একজন সফল ব্যবসায়ী নারী, যার উপার্জনের মাধ্যমে ইসলামের শুরুতে বহু খরচ চালানো হয়।

**সম্মান ও নিরাপত্তা**

ইসলাম নারীর ঘরোয়া নিরাপত্তাকে অত্যন্ত গুরুত্ব দিয়েছে। স্ত্রী-পুরুষের সম্পর্ককে করেছে পারস্পরিক দয়া ও সহানুভূতির ভিত্তিতে। 'আর তাদের সঙ্গে সৎভাবে জীবনযাপন কর; তোমরা যদি তাদের ঘৃণা কর, তাহলে এমন হতে পারে যে, আল্লাহ যাতে প্রভূত কল্যাণ রেখেছেন, তোমরা তাকে ঘৃণা করছ'। (সূরা নিসা : ১৯)। রাসুলুল্লাহ (সা.) বলেন, 'তোমাদের মধ্যে সেই ব্যক্তি উত্তম, যে তার স্ত্রীর প্রতি উত্তম আচরণ করে' (তিরমিযি)। স্ত্রীর ন্যায্য অধিকার যেমন মোহর, ভরণ-পোষণ, আলাদা বাসস্থান, ভালো ব্যবহার প্রভৃতি ইসলামে সুস্পষ্টভাবে ইসলাম নির্ধারিত করে দিয়েছে।

**আইনি ও সামাজিক অধিকার**

ইসলাম নারীদের বিচারিক সাক্ষ্য, দাওয়াতি দায়িত্ব, সমাজ সংস্কারে অংশগ্রহণের সুযোগ দিয়েছে। নারীরা নববি যুগে চিকিৎসা, শিক্ষা ও যুদ্ধ ময়দানেও সক্রিয় ছিলেন। উম্মে সালামা (রা.), উম্মে আতিয়্যাহ (রা.), হাফসা বিনতে সিরীন (রহ.) প্রমুখ নারীরা বিভিন্ন সামাজিক ভূমিকা পালন করেছেন।

**নারীর মর্যাদা ও মানবাধিকার**

আল্লাহতায়ালা বলেন, 'নিশ্চয়ই আমি তোমাদের এক পুরুষ ও এক নারী থেকে সৃষ্টি করেছি এবং তোমাদের মধ্যে সবচেয়ে মর্যাদাবান সে, যে আল্লাহকে বেশি ভয় করে।' (সূরা হুজরাত : ১৩)। এ আয়াতে নারী ও পুরুষের মধ্যে কোনো জাতিগত বা লিঙ্গভিত্তিক পার্থক্য নয়, বরং তাকওয়া ও ন্যায়ের ভিত্তিতে মর্যাদা নির্ধারণ করা হয়েছে। পবিত্র কুরআনে নারীর জন্ম, শিক্ষা, নিরাপত্তা, বিবাহ, পিতৃত্ব-মাতৃত্ব, উত্তরাধিকার, সামাজিক ভূমিকা, এমনকি রাজনীতি ও ব্যবসায় অংশগ্রহণের ক্ষেত্রেও দিকনির্দেশনা দেওয়া হয়েছে।

**বিবাহ ও তালাক**

ইসলামে বিবাহ একটি চুক্তি যা নারীর সম্মতি ছাড়া হয় না। জবরদস্তিমূলক বিয়ে সম্পূর্ণ হারাম। 'কোনো কুমারী মেয়েকে তার সম্মতি ছাড়া বিয়ে দেওয়া যাবে না'। (সহিহ বুখারি)। তালাক দেওয়া যদিও পুরুষের হাতে থাকে, তবে ইসলাম নারীকেও 'খুলা' ও 'তালাকের আবেদন'-এর সুযোগ দিয়েছে। নারীর সম্মান রক্ষার্থে বিবাহ-বিচ্ছেদের পরও নারীর ভরণ-পোষণের বিধান রয়েছে।

**ইসলাম ও আধুনিক নারীবাদ**

আধুনিক নারীবাদ যেখানে 'পুরুষের সমান' হতে নারীদের আহ্বান জানায়, ইসলাম সেখানে 'নারীর মর্যাদা অনুযায়ী সম্মান ও দায়িত্ব' নির্ধারণ করে। ইসলাম বলে, নারী পুরুষের অনুকরণ করবে না; বরং তারা একে অপরের পরিপূরক। 'পুরুষরা নারীদের ওপর দায়িত্বশীল, কারণ আল্লাহ তাদের একজনকে অপরের ওপর শ্রেষ্ঠত্ব দিয়েছেন' সূরা নিসা : ৩৪)। এ ভারসাম্যপূর্ণ অবস্থানই নারীর প্রকৃত কল্যাণ নিশ্চিত করে। ইসলাম নারীকে দিয়েছে পূর্ণ সম্মান ও অধিকার। নারী কেবল গৃহিণী নয়, তিনি মা, মুআল্লিমা, সমাজ সংস্কারক, অর্থনীতির অংশীদার এবং জান্নাতের পথপ্রদর্শক। আজ যখন নারীর অধিকারের নামে বিভ্রান্তি, বেপর্দা, অবাধ মেলামেশা আর চারিত্রিক অবক্ষয় চালু হয়েছে, তখন ইসলামি আদর্শই হতে পারে নারীর মুক্তির প্রকৃত পথ। ইসলামের দেওয়া নারীর সম্মান ও অধিকার সম্পর্কে জানা, মানা এবং সমাজে তা প্রতিষ্ঠা করা আমাদের সবার দায়িত্ব।

## রাজনৈতিক সংস্কৃতির দুষ্টচক্র

১২ পৃষ্ঠার পর

প্রচারণার ফলে বাস্তব পরিস্থিতি আড়ালে চলে যাচ্ছে, যা রাজনৈতিক সচেতনতার জন্য সবচেয়ে বড় বাধা। বর্তমান সময়ে রাজনৈতিক বাস্তবতা এমন এক অবস্থায় পৌঁছেছে, যেখানে প্রচারণা এবং বাস্তবতার মধ্যে ব্যবধান ক্রমেই বাড়ছে। অধিকাংশ গণমাধ্যম নিজ নিজ অবস্থান থেকে অবিরাম এমন সব প্রচারণা চালাচ্ছে, যাতে জনগণের মধ্যে বিভ্রান্তির সৃষ্টি হচ্ছে। কিন্তু দীর্ঘ মেয়াদে এই কৌশল ব্যর্থ হয়, কারণ জনগণের অভিজ্ঞতা সরাসরি তাদের জীবনযাত্রার ওপর নির্ভরশীল। ইতিহাস বলে, যখন প্রচারণা আর বাস্তবতার মধ্যে ব্যবধান খুব বেশি হয়ে যায়, তখন সমাজে একটি বিস্ফোরণ অনিবার্য হয়ে ওঠে। বাংলাদেশের রাজনীতি এখন কি তেমন এক সন্ধিক্ষণে দাঁড়িয়ে আছে?

## দায় অন্য কাউকে দেয়া বোকামি

৫ পৃষ্ঠার পর

মানুষ ভড়কে গেছে। কেউ আপনাকে গুমরানী, কেউবা জল্লাদময়ী, আবার কেউ রক্তলোভী হিসেবে আখ্যায়িত করেন। আপনি জেনে খুশি হবেন আপনাকে এ কারণে মানুষ ইতিহাসের পাতায় ঠাঁই দিয়েছে। যে ইতিহাস যুগের পর যুগ বর্ণাক্ষরে লেখা থাকবে। যেমন নবাব সিরাজউদ্দৌলার ইতিহাস একভাবে লেখা। আবার মীর জাফরের ইতিহাস আরেকভাবে লেখা। ব্রিটিশদের উদাহরণ আজও মানুষ দেয়। বহু জমিদারের অত্যাচারের কাহিনীও কিন্তু মানুষের মুখে মুখে। তবে আপনার যে ইতিহাস সেটি কালো অক্ষরে ঢাকা। যেটা ইতিমধ্যে পাঠ্য বইয়ে কিছুটা হলেও স্থান করে নিয়েছে। জুলাই আন্দোলনের ইতিহাস টানতে গিয়ে আপনিও ইতিহাস হয়ে গেলেন। আপা, আপাগো এখনো আপনি বিচার চান, বিচার হবে বলে যে দুইদিন পর পর সামাজিক যোগাযোগ মাধ্যমে ভাষণ দিচ্ছেন- বিচার করার ক্ষমতায় কি আপনি আছেন? আপনি যদি নাস্তিকদের মানসকন্যা হতেন, তাহলে বলতেন এদের বিচার সৃষ্টিকর্তা করবেন। আপনার এই বিচার হবে ভাষণ শুনে মানুষ মুখ টিপে হাসেন। আর বলে অসুস্থ মানুষ ছাড়া এমন কথা কেউ বলতে পারে না। আপনার কাছে প্রশ্ন-বিচারটি কখন করবেন? আবার ক্ষমতায় এসে? আপনি নিশ্চিত যে, আবার ক্ষমতায় আসবেন? এমন স্বপ্ন থাকলে ভুলে যান। এ দেশের ক্ষমতায় আপনি ফের বসবেন এটা অমাবস্যার চাঁদের মতো ঘটনা। আপনি বরং ষোল বছর ক্ষমতায় থেকে যে অন্যায় অবিচার করেছেন তার জন্য অনুতপ্ত হওয়ার কথা ছিল। আপনি জনগণের কাছে হাত জোড় করে ক্ষমা চাওয়ার কথা ছিল। তা করলেও জনগণ আপনাকে ক্ষমা করবে কিনা এটা ভাবনার বিষয়। সত্যিই হাসু আপা, অবাক হই আপনার কথা শুনে। আপনার মনে ক্ষোভ থাকা স্বাভাবিক। কারণ বাংলাদেশের জনতা আপনার সকল অপকর্মের বিচার করে দিয়েছে। আপনি দেশ ছেড়ে পালিয়েছেন। বিশ্বমঞ্চে আপনার ইজ্জত পাংচার করেছেন আপনি নিজেই। এখন গণহত্যার বিচার হবে আদালতে। বিচারে আপনার কী হয় একটু ভাবুন। আপা, ক্ষমতায় থাকাকালে আপনি কত না পলিটিক্স করেছেন। ছাত্রলীগের সভাপতি, সাধারণ সম্পাদক হিসেবে কেমন কিসিম খোরদের বেছে নিয়েছেন। সন্ত্রাসীদের বেছে নিয়েছেন। এরা যেন বিরোধী ছাত্র সংগঠনগুলোকে শায়েস্তা করতে পারে। এই যে ভিপি নুরকে আপনার এই ছাত্রলীগের গুণ্ডাবাহিনী কতোবার মেরে হাসপাতালে পাঠিয়েছে একটু চিন্তা করে দেখুন তো? ভিপি নুর মার খেয়েছে আর আপনি গণভবনে বসে মিটিমিটি হেসেছেন। সর্বশেষ ছাত্রলীগের সভাপতি সাদ্দামকে বানিয়েছেন তার একটি ভাষণ শুনে। ছাত্রলীগে দেয়া তার ভাষণ শুনে মুগ্ধ হয়েছেন আপনি। শুধু তাই নয়, গোটা দেশের মানুষই অবাক দৃষ্টিতে তার ভাষণ শুনেছে। কিন্তু এ ভাষণ যে কলকাতার আনন্দবাজার পত্রিকার কয়েক বছর আগে প্রকাশিত একটি উপ-সম্পাদকীয় ছিল সেটা তখন কে জানতো? যখন মানুষ জেনেছে তখন সাদ্দামকে মানুষ লেখা চোর হিসেবে আখ্যা দিয়েছে। সাদ্দামকে দিয়েও সর্বশেষ ছাত্র-জনতার ওপর হামলা চালিয়েছেন। এই হামলাই কাল হলো আপনার জন্য। ছাত্ররা ক্ষেপে গিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস থেকে ছাত্রলীগ বিতাড়িত করে। কদিন পরই আপনি নিজেই বিতাড়িত হন। পালিয়ে জীবন বাঁচান। কিন্তু আপনি প্রায় সব ভাষণেই বলতেন জীবনের মায়া করি না। প্রয়োজনে দেশের জন্য জীবন দিবো। আপনার এই পলায়ন প্রমাণ করে এসবই ছিল আপনার মনভোলানো কথা। কথার কথা। মানুষকে আকৃষ্ট করার কথা। আপনি বলতেন পরিবার পরিজন হারিয়েছেন। পরিবার হারানোর ব্যথা আপনি বুঝেন। বিগত ষোল বছরে কতো পরিবারকে আপনি স্বজনহারা করেছেন তার হিসাব আছে কি? একটু হিসাব করুন। সৃষ্টিকর্তার কাছে ক্ষমা প্রার্থনা করুন। আর ওইসব স্বজন হারানো পরিবারগুলোর কাছে মাফ চান। জানি এসব করবেন না। কারণ আপনি নিজেকে বাংলাদেশের মালিক মনে করেন। এখনো মালিক মনে করে বিচার হবে, বিচার হবে বলে গলা ফাটাচ্ছেন। কিসের বিচার আপা? আপনি, আপনার সব পরিজনসহ পালিয়ে যাওয়া কিসের ইঙ্গিত বহন করে। এর অর্থ আপনি, আপনার এমপি, মন্ত্রী সবাই অপরাধী। জনতার মারধরের ভয়ে পালিয়েছেন। গর্তে লুকিয়েছে কেউ কেউ। ইরাকের সাদ্দাম হোসেন, লিবিয়ার গাদ্দাফীর নজির তো আপনার চোখের সামনেই ছিল। তারপরও আপনি এসব থেকে শিক্ষা নেননি। আপনি উন্নয়নের গণতন্ত্রের নামে এ দেশের জনগণকে পিষে মেরেছেন। এজন্যই বলা হয়ে থাকে- ইতিহাসের বড় নির্মমতা হলো ইতিহাস থেকে কেউ শিক্ষা নেয় না। আপনার ভালোর জন্যই বলছি। আওয়ামী লীগের ভালোর জন্যই বলছি- এভাবে ভিনদেশ থেকে নেতাকর্মীদের উস্কে না দিয়ে তাদের বলুন জনতার কাছে যেতে। মাফ চাক চেয়ে জনগণকে কাছে টানতে। তাহলে হয়তো একদিন আওয়ামী লীগ ফের জেগে উঠতে পারবে। আর না হয়, মানুষ বলছে আওয়ামী লীগ আস্তে আস্তে মুসলিম লীগ হয়ে যাবে। হারিয়ে যাবে বাংলাদেশ থেকে। সেটাও হবে একটি ইতিহাস। আপনি যদি বলেন বঙ্গবন্ধু হত্যার একুশ বছর পর আপনি ক্ষমতায় এসেছেন আপনার ক্যারিশমা দিয়ে। তাহলে ভুল করবেন। সে সময় জনতার কাছে মাফ চেয়ে একটিবারের জন্য সুযোগ চেয়েছিলেন। জনগণ আপনাকে সেই সুযোগ দিয়েছিল। কিন্তু আপনি জনগণের দেয়া সেই সুযোগ মিসইউজ করেছেন। জনগণ যদি আপনাকে মন থেকে ভালোবাসতো তাহলে ১৯৯১ সালের নির্বাচনেই আপনি ক্ষমতায় আসতেন। সে নির্বাচনের আগেই আপনারা মন্ত্রিসভা পর্যন্ত গঠন করে রেখেছিলেন। কিন্তু জনগণ আপনাকে প্রত্যাখ্যান করে। মনে পড়ে আপা সেই দুঃখে আপনি আওয়ামী লীগের প্রধান থেকে পদত্যাগ করেছিলেন। আপনার দলের নেতাকর্মীদের মায়াকান্নায় আবার পদত্যাগ প্রত্যাহার করে নেন। এখন তো বুঝতে পারছেন জনতা কি জিনিস। আপনি দিনের পর দিন অন্যায় করে যাবেন আর জনতা আপনার বিরুদ্ধে আন্দোলন করলে বলবেন এরা সন্ত্রাসী। সরকার উৎখাতে এরা নেমেছে। সরকার যদি সরকারের মতো না হয় তাহলে তো সরকার উৎখাতে জনতা মাঠে নামবেই। এটাই তো গণতন্ত্র। আপনি তো আবার বঙ্গবন্ধুর কন্যা। তাই আপনি মনে করেছিলেন আপনার বিরুদ্ধে কেউ কথা বলতে পারবে না। আপনার বিরুদ্ধে কেউ কথা বলার অধিকার রাখে না। এটাই ছিল আপনার ফ্যাসিস্ট হওয়ার প্রধান লক্ষণ।

আপা, আজ আর বেশি কিছু লিখছি না। যদি পারেন নিজেকে একটু শুধরে নেবেন। আক্রোশমূলক বক্তব্য পরিহার করবেন। আপনার দলের নেতাকর্মীদের উস্কে দিয়ে ওদের আর বিপদে ফেলবেন না। আপনি পালিয়ে যাওয়ার পর আপনার দলের নেতাকর্মীদের ওপর যে এমন আঘাত আসবে তাতো আপনার দলের সাধারণ সম্পাদক নিজেই বলেছেন। প্রকাশ্যে বলেছেন, আওয়ামী লীগ যদি ক্ষমতায় না আসতে পারে তাহলে কমপক্ষে এক লাখ লোক মারা যাবে। সে হিসাবে আপনি পালিয়ে যাওয়ার পর এক লাখ ভাগের এক ভাগও তো আপনার দলের ওপর আপনার প্রতিপক্ষ হামলে পড়েনি। বরং তারা আপনার নেতাকর্মীদের গোপনে বাঁচিয়ে দিয়েছে। এখন দিন দিন তা প্রকাশ পাচ্ছে। তারপরও বলছি আপা- আপনি ভালো থাকুন। সুস্থ থাকুন।

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

সাপ্তাহিক আজকাল
বিজ্ঞাপনের মূল্য তালিকা
বাসা ভাড়া/রুম ভাড়া/রুমমেট চাই: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ২৫ ডলার
পাত্র/ পাত্রী চাই: এক সপ্তাহ ২০ ডলার, দুই সপ্তাহ ৩৫ ডলার
লোক আবশ্যক: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার
বেবি সিটার: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার
ড্রাইভার: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার
আপনি আমাদের অফিসে এসে বিজ্ঞাপন দিতে পারবেন। আপনাদের সুবিধার জন্য আমরা ফোন, ইমেইল, ফ্যাক্সেও বিজ্ঞাপন নেই। ফোন-ইমেইল-ফ্যাক্সে বিজ্ঞাপন দিলে আপনার ডেবিট/ক্রেডিট কার্ডের নাম্বার এবং এক্সপাইরেশন ডেট দিতে হবে। আমাদের পেপার শুক্রবারে ছাপা হয়। আমরা সারা সপ্তাহব্যাপী বিজ্ঞাপন নেই। আমাদেরকে বিজ্ঞাপন দেবার শেষ সময় বৃহস্পতিবার রাত ১০টা।
যে কোন তথ্যের জন্য ফোন করুন >> ৬৪৬-২৬৭-৭৭৫১ | ৯১৭-৫১৯-১১৫১
Email: ajkalnews@gmail.com

## যে প্রশ্নের উত্তর খোঁজা হয়েছে লন্ডন বৈঠকে

৩ পৃষ্ঠার পর

পার্টির কোথায়, কোন নেতা কী বলেছেন তা মনিটর করা সম্ভব নয়। কিন্তু দলের কোনো সিদ্ধান্ত ছিল না আমি যতটুকু জানি। তখন বেগম জিয়া অত্যন্ত স্বল্প কথায় বিএনপি-জামায়াত ঐক্যের পটভূমি বর্ণনা করেন। যাতে বৈঠকের পরিবেশ অন্যদিকে মোড় নেয়। এরপর ডা. শফিক আলোচনার প্রসঙ্গ পাল্টে চলমান রাজনীতির দিকে আলোকপাত করেন। ঘোলা পানিতে মাছ শিকারে একটি বাইরের শক্তি নানা ষড়যন্ত্র করছে তা নিয়েও তারা আলোচনা করেন এবং তারা একমত হন। কবে নির্বাচন হতে পারে তা নিয়ে বেশ কিছু সময় আলোচনা হয়। নির্বাচনের সময়সীমা নিয়ে দু'দলের অবস্থান কাছাকাছি নয়, বিপরীতমুখী। দু'দলের মধ্যে দূরত্ব কমাতে কিছু করণীয় নিয়েও কথাবার্তা হয় তাদের মধ্যে। আরও ধৈর্য, আরও সংযমের ওপর জোর দেন নেতারা। ঢাকায় একটি সূত্র নিশ্চিত করেছে, ভবিষ্যতে দু'দলের সম্পর্কে ফাটল ধরে এমন কোনো কাজকে প্রশ্রয় দেবেন না কেউই- সেই বিষয়েও তারা এক অলিখিত সিদ্ধান্তে পৌঁছান।

## কার্ডিফে বাংলা নববর্ষ উদযাপন

৩ পৃষ্ঠার পর

স্টলগুলো ছিল বেশ আকর্ষণীয়। প্রতিটি স্টল সাজানো হয় দেশীয় সাজে। উৎসব ঘিরে নানান ধরনের পিঠাপুলি, দেশীয় আসবাবপত্র দিয়ে সাজানো ছিল দেশীয় স্টলগুলো। ইউকে বিডি টিভির চেয়ারম্যান ও ওয়েলস বাংলা নিউজ এর সম্পাদক কমিউনিটি লিডার মোহাম্মদ মকিস মনসুরের সভাপতিত্বে এবং ওয়েলস বাংলাদেশ ইয়ুথ সোসাইটির অন্যতম কো-অর্ডিনেটর বাংলার মেলার মূল আয়োজক বিশিষ্ট সাংবাদিক রাকিব খান ও যুব সংগঠক ইমরান উদ্দীন এর যৌথ পরিচালনায় অনুষ্ঠিত প্রোগ্রামের শুরুতেই ফিতা কেটে বাংলার মেলার শুভ উদ্বোধন ঘোষণা করেন লন্ডন বাংলা প্রেস ক্লাবের ভাইস প্রেসিডেন্ট, এটিএন বাংলা ইউকের হেড অব নিউজ, বিশিষ্ট সাংবাদিক ও লেখক সাঈদ চৌধুরী। বিশেষ অতিথি হিসেবে কার্ডিফ কাউন্টি কাউন্সিলের সাবেক লর্ড মেয়র কাউন্সিলার ড.বাবলিন মল্লিক, প্রাক্তন ডেপুটি লর্ড মেয়র কাউন্সিলার আলী আহমেদ, কার্ডিফ বাংলাদেশ ওয়েলফেয়ার এসোসিয়েশনের সভাপতি আব্দুল হান্নান শহীদুল্লাহ, বিকিটি লিমিটেডের ডিরেক্টর নাজমুল হোসেইন, ডিরেক্টর সামিউল ইসলাম, ওয়েলস বাংলাদেশ উইমেন্স এসোসিয়েশনের সভাপতি আয়মিনা খান, কমিউনিটি সংগঠক গোলাম মর্তুজা, সাংস্কৃতিক সংগঠক জেসমিন জাহেদ, ওয়েলস বাংলাদেশ ইয়ুথ সোসাইটির অন্যতম কো-অর্ডিনেটর সেলিম আহমদ, ইউসুফ খান জিমি, আবুল কালাম মুমিন, মুজিবুর রহমান মুজিব, সৈয়দ ইকবাল আহমেদ, বদরুল হক মনসুর, কয়সর আহমেদ, ইব্রাহীম শোভন, নাজির হোসেন, মাহবুব রহমান, সাহেদুল আহমেদ, রিপন মিয়া, জামাল আহমদ ও জাভেদ আহমেদ বক্তব্য রাখেন। বাংলার মেলার মূল আয়োজক সাংবাদিক রাকিব খান।

## আটলান্টিক সিটিতে বর্ষবরণ ৩০ এপ্রিল

৩ পৃষ্ঠার পর

বাংলার ঐতিহ্যবাহী কৃষ্টি-সংস্কৃতি অন্তরে ধারণ করে লালনপালন করতে পারে তারই প্রয়াসে শিশু-কিশোরদের অংশগ্রহণে থাকছে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। আয়োজক সংগঠনের নেতৃবৃন্দ 'নববর্ষ বরণ' অনুষ্ঠানে প্রবাসী বাংলাদেশিদের ব্যাপকভাবে অংশগ্রহণের মাধ্যমে এই অনুষ্ঠানকে সফল ও সার্থক করে তোলার জন্য অনুরোধ জানিয়েছেন।

## ভারত ও চীনের মতো মেধাবী তরুণদের দেশে ফেরাতে আমরা কী করছি

১০ পৃষ্ঠার পর

পারবেন। কারণ, আমেরিকা থেকে ১০ জন নোবেল বিজয়ী বিজ্ঞানীও যদি অন্যত্র চলে যান, আমেরিকার তেমন কিছুই হবে না। আমেরিকার গবেষণা ও উদ্ভাবনের সংস্কৃতি এত সমৃদ্ধ। বাংলাদেশি একজন তরুণ, দেশের একটি পাবলিক বিশ্ববিদ্যালয়ে ফিরে যাওয়ার পথটাই আজও সুগম হয়নি। দেশের কোনো ভিসি কি কখনো ট্যালেন্ট হান্টের উদ্যোগ নিয়েছেন? বিশ্ববিদ্যালয়গুলো এখনো একজন প্রভাষক কিংবা সহকারী অধ্যাপককে বিদেশে পাঠায় পিএইচডি ডিগ্রির জন্য। অথচ যথারীতি পিএইচডি-পোস্ট ডক আছে এমন কাউকে নিয়োগের জন্য আমন্ত্রণ জানায় না। দেশের গবেষণা প্রতিষ্ঠানগুলোতেও একই নিয়ম। ৫৪ বছর ধরে চলে আসা এই রীতির পরিবর্তন তো কখনো না কখনো করতেই হবে। আজ ভারত, চীন ও দক্ষিণ কোরিয়া তাদের প্রশিক্ষিত ও দক্ষ প্রবাসী তরুণদের মধ্য থেকে সেরাদের সেরাকে বাছাই করে ফিরিয়ে নিয়ে যাচ্ছে এবং এর সুফল তারা পাচ্ছে। বিদেশি বিনিয়োগ বৃদ্ধি করতে হলেও স্থানীয় দক্ষ জনশক্তি গড়ে তোলা অনিবার্য। দেশের উচ্চশিক্ষা ও গবেষণাকে দুর্বল করে রেখে দুনিয়ার কোনো দেশ বিশ্বমানের পর্যাপ্ত দক্ষ জনশক্তি গড়ে তুলতে পারেনি। বিদেশি বিনিয়োগ বাড়াতে পারেনি। টেকসই বিনিয়োগ ব্যবস্থাপনা তৈরি করতে পারেনি।

বাংলাদেশের অনেক গবেষক, উদ্ভাবক, শিক্ষক, উদ্যোক্তা পৃথিবীর বহু দেশে সফলতার সঙ্গে কাজ করছেন। যাঁদের অনেকেই দেশে ফিরে অবদান রাখতে চান। দেশের জন্য কিছু করতে চান। তাঁদের মধ্য থেকে বাছাই করে সেরা মানুষদের ফিরিয়ে নেওয়ার উদ্যোগ নিতে হবে। দেশের বিশ্ববিদ্যালয়ে এবং বিজ্ঞান গবেষণাগারে নিয়োগ দিতে হবে। তাহলে উচ্চশিক্ষা ও গবেষণার সংস্কৃতিতে সুফল আসবে। ভবিষ্যতে অনেক মেধাবী তরুণেরা দেশে ফেরার আগ্রহ পাবেন। অন্তত বিশ্ববিদ্যালয় ও গবেষণাপ্রতিষ্ঠানে ট্যালেন্ট হান্ট করতে হবে এখনই। বর্তমান সরকার কি এমন একটি রাষ্ট্রীয় প্রকল্প দ্রুত শুরু করবেন?

লেখক: ড. রউফুল আলম যুক্তরাষ্ট্রপ্রবাসী লেখক ও গবেষক।

HALAL
মেজ্জান Green Chilli
রেস্টুরেন্ট
হাইলে আইয়ুন
163-08, Hillside AVE, Jamaica NY-11432
347-561-3021

সু-খবর! সু-খবর!! সু-খবর!!!

জামাইকার হিলসাইডের উপর নিরিবিলি ও কোলাহল মুক্ত পরিবেশে ফ্যামিলি ও বন্ধু -বান্দব নিয়ে ( ২য় তলায়) মনোরম ও সু-সজ্জিত "মেজ্জান" রেস্টুরেন্টে আপনাদেরকে স্বাগতম!




পিকনিকের ক্যাটারিং এর অর্ডার বুকিং শুরু হয়েছে, আজই আপনার বুকিং কনফার্ম করুন

এখানে যা পাবেন

- সম্পুর্ন দেশিয় স্বাদে-গন্ধে ভরপুর ফ্রেশ খাবার।
- স্পেশাল মেজবানি খাবারের অর্ডার নেয়া হয়।
- স্পেশাল বোরহানির অর্ডার নেয়া হয়
- আমরা চট্রগ্রামের বিখ্যাত মেজবানি মাংস ও খাবারের নিশ্চয়তা প্রদান করি।
- জন্মদিন, গায়ে হলুদ, বিবাহ- বার্ষিকিসহ সকল অনুষ্ঠানের বুকিং নিয়ে থাকি।
- সুলভ মুল্যে পিকনিক এর ক্যাটারিং এর জন্য যোগাযোগ করুন।
- গ্রাহকের সন্তুষ্টিই আমাদের একমাত্র কাম্য।

প্রতি শনিবার/রবিবার বাফেট স্পেশাল : লাঞ্চ এবং ডিনার এ রয়েছে : গরুর মাংস, কালা ভুনা, চানা ডাল, নলা/নলি।




: যোগাযোগ :
163-08 2nd Floor, Hillside Ave, Jamaica, 11432.
347-561-3021, 718-607-9002, 929-570-6327

কনস্ট্রাকশন / রেনোভেশন



Free Estimate

নতুন কিচেন / রিনোভেশন • বাথরুম ইনস্টলেশন/ রিপেয়ার
কার্পেটিং / ফ্লোরিং / ওয়াল • টাইলস, প্লাম্বিং ও ইলেক্ট্রিক সহ
যে কোন কনস্ট্রাকশন কাজের জন্য যোগাযোগ করুন।

বাংলা কনস্ট্রাকশন ইনক
73-05 37th Road, Jackson Heights, NY 11372
Email:bmz01x@gmail.com
Phone: 646-996-7171

## NOW SHOWING IN THEATRES




1. REGAL UA MIDWAY, **FOREST HILLS/QUEENS**
2. SHOWCASE CINEMA DE LUX FARMINGDALE, **FARMINGDALE/LONG ISLAND**
3. REGAL ELMWOOD CENTRE, **BUFFALO** 4. REGAL TRANSIT CENTRE, **WILLIAMSVILLE**
5. AMC JERSEY GARDENS, **ELIZABETH, NJ**
6. REGAL COMMERCE CENTRE STADIUM, **NORTH BRUNSWICK, NJ**
7. REGAL HAMILTON COMMONS, **MAYS LANDING/ATLANTIC CITY, NJ**

# নারায়ণগঞ্জ জেলা সমিতির বর্ষবরণ অনুষ্ঠানে মিলনমেলা

শেষের পাতার পর

অনুষ্ঠানের প্রথম পর্বে ছিল আলোচনা সভা। এই আলোচনা সভায় বক্তব্য রাখেন সংগঠনের সিনিয়র উপদেষ্টা ও সাবেক সভাপতি কাজী আজাহারুল হক মিলন, সাবেক সভাপতি মুক্তিযোদ্ধা আলহাজ্ব মোহাম্মদ মতিউর রহমান , সিনিয়র উপদেষ্টা ও সাবেক সভাপতি মোহাম্মদ মোহসীন, বাংলাদেশ সোসাইটির সাধারণ সম্পাদক ও সংগঠনের সাবেক সভাপতি মোহাম্মদ আলী, সংগঠনের উপদেষ্টা ও সাবেক সভাপতি শামসুল আলম লিটন, সংগঠনের উপদেষ্টা ও সাবেক সভাপতি মির্জা ফরিদ উদ্দিন, সংগঠনের উপদেষ্টা মনজুরুল করিম, সংগঠনের উপদেষ্টা মহসিন নবী এবং সংগঠনের উপদেষ্টা নাসির উদ্দিন আহমেদ চঞ্চল।

তারা বক্তব্য রাখতে গিয়ে প্রবাসী নারায়ণগঞ্জবাসীদের নিজেদের মধ্যে সৌহার্দ্য-সম্প্রীতি ধরে রাখার আহবান জানান এবং নতুন প্রজন্মকে নিজেদের কৃষ্টি ও সংস্কৃতির চর্চা এবং বাংলা ভাষায় কথা বলার প্রচেষ্টা অব্যাহত রাখার কথা বলেন। এ ক্ষেত্রে অভিভাবকদের বিশেষ ভূমিকা রাখার আহবান জানান তারা। সংগঠনের সভাপতি ও সাধারণ সম্পাদক তাদের বক্তব্যে এই বর্ণাঢ্য বাংলা বর্ষবরণ ও পিঠা উৎসব আয়োজন সফল করতে বিশেষ ভূমিকা রাখার জন্য সংগঠনের পৃষ্ঠপোষক মোশতাক আহমেদ (নিউটন), রাফাত হোসেন, এস.এম. সায়েম মিঠু, আশিক ইসলাম (কবির) ও দোলন খন্দকারের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

নারীরা লাল পাড়ের শাদা শাড়ি এবং পুরুষরা একই রঙের পাঞ্জাবী পড়ে অনুষ্ঠানে অংশ নেয়ায় মিলনায়তনে বর্ণিল পরিবেশ তৈরি হয়। অনুষ্ঠানে নারায়ণগঞ্জের বিশিষ্ট ব্যক্তি ছাড়াও আমন্ত্রিত অতিথি হিসাবে বেশ কয়েকজন সুধী ও কমিউনিটি নেতা উপস্থিত ছিলেন। তাদের মধ্যে উল্লেখ্যযোগ্যরা হলেন বাংলাদেশ সোসাইটির সাবেক সাধারণ সম্পাদক ফখরুল আলম ও জামাইকা এসোসিয়েশনের সহ-সভাপতি ও মূলধারার নেতা আহসান হাবিব। এই অনুষ্ঠানে নিউইয়র্ক শহর ছাড়াও নিউজার্সী, আপস্টেট ও লং আইল্যান্ড থেকে প্রবাসী নারায়ণগঞ্জবাসী এসে যোগ দেন।

অনুষ্ঠানের সাংস্কৃতিক পর্বে সঙ্গীত পরিবেশন করেন মোহাম্মদ ওয়াসু-দ্দিন, শাহ মাহবুব, নিপা জামান ও মির্জা ফরিদ উদ্দিন।






















GOLDEN AGE HOME CARE

GOLDEN A
HOME CA

PCA HOME CARE সেবা
আমাদের স

আমরা শীর্ষস্থানীয় PCA HOME CARE সেবা
আমরা HHA/PCA সার্টিফিকেট প্রদান করে,
সার্ভিস -এ এনরোল করে নেব এবং সব সধরনে

Please Contact

Shah Nawaz MBA
President & CEO
GOLDEN AGE HOME CARE INC.

Tel: 718-775-
Cell: 646-591-83
Email: shah@gol

আমাদের নিজস্ব PCA ও HHA ট্রেনিং

JACKSON HTS OFFICE
71-24 35th Avenue
Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115

BRONX OFFICE
3789 East Tremont Ave
Bronx, NY 10465
Ph: 347-449-5983, Fax: 347-275-9834

HILLSIDE AVE. O
170-18A Hillside
Jamaica, NY 11
Ph: 718-530-1
Fax: 917-396-

Email: info@goldenagehomecare.c


AGE
ARE
HHA/PCA SERVICE
SKILLED NURSING
নিতে চান?
াথে যোগাযোগ করুন
প্রদানকারী প্রতিষ্ঠান
আপনাকে HOME CARE
নর সেবা প্রদান করবো
7852
96 Text: 646-591-8396
denagehomecare.com
স্কুল আছে
FFICE
e Ave
432
820
4115
BROOKLYN OFFICE
516 McDonald Ave
Brooklyn, NY 11218
Ph: 718-540-8870
Fax: 917-396-4115
We Hire And Train HHA/PCA Certificate Holder AIDES
আমরা HHA/PCA সার্টিফিকেট সহ এইডস প্রশিক্ষণ ও নিয়োগ দিচ্ছি
om | www.goldenagehomecare.com
Design by: ihopeprint.com, 929-538-7903





## বিগত সরকার ব্যাংকিং সেক্টরে লুটপাট করেছে

৩ পৃষ্ঠার পর

অ্যাংকর ট্রাভেলস এর কর্ণধার এএসএম উদ্দীন পিন্টু। গভর্নর জানান, পাচার হওয়া অর্থ উদ্ধারে প্রবাসে ল' ফার্ম নিয়োগ করা হবে। দুর্নীতিবাজ বা চোরদের বাঁচিয়ে রেখে টাকা আদায় করতে হবে। তাদের মেরে ফেললে হবে না।

সভার শুরুতে যুক্তরাষ্ট্র থেকে সর্বোচ্চ রেমিট্যান্স পাঠানোর জন্য সবাইকে ধন্যবাদ জানানো হয়। কনস্যুল জেনারেল নাজমুল হুদার সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডেপুটি গভর্নর ড. হাবিবুর রহমান। প্রধান অতিথির বক্তব্যে গভর্নর বর্তমান সময়ে ব্যাংকিং সংস্কার, অর্থ পাচার, রিজার্ভ ব্যাংকিং মামলা, নতুন নোট ছাপানোসহ বিভিন্ন বিষয়ে বক্তব্য রাখেন। গভর্নর জানান, বিগত কয়েক মাসে বাংলাদেশের ব্যাংকিং খাতে অনেক পরিবর্তন এসেছে। বিগত সরকারের বিভিন্ন অযাচিত হস্তক্ষেপের কারণে ব্যাংকিং সেক্টরে ব্যাপক ক্ষতি হয়েছে, লুটপাট হয়েছে। মূলধনের টাকা গায়েব হয়েছে। আমরা সে অবস্থা কাটিয়ে উঠতে সহযোগিতা করছি। তবে সেই ক্ষতি কাটিয়ে উঠতে সময় লাগবে।

পাচারকৃত অর্থ উদ্ধারে ইতিমধ্যেই বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এক্ষেত্রে ব্রিটিশ সরকারসহ অনেকেই সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছেন। তিনি আমেরিকায় অর্থ পাচারকারীদের তথ্য দিয়ে সহযোগিতা করতে প্রবাসীদের প্রতি অনুরোধ জানান। তিনি বলেন, আমরা সব চুরির তথ্য বের করবো। ডিজিটাল ব্যাংকের জন্য নতুন করে দরপত্র আহ্বান করা হবে উল্লেখ করে গভর্নর আহসান এইচ মনসুর বলেন, বিগত সময়ে বিকাশকে ডিজিটাল ব্যাংকের অনুমোদন প্রদান করা হয়নি, নগদকে লাইসেন্স দেওয়া হয়েছে, যা রাজনৈতিক সিদ্ধান্ত এবং দুর্ভাগ্যজনক। তবে বর্তমানে নগদ সরকারের, তাই নগদকে দেখা বাংলাদেশ ব্যাংকের দায়িত্ব। রিজার্ভ ব্যাংকিং নিয়ে নিউইয়র্কে এখনো মামলা চলছে, সেখানে ফেডারেল রিজার্ভ ও বাংলাদেশের পাশে আছে বলে জানান তিনি। সুইফ সিস্টেমের সঙ্গে এখন আর কোনো সিস্টেম যুক্ত নয়। সুইফটের লোকজন কিছুদিন আগেও পরিদর্শন করে গেছে বলে জানান গভর্নর।

বাড়ী ক্রয়ের এখনই সঠিক সময়!
SELL YOUR PROPERTY FASTER WITH TOP $$$
Resdential, Commercial, Foreclosure HUD Sale, Short Sale Specialist.
BUY - SELL - RENT
আপনার বাড়ীর Free Market Analysis and Consultation এর জন্য যোগাযোগ করুন



মোহাম্মদ সেলিম রেজা
Lic. Real Estate Sales Person
আমরা বাংলায় কথা বলি
ফোনঃ 929-393-7331



Mohammad Salim Reza (MBA)
NYC Licensed Realtor, Professional/ Couteous!
Tel. 929-393-7331
Email: mrezarealtor@gmail.com
EXIT
EXIT REALTY PRIME
189-10 Hillside Ave, Suite E, Queens, NY 11432
Office: 718-343-0300, Fax: 718-343-0354

Khalil Biryani House
ভোজন রসিক ও খাদ্য পিপাসুদের জন্য সুখবর!
নিউইয়র্ক ও আন্তর্জাতিক জগতে স্বনামধন্য ও বাংলাদেশি মুখরোচক ১০০% হালাল খাবারের জন্য আপনার বন্ধুবান্ধব ও পরিবারসহ নিকটবর্তী ও পছন্দের যে কোন শাখায় আসুন। আমরা আপনাদের সেবায় নিয়োজিত



* KHALIL BIRYANI HOUSE
BRONX – 718-409-6840
* KHALIL HALAL CHINESE
BRONX – 347-621-2884
* KHALIL SWEETS
BRONX – 646-763-5073
* KHALIL BIRYANI HOUSE
JAMAICA – 718-374-3225
* KHALIL BIRYANI HOUSE
JACKSON HEIGHTS – 929-328-0680



VISA VISA VISA VISA VISA VISA VISA VISA VISA





- Canada Visa Processing
- UK Visa Processing
- USA Visa Processing
- India Visa Processing
- Dubai Visa Processing
- Saudia Visa Processing
- Australia Visa Processing
- Thailand Visa Processing
- Schengen Visa Processing



- সৌদি ১০ বছরের মাল্টিপল এন্ট্রি ভিসা

আমরা বিশ্বের যে কোন দেশের ভিসা এপ্লিকৈশন প্রসেস করি

BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
Phone: 917-396-4140, 917-592-7828
7305 37th Road, Jackson Heights, NY 11372
* Visa Issued by Consulate General

VISA VISA VISA VISA VISA VISA VISA VISA VISA

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

আমরা বিশ্বের যে কোন দেশের ভিসা প্রসেস করি



সৌদি আরবের ১০ বছরের মাল্টিপল এন্ট্রি ভিসা



ইন্ডিয়া
মাল্টিপল / মেডিকেল ভিসা



১০ বছরের কানাডিয়ান মাল্টিপল ভিসা




USA 5 YEARS
MULTIPLE TOURIST VISA

দ্রুত ভিসা প্রসেস করার জন্য আমাদের সাথে যোগাযোগ করুন








SCHENGEN TOURIST VISA

এক ভিসাতে ভ্রমণ হবে ২৭টি দেশ

BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার

*Visa Issued by Consulate General

NEW YORK OFFICE
7305 37TH ROAD, JACKSON HEIGHTS
NY 11372. কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়
PHONE : 917-396-4140, 917-592-7828
E-MAIL : digitalonetravel@gmail.com
www.digitalonetravel.com

DHAKA OFFICE
NAGAR SHEFALI, FLOOR # 03, HOUSE # 09
ROAD # 17, BLOCK-E, BANANI, DHAKA-1213
PHONE : +88 01711256871, +88 01711256872
E-MAIL : digitalonetravel@gmail.com
www.banglatravel.net

## নারী বিশ্বকাপের মূলপর্বে বাংলাদেশ

৫২ পৃষ্ঠার পর

উইন্ডিজের সমান ১৬৬ করতে হবে। এরপরেই দরকার ১ ছক্কা। ১১ ওভারে ১৭২ রান হলেও বিশ্বকাপে বাংলাদেশকে টপকে চলে যেত ওয়েস্ট ইন্ডিজ।

দুই ক্যারিবিয়ান ওপেনার হেইলি ম্যাথিউস আর কিয়ানা জোসেফ ছিলেন দুর্দান্ত আগ্রাসী। ১২ বলে ২৬ করে কিয়ানা থামলেও অধিনায়ক হেইলি ছুটছিলেন দুর্বার গতিতে। ৭ম ওভারের শেষ বলে থামে তার ২৮ বলে ৭০ রানের ইনিংস। বাংলাদেশের ধুকপুকানিও উজ্জ্বল হয় তখন।

কিন্তু তিনে নামা শ্যাডেল হাল ছাড়ার নন। ১৭ বলে ৪৮ রান করেছেন। উইন্ডিজ নারীদের চার-ছয়ের কাছে তখন বাংলাদেশের দর্শকরা অসহায়। প্রতিটা ডট বল যেন টাইগ্রেসদের জন্য আশীর্বাদ।

১০.১ ওভারে উইন্ডিজের সংগ্রহ ছিল ১৫৭। পরের বলেই বাউন্ডারি লাইনে ধরা পড়েন শ্যাডেল হেনরি। আলিয়াহ অ্যালেইনে প্রথম বলে চার মেরে জমিয়ে দেন সমীকরণ। পরের বলে সিঙ্গেল হয়ে স্ট্রাইকে আসেন স্টেফেন টেইলর। উইন্ডিজের রান ছিল ১৬২। এই সময় ১ চারে ১৬৬ এবং ১ ছক্কায় ১৭২ রানই নিতে পারতো তাদের বিশ্বকাপে।

কিন্তু স্টেফেন টেইলরের হাঁকানো বল সরাসরি মিড অফের ওপর দিয়ে চলে যায় বাউন্ডারি লাইনের ওপারে। ছক্কা হাঁকিয়ে জয় নিশ্চিত করলেও বিশ্বকাপটা উইন্ডিজ নারীরা মিস করে যায় ০.০১ রানরেটের জন্য। আর সেই ১ বলের সমীকরণ মিলিয়ে বাংলাদেশের ঠাঁই হলো নভেম্বরে অনুষ্ঠিতব্য বিশ্বকাপে।

## পাকিস্তানিদের ৪৮ ঘণ্টার মধ্যে ভারত ছাড়ার নির্দেশ

৬২ পৃষ্ঠার পর

পর্যবেক্ষক সংস্থা সেন্টার ফর পিস অ্যান্ড ওয়েলফেয়ার স্টাডিজের (সিপিএসডব্লিউএস) পরিচালক তারা কার্থা বলেছিলেন, "এটি যুদ্ধের একটি কাজ। আমরা বিষয়টিকে এখন এভাবেই দেখছি। পাকিস্তানের সেনাপ্রধানের বক্তব্যের কয়েকদিন পরই পেহেলগামে হামলার ঘটনা ঘটল।"

বিবিসির প্রতিবেদনে বলা হয়, সার্ক দেশগুলোর জন্য বিশেষ ভিসা নিয়ে পাকিস্তানের নাগরিকরা ভারতে ভ্রমণ করতে পারবেন না। এমনকি যারা ওই ভিসায় ইতিমধ্যেই ভারতে রয়েছেন, তাদেরও ওই ভিসা বাতিল করে ৪৮ ঘণ্টার মধ্যে ভারত ছাড়তে বলা হয়েছে। এছাড়া সিন্ধু পানিবণ্টন চুক্তি অবিলম্বে স্থগিত করা এবং পাঞ্জাবের আটারি চেকপোস্ট অবিলম্বে বন্ধ করে দেওয়ার কথা ঘোষণা করেছে ভারত। প্রতিবেদনে আরও বলা হয়, দিল্লিতে পাকিস্তানি দূতাবাসে সেদেশের সেনা, বিমান ও নৌবাহিনীর যে 'পরামর্শদাতারা' রয়েছেন, তাদের 'পার্সোনা নন গ্রাটা', অর্থাৎ অবাঞ্ছিত বলে ঘোষণা করেছে ভারত। তাদের এক সপ্তাহের মধ্যে ভারত ছাড়তে হবে।

এ ছাড়া, ভারতও ইসলামাবাদে তাদের দূতাবাস থেকে সেনা, বিমান ও নৌবাহিনীর পরামর্শদাতাদের ফিরিয়ে আনবে। দুই দেশের দূতাবাসেরই সামরিক পরামর্শদাতাদের পাঁচজন করে কর্মীকেও নিজের দেশে চলে যেতে হবে। দুই দেশের রাজধানীতে অবস্থিত কর্মী সংখ্যা বর্তমানের ৫৫ থেকে কমিয়ে পহেলা মে'র মধ্যে ৩০ এ নিয়ে আসতে হবে।

এর আগে, কাতারভিত্তিক সংবাদমাধ্যম আলজাজিরাকে যুক্তরাষ্ট্রভিত্তিক পর্যবেক্ষক সংস্থা সেন্টার ফর পিস অ্যান্ড ওয়েলফেয়ার স্টাডিজের (সিপিএসডব্লিউএস) পরিচালক তারা কার্থা জানান, জম্মু-কাশ্মীরের হামলার ঘটনায় ইসলামাবাদের ওপর প্রতিশোধ নিতে পারে নয়াদিল্লি। এটি যুদ্ধের একটি কাজ। আমরা বিষয়টিকে এখন এভাবেই দেখছি। পাকিস্তানের সেনাপ্রধানের বক্তব্যের কয়েকদিন পরই পেহেলগামে হামলার ঘটনা ঘটল।

## আটলান্টিক সিটিতে পহেলা বৈশাখ বাংলা নববর্ষ হিসেবে স্বীকৃতি পেল

৩ পৃষ্ঠার পর

মার্শাল, পেট্রিসিয়া মেক্সী উপস্থিত ছিলেন।

সিটি কাউন্সিলে পহেলা বৈশাখকে বাংলা নববর্ষ হিসেবে স্বীকৃতি দেওয়ায় কমিউনিটিতে আনন্দের বন্যা বয়ে যাচ্ছে।

পহেলা বৈশাখকে বাংলা নববর্ষ হিসেবে স্বীকৃতি দেওয়ায় বাংলাদেশ এসোসিয়েশন অব সাউথ জার্সির সভাপতি মো. জহিরুল ইসলাম বাবুল, সাধারণ সম্পাদক মো: জাকিরুল ইসলাম খোকা, ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান আব্দুর রকিব, বাংলাদেশ এসোসিয়েশন অব আটলান্টিক কাউন্টির সভাপতি শহীদ খান, সাধারণ সম্পাদক সোহেল আহমেদ ও আটলান্টিক সিটি স্কুল বোর্ড সদস্য সুব্রত চৌধুরী আটলান্টিক সিটির মেয়রসহ সিটি কাউন্সিলের সদস্যদের অভিনন্দন ও ধন্যবাদ জানিয়েছেন।

## চট্টগ্রাম সমিতির বর্ষবরণ ঈদ পুনর্মিলনী অনুষ্ঠান

৬২ পৃষ্ঠার পর

সাজসজ্জা, আর ভেতরে বৈশাখী এবং ঈদ এর থিম দিয়ে সাজানো হয়, যা কিনা সকল অভ্যাগতদের দৃষ্টি আকর্ষণে সমর্থ হয়েছে। আর অতিথিরা ও এসেছিলেন দূর দূরান্ত থেকে। বোস্টন, নিউ জার্সি, পেনসিলভেনিয়া, কানেক্টিকাটসহ নিউইয়র্কের ব্রুকলিন, ব্রঙ্কস, কুইন্স, স্টাটেন আইল্যান্ড, লং আইল্যান্ডে বসবাসরত চট্টগ্রামের বাসিন্দাদের পদচারণায় এতে চট্টগ্রাম ভবন ও এর আশে-পাশের এলাকায় তিল ধারণের ঠাঁই ছিল না।

আগত অতিথিদের আপ্যায়ন করা হয় নানা ধরণের দেশীয় হাতে তৈরী পিঠাপুলি দিয়ে, ছিল মচমচে মুড়ি আর মোয়া, গরম গরম জিলাপি ছিল সুপারহিট। আর চটপটির স্টলতে হুমড়ি খেয়ে পড়েছিলেন মেয়েরা, ছেলেরা ও বাদ যাননি। সবশেষে ছিল গরমাগরম চা। শিশুদের জন্য ছিল খেলনা এবং চকোলেট এর ছড়াছড়ি।

সন্ধ্যার পর উদ্বোধনী অনুষ্ঠানে সমিতির সাধারণ সম্পাদক মোহাম্মদ আরিফুল ইসলামের সঞ্চালনায় স্বাগত বক্তব্য রাখেন চট্টগ্রাম সমিতির জনপ্রিয় সভাপতি মোহাম্মদ আবু তাহের। সমিতির প্রতিষ্ঠাতা সভাপতি আব্দুর রহিম, সাবেক সভাপতি মোহাম্মদ হানিফ, সাবেক সভাপতি কাজী শাখাওয়াত আজম, সাবেক ট্রাস্টি বোর্ডের কো-চেয়ারম্যান, প্রতিষ্ঠাতা ট্রেজারার শামসুল আলম, নির্বাচন কমিশনার মোহাম্মদ হোসেন, সাবেক সাধারণ সম্পাদক মুনির আহমেদ, সাবেক সাধারণ সম্পাদক মোহাম্মদ সেলিম, সাবেক সাধারণ সম্পাদক মোর্শেদ চিশতী, অন্তর্বর্তীকালীন কমিটির সদস্য নুরুল আনোয়ার, আবুল কাসেম চৌধুরী, সাবেক নির্বাচন কমিশনার আবু তাহের চৌধুরী চাম্পু, আজীবন সদস্য সারওয়ার হোসেন, সমিতির সাবেক কার্যকরী সদস্য কামাল হোসেন মিঠু,সাবেক অডিট কমিটির সদস্য ইব্রাহিম লিপু, ইঞ্জিনিয়ার জাহাঙ্গীর, সংগঠক সৈয়দ অম বাবর, সৈয়দ হেলাল মাহমুদ, রাজনীতিবিদ খোরশেদ খন্দকার, সাবেক কোষাধ্যক্ষ দিদার আহমেদ, জামাল চৌধুরী, বিশিষ্ট কমিউনিটি এক্টিভিস্ট এবং লিপিএ প্রাপনী, সাবেক সহ সভাপতি জোবায়ের আহমেদ, সাবেক অর্থপ্রাপ্ত সভাপতি খোকন কে চৌধুরী, সাবেক সহ-সভাপতি সাহাবুদ্দিন চৌধুরী লিটন,সাবেক কোষাধ্যক্ষ মফিজুর রহমান, সাবেক অর্থপ্রাপ্ত সাধারণ সম্পাদক আহাদ আলী লিটন, কানেক্টিকাট থেকে আগত নাজিম চৌধুরী, আবুল কালাম, বাদল আলী, নিউ জার্সি থেকে মোহাম্মদ আল মামুন, মোহাম্মদ সেলিম, উত্তম দাস, পেনসিলভেনিয়া থেকে কাজী মনসুর কাইয়ুম, আমির হোসেন, ফেরদৌস ইসলাম, তৈয়ব উদ্দিন, শহিদুল ইসলাম, কলিম উদ্দিন, জিয়াউল হক মিজান, সাবেক কোষাধ্যক্ষ দিদারুল আলম প্রমুখ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

বিশিষ্ট অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন আব্দুল কাদের মিয়া ফাউন্ডেশন এর প্রতিষ্ঠাতা আব্দুল কাদের মিয়া, নিউ ইয়র্ক প্রেস ক্লাবের সাবেক সভাপতি, গণমাধ্যম ব্যক্তিত্ব লাবলু আনসার, সন্দীপ পৌরসভা কল্যাণ সমিতির সভাপতি হাজী জাফর, বিশিষ্ট ব্যাংকার ওসমান গনি চৌধুরী, ফজলুল কাদের চৌধুরী, এডভোকেট আবদুল হামিদ,সহ আরো অনেকে।

আরও উপস্থিত ছিলেন অনুষ্ঠানের আহ্বায়ক মোহাম্মদ এনাম চৌধুরী, সদস্য সচিব মোহাম্মদ টি আলম, কোষাধ্যক্ষ মোহাম্মদ শফিকুল আলম, সহকারী কোষাধ্যক্ষ নুরুল আমিন, প্রধান সমন্বয়কারী তানিম মহসিন, যুগ্ম আহ্বায়ক ইমরুল কায়সার, সমন্বয়কারী মোহাম্মদ ইছা, অফিস সম্পাদক আজম প্রধান,প্রচার সম্পাদক জাবের শফি, কলিম উল্লাহ, যুগ্ম সদস্য সচিব মোহাম্মদ মহিম উদ্দিন, পল্লব রায় প্রমুখ।

## যুক্তরাষ্ট্রের প্রবাসিরা রেমিট্যান্স প্রেরণে শীর্ষে

৩ পৃষ্ঠার পর

অন্যদিকে মধ্যপ্রাচ্য থেকে রেমিট্যান্স আসা অব্যাহতভাবে কমছে। আগে রেমিট্যান্স মানেই সৌদি আরব। কিন্তু গত ২০২৩-২৪ অর্থবছরে ঘটে ব্যতিক্রম; ওই অর্থবছরে সৌদিকে পেছনে ফেলে সবচেয়ে বেশি রেমিট্যান্স আসে সংযুক্ত আরব আমিরাত থেকে। আর ২০২৪-২৫ অর্থবছরে সেটাও উল্টে গেছে। এখন সবচেয়ে বেশি রেমিট্যান্স আসছে যুক্তরাষ্ট্র থেকে। এতদিন প্রথম ও দ্বিতীয় স্থানে থাকা সৌদি আরব ও সংযুক্ত আরব আমিরাত যুক্তরাষ্ট্রের ধারেকাছেও নেই।

গত বছরের ৫ই আগস্ট পতিত আওয়ামী লীগ সরকারের পতনের পর ড. মুহাম্মদ ইউনূস অন্তর্বর্তীকালীন সরকারের দায়িত্ব নেন। ক্ষমতার এই পালাবদলে আগস্ট থেকে প্রবাসী আয়ও বাড়তে শুরু করে।

ব্যাংকাররা বলছেন, রেমিট্যান্সে যে উল্লম্ফন দেখা যাচ্ছে তা মূলত যুক্তরাষ্ট্র থেকে আসার পরিমাণ বৃদ্ধির কারণেই হয়েছে। প্রতি মাসেই বেশি প্রবাসী আয় আসছে যুক্তরাষ্ট্র থেকে।

কেন্দ্রীয় ব্যাংকের কর্মকর্তারা বলছেন, হুন্ডির দৌরাত্ম্য কমেছে, বন্ধ হয়েছে অর্থ পাচার। এ ছাড়া খোলাবাজার এবং ব্যাংকে রেমিট্যান্সের ডলারের একই দাম পাচ্ছেন প্রবাসীরা। এসব কারণে বৈধ পথে রেমিট্যান্স পাঠাতে উৎসাহিত হচ্ছেন প্রবাসী বাংলাদেশিরা।

চলতি অর্থবছরের জুলাই-মার্চ সময়ে সংযুক্ত আরব আমিরাতে অবস্থানকারী প্রবাসীরা ৩.১২ বিলিয়ন ডলার দেশে পাঠিয়েছেন। সৌদি আরবের প্রবাসীরা পাঠিয়েছেন ২.৭৭ বিলিয়ন ডলার। অন্য দেশগুলোর মধ্যে এই ৯ মাসে যুক্তরাজ্য থেকে এসেছে ২.১৬ বিলিয়ন ডলার। মালয়েশিয়ার প্রবাসীরা পাঠিয়েছেন ১.৮৯ বিলিয়ন ডলার। গত ২০২৩-২৪ অর্থবছরের জুলাই-মার্চ সময়ে যুক্তরাষ্ট্রে অবস্থানকারী প্রবাসীরা ১.৯৪ বিলিয়ন ডলার দেশে পাঠিয়েছিলেন। আরব আমিরাত থেকে এসেছিল ৩.৩ বিলিয়ন ডলার। সৌদি আরব থেকে এসেছিল ১.৯৬ বিলিয়ন ডলার। যুক্তরাজ্য থেকে এসেছিল ২.১৪ বিলিয়ন ডলার। মালয়েশিয়ার প্রবাসীরা পাঠিয়েছিলেন ১.২১ বিলিয়ন ডলার। হিসাব বলছে, ২০২৪-২৫ অর্থবছরের জুলাই-মার্চ সময়ে যুক্তরাষ্ট্র থেকে রেমিট্যান্স বেড়েছে ১০২.৭৫ শতাংশ। তবে গত অর্থবছরে সবচেয়ে বেশি রেমিট্যান্স এসেছিল যে দেশ থেকে, সেই আরব আমিরাত থেকে এই ৯ মাসে কমেছে ৫.৪২ শতাংশ। সৌদি আরব থেকে অবশ্য ৪০.৮৫ শতাংশ বেড়েছে। মালয়েশিয়া থেকে আরও বেশি বেড়েছে, ৫৫.৬৫ শতাংশ। যুক্তরাজ্য থেকে বেড়েছে ১ শতাংশ।

এদিকে রেমিট্যান্সের এ গতিধারা অব্যাহত রয়েছে। চলতি মাস এপ্রিলের প্রথম ১৯ দিনেই এসেছে ১৭১ কোটি ৮৭ লাখ ২০ হাজার ডলারের রেমিট্যান্স। বাংলাদেশি মুদ্রায় (প্রতি ডলার ১২২ টাকা হিসাবে) যার পরিমাণ ২০ হাজার ৯৬৪ কোটি টাকা। চলতি মাসে প্রতিদিন গড়ে আসছে ৯ কোটি ডলার বা ১১০৪ কোটি টাকার বেশি। রোববার বাংলাদেশ ব্যাংকের হালনাগাদ প্রতিবেদন থেকে এসব তথ্য জানা যায়।

প্রবাসী আয়সংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের সর্বশেষ প্রতিবেদনে দেখা যায়, চলতি অর্থবছরের নবম মাস মার্চে বিশ্বের বিভিন্ন দেশে অবস্থানকারী প্রবাসীরা মোট ৩২৯ কোটি ৫৬ লাখ (৩.২৯ বিলিয়ন) ডলার দেশে পাঠিয়েছেন। একক মাসের হিসাবে যা রেকর্ড। বাংলাদেশের ইতিহাসে এর আগে কখনোই কোনো মাসে এত বেশি রেমিট্যান্স দেশে আসেনি।

এর মধ্যে সবচেয়ে বেশি ৫৪ কোটি ৬১ লাখ ৩০ হাজার ডলার এসেছে যুক্তরাষ্ট্র থেকে। দ্বিতীয় সর্বোচ্চ ৫০ কোটি ৮৩ লাখ ৬০ হাজার ডলার এসেছে আরব আমিরাত থেকে। সৌদি আরব থেকে এসেছে ৪৪ কোটি ৮৪ লাখ ৩০ হাজার ডলার। যুক্তরাজ্য থেকে এসেছে ৩৮ কোটি ৭১ লাখ ৯০ হাজার ডলার। মালয়েশিয়া থেকে এসেছে ২৯ কোটি ১০ লাখ ডলার। আগের মাস ফেব্রুয়ারিতে প্রবাসীরা ২৫৩ কোটি (২.৫৩ বিলিয়ন) ডলার দেশে পাঠিয়েছিলেন। যার মধ্যে যুক্তরাষ্ট্র থেকে এসেছিল ৪৯ কোটি ১৩ লাখ ডলার। ৩৩ কোটি ৪৯ লাখ ডলার এসেছিল আরব আমিরাত থেকে। সৌদি আরব থেকে আসে ৩২ কোটি ডলার। আর যুক্তরাজ্য থেকে এসেছিল ৩২ কোটি ৮৮ লাখ ডলার। এই বছরের প্রথম মাস জানুয়ারিতে ২১৮ কোটি ৫২ লাখ (২.১৮ বিলিয়ন) পাঠিয়েছিলেন প্রবাসীরা। যার মধ্যে সবচেয়ে বেশি ৪০ কোটি ৭৫ লাখ ডলার এসেছিল যুক্তরাষ্ট্র থেকে। দ্বিতীয় সর্বোচ্চ ২৭ কোটি ৩৪ লাখ ডলার আসে যুক্তরাজ্য থেকে। সৌদি আরব থেকে এসেছিল ২৭ কোটি ডলার। আরব আমিরাত থেকে আসে ২৪ কোটি ৯৫ লাখ ডলার। সব মিলিয়ে চলতি ২০২৪-২৫ অর্থবছরের প্রথম ৯ মাসে অর্থাৎ জুলাই-মার্চ সময়ে যুক্তরাষ্ট্র থেকে ৩৯৪ কোটি ৬১ লাখ (৩.৯৪ বিলিয়ন) ডলার এসেছে, যা মোট রেমিট্যান্সের ১৮.১১ শতাংশ।

জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর (বিএমইটি) তথ্য অনুযায়ী ১৯৭৬ সাল থেকে গত বছরের ডিসেম্বর পর্যন্ত বাংলাদেশ থেকে কাজের জন্য যত শ্রমিক বিদেশে গেছেন, তার প্রায় ২০ শতাংশ গেছেন সংযুক্ত আরব আমিরাতে। বর্তমানে দেশটিতে ১৫ লাখের মতো প্রবাসী কাজ করছেন। বিএমইটি'র হিসাবে, বাংলাদেশের শীর্ষ শ্রমবাজার সৌদি আরব। ১৯৭৬ সাল থেকে এ পর্যন্ত বাংলাদেশ থেকে রপ্তানি হওয়া শ্রমশক্তির ৩৬ শতাংশই গেছে দেশটিতে। সংখ্যার দিক থেকে যা ৫০ লাখের বেশি।

## ভারতে মুসলিম অধিকার হরণের নতুন ষড়যন্ত্র

২৫ পৃষ্ঠার পর

আরও যেসব গভীর ও দূরগামী প্রভাব পড়তে পারে তার মধ্যে প্রথম কথা হলো-এ বিলের মাধ্যমে ওয়াকফের মূল ধর্মীয় ও সমাজকল্যাণমূলক উদ্দেশ্য ক্ষতিগ্রস্ত হবে। ওয়াকফ সম্পত্তি মৌলিকভাবে মুসলিম সম্প্রদায়ের নিজস্ব উদ্যোগে গঠিত হয়েছে সমাজের পিছিয়ে পড়া মানুষের পাশে দাঁড়ানোর জন্য। দ্বীনের খেদমত করার জন্য। অথচ এ সম্পত্তির নিয়ন্ত্রণ এখন দ্রুত প্রশাসনের হাতে চলে যাচ্ছে, যার ফলে মুসলমানরা এখান থেকে আর আগের মতো সেবা পাবেন না। এতে দ্বীনের বিরাট ক্ষতি হয়ে যাবে।

দ্বিতীয় এ বিলের মাধ্যমে ওয়াকফ সম্পত্তিকে অনেকটাই 'রাজনৈতিক সম্পদ'-এ রূপান্তর করা হতে পারে, যা সরকারি স্বার্থে ব্যবহারের ঝুঁকি বহন করে। এতে ধর্মনিরপেক্ষ রাষ্ট্রব্যবস্থার নীতি ক্ষতিগ্রস্ত হয় এবং সংখ্যালঘু সম্প্রদায়ের মধ্যে নিরাপত্তাহীনতা ও অবিশ্বাস বাড়ে।

তৃতীয়ত এ বিল ওয়াকফ সম্পত্তির ডিজিটাল রেকর্ড ও দখলমুক্তকরণ নিয়ে কথা বললেও, বাস্তবে অনেক জায়গায় এর অপপ্রয়োগের সম্ভাবনা রয়েছে। আপনি জেনে থাকবেন, কিছু রাজ্যে ওয়াকফ সম্পত্তি পুনর্দখলের নামে মুসলিম ধর্মীয় প্রতিষ্ঠান বা ব্যক্তির ওপর প্রশাসনিক চাপ দেওয়া হচ্ছে। শতশত মসজিদ-মাদ্রাসা ভেঙে ফেলা হচ্ছে। এতে মুসলিমদের অধিকার এবং তাদের ঐতিহাসিক সাংস্কৃতিক পরিচয় ক্ষুণ্ন হবে। সর্বোপরি, ওয়াকফ সংশোধনী বিলটি সংখ্যালঘু মুসলিমদের জন্য শুধু একটি আইনগত পরিবর্তন নয়, বরং এটি তাদের পরিচিতি, অধিকার এবং ভবিষ্যৎ সামাজিক নিরাপত্তার ওপর একটি বড় প্রশ্নচিহ্ন তৈরি করছে। আমি বলব, ওয়াকফ সম্পত্তি সঠিকভাবে ব্যবস্থাপিত হোক, দুর্নীতি বন্ধ হোক কিন্তু সেটা স্থানীয় মুসলিমদের সক্রিয় অংশগ্রহণ এবং স্বতন্ত্র বোর্ডের নিরপেক্ষতা বজায় রেখেই হোক, প্রশাসনের একচেটিয়া নিয়ন্ত্রণে নয়।

-বাংলাদেশসহ ভারতজুড়ে এ বিল বাতিলের বিরুদ্ধে প্রতিবাদ হচ্ছে। আপনি মনে করেন, এ প্রতিবাদগুলো সফল হবে?

মাওলানা মহিউদ্দিন ইকরাম : বাংলাদেশসহ ভারতজুড়ে ওয়াকফ সংশোধনী বিলের বিরুদ্ধে যেসব প্রতিবাদ হচ্ছে, তা নিঃসন্দেহে গুরুত্বপূর্ণ। এ প্রতিবাদগুলো শুধু একটি আইন সংশোধনের বিরুদ্ধেই নয়, বরং ধর্মীয় স্বাধীনতা, সংখ্যালঘু অধিকারের সুরক্ষা এবং শতশত বছর থেকে চলে আসা ওয়াকফ আইনের প্রতি সম্মান রক্ষার আন্দোলনও বটে। ভারত একটি গণতান্ত্রিক দেশ যেখানে প্রতিবাদ ও মতপ্রকাশ সাংবিধানিক অধিকার। অতীতেও আমরা দেখেছি, মুসলমানদের শান্তিপূর্ণ ও সংগঠিত বহু আন্দোলন নীতিগত পরিবর্তনে ভূমিকা রেখেছে। সুতরাং এ প্রতিবাদগুলো বৃথা যাবে না ইনশাআল্লাহ। সবচেয়ে বড় কথা, এ প্রতিবাদের মধ্যে মুসলিম সমাজের আত্মপরিচয়, নিরাপত্তা ও সাংস্কৃতিক ঐতিহ্য রক্ষার একটি সম্মিলিত আহ্বান রয়েছে যা অবহেলা করা কারও জন্যই কল্যাণকর হবে না।

- এ বিষয়ে বাংলাদেশসহ বিশ্বের মুসলমানদের করণীয় কী?

মাওলানা মহিউদ্দিন ইকরাম : আমাদের উচিত ভারতের মুসলিম ভাইদের প্রতি সংহতি জানানো। শান্তিপূর্ণভাবে তাদের দাবির সঙ্গে একাত্ম হওয়া, নৈতিক সমর্থন দেওয়া, আন্তর্জাতিক প্ল্যাটফর্মে আলোচনা চালিয়ে যাওয়া। কূটনৈতিক পর্যায়ে আওয়াজ তোলা দরকার। দোয়া, মানববন্ধন, প্রতিবাদ যা করা সম্ভব তা করতে হবে। এতে গঠনমূলক সমমর্মিতার বার্তা যাবে।

- সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষায় রাজনৈতিক নেতাদের কী ভূমিকা থাকা উচিত?

মাওলানা মহিউদ্দিন ইকরাম : সব ধর্মের প্রতি শ্রদ্ধা ও সমতা নিশ্চিত করা রাজনীতিকদের দায়িত্ব। কিন্তু দুঃখজনকভাবে অনেকেই আজ উল্টো পথে হাঁটছেন।

-ওয়াকফ শব্দটির ইসলামি ধারণা কী? একজন সাধারণ মুসলিমের জন্য এর গুরুত্ব আপনি কীভাবে ব্যাখ্যা করবেন?

মাওলানা মহিউদ্দিন ইকরাম : ইসলামি শরিয়াহ অনুযায়ী, 'ওয়াকফ' হলো কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান আল্লাহর সন্তুষ্টির জন্য স্থায়ীভাবে তার মালিকানাধীন সম্পদ দান করে দেওয়া যার মুনাফা সমাজের প্রয়োজনীয় খাতে ব্যয় হয়, কিন্তু মূল সম্পদটি বিক্রি, উত্তরাধিকার বা বদলযোগ্য নয়। ওয়াকফ অর্থই হচ্ছে 'অবরুদ্ধ করা' বা 'বন্ধ রাখা', অর্থাৎ সম্পদটির মালিকানা আর নিজের নয়, বরং তা এখন আল্লাহর পথে নির্ধারিত। ইতিহাসে আছে নবি করিম (সা.) স্বয়ং সাহাবিদের ওয়াকফ করতে উৎসাহ দিয়েছেন। হজরত উমর (রা.) তার একটি জমি ওয়াকফ করেন এবং নবিজি (সা.) বলেন, 'মূল সম্পদ রাখা হবে এবং এর ফল সমাজে বিতরণ করা হবে।' (সহিহ মুসলিম)।

-আপনার মতে, বর্তমান বাংলাদেশে ওয়াকফ প্রথা কতটা সচল বা জীবন্ত? বাস্তব প্রয়োগে এর বাধাগুলো কী?

মাওলানা মহিউদ্দিন ইকরাম : বাংলাদেশে ওয়াকফ সম্পত্তি নিয়ে বাহ্যিক কোনো সমস্যা না থাকলেও এর কার্যকারিতা ব্যাহত হচ্ছে দুর্নীতি, প্রশাসনিক জটিলতা ও সচেতনতার অভাবে। এ প্রথা যদি সঠিকভাবে ব্যবস্থাপিত হয়, তবে এটি হতে পারে দারিদ্র্য বিমোচন ও সামাজিক ন্যায়ের এক বিশাল শক্তি।

-আমাদের সময় দেওয়ার জন্য ধন্যবাদ।

মাওলানা মহিউদ্দিন ইকরাম : আপনাকেও ধন্যবাদ।




Personal Injuries & Death Claims
Car Accidents and Medical Mal Practice
Divorce, Family Matters and Domestic Violence
Real Estate and Business Closing
Foreclosure proceedings
Bankruptcy
All Civil Matters
Wills, Trust and Estate Planning
All Criminal Matters
All Immigration Matters

MD Golam Mostofa, ESQ.
NY State Attorney
LL. B Honors (1st Class) & LL.M (1st Class), Bangladesh.
Barrister-At-Law, London.
Attorney-At-Law, NY.

Address:
Queens: 148-45 Hillside Ave, Jamaica, NY 11435
Long Island: 405 Elm Dr, Roslyn, NY 11576

Phone# 718-487-4873, Cell: 917-285-6247(Text) Email: abmostofa1@gmail.com

আমরাই একমাত্র
যারা সর্বোচ্চ সুবিধার
নির্ভরযোগ্য
নিশ্চয়তা
প্রদান করি



ZAM ZAM
TRAVEL US

আমাদের সার্ভিস সমূহ

- এয়ার টিকেটিং
- হজ্ প্যাকেজ সার্ভিস প্রোভাইডার
- হোটেল বুকিং
- ভিসা প্রোসেসিং
- ওমরাহ্ প্যাকেজ সার্ভিস প্রোভাইডার

কেন আমাদের সার্ভিস নিবেন?

- ✓ বিশেষজ্ঞ দল
- ✓ যাচাইকৃত ভিসা চেকলিস্ট
- ✓ প্রিমিয়াম সহায়তা
- ✓ নিখুঁত ভিসা আবেদন পরিষেবা

ZAM ZAM TRAVEL US
in a Partnership with
إثراء الخير
ITHRAA ALKHAIR

এয়ার লাইন সমূহ

السعودية SAUDIA
QATAR AIRWAYS القطرية
Emirates
TURKISH AIRLINES

ঢাকা অফিস
+88 017 1133 6292
Tropical Mollah Tower
Shop no: 08 (4th Floor), Progoti Sharoni
Middle Badda, Dhaka 1212, Bangladesh

নিউইয়র্ক অফিস
+1 718 395 9697
37-15 73 Street (Suite-207),
Jackson Heights, NY-11372
zamzamtravelus

www.zamzamtravelus.com
zamzamtravelus@gmail.com

## তাওহীদ হৃদয়ের নিষেধাজ্ঞা বিতর্ক নিয়ে মুখ খুললেন ফাহিম

৫২ পৃষ্ঠার পর

পরিচালক নাজমুল আবেদিন ফাহিম।

আবাহনীর বিপক্ষে ম্যাচে শৃঙ্খলাভঙ্গের কারণে তাওহীদ হৃদয়কে দুই ম্যাচ নিষিদ্ধ করা হয়েছিল। নিয়ম অনুযায়ী, সেই দুই ম্যাচে তার মাঠে নামার সুযোগ ছিল না। কিন্তু বিস্ময়করভাবে তিনি এক ম্যাচ পরই আবার খেলে ফেলেন। নিয়মের বাইরে গিয়ে বিসিবি আম্পায়ার্স কমিটি সিদ্ধান্ত নেয় তাকে খেলতে দেওয়ার—যদিও এখতিয়ার তাদের ছিল না।

বিষয়টি নিয়ে বৃহস্পতিবার (২৪ এপ্রিল) নাজমুল আবেদীন ফাহিম বলেন, 'আমরা প্রক্রিয়ার কিছুটা বাইরে চলে গিয়েছিলাম। যারা পরিবর্তন করে যে সিদ্ধান্ত নিয়েছিল, সেটা করার এখতিয়ার এই কমিটির নেই। দুর্ভাগ্যবশত পূর্বের একটা সিদ্ধান্তের কারণে যাকে দুটো ম্যাচ নিষিদ্ধ করা হয়েছিল, তাকে এক ম্যাচ পর খেলার সুযোগ দেওয়া হয়েছে।'

তিনি আরও জানান, আগের সিদ্ধান্ত ফিরিয়ে আনা না গেলেও ভবিষ্যতে যেন এমন না হয়, সেজন্য পুরনো নিয়মে ফিরে যাওয়ার প্রয়োজন রয়েছে। 'পূর্বে আমরা যে পরিবর্তন করেছি, সেটাকে বাদ দিয়ে আগের নিয়ম বহাল করতে হবে। সেই ধারাবাহিকতায় পরবর্তী ম্যাচে তাওহীদ হৃদয় খেলতে পারবে না।'

এই ঘটনাকে কেন্দ্র করে ক্রিকেট মহলে প্রশ্ন উঠেছে—শৃঙ্খলা রক্ষা ও নিয়মের প্রয়োগ কি শুধু কাগজে-কলমে সীমাবদ্ধ? একজন খেলোয়াড়ের জন্য নিয়ম ভেঙে সিদ্ধান্ত নিলে, তা লিগের স্বচ্ছতা ও প্রতিযোগিতার ন্যায্যতা কতটা বজায় থাকে? তাওহীদ হৃদয় নিজে এই বিতর্ক নিয়ে এখনো প্রকাশ্যে কিছু বলেননি। এখন দেখার বিষয়, তাওহীদের মতো উদীয়মান খেলোয়াড়দের ঘিরে আর কোনো বিতর্ক উঠে কি নাএবং বিসিবি তা কিভাবে সামলায়।

## নেতৃত্বশূন্য পাকিস্তানের ভবিষ্যৎ কী

৬ পৃষ্ঠার পর

বর্তমান সময়ের যোগাযোগনির্ভর জগতে জনগণের সঙ্গে সম্পর্ক গড়ে তোলার মতো দক্ষতাও তাঁদের মধ্যে অনুপস্থিত। হেনরি কিসিঞ্জার লিখেছিলেন, 'সাধারণ নেতারা বর্তমান সামলান; কিন্তু মহান নেতারা সমাজকে নিয়ে যান স্বপ্নের দিকে।' দরকার এমন নেতৃত্ব, যাঁরা সাহস করে পুরোনো ব্যর্থতার শৃঙ্খল ছিন্ন করে দেশকে নিয়ে যাবেন একটি আশাবাদী ভবিষ্যতের দিকে।

লেখক: মালিহা লোধি যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য ও জাতিসংঘে পাকিস্তানের সাবেক রাষ্ট্রদূত।

## ঢাকায় হামজার অভিষেক

৫২ পৃষ্ঠার পর

নিয়ে এখনই অনেকে জানতে চাইছেন। আমরা সেভাবেই প্রস্তুতি নিচ্ছি।'

সভা শেষে আরামবাগ ক্লাবের সভাপতি আক্তওয়ার আকিরাল ম্যাচ ও মাঠ নিয়ে বলেছেন, 'আমরা সমর্থকদের মাঠে ফেরাতে চাই। সমর্থকরা যেন মাঠে এসে খেলা দেখতে পারেন এজন্য আজ স্টেডিয়ামের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেছি। জাতীয় ক্রীড়া পরিষদও আমাদের সহায়তা করছে।'

বাফুফেও অনলাইনে টিকিট বিক্রি করতে চাইছে। আক্তওয়ার বলেছেন, 'আমরা অনলাইনে টিকিট বিক্রি করবো। টিকিটের দাম কত হবে সেটা মার্কেটিং কমিটি ও ফেডারেশনের সঙ্গে আলোচনা করে চূড়ান্ত হবে। পরবর্তীতে ফেডারেশনই আনুষ্ঠানিকভাবে প্রকাশ করবে।'

টিকিটের দাম ঠিক হয়নি। আসন বিন্যাস ও দাম নিয়ে তিনি বলেন, 'গ্যালারির (সাধারণ) জন্য আমরা ১৮ হাজার ৩০০ টিকিট বিক্রি করবো। এছাড়া অন্য ক্যাটাগরি থাকবে। কোন ক্যাটাগরির টিকিট কত সেটা সব বিবেচনা করেই করা হবে। সমর্থকরা যেন খেলা দেখতে আসতে পারেন এবং টিকিটের মাধ্যমে বাফুফের আয়ও হয়, দুই দিকই বিবেচনা করা হবে।'

১০ জুন ম্যাচের আগে বাফুফে সমর্থকদের জন্য সুন্দর পরিবেশ উপহার দিতে পারবে কিনা এ নিয়ে কম্পিটিশন কমিটির সদস্য বলেন, 'আজকের দিন পর্যন্ত যা আছে ঠিক আছে। আমরা সপ্তাহে সপ্তাহে সভায় বসবো এবং পর্যবেক্ষণ করবো। সমর্থকদের জন্য আমরা ভালো পরিবেশ দেওয়ার সর্বাত্মক চেষ্টা করবো। এজন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে।'

## বিশ্বকাপ নিশ্চিত করে র‍্যাঙ্কিংয়ে উন্নতি নাহিদা-মারুফাদের

৫২ পৃষ্ঠার পর

আক্তার। বিশ্বকাপের বাছাইয়ে আয়ারল্যান্ডের বিপক্ষে অসাধারণ পারফরম্যান্স করেছেন নাহিদা আক্তার। তবে বোলিংয়ে ছিলেন বেশি উজ্জ্বল। ৪ উইকেট নিয়ে র‍্যাঙ্কিংয়ে ২ ধাপ এগিয়ে উঠেছেন ১০ নম্বরে। তার রেটিং পয়েন্ট এখন ৬১৮, যা তার ক্যারিয়ার সর্বোচ্চ।

বাছাইপর্বে ৬ উইকেট নিয়ে র‍্যাঙ্কিংয়ে ২২ নম্বরে উঠেছেন রাবেয়া খান। তার রেটিং পয়েন্ট এখন ৫১২। পয়েন্ট এবং র‍্যাঙ্কিং, দুটোতেই নিজের ক্যারিয়ার সেরা অবস্থানে আছেন এই স্পিনার। লেগ স্পিনার ফাহিমা ২ ধাপ এগিয়ে উঠেছেন ৪৬ নম্বরে। মারুফা ১১ ধাপ এগিয়ে ৪৯ নম্বর র‍্যাঙ্কিংয়ে উঠেছেন। তারও রেটিং পয়েন্ট ক্যারিয়ার সর্বোচ্চ ৩৯২। মারুফার উন্নতি হয়েছে ব্যাটিংয়েও। ৬ ধাপ এগিয়ে ৮৫ নম্বরে উঠেছেন এই পেসার।

ব্যাটিংয়ে ধারাবাহিকতা দেখিয়ে ৮ ধাপ এগিয়েছেন শারমিন আক্তার। ৫৫৫ রেটিং পয়েন্ট নিয়ে ২১ নম্বরে আছেন তিনি। বাছাইপর্বে দ্বিতীয় সর্বোচ্চ ২৬৬ রান করেছেন এই ব্যাটার। টুর্নামেন্টের শুরুতে ব্যাট হাতে দাপট দেখিয়েছিলেন বাংলাদেশ অধিনায়ক নিগার সুলতানা। তবে শেষদিকে তেমন হাসেনি তার ব্যাট। আর তাই দুই ধাপ পিছিয়ে ১৯ নম্বরে নেমেছেন টাইগ্রেস অধিনায়ক। আরেক ব্যাটার রিতু মনি ১৫ ধাপ এগিয়ে উঠেছেন ৭৩ নম্বরে।

## অবৈধ বাংলাদেশিদের চার্টার্ড ফ্লাইটে দেশে ফেরত

৬২ পৃষ্ঠার পর

জন পুরুষ ও একজন নারী। এসব ব্যক্তি অভিবাসন-সংক্রান্ত মামলায় হেরে যাওয়ার পরও অবৈধভাবে যুক্তরাষ্ট্রে অবস্থান করছিলেন। কেউ কেউ সেখানে বিভিন্ন মামলায় সাজাপ্রাপ্তও হয়েছেন। যুক্তরাষ্ট্রের নিরাপত্তা বিভাগের প্রতিনিধিরা বিশেষ নিরাপত্তায় তাদেরকে দেশে পৌঁছে দিয়ে গেছেন। সর্বশেষ গত ১৯ এপ্রিল যুক্তরাষ্ট্র থেকে একটি চার্টার্ড ফ্লাইটে বাংলাদেশিদের দেশে পাঠানো হয়েছে। দেশে ফেরত পাঠানো প্রতিটি ব্যক্তির তথ্য যুক্তরাষ্ট্র থেকে বাংলাদেশ সরকারকে আগেই অবহিত করা হয়েছে বলে জানা গেছে। ফিরিয়ে আনার প্রক্রিয়ায় যুক্ত রয়েছে পুলিশের বিশেষ শাখা, স্বরাষ্ট্র ও পররাষ্ট্র মন্ত্রণালয়।

উল্লেখ্য, ট্রাম্প প্রশাসনের নীতিমালার আওতায় অবৈধ অভিবাসীদের নিজ নিজ দেশে ফেরত পাঠানো হচ্ছে। এই প্রথম বাংলাদেশি নাগরিকদের ফেরত পাঠানোর তথ্য আনুষ্ঠানিকভাবে প্রকাশ করা হয়েছে। বাংলাদেশ সরকারের পক্ষ থেকে যুক্তরাষ্ট্র সরকারের প্রতি অনুরোধ জানানো হয়েছিল অবৈধ বাংলাদেশিদেরকে ভারত বা এল সালভাদরের নাগরিকদের মতো হাত বেঁধে না পাঠানো হয়। এই অনুরোধ যুক্তরাষ্ট্র সরকার রক্ষা করেছে বলে মনে করা হচ্ছে।

## অবশেষে পিছিয়ে গেল সাফ চ্যাম্পিয়নশিপ

৫২ পৃষ্ঠার পর

অপেক্ষা করতে হবে।

সাফ বিবৃতি দিলেও এ নিয়ে সদস্য দেশগুলো এখনও আনুষ্ঠানিকভাবে কিছু জানে না। অফিসিয়ালি জানানো হয়নি বাংলাদেশকেও। এ সম্পর্কে বাংলাদেশ ফুটবল ফেডারেশনের (বাফুফে) সাধারণ সম্পাদক ইমরান হোসেন তুষার মিডিয়াকে বলেছেন, 'আমরা গণমাধ্যমে দেখেছি ও সাফের ওয়েবসাইটে দেখেছি। এখনো আনুষ্ঠানিকভাবে সাফ থেকে কিছু জানানো হয়নি। আমাদের পরিকল্পনা ছিল জুনে সাফে খেলব।'

গেল মার্চে বাংলাদেশের জার্সিতে হামজা চৌধুরীর অভিষেকের পর সাফ নিয়ে এ দেশের ফুটবলামোদিদের মাঝে কৌতূহল ছিল। ভেলাভুক্ত সাফ চ্যাম্পিয়নশিপে বাংলাদেশ উজ্জীবিত নৈপুণ্য দেখানোর পর ফুটবলামোদিদের কৌতূহল এমনিতেই বেশি ছিল। দলে হামজা যুক্ত হয়েছেন, লাল-সবুজ জার্সিতে খেলার কথা সামিত সোমের। কিউবা মিচেলও বাংলাদেশের হয়ে খেলার বিষয়ে আগ্রহী। এদিকে কুইন সুলিভান ও কাজন সুলিভানকে নিয়েও গুঞ্জন শোনা যাচ্ছে। ধারনা করা হচ্ছে আগামি জুনের মধ্যে একাধিক ফুটবলারের বাংলাদেশের হয়ে খেলার বিষয় নিশ্চিত হবে। এ অবস্থায় সাফ চ্যাম্পিয়নশীপ নিয়ে আশাবাদী ছিলেন বাংলাদেশের ফুটবল সংশ্লিষ্টরা।

## বাংলাদেশি কানাডিয়ান ইয়ুথদের নিয়ে টরন্টোয় কর্মশালা

৩ পৃষ্ঠার পর

বিচ্ছিন্নতা, সহপাঠীদের চাপ, ভাষাগত প্রতিবন্ধকতা এবং খেলাধুলার জন্য পর্যাপ্ত জায়গার অভাব। এছাড়াও, খারাপ প্যারেন্টিং, অতিরিক্ত নিয়ন্ত্রণ এবং অন্য কমিউনিটির বন্ধুদের সঙ্গে মেলামেশায় বাধার বিষয়গুলোও গুরুত্ব সহকারে আলোচিত হয়।

এই চ্যালেঞ্জগুলো মোকাবেলার লক্ষ্যে বিআইইএন একটি নতুন উদ্যোগের প্রস্তাব করে- নেক্সট ইয়ুথ কাউন্সিল (বিওয়াইসি), যা সম্পূর্ণরূপে ইয়ুথদের নেতৃত্বে পরিচালিত হবে। এই উদ্যোগের মূল লক্ষ্যসমূহ হলো: কানাডায় বাংলাদেশি ইয়ুথদের মধ্যে একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলা, বিশেষ করে নতুন অভিবাসী ও শিক্ষার্থীদের মাঝে সামাজিক বিচ্ছিন্নতা কমানো, সাংস্কৃতিক পরিচয় ও গর্ব জাগ্রত করা, নেতৃত্ব, স্বেচ্ছাসেবা ও সক্রিয় কমিউনিটি অংশগ্রহণে উৎসাহ প্রদান, পারস্পরিক সহায়তা ও মেন্টরশিপের ব্যবস্থা গড়ে তোলা।

কর্মশালাটি পরিচালনা করেন বিআইইএন'র নির্বাহী পরিচালক ইমাম উদ্দিন, উদ্বোধনী বক্তব্য প্রদান করেন প্রতিষ্ঠানটির পরিচালক মোস্তফা আকন্দ। অনুষ্ঠানটির আয়োজন ও সমন্বয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন বিআইইএন-এর প্লেসমেন্ট স্টুডেন্ট শোয়েব খান।

## নিউইয়র্কে কুমিল্লা সোসাইটি অব ইউএসএ'র শপথ গ্রহণ

৩ পৃষ্ঠার পর

স্মরণ করে শুভকামনা জানান।

শপথ গ্রহণ শেষে নব নির্বাচিত সভাপতি জাকির হোসেন এবং নব নির্বাচিত সাধারণ সম্পাদক রিপন সরকার দেশ ও প্রবাসে কুমিল্লাবাসীর কল্যাণে কাজ করার অঙ্গীকার ব্যক্ত করে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।

অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বৃহত্তর নাঙ্গলকোট সমিতির সাবেক সভাপতি ইয়ার আহমেদ পাটোয়ারী, কুমিল্লা সোসাইটি অব নর্থ আমেরিকার সাবেক সভাপতি প্রফেসর মনির খাঁন, বৃহত্তর কুমিল্লা সমিতির সাবেক সিনিয়র সহ-সভাপতি মিয়া মোহাম্মদ দুলাল, বীর মুক্তিযোদ্ধা মনজুর আহমেদ, বীর মুক্তিযোদ্ধা আব্দুস সালাম, বীর মুক্তিযোদ্ধা আব্দুর রউফ, বীর মুক্তিযোদ্ধা জাফর আহমেদ, বীর মুক্তিযোদ্ধা জাহাঙ্গীর আলম, বীর মুক্তিযোদ্ধা এম এ সাত্তার, কাদেরিয়া বাহিনীর লিয়াকত আলী, আতিকুর রহমান, ইকরাম হোসাইন, কামাল হোসেন, বিপুল, প্রফেসর সানাউল্লাহ, আব্দুল মজিদ, স্বপন মাহীর সহ কমিউনিটির গণ্যমান্য ব্যক্তিবর্গ। অনুষ্ঠানে কুমিল্লাবাসীসহ নিউইয়র্কের নানা শ্রেণী-পেশার বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশি উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সংগঠনের সিনিয়র সহ-সভাপতি মাস্টার সিরাজুল ইসলামের মায়ের রুহের মাগফেরাত কামনায় বিশেষ দোয়া করা হয়।

নতুন কমিটিকে শুভেচ্ছা জানিয়ে বক্তব্য রাখেন অতিথি ও কার্যকরি কমিটির সাবেক সদস্যরা।


সিলেট ট্রাভেলস্ এন্ড ট্যুরস্
SYLHET TRAVELS & TOURS

জবহেল্প এন্ড এপ্লিকেশন প্রসেসিং সার্ভিসেস
JOB HELP & APPLICATION PROCESSING SERVICES

বাংলাদেশসহ পৃথিবীর যেকোন দেশে ভ্রমণের জন্য আপনি আপনার টিকেট সংগ্রহ করতে পারেন।

Emirates QATAR ETIHAD SAUDIA American Airlines



ওমরাহ্ ভিসা ও টিকেটের জন্য বিশ্বস্থ প্রতিষ্ঠান

আমেরিকার যেকোন জায়গায় ট্যুরের জন্য আপনার টিকেট সংগ্রহ করুনঃ
(৫০০ এর অধিক স্থানে)

১) নায়াগ্রা ফলস্ ........ ২ দিন/৩ দিন/৫ দিন
২) ওয়াশিংটন ডিসি (চেরি ব্লুজম) ........ ১ দিন
৩) পেনসিলভেনিয়া (আমিষ গ্রাম) ........ ১ দিন
৪) নিউইয়র্ক সাইটসিং ........ ১ দিন
৫) মেট্রোপলিটান মিউজিয়াম ........ ১ দিন

Call: 862-262-6116

জবহেল্প ট্রেনিং প্রোগ্রাম

পোস্টাল জব (USPS) একটি ফেডারেল জব
ট্রেনিংঃ রবিবার-বৃহস্পতিবারঃ সকাল ১০টা-বিকাল ৩টা

ট্রাফিক এনফোর্সমেন্ট এজেন্ট (NYPD)
ট্রেনিংঃ প্রতি রবিবার, দুপুর ১২টা-বিকাল ২টা

৬ ঘন্টা ডি.ডি.সি ক্লাস (Defensive Driving Course)
ট্রেনিংঃ শনিবার-বৃহস্পতিবারঃ দুপুর ১২টা-সন্ধ্যা ৬টা

বেসিক কম্পিউটার কোর্স
প্রতি শনিবার বেলা ১:০০ থেকে ২:০০ পর্যন্ত

গ্রীষ্মকালীন ট্যুর / ট্রাভেলস ২০২৪
(১) ১ দিনের ট্যুর - ম্যানহাটন সিটিবাস (২) ফেলাডেলফিয়া চেরিব্লজম
(৩) ওয়াসিংটন ডিসি চেরিব্লজম (৪) নায়াগ্রাফলস / ওয়াসিংটন ডিসি ২ দিনের ট্যুর

| সরকারি জব | বেসরকারি জব | এপ্লিকেশন প্রসেসিং |
|---|---|---|
| ১. পোস্টাল জব | ১. কাস্টমার সার্ভিস | ১. নিউ পাসপোর্ট/নবায়ন |
| ২. সিটি জব | ২. অফিস অ্যাডমিন | ২. ডুয়েল সিটিজেনশীপ |
| ৩. সিভিল সার্ভিস জব | ৩. ম্যানুফ্যাকচারিং জব | ৩. পাসপোর্ট কারেকশন |
| ৪. ইউ.এস.এ জব | ৪. ডেলিভারি জব | ৪. ফুড স্ট্যাম্প |
| ৫. এম.টি.এ জব | ৫. রেস্টুরেন্ট জব | ৫. NYC হাউজিং/এফোর্ডেবল |
| ৬. আই.টি ইঞ্জিনিয়ার | ৬. ট্রান্সপোর্টেশন জব | ৬. রেজুমি/কভার লেটার |

MD. ALI B.Sc., LL.B.
Rtd. Govt. Officer Bangladesh



Cell: 917-500-3937 | Phone/Fax: 917-300-6160
148-45 Hillside Ave, Suite # 203A, Jamaica, NY 11435
'F' Train or Bus: Q20A, Q20B, Q40, Q43, Q44 to Sutphin Blvd

## মাথায় উকুন হলে কী করবেন

২২ পৃষ্ঠার পর

শুকাতে হবে। সম্ভব হলে ইস্ত্রি করতে হবে। যেসব কাপড় ধোয়া যাবে না (নন্‌ওয়াশেবল), তা ড্রাইওয়াশ করা বা প্লাস্টিকের ব্যাগে সিল করে শুষ্ক জায়গায় দুই সপ্তাহের জন্য রেখে দিতে হবে।
ব্যবহার করা চিরুনি, ব্রাশ গরম পানিতে ৫ থেকে ১০ মিনিট ভিজিয়ে ধুয়ে ফেলতে হবে।
অবশ্যই উকুন নির্মূলের জন্য পরিবারের সবাইকে (একাধিক ব্যক্তি আক্রান্ত হলে) একসঙ্গে চিকিৎসা নেওয়া এবং সঠিক নিয়ম মেনে চলতে হবে।
লেখক: সহকারী রেজিস্ট্রার, চর্ম ও যৌন রোগ বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল।

## পাচারের টাকা ফেরাতে ল ফার্ম নিয়োগ হবে

৬৪ পৃষ্ঠার পর

পারে। এক্ষেত্রে তাদের পরিচয় গোপন রাখা হবে। তথ্য যাচাই করে ওই অর্থ উদ্ধারে প্রবাসে ল' ফার্ম নিয়োগ করা হবে। ফেরত পাওয়া অর্থ থেকেই ফার্মগুলোকে কমিশন দেওয়া হবে।
গত ১৯ এপ্রিল নিউইয়র্কস্থ বাংলাদেশ কনস্যুলেটে প্রবাসী বাংলাদেশিদের সঙ্গে এক মতবিনিময় সভায় বাংলাদেশ ব্যাংকের গভর্নর এসব কথা বলেন। এ সময় ডেপুটি গভর্নর হাবিবুর রহমান উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন কনসাল জেনারেল নাজমুল হুদা।
বাংলাদেশ সোসাইটির সাবেক সভাপতি আব্দুর রব মিয়া, বিএনপি নেতা গিয়াস আহমেদ, গিয়াস উদ্দীন, বাগ প্রেসিডেন্ট জয়নাল আবেদীন, বীর মুক্তিযোদ্ধা আব্দুল মুকিত চৌধুরী, অ্যাটর্নি মিজানুর রহমান, লেখক সাঈদ তারেক, জেবিবিএর সাধারণ সম্পাদক ফাহাদ সোলায়মান, সাপ্তাহিক বাংলাদেশ সম্পাদক ওয়াহেদ এ খান, টাইম টিভির প্রেসিডেন্ট আবু তাহের, আব্দুল সবুর, আহমেদ সোহেলসহ মতবিনিময় সভায় প্রবাসী বাংলাদেশি সাংবাদিক, ব্যবসায়ী, রেমিটার, বিজনেসম্যান ও বিভিন্ন দলের রাজনৈতিক নেতারা উপস্থিত ছিলেন।
অনুষ্ঠানে গভর্নর বলেন, পাচারকৃত অর্থ উদ্ধারে নানা পদক্ষেপ নেয়া হয়েছে, হচ্ছে। টাস্কফোর্স গঠন করা হয়েছে। ব্রিটিশ সরকারসহ বিভিন্ন দেশের সরকারের সঙ্গে যোগাযোগ করা হচ্ছে। অনেকেই সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছেন। কুটনৈতিক ভাবে কাজ চলছে। টাকা পাচারের সঙ্গে জড়িত কয়েকশ ব্যক্তিকে চিহ্নিত করা হয়েছে। তাদের বিষয়ে ল ফার্মকে হায়ার করছি। ফার্মগুলোকে আমরা তথ্য দিব। তারা যদি অর্থ আদায় করতে পারে তার নির্দিষ্ট একটা অংশ তাদের দেয়া হবে। প্রবাসীরা সহায়তা করলে আমেরিকাতে আশ্রয় নেওয়া পাচারকারীদের অর্থ আদায়েও পদক্ষেপ নেওয়া হবে।
তিনি বলেন, 'বাংলাদেশে রাজনৈতিক বিবেচনায় আর কোন নতুন ব্যাংক হবে না। অতীতে তা করতে গিয়ে ব্যাংক খাত ধ্বংস করা হয়েছে। ভাই, বোন, স্ত্রী ও নেতাদের ব্যাংকের চেয়ারম্যান হবার সংস্কৃতি আর নয়। ব্যাংক যাতে কোন পরিবারের দখলে থাকতে না পারে সে বিষয়ে আইন পরিবর্তন করা হচ্ছে। কোন রাজনীতিবিদ বা তাদের সদস্যরা শুধুমাত্র ও রাজনৈতিক পরিচয়ে ব্যাংকের মালিক হবেন তা আমি গভর্নর থাকা অবস্থায় তা হতে দেবো না।'
তিনি বলেন, সব ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক পলিসি তৈরি করছে। শুধু তাই নয় ইনডিপেনডেন্ট ডাইরেক্টর সংখ্যা ৫০/৫০ করা হবে এবং ওই ডাইরেক্টরদের জন্য বাংলাদেশ ব্যাংক প্যানেল তৈরি করবে। আমরা দায়িত্ব নিয়েই ১৪ ব্যাংকের বোর্ড পরিবর্তন করি। বোর্ড ঠিক থাকলে ব্যাংক পরিবর্তন হতে বাধ্য। আর কোনো রাজনৈতিক নিয়োগ দেওয়া হবে না। সেই সঙ্গে প্রতারণা করে অর্থ নিতেও দেওয়া হবে না। যেভাবে অর্থ নিয়েছে বসুন্ধরা, বেক্সিমকো ও এস আলম গ্রুপ।
রুগ্ন কয়েকটি ব্যাংক প্রসঙ্গে ড.আহসান মনসুর বলেন, 'সেগুলোকে একটা পর্যায়ে নিয়ে গিয়ে আমরা মার্জ করে দেব। তারপর সেগুলোর মালিকানা আমরা প্রবাসী সহ বাংলাদেশের বিভিন্ন শ্রেণীর ব্যক্তি মালিকানায় দেয়া হবে। তবে মালিকানা হস্তান্তর করার আগে ব্যাংকগুলোকে শক্তিশালী করা হবে। কারণ সেগুলো বন্ধ করার দেয়ার চেয়ে মার্জ করে চালু রাখলে সরকারের লোকসান কম হবে। ব্যাংকগুলো বন্ধ হয়ে যাক এটা আমরা চাই না। তা চালু রাখতে সর্বাত্মক চেষ্টা করা হচ্ছে। রুগ্ন ব্যাংক বন্ধ হবে না।
ব্যাংক পরিচালনায় এই সরকারের কোন চাপ আছে কিনা জানতে চাইলে তিনি বলেন, কোনভাবেই না। ব্যাংকগুলো এখন স্বাধীনভাবে কাজ করছে। এই সেক্টরে হরিলুটের খেলা বন্ধ হয়েছে।
এক প্রশ্নের জবাবে গভর্নর বলেন, 'আইএমএফ এর ঋণ ছাড়াও দেশ চলতে পারবে। আইএমএফ এর সঙ্গে আমাদের মতানৈক্য খুব কম বিষয়ে আছে। আইএমএফকে আমি আগে বলেছি ওয়াশিংটনে গিয়েও বলবো, আইএমএফএর টাকার আমাদের খুব একটা দরকার নেই। আমাদের এখন প্রায় ২৬ বিলিয়ন ডলারের মতো রিজার্ভ আছে। এর সঙ্গে হয়তো আর এক বিলিয়ন যোগ হবে। কিন্তু তাদের সঙ্গে আমাদের সম্পর্কটা অন্য জায়গায়। অর্থনৈতিক উন্নয়নে বিভিন্ন বিষয়ে টেকনিক্যাল সাপোর্ট দিচ্ছে, পরামর্শ দিচ্ছে, তাদের জ্ঞান শেয়ার করছে। ব্যাংকগুলো মার্জারের বিষয় তাদের পরামর্শ নিচ্ছি। কারণ এইভাবে একসঙ্গে ৭-৮ টা ব্যাংক মার্জ করার নজির পৃথিবীতে খুব একটা নেই। এক্ষেত্রে তাদের পরামর্শ লাগবেই। ধারাবাহিকতা ও অংশদারিত্বের প্রয়োজনে তাদের অর্থ আমরা নিতে চাই।'
বাজারে প্রচলিত বর্তমান টাকার নোটে কোন পরিবর্তন বা ভারতের মতো ব্যাংক নোট বাতিল করার কোন চিন্তা আছে কি না এমন প্রশ্নের জবাবে গভর্নর বলেন, এটা বিশাল কর্মযজ্ঞ। নতুন নোট ছাপাতেও ১৮ মাস থেকে দুই বছর সময় লাগতে পারে। ভারতের উদাহরণ দিয়ে তিনি জানান, ভারতের তৎকালীন গভর্নর এর বিরোধিতা করলেও রাজনৈতিক কারণে পুরোনো নোট বাতিল করা হয়েছিল, সেখানে সাধারণ মানুষের পাশাপাশি সরকারও বিপদে পড়েছিল। দেশে এটার কোন প্রয়োজন নেই বলেও মনে করেন তিনি।
দায়িত্বে আসার পর থেকে কোনো ধরনের রাজনৈতিক হস্তক্ষেপ এখনো পাননি উল্লেখ করে গভর্নর আহসান এইচ মনসুর জানান, আগামী দিনে কোনো রাজনৈতিক হস্তক্ষেপ পাবেন না এমন আশাবাদ ব্যক্ত করেন তিনি।

## পাক আকাশ বন্ধ : সংকটে ভারতীয় বিমান সংস্থা

৬৪ পৃষ্ঠার পর

ভারতের যে কোনও শহর থেকে পশ্চিমা কোনও দেশে যেতে পাকিস্তানের আকাশ ব্যবহার করা হয়। ওই পথে আন্তর্জাতিক বিমান চালায় এয়ার ইন্ডিয়া, ইন্ডিগো, এয়ার ইন্ডিয়া এক্সপ্রেস এবং স্পাইস জেটের মতো সংস্থা।
কাশ্মীরের পহেলগাঁওয়ে পর্যটকদের উপর জঙ্গি হামলার ঘটনার পর পাকিস্তানের বিরুদ্ধে একাধিক পদক্ষেপ ঘোষণা করে ভারত সরকার। গতকাল বৃহস্পতিবার তারই পাল্টা জবাব হিসেবে পাকিস্তান সরকার আটটি পদক্ষেপের কথা ঘোষণা করেছে। ভারতীয় বিমানসংস্থাগুলির জন্য আকাশসীমা বন্ধ করে দিয়েছে পাকিস্তান। এবার থেকে ভারতের মালিকানাধীন বা ভারতে নিয়ন্ত্রিত কোনও বিমান পাকিস্তানের ওপর দিয়ে যেতে পারবে না। বিমান চলাচলের জন্য পাকিস্তানের আকাশ ভারতকে ব্যবহার করতে দেওয়া হবে না।
এয়ার ইন্ডিয়া, ইন্ডিগো, এয়ার ইন্ডিয়া এক্সপ্রেস এবং স্পাইসজেটের মতো সংস্থার জন্য পাকিস্তানের আকাশসীমা বন্ধ করে দেওয়ার কথা ঘোষণা আসতেই সমস্যার কথা জানিয়েছে তারা। তাদের বক্তব্য, পাকিস্তানের আকাশপথ ব্যবহার করতে না পারলে উত্তর আমেরিকা, ব্রিটেনসহ ইউরোপের বিভিন্ন দেশ এবং পশ্চিম এশিয়ার দিকে বিমান চালাতে সমস্যা হবে। বিকল্প পথে যাত্রার সময়ও হবে দীর্ঘ।
পাকিস্তানের উপর দিয়ে না গেলে উত্তর ভারত থেকে পশ্চিমের দিকে বিমানগুলিকে যেতে হবে আরব সাগরের ওপর দিয়ে। এটিই প্রধান বিকল্প পথ। তবে এ ছাড়াও কয়েকটি বিকল্প খোলা থাকবে ভারতীয় সংস্থাগুলির সামনে। সংবাদ সংস্থা পিটিআই জানিয়েছেন, আমেরিকা এবং ইউরোপের বিমানগুলি বিকল্প পথ ধরলে গন্তব্যে পৌঁছোতে স্বাভাবিকের চেয়ে অন্তত দুই থেকে আড়াই ঘণ্টা বেশি সময় লাগবে। তবে বিভিন্ন সংস্থা বিভিন্ন রকম বিকল্প পথ খুঁজে নিতে পারে। এই সংক্রান্ত তালিকা প্রকাশ করা হলেই যাত্রার সময় সম্পর্কে সঠিক ধারণা পাওয়া যাবে।
আরব সাগর দিয়ে ঘুরে যেতে হলে বাড়তি জ্বালানি খরচ হবে বিমানগুলির। এর ফলে যাত্রার খরচও আগের চেয়ে অনেক বেড়ে যাবে। মনে করা হচ্ছে, পাকিস্তানের সিদ্ধান্তের ফলে ভারতে বিমান ভাড়া ৮ থেকে ১২ শতাংশ বৃদ্ধি পেতে চলেছে। এই পরিস্থিতি যদি দীর্ঘস্থায়ী হয়, তবে আগামী দিনে ভাড়া আরও বাড়তে পারে।
সমস্যা এখানেই শেষ নয়। বেশি দূরত্ব অতিক্রম করতে হলে বিমানগুলিতে আরও বেশি জ্বালানি রাখতে হবে। তার ফলে সাবিকভাবে বিমানের ভারসাম্য বজায় রাখতে হয় যাত্রীসংখ্যা, নয়তো জিনিসপত্রের ওজন কমাতে হবে। যাত্রীসংখ্যা কমিয়ে দিতে হলে বিমানসংস্থাগুলির আয় কমবে। ফলে সেগুলি অর্থনৈতিক চ্যালেঞ্জের মুখোমুখি হতে পারে।

## বাংলা বর্ষবরণে উনবাঙালের ভিন্ন আয়োজন

৬৪ পৃষ্ঠার পর

উদ্বোধন ঘোষণা করেন। সঙ্গে ছিলেন লেখক, সাংবাদিক আনোয়ার হোসেইন মঞ্জু। এই সময়ের বরেণ্য কবি কাজী জহিরুল ইসলাম, উনবাঙালের সভাপতি মুক্তি জহির, বর্ষবরণ উদযাপন কমিটির সমন্বয়ক মুন্না চৌধুরী, পরিবেশ কর্মী সৈয়দ ফজলুর রহমান, নারী উদ্যোক্তা সেলিনা উদ্দিন, কমিউনিটি লিডার আহসান হাবিব, চিকিৎসক মুশফিক চৌধুরী, উনবাঙাল-সভা ব্যবস্থাপনা কমিটির আহ্বায়ক নজরুল ইসলাম, সাংবাদিক ও এক্টিভিস্ট রওশন হক, উনবাঙাল-সঙ্গীত বিভাগের প্রধান সৈয়দ মাসুদুল ইসলাম টুটুল প্রমুখ।
কবি মুনির সিরাজ বলেন, ঢাকায় অনেক বড়ো বড়ো অনুষ্ঠান হয় কিন্তু এই অনুষ্ঠানে যে আন্তরিকতা ও ভালোবাসার স্পর্শ পেলাম তা আর কোথাও পাইনি। কবি কাজী জহিরুল ইসলাম বাংলা নববর্ষের ইতিহাস ব্যাখ্যা করে বলেন, বিভ্রান্ত হবার কোনো সুযোগ নেই যে আজ থেকে ৪৪১ বছর আগে, ১৫৮৪ খ্রিস্টাব্দে, যখন হিজরি সাল ছিল ৯৯১, তখনই বঙ্গাব্দের প্রবর্তন করেন সম্রাট আকবর। ৯৯১ হিজরি সালকেই ৯৯১ বঙ্গাব্দ ধরে সৌর-পঞ্জিকাটি তৈরি করেন সম্রাট আকবরের অনুরোধে পারস্য জ্যোতির্বিদ আমীর ফতেহউল্লাহ সিরাজী। রাজা শশাঙ্কের আমলে এই পঞ্জিকা শুরু হয়েছিল বলে যে বিভ্রান্তি আছে সেটি নিছকই বিভ্রান্তি, ইতিহাসে এর কোনো সত্যতা নেই।
আয়োজনে সকলের জন্য পান্তা-ইলিশ, নানান রকমের পিঠা, পায়েশ, ভর্তা, মিষ্টান্ন, চা, নাশতা ও পান সুপারির ব্যবস্থা ছিল। উনবাঙালের শিল্পীরা ৬টি দলীয় সঙ্গীত ও বেশ কিছু একক সঙ্গীত পরিবেশন করেন। দলীয় সঙ্গীতের মধ্য দিয়েই অনুষ্ঠান শুরু হয়। এই পর্বে অংশ নেন মিতা হোসেন, মুক্তি জহির, নজরুল ইসলাম, মুন্না চৌধুরী, রেণু রোজা, সাঈদা রুনু, নাসির উদ্দিন, চমক ইসলাম, সৈয়দ মাসুদুল ইসলাম টুটুল প্রমুখ। তবলায় সঙ্গত করেন স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের তবলা শিল্পী সেন্টু চৌধুরী।
দলীয় সঙ্গীতের পরেই ছিল কবিতা আবৃত্তি। এতে অংশ নেন আহসান হাবিব, দিমা নেফারতিতি, সুমন শামসুদ্দিন, মুক্তি জহির, মুন্না চৌধুরী, জিএম ফারুক খান, ফরিদা ইয়াসমিন, মোহাম্মদ শাহ্, রাশিদা আক্তার। স্বরচিত কবিতা পাঠ পর্বে অংশ নেন কাজী জহিরুল ইসলাম, শেলী জামান খান, দেওয়ান নাসের রাজা, রেণু রোজা, রওশন হক, সালেহা ইসলাম, মোহাম্মদ নজরুল ইসলাম। কিসসা বলেন গুলশান আরা চৌধুরী এবং কাওসার পারভীন চৌধুরী। পুঁথিপাঠ করেন সৈয়দ রাব্বী। একটি কথিকা পড়ে শোনান ওয়াহেদ হোসেন। লুডু, কুতকুত এবং বাঘবন্দী খেলারও ব্যবস্থা ছিল।
সবচেয়ে আকর্ষণীয় ছিল অনুষ্ঠানস্থলের সাজ-সজ্জা। বাঁশি জাল, বাবুই পাখির বাসা, হুক্কা, হারিকেন, পলো, নানান রকমের মুখোশ ইত্যাদি দিয়ে সাজানো আঙিনাটি যেন হয়ে উঠেছিল বাংলাদেশের কোনো এক নিভৃত গ্রাম। দর্শকদের উদ্দাম নৃত্য এবং মুহুর্মুহু করতালির মধ্যে মরিয়ম একে একে ৬টি গান পরিবেশন করেন। এরপর একক গান করেন সৌমিক, ড. রুমা চৌধুরী, মোহাম্মদ শাহ্, নজরুল ইসলাম, মিতা হোসেন এবং সৈয়দ মাসুদুল ইসলাম টুটুল। উপস্থিত ছিলেন, মানবাধিকার কর্মী কাজী ফৌজিয়া, মুন্না চৌধুরী এবং ড্রামের একদল সদস্য। অনুষ্ঠানে অংশ নিয়ে উচ্ছ্বাস ও সন্তুষ্টি ব্যক্ত করেন সাপ্তাহিক বাংলাদেশ পত্রিকার সম্পাদক ড. ওয়াহেদ খান, ড. ইমরান আনসারী, সাংবাদিক শেখ সিরাজ, মমতাজ খান, কমিউনিটি অ্যাক্টিভিস্ট আল আমিন রাসেল, অধ্যাপক ইমাম চৌধুরী, রাজনৈতিক ব্যক্তিত্ব রীটা রহমান, সালিক খানসহ সমাজের বিশিষ্ট ব্যক্তিবর্গ।


ব্রুকলিনে বাংলাদেশি মালিকানাধীন ২৪ ঘন্টা সেবা প্রদানকারি
সকল ধরনের অটো সার্ভিস প্রতিষ্ঠান




আমাদের সেবাগুলো / Our Services.

* Insppection * Diagnostics * Engine
* Transmission * Brakes * Mechanical
* Auto Body and Collision Repair
* Tire Shop * A/C Work.



আমাদের রয়েছে

* TLC কার, হাইব্রিড, Evs, গাড়ির কাজের অত্যন্ত দক্ষতা সম্পন্ন বিশেষজ্ঞ।
* সকল ধরনের ইন্সুরেন্স গ্রহন করা হয়।
* We Repair and Service all Makes and Models.
* Electrical, Engines Replaced, Transmission Replace.

Contact:
790 Coney Island Ave, Brooklyn, NY 11218.
TLE : 7118-489-8338 / 347-987-5802.

## খাদ্যনালীর সুস্থতার মহা ওষুধ

২২ পৃষ্ঠার পর

ক্রমবর্ধমান সংখ্যক বিস্তৃত গবেষণা থেকে স্পষ্ট হয়ে উঠছে। সেল্যুলার স্তরে রিজেনারেশন শুরু হলে এটি সমস্ত টিস্যু এবং অঙ্গ সিস্টেমকে প্রভাবিত করতে থাকে। ১২-১৬ ঘণ্টার বেশি সময় ধরে উপবাস করলে অটোফ্যাজি ঘটে। অন্ত্রের মাইক্রোঅর্গানিজম অন্ত্রের টিস্যুতে বেশ কিছু উপকারী প্রভাব রয়েছে বলে গবেষণায় দেখা গেছে।
ল্যাকনোস্পাইরেসি নামক খাদ্যনালীর জীবাণু একটি শর্টচেইন ফ্যাটি অ্যাসিড তৈরি করে যার নাম বিউটাইরেট, যা অন্ত্রের স্বাস্থ্যের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে মনে হয়; যেমন বিউটাইরেট ইমিউন সিস্টেমে প্রদাহ-বিরোধী সংকেত পাঠায়, যা ব্যথা এবং অন্ত্রের কর্মহীনতার অন্যান্য উপসর্গ কমাতে সাহায্য করতে পারে। বিউটাইরেট এ ছাড়াও অন্ত্রের ইমিউন ফাংশন উন্নত করে। আপনারা জেনে আশ্চর্যই হবেন যে, আমরা খাদ্য গ্রহণ করে শুধু একাই বেঁচে আছি, তাই নয়। খাবার খাওয়া না খাওয়াতে আমাদের যেমন সুবিধা-অসুবিধা হয় তেমনি খাদ্যনালীতে বসবাস করা ট্রিলিয়ন ট্রিলিয়ন মাইক্রোঅর্গানিজমের জীবনেও ঘটে পরিবর্তন। শরীরের বিভিন্ন জায়গা যেমন, ত্বক, রেসপিরেটরি ট্রাক্ট এবং খাদ্যনালীতে সিমবায়োসিস প্রক্রিয়ায় বসবাস করছে শরীরের কোষ সংখ্যার দশগুণ বেশি মাইক্রোঅর্গানিজম। তবে প্যানক্রিয়াস, ট্রাকিয়া, ব্রঙ্কাই, ব্রঙ্কিওলস, ফুসফুস, খাদ্যনালীর ইসোফেগাস, পাকস্থলী, ক্ষুদ্রান্ত্রের বেশির ভাগ অংশ, লিভার, পিত্তথলি, পেরিটোনিয়াম, মস্তিষ্ক, রক্ত, রক্তনালী, হার্ট ও জয়েন্টসমূহ ইত্যাদি জায়গায় সাধারণ সুস্থ অবস্থায় কোনো মাইক্রোঅর্গানিজম বসবাস করতে পারে না। তারপরও একজন পূর্ণ বয়স্ক মানুষের ওজন গড়ে ৬০-৭০ কেজি অথচ সংখ্যায় অনেকগুণ বেশি মাইক্রো অর্গানিজমগুলোর মোট ওজন গড়ে মাত্র সাড়ে সাত গ্রামের মতো। এই মাইক্রো অর্গানিজমগুলোর বেশির ভাগই আমাদের কাজে লাগে। উপবাসকালীন সময়ে আমরা যেমন স্বাস্থ্যগত সুবিধা পাই, খাদ্যনালীতে বসবাসরত জীবাণুগুলোও চাপে পড়ে অনেক সুবিধা দেয় যেটি অন্য পেটে দিতে পারে না। প্রথমে, আসুন, কেন একটি সুস্থ অন্ত্রের জন্য জীবাণুগুলো এত গুরুত্বপূর্ণ সে সম্পর্কে কথা বলি। যখন আপনার অন্ত্রের জীবাণুগুলো খাদ্যের ফাইবার হজম করে, তখন তারা এমন যৌগ তৈরি করে যা গবেষকরা খাদ্যনালীর কাজ এবং রোগ প্রতিরোধের জন্য গুরুত্বপূর্ণ বলে মনে করছেন। আপনার অন্ত্রের জীবাণুগুলো এমনকি আপনার আবেগ ও জ্ঞানকে প্রভাবিত করে, মস্তিষ্ক এবং পাচনতন্ত্রের মধ্যে সংকেত পাঠায়।
লস অ্যাঞ্জেলেসের সিডারস সিনাইয়ের এফ উইডজাজা ফাউন্ডেশন ইনফ্ল্যামেটরি বাওয়েল অ্যান্ড ইমিউনোবায়োলজি রিসার্চ ইনস্টিটিউটের মাইক্রোবায়োমা গবেষণার পরিচালক সুজন দেবকোটা, পিএইচডি, বলেন, 'আমরা সত্যিই তাদের ওপর নির্ভর করি এবং তাদের প্রয়োজন। তারা আমাদের জন্য একটি মৌলিক পুষ্টির ভূমিকা পালন করে।'
তিনি বলেন, 'আপনার জীবাণুকে সঠিক জিনিস খাওয়ান, তারপর বজায় থাকবে, আপনাকে প্রধান স্বাস্থ্য সুবিধা দেবে। যখন অন্ত্রে জীবাণুরা সুস্থ ও ভারসাম্য থাকে, তখন এটি অনেক ধরনের দীর্ঘস্থায়ী রোগ থেকে রক্ষা করে যার মধ্যে রয়েছে হৃদরোগ, ডায়াবেটিস, হাঁপানি, দীর্ঘস্থায়ী কিডনি রোগ, রিউমাটয়েড আর্থ্রাইটিস, বিরক্তিকর পেটের সমস্যা, মানসিক স্বাস্থ্যের অবস্থা। শুধু কি তাই, উপবাসের সময় ল্যাচনোস্পাইরাসি নামক অ্যানেরোবিক ব্যাকটেরিয়ার একটি বিশেষ পরিবার বিকাশ লাভ করে। এই গ্রুপের ব্যাকটেরিয়া, ক্লোস্ট্রিডিয়ালস পরিবারের অংশ, অন্ত্রে বুট্রিওজেনেসিস নামক একটি প্রক্রিয়ার জন্য দায়ী, যার উপকারী বিপাকীয় এবং বার্ধক্য বিরোধী প্রভাব রয়েছে (১)। এই জীবাণুগুলোও শরীর যখন ফাস্টিংয়ে এবং বিশ্রামে থাকে তখন রিপেয়ার-রিজেনারেশনের কাজটি করে। মানুষের ইনটেস্টাইনে বসবাস করে যাদের প্রজাতির সংখ্যা ৩০০ থেকে এক হাজার এবং মোট সংখ্যা ১০০ ট্রিলিয়নের চেয়েও বেশি। এদের মধ্যকার ৯৯ শতাংশ ব্যাকটেরিয়া হলো মাত্র ৩০-৪০ প্রজাতির। ৯৯ শতাংশ ব্যাকটেরিয়া আবার অক্সিজেন ছাড়াই বাঁচতে পারে। বিজ্ঞানীদের ধারণা, মানুষের যত সংখ্যক জিন তার চেয়েও শতগুণ বেশি জিনের সমন্বয়ে তৈরি এ মাইক্রো অর্গানিজমগুলো। খাদ্য হজমের পর যে মল তৈরি হয় এবং পায়খানার সাথে বের হয়, সেখানেও শুকনা মলের ৬০ শতাংশ থাকে এই মাইক্রো অর্গানিজম। ইনটেস্টাইনে এদের কাজ হলো কলোনাইজেশন, অন্য ব্যাকটেরিয়া জন্মাতে না দেয়া, ইনটেস্টিনাল এপিথেলিয়ামের ইন্টেগ্রিটি রক্ষা করা, খাবারের সাথে প্রবেশ করা ডায়েটারি ফাইবারগুলোর মেটাবোলাইজ করা এবং অ্যান্টিবডি প্রোডাকশন রেগুলেট করে ইমিউন ফাংশন কন্ট্রোল করা। এই সমস্ত ব্যাকটেরিয়া ডায়েটারি ফাইবারকে ব্যবহার করে শর্ট চেইন ফ্যাটি এসিড যেমন অ্যাসেটিক এসিড, প্রপিওনিক এসিড ও বিউটাইরিক এসিড তৈরি করে যা আমরা কাজে লাগাই। এদের সহযোগিতা ছাড়া কিছু কিছু স্টার্চ, ওলিগোস্যাকারাইড ডাইজেস্ট হতে পারে না। এ ছাড়াও এরা ভিটামিন বি-১২, বায়োটিন, ফলিক এসিড, ভিটামিন কে ইত্যাদি তৈরি করে। মানুষের শরীর কিন্তু প্রয়োজনীয় ভিটামিন কে এবং বি-১২ তৈরি করতে পারে না। অথচ এগুলোর একটি অংশ তৈরি করে দেয় এই মাইক্রো অর্গানিজমগুলো। শুধু তাই নয়, ইনটেস্টাইনের এই মাইক্রো অর্গানিজমগুলো প্রো-বায়োটিক হিসেবেও কাজ করে। প্রোবায়োটিক গুণের অধিকারী মাইক্রো অর্গানিজমগুলো অন্য প্রি-বায়োটিক (ডায়েটারি ফাইবার) এবং সিনবায়োটিকের (ফুড ইনগ্রেডিয়েন্ট) সাথে পরস্পর হাত ধরাধরি করে কাজ করে থাকে যেন প্রকৃতিই আমাদের শিক্ষা দিচ্ছে কিভাবে পরস্পর পরস্পরকে সহযোগিতা করে বেঁচে থাকতে হয়।
অতিরিক্ত শর্করা ভক্ষণের ফলে ইনটেস্টিনাল ব্যাকটেরিয়া ফারমেন্ট করে বা হজম করে আর কম শর্করা ভক্ষণে ভালো হজম করে। আবার এই মাইক্রোঅর্গানিজমগুলোর কোনো কোনো প্রজাতির সংখ্যা বেশি হওয়ার কারণে ইনফ্লামেটরি বাউয়েল ডিজিজ বা আইবিডি রোগের উৎপত্তি হতে পারে। এদের ভুল ম্যাজেস্টির কারণে মানুষ স্থূলকায় এবং কলনিক ক্যান্সারে আক্রান্ত হতে পারে। রোজা রাখার ফলে ইন্টেস্টাইন যখন কোনো ধরনের খাদ্য গ্রহণ না করার কারণে অনেকটা বিশ্রামে থাকে তখন উপকারী ইনটেস্টিনাল ব্যাকটেরিয়ার মোট সংখ্যা এবং এদের বিভিন্ন প্রজাতির সংখ্যাও বেড়ে যাওয়ার সুযোগ পায়। সারা দিন বিভিন্ন কর্মকাণ্ডে সক্রিয় থাকার কারণে আমাদের শরীরের কোষগুলো দিনের বেলা বা কর্মকাণ্ডের সময় প্রয়োজনীয় শক্তির জোগান দেয়। এই সমস্ত কাজ করতে গিয়ে যে সেল ড্যামেজ বা ইনজুরি হয় তা প্রয়োজনে মেরামত, ব্যবহার বা রিজেনারেট করতে হয়। আবার অপ্রয়োজনীয় বা ক্ষতিকর অংশ খেয়ে ফেলা বা বের করে দেয়ার কাজটিও করতে হয়। এই রিজেনারেশন ও রিপেয়ারের কাজটির বেশির ভাগ কাজ বিশ্রামের সময়ই হয় বেশি। এ জন্যই আমরা দেখতে পাই, অপারেশনের পরে কিংবা মানুষ অসুস্থ হলে চিকিৎসাকালীন সময়ে বিশ্রামে থাকতে বলা হয়। গ্যাস্ট্রোইন্টেস্টিনাল ট্র্যাক্ট বা খাদ্যনালী পূর্ণ ১২-১৬ ঘণ্টা কোষগুলো রোজায় খাবার না পেয়ে এক ধরনের বিশ্রাম পায়। এই বিশ্রামকালে রিপেয়ার-রিজেনারেশনের কাজটি সুচারুরূপে সম্পন্ন করে। শুধু তাই নয়, প্রতিদিন একটি নির্দিষ্ট সময়ে সাহরি, ইফতার, তারাবির নামাজ ইত্যাদি সম্পন্ন করার কারণে শরীরের বায়োলজিক্যাল ক্লক নতুন করে সেটআপ হয়। এই নতুন সেটআপ মতোই চলে রোজার ৩০ দিন।
আমাদের খাদ্যনালীর লাইনিং এপিথেলিয়ামের ঠিক নিচে শরীরের সবচেয়ে বেশি ইমিউন সেল থাকে যাদেরকে 'গাট অ্যাসোসিয়েটেড লিমফয়েড টিস্যু' বা 'গাল্ট' বলে। এরা মূলত চারটি মৌলিক কাজ করে থাকে। প্রথমত, বাইরের রোগজীবাণু থেকে রক্ষা করা; দ্বিতীয়ত, এ জন্য প্রয়োজনীয় অ্যান্টিবডি তৈরি করা; তৃতীয়ত, ইনটেস্টাইনে বসবাসরত কোটি কোটি জীবাণুর কার্যক্রম নিয়ন্ত্রণ এবং চতুর্থত, সব ধরনের অ্যালার্জিক প্রতিক্রিয়া থেকে রক্ষা করা।
যেহেতু সমস্ত রোগ প্রতিরোধ সংক্রান্ত কাজ শরীরের বিশ্রামকালীন সময়ে বেশি ঘটে থাকে, সেহেতু রোজায় খাদ্যনালীর অপেক্ষাকৃত বিশ্রাম থাকাকালে উপরোক্ত চারটি কাজ সুচারুরূপে সম্পন্ন করে।

**লেখক : ন্যাশনাল ইনস্টিটিউট অব কিডনি ডিজিজেস অ্যান্ড ইউরোলজি, শেরেবাংলা নগর, ঢাকা।**

## চুল পড়া: কারণ, লক্ষণ ও সমাধান

২২ পৃষ্ঠার পর

'এম/ভ' আকৃতি ধারণ করে। ক্রাউন এরিয়া (crown area) চুলও পাতলা হয়ে আংশিক বা পুরো ফাঁকা হয়ে যেতে পারে।
● ফিমেল প্যাটার্ন বল্ডনেস (female pattern baldness) এতে চুল মাথার উপরের দিক থেকে ফাঁকা হওয়া শুরু হয় এবং মাঝখানের সিঁথি ক্রমশ: চওড়া হয়ে যায়। তবে হেয়ারলাইন পিছোয় না।
কখনও কখনও পুরো মাথায় টাক পড়ে যেতে পারে।
● টেলোজেন এফ্লুভিয়াম (telogen effluvium)- এটি সারা মাথা জুড়ে চুল পাতলা হয়ে যাওয়ার অন্যতম কারণ। কোনো একটি ঘটনার ফলে ৩ মাস পরে শুরু হয়, এবং মাস ছয়েকের মধ্যে সাধারণত: নিজেই কমে যায়।
● অ্যালোপেশিয়া এরিয়াটা (alopecia areata) – এই ধরনের চুল পড়াতে মাথার ত্বকের কিছু বিক্ষিপ্ত জায়গায় গোল করে টাক পড়ে যায়, কিন্তু বাকি চুল স্বাভাবিক থাকে। তবে অনেক সময় পরে পুরো মাথাতেই টাক পড়ে যেতে পারে। এতে শরীরের প্রতিরক্ষা শক্তি দেহের সুস্থ টিস্যুর (tissue) ক্ষতি করে তাকে নষ্ট করে দেয়।
● ট্রাইকোটিলোম্যানিয়া (trichotillomania) এই রোগে বারবার চুল ধরে টানার ফলে চুল পড়ে যায়। ডাক্তাররা এই রোগকে যৌক্ত নিয়ন্ত্রণ রোগের (impulse control disorder) তালিকায় ফেলেন।
● ইনভল্যুশনাল অ্যালোপেশিয়া (involutional alopecia) স্বাভাবিক বয়সবৃদ্ধির জন্য যে চুল পড়া। এর মূল কারণ হলো চুলের বৃদ্ধির অ্যানাজেন (anagen) পর্বটির সময় হ্রাস পাওয়া। এতে যত তাড়াতাড়ি চুল পড়ে, তত তাড়াতাড়ি নতুন চুল গজিয়ে উঠতে পারে না।
● স্কারিং অ্যালোপেশিয়া (scarring alopecia) একে সিকাট্রিশিয়াল অ্যালোপেশিয়াও (cicatricial alopecia) বলা হয়। এটি খুব বেশি দেখা যায় না। এতে বিভিন্ন অসুখের ফলে মাথার ত্বকে প্রদাহ বা ক্ষতচিহ্ন তৈরি হয়ে নতুন চুল গজানোর স্বাভাবিক ক্ষমতা নষ্ট হয়ে যায়।

চুল পড়ার কারণ:
চুল পড়া শুরু হওয়ার পিছনে অনেক কারণ থাকতে পারে, যেমন:
● বংশগত পরিবারে কারুর চুল পড়ার ইতিহাস থাকলে আপনারও অ্যান্ড্রোজেনেটিক অ্যালোপেশিয়া হওয়ার সম্ভাবনা হতে পারে।
● হরমোনের সমস্যা গর্ভাবস্থা বা মেনোপজের (menpause) সময় হরমোনের তারতম্যের ফলে চুল পড়া শুরু করতে পারে। এছাড়া গর্ভনিরোধক বড়ি (birth control pill) খেলে, প্রসবের পরে বা হিস্টারেক্টমি (hysterectom-গর্ভাশয় কেটে বাদ দেয়া) হলে অ্যানাজেন পর্যায়টি ছোট হয়ে গিয়ে চুল পড়তে পারে। ইনসুলিন রেজিস্ট্যান্স (insulin resistance) আরেকটি কারণ। পুরুষদের ক্ষেত্রেও চুল পড়ার পিছনে হরমোনের তারতম্য থাকতে পারে।
● ভুল জীবনযাপন (lifestyle) স্ট্রেস, বাজে খাদ্যাভ্যাস, অপুষ্টি এবং ভুল জীবনশৈলী অনুসরণের কারণে চুল পড়তে পারে।
● ওষুধ ক্যান্সারের কেমোথেরাপি (chemotherapy) চিকিৎসার পার্শ্বপ্রতিক্রিয়া হিসাবে চুল পড়তে পারে।
● টেনে চুল বাঁধা ও চুলে রাসায়নিক চিকিৎসা করানো (chemical treatment) – টেনে চুল বাঁধা যেমন ঝুঁটি (চড়ুইপাখি) বাঁধার ফলে হেয়ার ফলিকলে টান পড়ে চুল পড়া বেড়ে যেতে পারে। স্ট্রিট, রঙ দিয়ে চুলের রাসায়নিক চিকিৎসা করালে চুল সাময়িকভাবে ক্ষতিগ্রস্ত হয়ে পড়ে যেতে পারে।
● অন্যান্য কারণ- অপেক্ষাকৃত কম পরিচিত কারণের মধ্যে পড়ে দীর্ঘস্থায়ী অসুখ যেমন থাইরয়েডের রোগ, লুপাস (lupus) এবং পলিসিস্টিক ওভারিয়ান ডিজিজ (পিসিওডি) (polycystic ovarian disease-PCOD)। ক্র্যাশ ডায়েট (crash diet), চিরুনি নিয়মিত চুল টানা বা মাথা চুলকানোর অভ্যাস, দ্রুত ওজন কমানো, ইনফেকশন (infection), চুলের রঙে অ্যালার্জি, চুলের কসমেটিক্স (cosmetics), সেবোরিক ডার্মাটাইটিস (seborrheic dermatitis) বা সোরিয়াসিস (psoriasis) জাতীয় রোগের কারণে হঠাৎ করে চুল পড়া শুরু হতে পারে।

লক্ষণ সমূহ
● ক্রমাগত অতিরিক্ত চুল পড়া।
● মধ্যভাগের চুল পাতলা হয়ে যাওয়া।
● গোলাকৃতি আকারে বিভিন্ন জায়গায় টাক পড়া।
● ফাঙ্গাল ইনফেকশনের (fungal scalp infection) জন্য হঠাৎ করে চুল উঠে যাওয়া, সঙ্গে ব্যথা বা চুলকানি।
● বিক্ষিপ্ত ভাবে চুল গজানো।
● 'এম/ভ' আকারে হেয়ারলাইন ক্রমশ: পিছিয়ে যাওয়া।

চিহ্নিত করা (diagnosis)
চুলের বিশেষজ্ঞরা চুল পড়ার কারণে চিহ্নিত করতে মেডিক্যাল হিস্ট্রি (medical history), খুঁটিয়ে পর্যবেক্ষণ এবং ট্রাইকোস্কোপির (trichoscopy) সাহায্য ও ট্রাইকোলজিস্টের সাহায্য নেন।

কারা ঝুঁকিতে আছেন
সাধারণত: পরিবারে কারুর ইতিহাস থাকলে পুরুষদের টাক পড়ার সমস্যায় ভোগার সম্ভাবনা থাকে। মহিলাদের যদি গর্ভধারণ, মেনোপজ, গর্ভনিরোধক বড়ি সেবন বা পিসিওডি'র সমস্যার জন্য হরমোনের তারতম্য হয় তবে তাদেরও হঠাৎ করে চুল পড়া শুরু হতে পারে।

প্রতিরোধ ও চিকিৎসা
চুল পড়া রুখতে নিম্নলিখিত সহজ টিপ্স (tips) গুলো অনুসরণ করতে পারেন:
● উগ্র রাসায়নিক দেয়া সামগ্রী চুলে লাগাবেন না। তাপ দিয়ে চুল স্টাইল (style) করার সরঞ্জাম যেরকম স্ট্রেটনার (straightener) বা পার্মিং আয়রন (perming iron) ব্যবহার করবেন না।
● একটি সুস্থ চুল পরিচর্যার রুটিন (routine) মেনে চলুন এবং একটি হালকা শ্যাম্পু দিয়ে সপ্তাহে দুই থেকে তিনবার চুল পরিষ্কার করুন। কতবার শ্যাম্পু করা উচিত তা আপনার চুলের প্রকৃতি ও ময়লা এবং পলিউশন চুলে কতটা প্রভাব ফেলছে তার উপর নির্ভর করে।
● প্রয়োজনীয় নিউট্রিয়েন্ট (nutrient) ও ভিটামিন যেমন আয়রন, ভিটামিন বি১২, ভিটামিন ডি, প্রোটিন আর ভিটামিন-ই সহ একটি ব্যালান্সড ডায়েট (balanced diet) খান।
● একটি সুস্থ লাইফস্টাইল মেনে চলুন। নিয়মিত ব্যায়াম, খাদ্যাভ্যাস ও ভালো অভ্যাস গড়ে তুলুন।
● এমনভাবে চুল বাঁধবেন না যাতে চুলের গোড়ায় বেশি টান পড়ে।

আধুনিক চিকিৎসা-
পিআরপি থেরাপি, মিনোক্সিডিল ট্রপিক্যাল থেরাপি ও চিকিৎসক যদি মনে করেন হেয়ার ট্রান্সপ্লান্ট করে চুলের স্থায়ী সমাধান করা হয়। তবে সবার জন্য প্রযোজ্য না। যাদের টাক থাকার পরও মাথায় ডোনার আছে তারাই কেবল হেয়ার ট্রান্সপ্লান্ট করতে পারেন।

লেখক: হেয়ার ট্রান্সপ্লান্ট ও ডার্মাটো সার্জন।

## বাত কমাতে চান, জেনে নিন উপায়

২২ পৃষ্ঠার পর

যাওয়ার ঝুঁকি কম থাকে।
আঁশযুক্ত খাবার: লাউ, পেঁপে, গাজর, করলা, কুমড়া, শাকসবজি ও সালাদ অন্ত্রে ইউরিক অ্যাসিড শোষণ কমায়। প্রতিদিন অন্তত ৪০০ গ্রাম মৌসুমি সবজি, সালাদ ও আঁশসমৃদ্ধ কমপ্লেক্স কার্বোহাইড্রেট (লাল চাল, লাল আটার রুটি, ওটস, মিষ্টি আলু) গ্রহণ উপকারী।
পর্যাপ্ত পানি: দিনে অন্তত ১২ গ্লাস পানি পান কিডনির মাধ্যমে ইউরিক অ্যাসিড নিঃসরণ বাড়িয়ে গাঁটে স্ফটিক জমা প্রতিরোধ করে। গ্রিন-টি, লেবু পানি, আদা পানি ও ডাবের পানি পান করতে পারেন।
স্বাস্থ্যকর চর্বি ও মসলা: ওমেগা-৩ সমৃদ্ধ অলিভ অয়েল, সরিষার তেল, কাঠবাদাম প্রদাহ কমায়। আদা, রসুন, হলুদ, গোলমরিচের এই প্রাকৃতিক উপাদানগুলোতে থাকা অ্যান্টি-অক্সিডেন্ট প্রদাহ ও ব্যথা কমাতে সহায়ক।
কী কী খাবেন না?
■ লাল মাংস (গরু, খাসি), প্রাণীর অঙ্গপ্রত্যঙ্গ (কলিজা, ভুঁড়ি, পায়া), সামুদ্রিক মাছ (ইলিশ, চিংড়ি), শুঁটকি, ডাল, রাজমা, সয়া প্রোডাক্ট।
■ ইস্ট ও ফ্রুকটোজযুক্ত খাবার (পাউরুটি, কেক, কোমল পানীয়, চকলেট, চিনি-গুড়-মিষ্টি, মধু)।
■ উচ্চ পিউরিনযুক্ত সবজি (পুঁই, পালং শাক, মটরশুঁটি, মাশরুম)।
■ প্রসেসড ফুড, ট্রান্স ফ্যাট ও ইনস্ট্যান্ট রেডি-টু ইট মিল।
■ মদ, বিয়ার, তামাক ও ধূমপান।
সীমিত পরিমাণে গ্রহণ করুন: কলা, আম, কাঁঠাল, সাদা চালের ভাত, নুডলস, পাস্তা ইত্যাদি উচ্চ গ্লাইসেমিক ইনডেক্সযুক্ত খাবার।
জীবন-যাপনে পরিবর্তন
■ প্রতিদিন অন্তত ২০ মিনিট রোদে থাকুন- ভিটামিন ডি ইউরিক অ্যাসিড নিয়ন্ত্রণে সহায়ক।
■ রাত ১০টা থেকে ভোর ৫টা পর্যন্ত গভীর ঘুম নিশ্চিত করুন।
■ নিয়মিত হালকা ব্যায়াম ও হাঁটার অভ্যাস গড়ে তুলুন।
■ ওজন নিয়ন্ত্রণে রাখুন- অতিরিক্ত ওজন ইউরিক অ্যাসিড বৃদ্ধিতে ভূমিকা রাখে।
গেঁটে বাত নিয়ন্ত্রণে শুধু ওষুধ নয়, বরং খাদ্যাভ্যাস, পর্যাপ্ত পানি, সঠিক ঘুম এবং স্বাস্থ্যকর জীবন-যাপনই ইউরিক অ্যাসিড নিয়ন্ত্রণের মূল চাবিকাঠি। রোগীর শারীরিক অবস্থা অনুযায়ী পুষ্টিবিদের পরামর্শমতো খাদ্য তালিকা গ্রহণ করা উচিত।

লেখক: পুষ্টিবিদ, বায়োজিন কসমেসিউটিক্যালস।

## অন্তঃসত্ত্বার শ্বাসকষ্ট

২২ পৃষ্ঠার পর

নেওয়ার সময় অনেক গভীরভাবে শ্বাস নিতে হচ্ছে। এটিকে শ্বাসকষ্টের অন্যতম প্রধান কারণ বলে মনে করা হয়।
তিন মাস-কালের শেষের দিকে জরায়ুর ভেতর ক্রমবর্ধমান শিশুর আকার বৃদ্ধি পাওয়ার কারণে জরায়ু স্বাভাবিকই ওপরের দিকে মধ্যচ্ছদা বরাবর ধাক্কা দেওয়া শুরু করে। মধ্যচ্ছদা আবার ফুসফুসের ওপর চাপ দেয়। সামান্য সিঁড়ি বেয়ে বা হাঁটাচলা করলেও তখন হাঁসফাঁস লাগতে পারে। এতেও দুশ্চিন্তার কিছু নেই। তবে কিছু কিছু উপসর্গ উদ্বেগজনক এবং সে ক্ষেত্রে অবিলম্বে চিকিৎসকের পরামর্শ নেওয়া উচিত। যেমন- যদি মনে হয় যে হৃৎপিণ্ড দ্রুতগতিতে চলছে, অনিয়মিত ও হৃৎস্পন্দনের ছন্দ হারিয়ে ফেলছে বা বুক খুব ধড়ফড় করছে।
■ মারাত্মক শ্বাসকষ্ট হওয়া বা কাজকর্ম করলে নিস্তেজ অনুভব করা।
■ বুকে ব্যথা, বিশেষ করে, কোনো ভারী কাজ করার সময়।
■ শুয়ে থাকা অবস্থায় বা রাতের বেলায় শ্বাস নিতে কষ্ট হলে।
■ এ ছাড়া রক্তে আয়রনের মাত্রা কম থাকলে বা গর্ভকালীন রক্তশূন্যতাও শ্বাসকষ্টের কারণ হতে পারে। আগে থেকে হৃদরোগ
■ বা হাঁপানি থাকলে এ সময় তা বেড়ে যেতে পারে।
যদি কোনো অন্তঃসত্ত্বার আগে থেকে হাঁপানি থাকে তাহলে চিকিৎসকের সঙ্গে বিস্তারিত আলোচনা করতে হবে। স্ত্রীরোগ বিশেষজ্ঞের পাশাপাশি একজন বক্ষব্যাধি বিশেষজ্ঞের পরামর্শও নিতে হবে। হাঁপানি নিয়ন্ত্রণে না এলে মা ও শিশু ঝুঁকির মধ্যে পড়বেন।

লেখক: মেডিসিন ও বক্ষব্যাধি বিশেষজ্ঞ।

## স্ক্যামার আতঙ্ক কমিউনিটিতে

১ পৃষ্ঠার পর

মতো অনেকগুলো ঘটনা ঘটেছে। এদিকে নিউইয়র্কের অ্যাটর্নি জেনারেল লেটিটিয়া জেমস স্ক্যামারদের বিরুদ্ধে ২ মিলিয়ন ক্রিপ্টোকারেন্সি হাতিয়ে নেয়ার অভিযোগে মামলা দায়ের করেছেন। তারা এই অর্থ উদ্ধারের চেষ্টা চালাচ্ছেন বলে জানা যায়। বাংলাদেশি কমিউনিটিতে গত একমাসে স্ক্যামারদের হাতে অনেকেই শিকার হয়েছেন। হারিয়েছেন হাজার হাজার ডলার। নিউইয়র্কের জ্যাকসন হাইটস-এ একজন টিভি সংবাদকর্মীর (নাম প্রকাশে অনিচ্ছুক) দুটি ব্যাংকের একাউন্ট থেকে পরপর দুইদিন এক হাজার ডলার এবং অন্য হিসাব থেকে চার হাজার ডলার হাতিয়ে নেয় স্ক্যামাররা। তিনি জানান, জ্যাকসন হাইটস ৭৪ স্ট্রিটের মাথায় ওই ব্যাংকে অভিযোগ জানালে তারা প্রথমে কোন সাড়া দেয়নি। এ জন্য সারাদিন তাকে এর পেছনে ছুটতে হয়েছে। পরদিন সকালে দেখতে পান একই এলাকায় থাকা আরেকটি ব্যাংকের একাউন্ট থেকে আবার ৪ হাজার ডলার হাতিয়ে নেয় স্ক্যামাররা। দুইদিকে দৌড়াতে গিয়ে তার কাজে অনুপস্থিতি এবং চরম মানসিক ধকল যায় বলে তিনি জানান। গতকাল এই রিপোর্ট লেখা পর্যন্ত তিনি কোন টাকা ফেরত পাননি বলে জানিয়েছেন। জ্যাকসন হাইটস ৩৫ এভিনিউতে ব্যবসা প্রতিষ্ঠানে কর্মরত একজন নারী অভিযোগ করে জানান, তার ব্যাংক একাউন্ট থেকে কিছুদিন আগে ১ হাজার ডলার নিয়ে যায় স্ক্যামাররা। তিনি সারাদিন এর পেছনে ছুটেছেন টাকা উদ্ধারের জন্য। তিনি জানান, 'বড় সমস্যা হলো আমি নিরাপত্তা পাচ্ছিলাম না। বারবার মনে হয় স্ক্যামাররা আবার আক্রমণ করতে পারে।' জ্যাকসন হাইটস এর একটি সেলুনে কর্মরত একজন কর্মী জানান, গত মাসে তার একাউন্ট থেকে দুই হাজার ডলার স্ক্যামাররা চুরি করেছে। তিনি বলেন, 'এই ঘটনার পর নিরাপত্তার জন্য মোবাইল সিম পরিবর্তনসহ যা যা করা দরকার সবই করেছি। তারপরও আমি ভেতর আতঙ্কে রয়েছি।' জ্যামাইকার একজন প্রাক্তন ডিজাইনার অভিযোগ করে জানান, ব্যাংক থেকে জেমাররা তার আড়াই হাজার ডলার নিয়ে গেছে। তিনি পুলিশসহ ব্যাংকের দ্বারে দ্বারে ঘুরেছেন। তারপরও তিনি আতঙ্কে রয়েছেন বলে জানান।
এপি'র কাছে নিউইয়র্ক অ্যাটর্নি জেনারেলের দফতর থেকে জানানো হয়েছে, টেক্সট মেসেজিং স্ক্যামাররা ভুক্তভোগীদের কাছ থেকে ক্রিপ্টোকারেন্সির ২ মিলিয়ন ডলার চুরি করেছে। নিউইয়র্ক অ্যাটর্নি জেনারেলের কার্যালয় বলেছে, স্ক্যামাররা একটি বিস্তৃত স্কিমের অংশ হিসাবে এমন লোকদের খুঁজেছেন যাদের কাছ থেকে ক্রিপ্টোকারেন্সিতে লক্ষ লক্ষ ডলার চুরি করেছে।
নিউইয়র্ক অ্যাটর্নি জেনারেল লেটিটিয়া জেমস বলেছেন, তিনি নিউইয়র্কবাসী এবং সারা দেশের অন্যদের কাছ থেকে চুরি হওয়া ২ মিলিয়ন ডলারেরও বেশি পুনরুদ্ধারের জন্য একটি মামলা দায়ের করেছেন। জেমস বলেন, স্ক্যামারদের অজ্ঞাত নেটওয়ার্ক থেকে এমন লোকদের লক্ষ্য করে লোভনীয় বার্তা পাঠানো হয় যাতে তারা সাড়া দেয়। পরে তাদের কাছ থেকে স্ক্যামাররা সব অর্থ হাতিয়ে নিয়ে যায়। জেমসের কার্যালয় জানিয়েছে, তারা ভুক্তভোগীদের বলে যে, মার্কেটিং তথ্য তৈরিতে সহায়তা করার জন্য অনলাইনে পণ্য পর্যালোচনা করা এই কাজের সাথে জড়িত। কিন্তু ভুক্তভোগীদের বলা হয়েছিল যে, তাদের ক্রিপ্টোকারেন্সি অ্যাকাউন্ট খুলতে হবে এবং তারা যে পণ্যগুলি পর্যালোচনা করছে তার দামের সমান বা তার চেয়ে বেশি ভারসাম্য বজায় রাখতে হবে। ক্ষতিগ্রস্তদের আশ্বস্ত করা হয়েছিল যে, তারা তাদের বিনিয়োগ এবং কমিশন ফেরত পাবে, তবে সব অর্থ স্ক্যামারদের ক্রিপ্টো ওয়ালেটে চলে গেছে বলে জেমসের অফিস জানিয়েছে।
মামলাটিতে নিউইয়র্ক, ভার্জিনিয়া এবং ফ্লোরিডায় বসবাসকারী হিসেবে যারা চিহ্নিত সাতজন ভুক্তভোগীর কথা উল্লেখ করা হয়েছে। মামলা অনুসারে, নিউইয়র্কের একজন ভুক্তভোগী ১০০,০০০ ডলারের বেশি অর্থ হারিয়েছেন। ফ্লোরিডার এক মহিলার ৩,০০,০০০ ডলারেরও বেশি অর্থ লোকসান হয়েছে।
তিনি এক বিবৃতিতে বলেন, 'স্ক্যামাররা নিউ ইয়র্কবাসীদের কাছে টেক্সট বার্তা পাঠিয়ে তাদের ভাল বেতনের ও নমনীয় কাজের প্রতিশ্রুতি দিয়েছিল যাতে তারা প্রতারিত হয়ে ক্রিপ্টোকারেন্সি কিনতে পারে এবং তারপরে তাদের কাছ থেকে চুরি করতে পারে।' কুইন্স ডিস্ট্রিক্ট অ্যাটর্নি মেলিন্ডা কাটজ বলেছেন, তার অফিস থেকে ক্রিপ্টোকারেন্সি ইউনিট চুরি হওয়া ক্রিপ্টোতে ২ মিলিয়ন ডলারেরও বেশি সন্ধান পেয়েছে। ডিজিটাল ওয়ালেটগুলি তারা সনাক্ত করতে সক্ষম হয়েছেন যেখানে মুদ্রাগুলো রাখা হয়েছিল। অ্যাটর্নি জেনারেল জেমসের অফিসের সঙ্গে কাজ করে তারা ক্ষতিগ্রস্তদের কাছে অর্থ ফেরত না দেওয়া পর্যন্ত কারেন্সিগুলো 'ফ্রিজ' করতে সক্ষম হয়।




## জ্যাকসন হাইটসের 'হাটবাজার রেস্টুরেন্ট' বন্ধ হয়ে গেলো

১ পৃষ্ঠার পর

থেকে রেস্টুরেন্টটি আর খুলবে না বলে মালিক পক্ষ থেকে জানা গেছে। ২৩ বছর পর এই জনপ্রিয় রেস্টুরেন্টটি বন্ধ হয়ে যাবে। প্রবাসী বাংলাদেশিদের কাছে হাটবাজারের হালিম ও বিরিয়ানী ছিল খুবই জনপ্রিয়। রেস্টুরেন্টের অন্যতম মালিক মহসিন ননি জানান, তখন মালিকের সাথে কোন বনিবনা না হওয়ায় রেস্টুরেন্টটি বন্ধ করে দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। দীর্ঘদিন ধরেই মালিক পক্ষের সাথে রেস্টুরেন্ট মালিক পক্ষের সাথে কোন বনিবনা হচ্ছিল না। একই সঙ্গে গ্রোসারিও আর চালু থাকছে না বলে জানা গেছে।

## বাংলাদেশ সোসাইটি'র ট্রাস্টিবোর্ড গঠিত

১ পৃষ্ঠার পর

দেবে। ১২ সদস্যের এই কমিটির ট্রাস্টিরা হলেন শাহ নেওয়াজ, কাজী আজম, কাজী আজহারুল হক মিলন, আব্দুর রহিম হাওলাদার,ফখরুল ইসলাম দেলোয়ার, আকতার হোসেন, আতাউর রহমান সেলিম, জোনায়েদ চৌধুরী, আহসান হাবিব, আজিমুর রহমান বোরহান, ডাঃ ইনামুল হক ও নাঈম টুলু।

বাংলাদেশ সোসাইটির কার্যকরি কমিটির সভায় সর্বসম্মতিক্রমে গত ২০ এপ্রিল এ ট্রাস্টিবোর্ড গঠন করা হয়। জ্যাকসন হাইটসে অনুষ্ঠিত এ সভায় সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি আতাউর রহমান সেলিম। সঞ্চালনা করেন সাধারন সম্পাদক মোহাম্মদ আলী সেভায় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন সিনিয়র সহ সভাপতি- মহিউদ্দিন দেওয়ান, সহ সভাপতি- কামরুজ্জামান কামরুল, সহ সাধারন সম্পাদক- আবুল কালাম ভূইয়া, কোষাধ্যক্ষ- মফিজুল ইসলাম ভূইয়া (রুমি), সাংগঠনিক সম্পাদক- ডিউক খান, সাংস্কৃতিক সম্পাদক- অনিক রাজ, জনসংযোগ ও প্রচার সম্পাদক- রিজু মোহাম্মদ, সমাজ কল্যাণ সম্পাদক- জামিল আনসারী, সাহিত্য সম্পাদক- মোহাম্মদ আখতার বাবুল, ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক- আশ্রাব আলী খান লিটন, স্কুল ও শিক্ষা সম্পাদক- মোহাম্মদ হাসান (জিলানী), কার্যকরি সদস্য- হারুন রশিদ (চেয়ারম্যান), জাহাঙ্গীর শহীদ সোহরাওয়ার্দী, মোহাম্মদ সিদ্দিক পাটোয়ারী, আবুল কাশেম চৌধুরী, মুনসুর আহমেদ ও হাছান খান। গেল বছর সেলিম ও আলী প্যানেল ১৮ হাজার প্রবাসী বাংলাদেশিদের ভোটে সভাপতি ও সাধারন সম্পাদক নির্বাচিত হন। তাদের নেতৃত্বাধীন কমিটিই এই ট্রাস্টিবোর্ড গঠন করলো।

সহসাই ট্রাস্টিবোর্ডের সদস্যরা বৈঠকে বসে বোর্ডের চেয়ারম্যান নির্বাচিত করবেন। বাংলাদেশি বিভিন্ন সামাজিক ও আঞ্চলিক সংগঠন নতুন ট্রাস্টিবোর্ডকে অভিনন্দন জানিয়েছেন।

## ২৫ হাজার বাংলাদেশি শিক্ষার্থী উদ্বিগ্ন

১ পৃষ্ঠার পর

শিক্ষার্থীদের গ্রীষ্মকালীন ছুটির সময়ও যুক্তরাষ্ট্র ত্যাগ না করার জন্য সতর্ক করেছে। ডিউক বিশ্ববিদ্যালয় তাদের আন্তর্জাতিক শিক্ষার্থীদের জন্য একটি সতর্কতা জারি করেছে, তাদের পরামর্শ দিয়েছে যে তারা একেবারে প্রয়োজন না হলে মার্কিন যুক্তরাষ্ট্র ত্যাগ না করার জন্য। দ্য ডিউক ক্রনিকল অনুসারে, শুক্রবার বিশ্ববিদ্যালয়ের অনুষদ, শিক্ষার্থী এবং কর্মীদের উদ্দেশ্যে পাঠানো একটি ইমেলে এই ঘোষণা দেওয়া হয়েছে।

মানবসম্পদ বিভাগের ভাইস প্রেসিডেন্ট এবং প্রধান মানবসম্পদ কর্মকর্তা অ্যান্টওয়ান লকটন এবং ছাত্র বিষয়ক ভাইস প্রোভস্ট এবং ভাইস প্রেসিডেন্ট মেরি প্যাট ম্যাকমাহন কর্তৃক প্রেরিত ইমেলটিতে "মার্কিন যুক্তরাষ্ট্রে পুনঃপ্রবেশের ক্ষেত্রে ঝুঁকি বৃদ্ধি উল্লেখ করে একটি বিজ্ঞপ্তি ছাত্র ছাত্রীদের কাছে পাঠানো হয়।

ডিউক ভিসা সার্ভিসেস শুক্রবার এই বিজ্ঞপ্তি প্রকাশ করেছে এবং ডিউক আন্তর্জাতিক সম্প্রদায়ের সকল সদস্যকে "প্রয়োজনীয় না হলে আন্তর্জাতিক ভ্রমণ এড়াতে" পরামর্শ দিয়েছে।

সাম্প্রতিক সপ্তাহগুলিতে নিজ দেশে বেড়াতে গিয়ে আমেরিকায় প্রবেশকালে ৩ শতাধিক শিক্ষার্থীকে প্রবেশ করতে দেয়া হয় নি। বিমান বন্দরেই ভিসা বাতিল করে ফেরত পাঠিয়েছে। সীমান্ত ক্রসিংয়ে বিরক্তিকর অভিজ্ঞতার প্রতিবেদন প্রকাশের পর এই সতর্কতা জারি করা হয়েছে।

হোমল্যান্ড সিকিউরিটি বিদেশি শিক্ষার্থীদের ফোন ও ট্যাবলেট সহ ডিজিটাল ডিভাইসগুলো নজরদারিতে রাখছে। কে কখন কোথায় যায় তাও ট্রাক করার অভিযোগ উঠেছে।

বাংলাদেশি এক শিক্ষার্থী নাম প্রকাশ না করার শর্তে প্রতিবেদককে বলেন, গত ১১ এপ্রিল আমার কলেজ ( কুইন্স কমিউনিটি কলেজ) থেকে একটি ইমেইল পাই। এতে সন্দেহজনক গতিবিধির কারণে আমার এফ-১ ভিসা বাতিলের কথা বলা হয়েছে। আমি কলেজ কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করি। তারা এমনকি কলেজে যেতেও মানা করেন। তবে একজন এটর্নির তথ্য দিয়ে বলেছেন তার সাথে যোগাযোগ করতে। আগামী ৯ মে এটর্নির সাথে এপোয়েন্টমেন্ট করেছি। সুনির্দিষ্ট কোন কারন ছাড়াই ভিসা বাতিল যুক্তরাষ্ট্রের আইন বিরোধী। আগামী জানুয়ারিতেই কম্পিউটার সায়েন্সের ওপর আমার ডিগ্রী হতো। এদেশে পড়তে এসে প্রায় ১ কোটি টাকা খরচ করেছি। এখন কোথায় যাব। দেশে চলে গেলেও হাতে ডিগ্রিটাও নেই।

## আইনি লড়াইয়ে বাংলাদেশি ছাত্রের জয়

১ পৃষ্ঠার পর

হয়ে রুখে দাঁড়ান অঞ্জন। আদালতের রায়ে নিজের যুক্তরাষ্ট্রে অবস্থানের বৈধতা ফিরে পেয়েছেন তিনি। বুধবার এপির এক প্রতিবেদনে উঠে এসেছে শিক্ষার্থী অঞ্জন রায়ের লড়াইয়ের গল্প।

যুক্তরাষ্ট্রের মিসৌরি স্টেট ইউনিভার্সিটিতে আন্ডারগ্রাজুয়েট কম্পিউটার সায়েন্স বিভাগে ২০২৪ সালের আগস্টে পড়ালেখা শুরু করেন অঞ্জন রায়। গত ডিসেম্বরে গ্রাজুয়েশন শেষ করার পর তিনি জানুয়ারিতে মাস্টার্সের ক্লাস শুরু করেন। ২০২৬ সালের মে মাসে তার মাস্টার্স শেষ হওয়ার কথা রয়েছে। কিন্তু এ মাঝে বেধে যায় বিপত্তি। গত ১০ এপ্রিল ই-মেইলের মাধ্যমে জানতে পারেন আন্তর্জাতিক শিক্ষার্থী হিসেবে যুক্তরাষ্ট্র থেকে পড়াশোনা করার বৈধতা হারিয়েছেন তিনি। যেকোনো সময় তাকে গ্রেপ্তার বা দেশে ফেরত পাঠানো হতে পারে।

এ বিষয়ে অঞ্জন বলেন, আমি স্তম্ভিত হয়ে যাই। ভাবতে থাকি, এটা কীভাবে সম্ভব? এরপর আমি এক সহপাঠীর সঙ্গে বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক শিক্ষার্থী সেবা কার্যালয়ে যাই। সেখান থেকে ওয়েবসাইট যাচাই করে জানানো হয়, আন্তর্জাতিক শিক্ষার্থী হিসেবে আমার বৈধতা বাতিল করার কারণ তারা জানেন না।

তিনি বলেন, যুক্তরাষ্ট্রের বাংলাদেশ দূতাবাস থেকেও একটি ই-মেইল পাই। সেখানে বলা হয়, আমার ভিসা প্রত্যাহার করা হয়েছে এবং যেকোনো সময় আমাকে আটক করা হতে পারে। দূতাবাস সতর্ক করে, আমাকে বাংলাদেশে ফেরত না পাঠিয়ে তৃতীয় কোনো দেশে পাঠিয়ে দিতে পারে ট্রাম্প প্রশাসন।

সেই সময় দ্রুত যুক্তরাষ্ট্র ছেড়ে যাওয়ার কথা ভাবলেও পরবর্তীতে আইনজীবীর সঙ্গে কথা বলতে মনস্থির করেন অঞ্জন। নিজ বাড়িতে থাকা ঝুঁকিপূর্ণ ভেবে তিনি তার এক আত্মীয়ের বাসায় চলে যান। ক্লাসে যাওয়া বন্ধ রাখেন। ইন্টারনেটও ব্যবহার করেননি। তিনি বলেন, শিক্ষকরা আমার প্রতি সহানুভূতিশীল থাকায় ক্লাসে না আসার বিষয়টি বুঝতে পারেন।

অঞ্জন জানান, এ সপ্তাহে আদালতের রায়ে নিজের যুক্তরাষ্ট্রে অবস্থানের বৈধতা ফিরে পেয়েছেন। ফিরেছেন নিজের অ্যাপার্টমেন্টে। তারপরও অজানা আশঙ্কায় রুমমেটদের অনুরোধ করেছেন, কেউ তার খোঁজ করতে আসে কি না, সেদিকে লক্ষ্য রাখতে।

অঞ্জনের মতো অনেকেই ট্রাম্প প্রশাসনের বিরুদ্ধে আইনি লড়াইয়ে সাফল্যের মুখ দেখেছেন। দেশজুড়ে ফেডারেল বিচারকরা বিশেষ নির্দেশ দিয়ে আপাতত শিক্ষার্থীদের দেশে ফেরত পাঠানোর প্রক্রিয়া স্থগিত করছেন। সাময়িক হলেও এই উদ্যোগে স্বস্তি ফিরে এসেছে বিদেশি শিক্ষার্থীদের মধ্যে।

আটলান্টায় ট্রাম্প প্রশাসনের এই সিদ্ধান্তের বিরুদ্ধে দায়ের করা মামলায় অঞ্জনসহ ১৩৩ জন বাদি রয়েছেন। বিচারকরা তাদের পক্ষে রায় দিয়ে ট্রাম্প প্রশাসনের নির্দেশের ওপর স্থিতাবস্থা জারি করেছেন।

গত মাসে মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও জানান, যেসব বিদেশি নাগরিক দেশের স্বার্থবিরোধী কাজে নিয়োজিত, তাদের ভিসা বাতিল করা হবে। তাদের মধ্যে মার্কিন বিশ্ববিদ্যালয়গুলোতে ইসরায়েলি গণহত্যাবিরোধী ও ফিলিস্তিনপন্থি শিক্ষার্থীরাও অন্তর্ভুক্ত। তিনি জানান, তাদের অনেকের বিরুদ্ধে ফৌজদারি অভিযোগও আনা হবে।

তবে ভিসা বাতিলের সংবাদ পেয়েছেন এমন অনেক শিক্ষার্থী দাবি করেন, তারা বিক্ষোভে অংশ নেওয়া ছাড়া আর তেমন কিছুই করেননি। অনেকে স্পষ্ট করে বলতেও পারেননি কেন তাদেরকে এ ধরনের অভিযোগের আওতায় আনা হয়েছে।

অঞ্জন ও অন্যান্য বাদীদের পক্ষের আইনজীবী চার্লস কাক যুক্তি দেন, শিক্ষার্থীদের ভিসা বা বৈধতা বাতিলের কোনো এখতিয়ার সরকারের নেই। তিনি গত সপ্তাহে আদালতে দাবি করেন, সরকার ভয়-ভীতি দেখিয়ে শিক্ষার্থীদের নিজ উদ্যোগে যুক্তরাষ্ট্র ছেড়ে যেতে উদ্বুদ্ধ করতে চাইছে।

## নেতৃত্বের খোঁজে আওয়ামী লীগ

১ পৃষ্ঠার পর



নেতৃত্ব দেওয়া আওয়ামী লীগ প্রায় ৭৬ বছর বয়সে আগের যে কোনো সময়ের তুলনায় এবার বেশি সংকটে পড়েছে।

গত বছরের পাঁচই আগস্ট গণঅভ্যুত্থানে আওয়ামী লীগের দীর্ঘ শাসনের পতনে শেখ হাসিনাসহ সাবেক মন্ত্রী, সংসদ সদস্য বা দলটির নেতৃত্বের একটা বড় অংশ দেশ ছেড়ে ভারতসহ বিভিন্ন দেশে আশ্রয় নেন। আর দেশের ভেতরে নেতৃত্বশূন্য হয়ে পড়েন বিপর্যস্ত দলটির তৃণমূলের নেতাকর্মীরা।

তাদের কাছে কোনো দিকনির্দেশনা ছিল না। তাদের অনেকেই বলেছেন, সে সময় প্রথমে তাদের কাছে জীবন বাঁচানোই প্রধান বিষয় হয়ে দাঁড়িয়েছিল। তাদের অনেকে দেশের ভেতরেই পালিয়ে বেড়াচ্ছেন। অনেকে গ্রেফতার হয়েছেন। এখন দলটির সরকারের পতনের আট মাস পার হলেও দেশে থাকা তাদের কোনো নেতা হাল ধরতে বা ঘুরে দাঁড়াতে পারেননি। ভারত এবং পশ্চিমের বিভিন্ন দেশে অবস্থান করছেন। আওয়ামী লীগের এমন কয়েকজন নেতা বিবিসি বাংলাকে বলেছেন, তাদের শীর্ষ নেতা শেখ হাসিনাসহ তারা এখন মনে করছেন, দেশের ভেতরে দলের মুখপাত্র বা নেতা প্রয়োজন, যিনি আত্মগোপনে না থেকে প্রকাশ্যে এসে বিপর্যস্ত নেতাকর্মীদের সংগঠিত করবেন। তাদের এমন চিন্তায় সাবেক রাষ্ট্রপতি আবদুল হামিদ, সাবেক মন্ত্রী সাবের হোসেন চৌধুরীর নাম রয়েছে।

কিন্তু গ্রেফতার ও মামলার ভয়ে এবং প্রতিকূল পরিস্থিতিতে তাদের কেউ এখনও সাহস করে এগিয়ে আসেননি। সেভাবে বিতর্কিত নন, দলটির এমন অন্য কোনো নেতা এগিয়ে আসবেন, সে ধরনের ইঙ্গিতও নেই।

যুক্তরাষ্ট্রসহ ইউরোপে রয়েছেন এমন একাধিক নেতার বক্তব্য হচ্ছে, তাদের দল ঢাকায় মুখপাত্র বা কোনো পদ দিয়ে আনুষ্ঠানিকভাবে কোনো নেতার নাম ঘোষণা করতে চাইছে না। কারণ কারও নাম আনুষ্ঠানিকভাবে ঘোষণা করা হলেই তাকে মামলা, গ্রেফতারের মুখে পড়তে হতে পারে। এটি তাদের বিবেচনায় নিতে হচ্ছে।

আওয়ামী লীগ নেতারা অভিযোগ করছেন, ঢাকা থেকে শুরু করে গ্রাম পর্যায় পর্যন্ত আওয়ামী লীগের নেতা-কর্মীদের গ্রেফতার বাড়ানো হয়েছে। সেজন্য পরিস্থিতি বিবেচনায় নিয়ে তাদের দলের সভাপতি শেখ হাসিনাও সম্প্রতি বলেছেন, দেশের ভেতরে যারা সাহস নিয়ে এগিয়ে এসে দলকে সংগঠিত করার কাজে নেতৃত্ব দেবেন, তারাই নেতা। তবে কেউ এখনও সেই সাহস দেখাননি।

## নির্বাচন নিয়ে রাজনীতিতে অনৈক্য

৬৪ পৃষ্ঠার পর

বাংলাদেশের সরকার প্রধানের যোগদানের বিষয়টি সকলের নজর কেড়েছে। রাষ্ট্রীয় গুরুত্বের বিবেচনায় এই সম্মেলনটিতে সরকার প্রধানের যোগ দেবার মত কোনও বড় সম্মেলন নয়। কাতার বাদে অধ্যাপক ইউনূসই একমাত্র সরকার প্রধান যিনি এই সম্মেলনে যোগ দিয়েছেন। অর্ন্তবর্তি সরকারের মেয়াদ গণতান্ত্রিক সরকারের চেয়ে তুলনামূলক কম হওয়ায় কোনও বিদেশী বিনিয়োগকারী এই সরকারের আমলে বিনিয়োগ করতে আসার কথা নয়। কিন্তু রুটিন দায়িত্ব ছাড়া বৈদেশিক সম্পর্কে বেশি কিছু করার সুযোগ সীমিত।

সরকার জাতীয় ঐকমত্য কমিশন গঠন করে জাতীয় ঐক্য গড়ে তোলতে চায়। কিন্তু অনেক বিষয়েই অনৈক্য। প্রধানমন্ত্রীর বিদ্যমান ক্ষমতা বহাল রেখে রাষ্ট্রপতির ক্ষমতায়ন করার সুপারিশে জাতীয় ঐকমত্য কমিশনের সঙ্গে একমত পোষণ করেছে বিএনপি। তবে, প্রধানমন্ত্রীর ক্ষমতা সংক্রান্ত একাধিক বিষয়ে ভিন্নমত প্রকাশ করেছে দলটি। যেমন, দুইবারের বেশি প্রধানমন্ত্রী নয়; এমন প্রস্তাবের সঙ্গে কমিশনের সঙ্গে একমত থাকতে পারছে না বলে জানিয়ে দিয়েছে দলটি। সেইসঙ্গে একই ব্যক্তি সরকার প্রধান, দলের প্রধান ও সংসদ নেতা হতে পারবেন না; এমন প্রস্তাবেও দ্বিমত আছে দলটির। রবিবার (২০ এপ্রিল) জাতীয় সংসদের এলডি হলে ঐকমত্য কমিশনের সঙ্গে বৈঠকের বিরতিতে এসব কথা জানান বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাউদ্দিন আহমেদ।

তিনি বলেন, দুইবারের বেশি প্রধানমন্ত্রী হওয়া যাবে না; বিষয়টি এমনভাবে বাধ্যতামূলক না রেখে উন্মুক্ত রাখতে চায় বিএনপি। তবে, প্রধানমন্ত্রীর বিদ্যমান ক্ষমতা বহাল রেখে রাষ্ট্রপতিকে ক্ষমতায়ন করার সুপারিশে একমত আমরা।

এছাড়া, অর্থবিল, আস্থা বিল, জাতীয় নিরাপত্তা ও সংবিধান সংশ্লিষ্ট বিষয় ছাড়া সংসদ সদস্যরা যেন স্বাধীনভাবে নিজেদের মতামত দিতে পারেন, সে ব্যাপারে বিএনপির পক্ষ থেকে সুপারিশ করা হয়েছে বলেও জানিয়েছেন সালাউদ্দিন আহমেদ।

বিএনপির স্থায়ী কমিটির এ সদস্য বলেন, একই ব্যক্তি সরকার প্রধান ও দলীয় প্রধান হতে পারবে না এমন চর্চা আমরা দেখি না। যুক্তরাজ্যেও আমরা দেখি, পার্টি প্রধানই সরকার প্রধান। এটি গণতান্ত্রিক চর্চা। যদি তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা প্রচলন হয় এবং নির্বাচন কমিশনের মাধ্যমে সুষ্ঠু, অবাধ ও নিরপেক্ষ নির্বাচনের প্রচলন করা যায়, তাহলে সেই ভোটে যারা ক্ষমতায় আসবে, মনে করতে হবে জনগণ তাদেরকে সেই ক্ষমতা দিয়েছে।

বিএনপি সংবিধানের পঞ্চদশ সংশোধনীর আগের অবস্থায় ফিরে যাওয়ার প্রস্তাব করেছে উল্লেখ করে তিনি বলেন, সেখানে ধর্মনিরপেক্ষ বা বহুত্ববাদ কোনোটিই নেই। তবে কমিশন তাদের প্রস্তাবে স্বাধীনতার ঘোষণাপত্রে থাকা সাম্য, মানবিক মর্যাদা ও সামাজিক সুবিচারের কথা যুক্ত করতে বলেছেন। আমরা সেখানে একমত হয়েছি।

এদিকে, আওয়ামী লীগকে নিষিদ্ধ করার দাবিতে এনসিপি বিভিন্ন কর্মসূচি পালন করছে। তবে বিএনপি বলছে, তারা রাজনৈতিক দল নিষিদ্ধ করার পক্ষে নন। এনসিপি সংস্কার সম্পন্ন করার পর নির্বাচন দাবি করছে। বিএনপি চায় দ্রুত নির্বাচন। এমন নানা বিষয়ে মতভেদ চলছেই।






## নিউজার্সিতে বিএনপি নেতার সংবর্ধনা অনুষ্ঠিত

৬২ পৃষ্ঠার পর

আয়োজন করা হয়।

উসমানী নগর উপজেলায় উসমানপুর ইউনিয়ন পরিষদের প্রাক্তন চেয়ারম্যান আনকার মিয়ার সভাপতিত্বে ও প্রাক্তন ছাত্রদল নেতা শুক্কুর হোসেন আজাদের পরিচালনায় অনুষ্ঠিত সংবর্ধনা সভায় প্রধান অতিথি ছিলেন নিউইয়র্ক মহানগর (উত্তর) বিএনপির সভাপতি ও সিলেট জেলা বিএনপির উপদেষ্টা আহবাব চৌধুরী খোকন, পেটারসন সিটির ওয়ার্ড কাউন্সিল ম্যান শাহীন খালিদ, কাউন্সিলম্যান আক্তুল হোসেন নুরমান, নিউজার্সি বিএনপির সাধারণ সম্পাদক বাচ্চু পাঠান, নিউইয়র্ক মহানগর (উত্তর) বিএনপি সাধারণ সম্পাদক ফয়েজ চৌধুরী, যুগ্ম সাধারণ সম্পাদক আনোয়ার জাহিদ, যুগ্ম আহবায়ক এজিএম জাহাঙ্গীর হোসাইন, ব্রুকলিন বিএনপি আহবায়ক সিয়াকত আলী, এডভোকেট আতিকুর রহমান সাবু, সুলতান মাহমুদ সিদ্দিকি, জালালাবাদ এসোসিয়েশন নিউজার্সির সাধারণ



সম্পাদক শাহেদ চৌধুরী, মৌলভীবাজার ইউনাইটেড এসোসিয়েশন সভাপতি গোলাম ইস্পাহানী চৌধুরী মাহ্বুব, ফেঞ্চুগঞ্জ অর্গানাইজেশন সাধারণ সম্পাদক হোসেন আহমেদ, কুলাউড়া সমিতি নিউজার্সির সভাপতি সুলেমান চৌধুরী ও আটগ্রামবাজার সমিতির সভাপতি রাজা মিয়া তালুকদার, বিএনপি নেতা চৌধুরী মুমিত আলিম, বিএনপি নেতা আব্দুল ইসলাম শাহিন।

সংবর্ধনা সভায় প্রধান অতিথির বক্তব্যে আহবাব চৌধুরী বলেন বাংলাদেশে দীর্ঘ ১৬ বছর দুঃশাসনের বিরুদ্ধে যারা লড়াই করেছেন ছুফি চৌধুরী তাদের মধ্যে অন্যতম। দেশের মানুষ দীর্ঘ সংগ্রাম ও রক্তের সিঁড়ি বেয়ে স্বাধীনতা সুফল ভোগ করার সুযোগ পেয়েছে। শহীদদের এই আত্মত্যাগ যেন বৃথা না যায় সেজন্য বর্তমান অন্তর্বর্তীকালীন সরকারকে উদ্যোগ নিতে হবে। সিলেটের কৃতি সন্তান ইলিয়াস আলী গুমের রহস্য উদঘাটন এবং দায়ী ব্যক্তিদের চিহ্নিত করে দৃষ্টান্ত মূলক শাস্তি দাবী জানান তিনি।

সংবর্ধিত অতিথি ছুফি চৌধুরী তাঁকে সংবর্ধিত করায় সকলের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানান। তিনি বলেন, শহীদদের রক্ত গঙ্গা বেয়ে দেশে দেশের মানুষ বাক স্বাধীনতা ফিরে পেলেও ভোটাধিকার এখনও ফিরে পায়নি। এই অধিকার ফিরে না পাওয়া অবধি সাধারণ মানুষের লড়াই সংগ্রাম চলবে।

## যুক্তরাষ্ট্রজুড়ে ট্রাম্পের বিরুদ্ধে ব্যাপক বিক্ষোভ

৬২ পৃষ্ঠার পর

ইসরায়েলকে অস্ত্র দেওয়া বন্ধ করুন', প্রেসিডেন্ট টাইরেনি বা অত্যাচার ঠেকিয়ে দাও' এবং 'ইমিগ্রেন্টস আর ওয়েলকাম হেয়ার বা অভিবাসীদের স্বাগত'সহ নানা স্লোগান লেখা গেছে ওইসব প্ল্যাকার্ডে। এদিকে যে সব বিশ্ববিদ্যালয় ট্রাম্প প্রশাসনের তহবিল কমিয়ে বা বন্ধ করে দেওয়ার হুমকিতে আছে, বিক্ষোভকারীরা তাদের প্রতিও সংহতি জানিয়েছেন এ কর্মসূচি পালনের মধ্য দিয়ে। লাফায়েট স্কয়ারে এক বিক্ষোভকারী বলেন, 'ট্রাম্প ও তার প্রশাসন অভিবাসীদের জোর করে দিতে যুক্তরাষ্ট্রের আইন ব্যবহার করতে শুরু করেছে। এই অবস্থায় প্রতিবেশীদের বাঁচাতে আমরাও নেটওয়ার্ক ও প্রতিরোধ ব্যবস্থা গড়ে তোলার চেষ্টা করছি।'

কোনো কোনো বিক্ষোভকারীকে ফিলিস্তিনি পতাকা উড়িয়ে এবং ফিলিস্তিনি রুমাল কেফিয়েহ গলায় জড়িয়ে ফিলিস্তিনিদের নির্বিচারে হত্যার প্রতিবাদ জানাতে দেখা গেছে। এছাড়া বিক্ষোভকারীদের মধ্য থেকে অনেককেই 'ফ্রি প্যালেস্টাইন বা ফিলিস্তিন মুক্ত' বলেও স্লোগান দিতে দেখা গেছে। সেই সঙ্গে কোনো কোনো বিক্ষোভকারীদেরকে ইউক্রেনের পতাকা বহন করতেও দেখা যায়। তারা রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের প্রতি আরও কঠোর হতে ওয়াশিংটনের প্রতি আহবান জানান। সম্প্রতি ট্রাম্প প্রশাসন সম্প্রতি অনেক বিদেশি শিক্ষার্থীদের গ্রেপ্তার করেছে। এমনকি তাদের অনেককেই নিজ দেশে ফেরত পাঠানোর চেষ্টাও অব্যাহত রয়েছে। এবার ওইসব শিক্ষার্থীদের অনেকেই ফিলিস্তিনপন্থী বিক্ষোভে অংশ নিয়েছেন। এবার বিক্ষোভের সময় ওয়াশিংটন মনুমেন্টের পাশে বিভিন্ন ব্যানারে লেখা ছিল, 'ঘৃণা কোনো জাতিকে মহান করে না', 'সবার জন্য সমান অধিকার মানে আপনার অধিকার কমে যাওয়া নয়'।

উল্লেখ্য, গত জানুয়ারিতে ক্ষমতা গ্রহণের পর এটা ট্রাম্পের বিরুদ্ধে দেশজুড়ে দ্বিতীয়বারের মতো বিক্ষোভ। শনিবারের বিক্ষোভের মূল আয়োজক গোষ্ঠীর নাম '৫০৫০১'। এর অর্থ ৫০ অঙ্গরাজ্যে ৫০ বিক্ষোভ, ১টি আন্দোলন। এই কর্মসূচির নাম রাখা হয়েছে 'ন্যাশনাল ডে অব অ্যাকশন'। এই কর্মসূচিতে যুক্তরাষ্ট্রজুড়ে প্রায় ৪০০টি বিক্ষোভের পরিকল্পনার কথা জানিয়েছেন আয়োজকেরা।

প্রসঙ্গত, ট্রাম্পের এবারের দ্বিতীয় মেয়াদে যুক্তরাষ্ট্রজুড়ে প্রথম বিক্ষোভের আয়োজন করা হয়েছিল গত ৫ এপ্রিল। এর মূল আয়োজক ছিল 'ইনডিভিজিবল' নামের নাগরিক অধিকার-বিষয়ক গোষ্ঠী। ওই বিক্ষোভের নাম ছিল 'হ্যান্ডস অফ', যার অর্থ হতে পারে, 'আমাদের নিজের মতো চলতে দাও'। জানা গেছে, আগামী পহেলা মে '৫০৫০১' যুক্তরাষ্ট্রজুড়ে পরবর্তী বিক্ষোভের ডাক দিয়েছে। এই দিনের কর্মসূচির নাম দিয়েছে 'মে ডে স্ট্রং বা মে দিবসের শক্তি'।

## গোলাম ফারুক শাহীন পেলেন 'কংগ্রেসনাল প্রক্লেমেশন'

৬২ পৃষ্ঠার পর

দক্ষিণ এশিয়ান শ্রমিকদের অধিকার ও মর্যাদা নিয়ে ২০০৮ সাল থেকে কর্মরত 'এলায়েন্স অব সাউথ এশিয়ান-আমেরিকান লেবার' তথা আসালের জাতীয় কমিটির প্রেসিডেন্ট মাক মিসবাহ'র নেতৃত্ব দেন শপথ গ্রহণ অনুষ্ঠানের।

নিউইয়র্ক হতে শুরু আসালের কার্যক্রম এযাবত ১০টি স্টেটে বিস্তৃত হয়েছে ২১ টি চ্যাপ্টারের মাধ্যমে। মাক মিসবাহ এসময় বলেন, ১০ হাজারের অধিক সদস্য মূলধারার রাজনীতিতে জড়িয়ে কম্যুনিটির অধিকার ও মর্যাদার প্রশ্নে আপোসহীনভাবে সরব রয়েছেন। ইতিমধ্যেই অনেক নির্বাচনে আসালের সমর্থিতরা বিজয়ী হয়েছেন। বিজয়ের এই ধারায় লং আইল্যান্ডের এই চ্যাপ্টার অপরিসীম অবদান রাখতে সক্ষম হবে বলে আশা করছি।

যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের জাতীয় সঙ্গীতের মধ্য দিয়ে শুরু এ অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য প্রদানের সময় গোলাম ফারুক শাহীনের বিগত বছরসমূহের কল্যাণ ও সেবামূলক কর্মকান্ডের প্রশংসা করার পরই মার্কিন কংগ্রেসের প্রক্লেমেশন শাহীনের কাছে হস্তান্তর করেন স্থানীয় কংগ্রেসম্যান টম সজ্জির প্রতিনিধি হিসেবে মেঘান কেল। একইভাবে প্রশংসার বাক্য উচ্চারণের মধ্যদিয়ে নিউইয়র্ক স্টেট অ্যাসেম্বলীর সাইটেশন শাহীনকে প্রদান করেন অ্যাসেম্বলীম্যান কাওয়ানি দি ও'ক্যারো।

কার্মিক্লেল সিটির নির্মল আনন্দদায়ক পরিবেশে অবস্থিত কোর্টইয়ার্ড ম্যারিয়ট হোটেলের বলরুমে অভিষেক উৎসবে সকলকে অভিভূত করে আমেরিকান স্বপ্ন পূরণের জন্যে 'আসাল'র মত সংগঠনের অপরিহার্যতার আলোকে চমৎকার বক্তব্য উপস্থাপন করেছেন স্থানীয় মিডলপার্ক হাই স্কুলের দ্বাদশ গ্রেডের ছাত্রী তনিকা শিকদার। তিনি বলেছেন, বহুদিন ধরেই দক্ষিণ এশিয়ানরা কঠোর শ্রম দিচ্ছেন। ভোরে ঘুম থেকেই কাজ শুরু করেন এবং মধ্যরাতে ঘুমুতে যাচ্ছেন। অগ্রজদের অনেকেই ব্যবসা চালু করেছেন। ট্যাক্সি চালাচ্ছেন। শিক্ষকতা করছেন। চিকিৎসা-সেবায়ও খ্যাতি অর্জন করেছেন। তবুও দক্ষিণ এশিয়ানদের অধিকার ও মর্যাদা সুরক্ষায় মার্কিন প্রশাসন ততটা আন্তরিকতা প্রদর্শন করছে না। এমন অবস্থা আর চলতে দেয়া যায় না। এখন সময় হচ্ছে আমাদের। সময় এসেছে ঐক্যবদ্ধ হবার। এবং সে কারণেই আমি আসালের প্রয়োজনীয়তা আরো বিস্তারিতভাবে অবহিত করতে এসেছি।

তনিকার বক্তব্যকে আসালের প্রতিষ্ঠার অঙ্গিকারের পরিপূরক হিসেবে অভিহিত করে আসালের প্রতিষ্ঠাতা ও জাতীয় প্রেসিডেন্ট মাক মিসবাহ উদ্দিনের আহবানে সকলে দাঁড়িয়ে তনিকাকে বিশেষভাবে অভিনন্দন জানান। আর এভাবেই নয়া কম্যুনিটি হিসেবে বহুজাতিক এ সমাজে বাংলাদেশী তথা দক্ষিণ এশিয়ানদের অবস্থানকে আরো মজবুত করার ক্ষেত্রে নতুন প্রজন্মের অংশগ্রহণ বৃদ্ধি পাবার একটি চিত্র দৃশ্যমান হলো বলে অনেকে মন্তব্য করেছেন। এরপরই লং আইল্যান্ড চ্যাপ্টারের কর্মকর্তাগণকে পরিচয় করিয়ে দেয়া হয়। তারা হলেন : গোলাম ফারুক শাহীন-সভাপতি, সেলিম আলমজী-সাধারণ সম্পাদক, সৈয়দ জিল্লুর রহমান- করেসপন্ডিং সেক্রেটারি, রফিক খান-এক্সিকিউটিভ ডাইরেক্টর, মিয়া আলিম খান-পলিটিক্যাল ডাইরেক্টর, সিকদার টাজরেজ-ইমিগ্রেশন ডাইরেক্টর, মোহাম্মদ শওকত আলী-ট্রেজারার, ডাঃ শাহনাজ আলম-উইমেন্স কমিটি চেয়ার, বাবর ভূঁইয়া-ডাইরেক্টর অব অর্গানাইজেশন, আবুল মেজবাহ উদ্দিন (হেলাল)-ভাইস প্রেসিডেন্ট, শাহজাহান সিরাজ-ভাইস প্রেসিডেন্ট, ইঞ্জিনিয়ার কাওসার আহমেদ- ভাইস প্রেসিডেন্ট, কাজী ইসলাম জুয়েল-ভাইস প্রেসিডেন্ট, আবু তৈয়ব-ভাইস প্রেসিডেন্ট, এক্সিকিউটিভ মেম্বার মোহাম্মদ আজম মানিক, সুলতানা খানম এবং ওমর ফারুকী।






KARNAFULLY
TRAVEL INC.
(Approved Travel Agent)

IATA arc
Approved

দীর্ঘ দেড় যুগের বেশী
আপনাদের সেবায় নিয়োজিত




# কর্ণফুলি ট্রাভেল
আই এন সি.

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত
## উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা – রাত ১০:০০টা। তুলনামূলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372

E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com

**Web: www.karnafullytravel.com**

# রোমে ট্রাম্পের সাথে ড. ইউনূসের সাক্ষাতের সম্ভাবনা



৬৪ পৃষ্ঠার পর

যাচ্ছেন। বিশ্বের গুরুত্বপূর্ণ অনেক নেতারা এই অন্ত্যেষ্টিক্রিয়া অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন। বিশ্বের বিভিন্ন দেশের নেতার মাঝে প্রেসিডেন্ট ট্রাম্পের উপস্থিতি অনেক গুরুত্ব বহন করছে। সেখানে বিশ্বের অন্যান্য নেতাদের সাথে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সাথে ড. মোহাম্মদ ইউনূসের সাক্ষাৎ হবার সম্ভাবনা রয়েছে। গত ২০ জানুয়ারি দ্বিতীয়বার ক্ষমতা গ্রহণের পর এবারই প্রথম প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বিদেশ সফরে যাচ্ছেন। এমনটা জানিয়ে হোয়াইট হাউজের মুখপাত্র ক্যারোলাইন লেভিট জানিয়েছেন, 'প্রেসিডেন্ট ট্রাম্প এবার ক্ষমতা গ্রহণের পর এই প্রথম তিনি বিদেশ সফর করছেন। আজ শুক্রবার তাঁর ইতালি রওনা হবার কথা রয়েছে।' জানা গেছে, সেখান থেকে ফিরে দুই সপ্তাহ পরই প্রেসিডেন্ট ট্রাম্প আগামী ১৩ মে সৌদি আরব, কাতার এবং সংযুক্ত আরব আমিরাতে গুরুত্বপূর্ণ সফরে যাবেন। টানা তিন প্রভাবশালী দেশে তার সফর হবে অত্যন্ত গুরুত্বপূর্ণ। এজন্য আরব বিশ্বে ব্যাপক প্রস্তুতি চলছে বলে জানা গেছে।

# সন্তান জন্ম দিলেই ৫ হাজার ডলার বোনাস



১ পৃষ্ঠার পর

প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রশাসন এ ব্যবস্থা গ্রহণ করেছে। প্রেসিডেন্ট ট্রাম্প এ উদ্যোগকে স্বাগত জানিয়ে মঙ্গলবার বলেছেন, 'আমার কাছে এটি একটি ভাল ধারণা বলে মনে হচ্ছে। মায়েদের জন্য এটি শুভ সংবাদ। তার প্রশাসন মার্কিন যুক্তরাষ্ট্রে প্রজনন ক্ষমতা বৃদ্ধির উপায়গুলি বিবেচনা করছে।

সরকার প্রদত্ত বেনিফিটগুলোতে এই ৫ হাজার ডলার বোনাস 'শিশু বোনাস' হিসেবে অন্তর্ভুক্ত হবে। ট্রাম্প বলেছেন, আমেরিকান নাগরিক গর্ভবতী মায়ের উদর থেকে সন্তানের আগমনে আগাম শুভেচ্ছা রইলো।। অবৈধ ইমিগ্রান্ট বা কাগজপত্রহীন মায়েরা এ বোনাস পাবেন কিনা পরিষ্কার করেননি ট্রাম্প।

দ্য নিউ ইয়র্ক টাইমস অনুসারে, ট্রাম্প প্রশাসনের কাছে উত্থাপিত অন্যান্য ধারণাগুলির মধ্যে রয়েছে চাইল্ড ট্যাক্স ক্রেডিট সম্প্রসারণ, শিক্ষার জন্য প্রতিষ্ঠানে অর্থায়ন এবং বিবাহিত বা সন্তানধারী ব্যক্তিদের জন্য ফুলব্রাইট ফেলোশিপের মতো ফেডারেল প্রোগ্রামগুলিতে স্থান সংরক্ষণ করা। ৬ বা তার অধিক সন্তান জন্মদাত্রী মাকে সরকারের পক্ষ থেকে 'ন্যাশনাল মেডেল অব মাদারহুড' পদক দেয়া হবে বলে ট্রাম্প প্রশাসন বিবেচনা করছে।

সিডিসির তথ্য অনুসারে, এশিয়ান (ভারত ব্যতিত) এবং হিস্পানিক মহিলাদের সন্তান জন্মহার বেশি। অন্যদিকে কৃষ্ণাঙ্গ, শ্বেতাঙ্গ এবং আমেরিকান ভারতীয় মহিলাদের মধ্যে হার হ্রাস পেয়েছে। যুক্তরাষ্ট্রে জন্মহারের তুলনায় মৃত্যুহার তুলনামূলক কম হওয়ায় প্রশাসন বিষয়টির ওপর গুরুত্বারোপ করেছে। বিশেষ করে হোয়াইট আমেরিকানদের মধ্যে সন্তান না নেবার প্রবণতা বৃদ্ধি পাওয়ায় রিপাবলিকান আমেরিকান রাজনীতিকরা এই প্রণোদনা চালুর ব্যাপারে উৎসাহ দেখিয়েছেন বেশি।

গত মাসে ১৪ সন্তানের জনক ও ট্রাম্পের বন্ধু ইলন মাস্ক কস্ক নিউজকে বলেছিলেন যে জন্ম নিয়ন্ত্রণের ফলে "মানবতা মারা যাচ্ছে।"

গত সপ্তাহে ভাইস প্রেসিডেন্ট জেডি ভান্স স্পষ্ট করে বলেছিলেন, তিনি 'আরও শিশু' চান। জানুয়ারিতে ভাইস প্রেসিডেন্ট জেডি ভান্স মার্চ ফর লাইফের এক সমাবেশে গর্ভপাত বিরোধী কর্মীদের বলেছিলেন যে সন্তান ধারণ করা আমেরিকানদের 'বাধ্যতা'। আমি খুব সহজভাবে বলছি, 'আমি মার্কিন যুক্তরাষ্ট্রে আরও শিশু চাই।'

# ম ই শাহিন আর নেই

৬৪ পৃষ্ঠার পর

আক্রান্ত হয়ে বরিশালে নিজ বাসভবনে ইন্তেকাল করেছেন। শাহিন যুক্তরাষ্ট্র প্রবাসী ছিলেন। বেশ কয়েক বছর আগে দেশে চলে যান। বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের সাবেক কেন্দ্রীয় নেতা মরহুম মাহবুবুল হক বাবলু'র (নীরু-বাবলু) ঘনিষ্ঠ ছিলেন। যুক্তরাষ্ট্রে অবস্থানকালে তিনি যুক্তরাষ্ট্র বিএনপির করতেন। তিনি সাপ্তাহিক ঠিকানা সহ বহু পত্রিকায় কলাম লিখতেন। তাকে বরিশালেই সমাহিত করা হয়েছে।

# লড়ছেন হাসিনা, রাসেল ও আলম

১ পৃষ্ঠার পর

বারী, জেএফএম রাসেল ও এনএম আলম। সাধারন সম্পাদক পদে লড়ছেন আহমেদ হোসেন সোহেল ও মশিউর রহমান মজুমদার। সিনিয়র সহ সভাপতি পদে প্রতিদ্বন্দ্বিতা করছেন আব্দুর রশীদ ও হান্নান জিলানী। অন্যান্য পদে একক মনোনয়ন পত্র জমা পড়ায় তারা বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হবেন। গত ২২ এপ্রিল ছিল মনোনয়ন পত্র জমা দেবার শেষ দিন। প্রার্থীরা রাত ১০টার মধ্যে নির্বাচন কমিশনের কাছে মনোনয়নপত্র জমা দেন। নির্বাচন কমিশনে প্রধান নির্বাচন কমিশনার হিসেবে দায়িত্ব পালন করছেন এটর্নি মঈন চৌধুরী। কমিশনের অন্য ৪ জন সদস্য হলেন মতিউর রহমান, রেজা রশীদ, আব্দুর রহিম হাওলাদার ও রানো নেওয়াজ।

২৯ এপ্রিল মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন। নির্বাচন কমিশন এ দিনই চূড়ান্ত প্রার্থী তালিকা ঘোষণা করবেন।

# ৪র্থ বাংলাদেশ রেমিট্যান্স মেলা'র সমাপ্তি

৬৪ পৃষ্ঠার পর

বাংলাদেশে বিনিয়োগ করার আহ্বান জানিয়ে শুক্রবার সন্ধ্যায় নিউইয়র্কে লা গুয়ার্ডিয়া এয়ারপোর্ট ম্যারিয়ট হোটেলে আনুষ্ঠানিকতার মধ্য দিয়ে ১৯ এপ্রিল নিউইয়র্কে ৪র্থ বাংলাদেশ রেমিট্যান্স মেলা ২০২৫-এর উদ্বোধন করেন বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ব্যাংকের(বিএবি) চেয়ারম্যান আব্দুল হাই সরকার। বাংলাদেশ ব্যাংক গভর্নর ড. আহসান মনসুরের প্রধান অতিথি হিসেবে উপস্থিতির কথা থাকলেও শেষ মুহূর্তে তিনি তা বাতিল করেন।

বাংলাদেশে রেমিট্যান্স পাঠানোর ক্ষেত্রে শীর্ষদেশগুলোর অন্যতম আমেরিকা। এ দেশে বসবাসরত বাংলাদেশিরা স্বজনদের কাছে যে অর্থ পাঠান, তাতে শক্তিশালী হয় অর্থনীতি। সাম্প্রতিকসময়ে বৈধপথে রেমিট্যান্স প্রবাহ বেড়েছে কয়েকগুণ।এ ধারাকে অব্যাহত রাখতে চতুর্থবারের মতো নিউইয়র্কে আয়োজন করা হলো রেমিট্যান্স মেলার। অর্থনীতিবিদ ড. বীরুপাক্ষ পালের সঞ্চালনা ও ডা. জিয়াউদ্দিন আহমেদের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বাংলাদেশের বিভিন্ন ব্যাংকের চেয়ারম্যানরা বলেন, মধ্যপ্রাচ্য রেমিট্যান্সের প্রধানবাজার হলেও আমেরিকা থেকে যারা রেমিট্যান্স পাঠান তাদের মধ্যে দেশপ্রেম অনেক বেশি। ব্যাংক এশিয়ার চেয়ারম্যান রোমো রউফ চৌধুরী, এক্সিম ব্যাংকে চেয়ারম্যান মো. নজরুল ইসলাম স্বপন, এনআরবি ব্যাংকের চেয়ারম্যান ইঞ্জিনিয়ার মোস্তাফিজুর রহমান, সিটিজেন্স ব্যাংক চেয়ারম্যান চৌধুরী মোহাম্মদ হানিফ শোয়েব, মার্কেন্টাইল এক্সচেঞ্জ হাউস (ইউকে) লিমিটেডের চেয়ারম্যান এম আমানউল্লাহ, এনসিসি ব্যাংকের ভাইসচেয়ারম্যান আব্দুস সালাম সহ আরো বিভিন্ন ব্যাংক এবং মানি

এক্সচেঞ্জ-এর শীর্ষ কর্মকর্তাগণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

উদ্বোধক ও বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ব্যাংকের চেয়ারম্যান আব্দুল হাই সরকার দেশের উন্নয়নে বৈধপথে রেমিট্যান্স পাঠানোর গুরুত্বের কথা উল্লেখ করে এ আয়োজনের সাফল্য কামনা করেন।আয়োজকরা বলেন, এ মেলার ফলে আমেরিকায় বসবাসরত বাংলাদেশিরা বৈধপথে রেমিট্যান্স পাঠাতে উৎসাহিত হবেন।

রেমিট্যান্স মেলার উপলক্ষে নিউইয়র্কে স্টেট সিনেট একটি রেজুলেশন পাস করেছে। সেই সূত্রে রিপাবলিকান সিটি মেয়র প্রার্থী কার্টিস সিলিওয়া বাংলাদেশের অভিবাসীদের গৌরবোজ্জ্বল ভূমিকা নিয়ে বক্তব্য প্রদান করেন। যুক্তরাষ্ট্রে বাংলাদেশিদের সামাজিক ও অর্থনৈতিকভাবে শক্ত অবস্থানের আহ্বানও জানান তিনি।

অনুষ্ঠানে এনসিসিব্যাংকের ভাইস চেয়ারম্যান আব্দুস সালামের উদ্যোগে নৈশভোজে সংগীত পরিবেশনা করেন- কৃষ্ণা তিথি ও শাহ মাহবুবসহ আরো অনেকে। ইউএস-বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির সিনিয়র ভাইস প্রেসিডেন্ট রাহিমুল ইসলাম চৌধুরীর ধন্যবাদ জ্ঞাপনের মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি হয়।

২০ এপ্রিল জ্যাকসন হাইটসের ডাইভারসিটি প্লাজায় ও সানাই পার্টি সেন্টারে বাংলাদেশ রেমিট্যান্স মেলারের দ্বিতীয় দিনে অভিবাসী বাংলাদেশি সমাজের সামনে পুরস্কার ঘোষণা করেন ইউএস-বাংলাদেশ চেম্বার অব কমার্সের প্রেসিডেন্ট ডা. জিয়াউদ্দিন আহমেদ। অর্থনীতিবিদ বিরুপাক্ষ পালের সঞ্চালনায় পুরস্কার বিতরণী অনুষ্ঠান পর্বে বাংলাদেশ ব্যাংক থেকে প্রাপ্ত তথ্য-উপাত্ত অনুযায়ী (অক্টোবর ২০২৪ থেকে মার্চ ২০২৫) বাংলাদেশের সর্বোচ্চ রেমিট্যান্স পাঠানোয় প্রথম পুরস্কার পেয়েছে সোনালী ব্যাংক, দ্বিতীয় জনতা ব্যাংক ও তৃতীয় ইসলামী ব্যাংক। আমেরিকা থেকে বাংলাদেশের সর্বোচ্চ রেমিট্যান্স পাঠানোয় প্রথম পুরস্কার পেয়েছে মাস্টার কার্ড, দ্বিতীয় পুরস্কার পেয়েছে মানিগ্রাম এবং তৃতীয় পুরস্কার পেয়েছে রিয়া ফিনান্সিয়াল সার্ভিস। এছাড়া বাংলাদেশ কমিউনিটিতে বেস্ট সার্ভিস দেওয়ার জন্য সোনালী এক্সচেঞ্জ, বিএ এক্সপ্রেস এবং স্ট্যান্ডার্ড এক্সপ্রেসকে পুরস্কৃত করা হয়। রিয়া মানি ট্রান্সফারের পক্ষে পুরস্কার গ্রহণ করেন কার্লোস, আকাশ এবং মিন্টো সাহা। মাস্টার কার্ডের পক্ষে পুরস্কার গ্রহণ করেছেন: প্রতীক(ভাইস প্রেসিডেন্ট), ট্রেজারি-এর ইন্দ্রনীল (সিনিয়র ভাইস প্রেসিডেন্ট), ট্রান্সফার সলিউশনসের মার্ক(ভাইস প্রেসিডেন্ট), ট্রান্সফার সলিউশনসের মানিক (সিনিয়র ভাইস প্রেসিডেন্ট)।

# করোনায় বন্ধ প্লেট ফেরত দিচ্ছে টিএলসি




আজকাল রিপোর্ট

করোনা মহামারীর সময়ে বন্ধ হয়ে যাওয়া টিএলসি প্লেট মালিকদেরকে তা ফেরত পাওয়ার সুযোগ করে দিচ্ছে নিউইয়র্ক ট্যাক্সি অ্যান্ড লিমোজিন কমিশন। ওই সময় বন্ধ হয়ে যাওয়া বা জমা দেওয়া প্লেট ফেরত নিতে পুনরায় আবেদন নিচ্ছে টিএলসি কর্তৃপক্ষ। লাইসেন্স ফেরত পেতে আবেদনের সময়ও দেওয়া হয়েছে এক বছর।

টিএলসি কর্তৃপক্ষের এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, যেসব টিএলসি লাইসেন্স প্লেট ২০২০ সালের মার্চ থেকে একই বছরের ১২ সেপ্টেম্বরের মধ্যে মেয়াদোত্তীর্ণ হয়েছে, সেগুলো কোভিড-১৯ লিভেরি ভেহিকেল রিকভারি অ্যাক্ট এর আওতায় ফেরত দেওয়া হবে। এজন্য ১৫ এপ্রিল ২০২৫ থেকে ১৫ এপ্রিল ২০২৬ সালের মধ্যে লাইসেন্স নবায়নের জন্য আবেদন করা যাবে। তবে যে লাইসেন্স যে অবস্থায় মেয়াদোত্তীর্ণ হয়েছে সেগুলো সে অবস্থায় নবায়ন করা হবে।

কিন্তু লাইসেন্স যদি সাসপেন্ড বা রিভোকড করা হয় তাহলে তা ফেরত পাওয়া যাবে না। একই সঙ্গে লাইসেন্সের মেয়াদ শেষের আগে তাতে যে ধরনের রেস্ট্রিকশন বা বিধিনিষেধ ছিল তাও অব্যাহত থাকবে। যেমন, যেসব লাইসেন্স ইলেক্ট্রিক ভেহিকেলের জন্য প্রযোজ্য ছিল তা এখনো ইলেক্ট্রিক ভেহিকেলের জন্যই প্রযোজ্য হবে। একই সঙ্গে হুইল চেয়ারের লাইসেন্স হুইল চেয়ারের জন্যই কার্যকর হবে। অবশ্যই মূল লাইসেন্স কোন বেইজের অধীনে যুক্ত থাকতে হবে।

# পুরনো পথেই হাঁটছে জাতীয় নাগরিক পার্টি?

আজকাল রিপোর্ট

রাজনৈতিক দল হিসেবে আত্মপ্রকাশের পর শুরু থেকেই জাতীয় নাগরিক পার্টির শীর্ষ কয়েকজন নেতার বিরুদ্ধে নানা ধরনের অভিযোগ উঠেছে। এমন অবস্থায় অনিয়ম ও দুর্নীতির অভিযোগে এরই মধ্যে দলের একজন যুগ্ম সদস্য সচিবকে দল থেকে অব্যাহতিও দেয়া হয়েছে।

গত বছর পাঠ্যবই ছাপানোর কাজে দুর্নীতি-অনিয়ম এবং জেলা প্রশাসক নিয়োগে অবৈধভাবে হস্তক্ষেপের অভিযোগে সোমবার রাতে এনসিপির যুগ্ম সদস্য সচিব গাজী সালাউদ্দিন তানভীরকে দল থেকে সাময়িক অব্যাহতি দেয়া হয়।

গত মার্চে দলটির শীর্ষ নেতা সারজিস আলম নিজ এলাকায় বিশাল গাড়িবহর নিয়ে শোডাউন দেয়ার বিষয়টি নিয়ে নানা সমালোচনা তৈরি হয়। চলতি মাসেই হাসনাত আব্দুল্লাহ ও সারজিস আলম দুদক চেয়ারম্যানের সাথে দেখা করার বিষয়টি নিয়ে ব্যাপক সমালোচনা দেখা যায়।

এছাড়াও সাম্প্রতিক সময়ে দেশের বিভিন্ন জায়গায় জাতীয় নাগরিক পার্টির নেতাদের বিরুদ্ধে নানা দুর্নীতি ও অনিয়মের আসছে। এ নিয়ে দলটির আহ্বায়ক নাহিদ ইসলাম বিবিসি বাংলাকে বলেছেন, 'পুরনো রাজনৈতিক সংস্কৃতির উপাদান আমাদের ভেতরও আসার চেষ্টা করছে। আমরা সেটাকে জবাবদিহিতার আওতায় আনছি।'

এমন পরিস্থিতিতে গত শুক্রবার দলটির কেন্দ্রীয় কমিটির সাধারণ সভা অনুষ্ঠিত হয়। সেই সভায় শীর্ষ কয়েকজন নেতার বিলাসী জীবনযাপন, বিতর্কিত কর্মকাণ্ড কিংবা অনিয়ম দুর্নীতি নিয়ে প্রশ্ন তোলেন দলীয় নেতারা। সেখানে সারজিস আলম, হাসনাত আব্দুল্লাহসহ কয়েকজন নেতাদের নাম উল্লেখ না করলেও তাদের অভিযোগগুলো নিয়ে কথা বলেন কেন্দ্রীয় কমিটির কেউ কেউ।

কিন্তু প্রশ্ন হচ্ছে রাজনীতিতে গুণগত পরিবর্তনের ঘোষণা দিয়ে নতুন দল হিসেবে যাত্রা শুরুর পরও কেন এমন অভিযোগ আসছে দলটির বিরুদ্ধে? রাজনৈতিক বিশ্লেষকরা অবশ্য বলছেন, রাজনীতি করতে গেলে যে কৌশল ও পরিপক্কতা দরকার তা অনেক নেতার মধ্যেই নেই। যে কারণে শুরুতেই নতুন দলটিকে ঘিরে নানা বিতর্ক দেখা যাচ্ছে।

সাপ্তাহিক আজকাল

## বিজ্ঞাপনের মূল্য তালিকা

**বাসা ভাড়া/রুম ভাড়া/রুমমেট চাই:** এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ২৫ ডলার

**পাত্র/ পাত্রী চাই:** এক সপ্তাহ ২০ ডলার, দুই সপ্তাহ ৩৫ ডলার

**লোক আবশ্যক:** এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার

**বেবি সিটার:** এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার

**ড্রাইভার:** এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার

আপনি আমাদের অফিসে এসে বিজ্ঞাপন দিতে পারবেন। আপনাদের সুবিধার জন্য আমরা ফোন, ইমেইল, ফ্যাক্সেও বিজ্ঞাপন নেই। ফোন-ইমেইল-ফ্যাক্সে বিজ্ঞাপন দিলে আপনার ডেবিট/ ক্রেডিট কার্ডের নাম্বার এবং এক্সপাইরেশন ডেট দিতে হবে। আমাদের পেপার শুক্রবারে ছাপা হয়। আমরা সারা সপ্তাহব্যাপী বিজ্ঞাপন নেই। আমাদেরকে বিজ্ঞাপন দেবার শেষ সময় বৃহস্পতিবার রাত ১০টা।

যে কোন তথ্যের জন্য ফোন করুন।

৬৪৬-২৬৭-৭৭৫১ | ৯১৭-৫১৯-১১৫১

Email: ajkalnews@gmail.com

Amader Service.com
Your Trusted Service Partner

আমাদের সেবাসমূহ

ইভেন্ট ম্যানেজমেন্ট
১. ইভেন্ট ডেকোরেশন
২. ফুড সাপ্লাই
৩. ফটোগ্রাফী
৪. ভিডিওগ্রাফী

হোম সার্ভিস
১. ফার্নিচার সেটআপ
২. ইলেক্ট্রিক্যাল
৩. প্লাম্বিং
৪. রিপিয়ারিং (কনস্ট্রাকশন)
৫. সার্ভিলেন্স ক্যামেরা

অফিস এ্যাডভাইজারী
১. ভিসা প্রসেসিং
২. পাসপোর্ট রিনুয়াল
৩. যেকোন ধরণের ইমিগ্রেশন ফরম
৪. ডিএমভি সার্ভিস
৫. ইবিটি, ফুড ষ্ট্যাম্প, রেন্টাল এসিসট্যান্ট
৬. হোম কেয়ার

এছাড়াও আমরা বাংলাদেশে বাড়ি, প্লট, জমি ক্রয়-বিক্রয় করে থাকি এবং আপনার বিল্ডিং ম্যানেজমেন্ট এর দায়িত্ব নিয়ে থাকি।

Get all services you need in one place from professional expart, at home!

এ্যাপসটি ডাউনলোড করে আপনার মোবাইল থেকে সরাসরি অর্ডার করুন।

GET IT ON Google Play
Download on the App Store

CONTACT
+1 917 519 1151, +1 929 569 9350, +1 347 659 8410
www.amaderservice.com

বাড়ি ক্রয়-বিক্রয় ও ভাড়া

kw LANDMARK II
KELLERWILLIAMS. REALTY

লাইসেন্স বিহীন কোন ব্যক্তির সহযোগিতায় বাড়ি ক্রয়, বিক্রয় করে প্রতারিত হবেন না, আমরা বিনামূল্যে বাড়ি সংক্রান্ত যেকোন বিষয়ে পরামর্শ দিয়ে থাকি।



বিঃদ্রঃ আপনি যদি রিয়েল এস্টেট জব করতে চান আপনাকে ১০০% সহযোগিতা করা হবে।

Md. Alamgir Hossain
Associate Broker

75-35 31st Ave, Suite 202
East Elmhurst, NY 11370
Cell : 347-774-6432
Office : 347-846-1200
Email: mdahossain@kw.com

মোঃ আলমগীর হোসেন
লাইসেন্স এসোসিয়েট ব্রোকার
যোগাযোগ:৩৪৭-৭৭৪-৬৪৩২

প্রফেশনাল ভিডিওগ্রাফি ও ফটোগ্রাফির জন্য আজই আসুন



STAR Photography

শহরের সেরা ফটোগ্রাফার এবং ভিডিওগ্রাফার

হাই ডেফিনেশন কোয়ালিটি
কম দাম, দ্রুত ডেলিভারী
বিয়ে, জন্মদিন, বিজনেস পার্টি
কালচারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠান

Please contact for all Your Professional Photography Like events News Conference Wedding Reception & Modelling

NEHER SIDDIQUEE
MBPS, MIFPO
917-476-6628, 718-371-8334
www.neherphotography.weebly.com

REAL ESTATE, DIVORCE,
IMMIGRATION & SMALL BUSINESS



বাড়ি ঘর বা ব্যবসা কেনা/বেচা, তালাকের মামলা, ইমিগ্রেশন, দুর্ঘটনা বা পিছলে পড়া, এবং যাবতীয় অন্যান্য আইনগত সহায়তার জন্য, অভিজ্ঞ কার্যোপযোগী বাংলাদেশী এটর্নির সাথে যুগাযুগ করুন

নিউ ইয়র্কের লাইসেন্সধারী অভিজ্ঞ এটর্নি

Hasan Malik, Esq.
718-433-9243

37-13 74TH ST, FLOOR 2
JACKSON HEIGHTS, NY 11372

ATTORNEY ADVERTISING

# যুক্তরাষ্ট্র কাঁপাচ্ছে ‘বরবাদ’

## সাফল্যের সাথে চলছে দ্বিতীয় সপ্তাহেও

আজকাল বিনোদন

বাংলাদেশে ব্যাপক সফলতার পর ১৮ এপ্রিল থেকে যুক্তরাষ্ট্রের প্রেক্ষাগৃহ চলছে শাকিব খানের ‘বরবাদ’। মুক্তির প্রথম সপ্তাহে দেশটির বাঙালি অধ্যুষিত অঞ্চলগুলোতে সাড়া ফেলে ছবিটি। সাফল্যের ধারাবাহিকতায় দ্বিতীয় সপ্তাহেও যুক্তরাষ্ট্রের নতুন আরও কয়েকটি স্টেটে চলছে ঢালিউড সিনেমা ‘বরবাদ’।




এই তথ্য জানিয়েছেন, পরিবেশক এসকে ফিল্মস ইউএসএ-এর সিইও বদরুদ্দোজা সাগর। তিনি বলেন, নিউইয়র্কে সিনেমাস সিনেমার্ট, কিউ গার্ডেন, বাফেলো, বার্লিংটন, নিউ জার্সি, কানেকটিকাট, ফিলাডেলফিয়া, ভার্জিনিয়া, বোস্টন, জর্জিয়া ও ক্যালিফোর্নিয়াতে ‘বরবাদ’ প্রদর্শিত হচ্ছে দ্বিতীয় সপ্তাহেও।

বদরুদ্দোজা সাগর বলেন, ওয়াশিংটন ডিসি, লস এঞ্জেলেস, আটলান্টা, ফ্লোরিডা, মায়ামিতে নতুন করে চলছে ‘বরবাদ’। আসলে আমরা যে থিয়েটারগুলোতে দিচ্ছি সবগুলো থেকে প্রত্যাশিত বিজনেস পাচ্ছি, আশা রাখছি আগামীতেও দর্শকদের উপস্থিতি এমনই থাকবে।

বাংলা সিনেমা নিয়ে আশা প্রকাশ করে তিনি জানান, এর আগে অনেক বাংলা সিনেমা নর্থ আমেরিকায় বহু থিয়েটারে রিলিজ করলেও ব্যবসা হয়নি। এতে করে বাংলা সিনেমার দুর্নাম হয়েছে। বড় বড় সিনেমা চেইনগুলোর ধারণা বাংলা সিনেমাই বক্স অফিস ফ্লপ! কিন্তু ‘বরবাদ’যেখানে চলছে, সবখানে বেশ ভালো চলছে।

এসকে ফিল্মস ইউএসএ-এর সিইও বলেন, নাম্বারটা এরপর ৫৩ পৃষ্ঠায়



## তিন দেশের ৪০ থিয়েটারে ‘জংলি’

আজকাল বিনোদন

ঈদে মুক্তির পর থেকে ক্রমশ দর্শকপ্রিয় হয়ে ওঠে এম রাহিম নির্মিত, সিয়াম আহমেদ এবং শবনম বুবলী অভিনীত ‘জংলি’। সব শো হাউসফুল যাচ্ছিল। শো কম থাকায় অনেকে টিকিট না পেয়ে হতাশা প্রকাশ করেছিলেন প্রথমদিকে। দর্শকদের চাহিদা পূরণ করতে দ্বিতীয় ও তৃতীয় সপ্তাহে আরও বাড়ানো হয় প্রদর্শনীর সংখ্যা। এমনকি এখনও অনেকে ‘জংলি’ দেখতে এরপর ৫৩ পৃষ্ঠায়



## অভিনেত্রী শাওনের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা

আজকাল বিনোদন

অভিনেত্রী ও গায়িকা মেহের আফরোজ শাওনের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করেছেন আদালত। এর আগে তার বিরুদ্ধে মামলা করেন সৎ মা নিশি ইসলাম। বুধবার তার বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারির বিষয়টি জানা যায়। এর আগে মঙ্গলবার ঢাকা মহানগর প্রথম অতিরিক্ত চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত এ আদেশ দেন। বাবা ও মাকে শারীরিক নির্যাতনের অভিযোগে শাওনের বিরুদ্ধে মামলা করেন সৎ মা নিশি ইসলাম। মামলায় সাবেক ডিবিপ্রধান মোহাম্মদ হারুন-অর-রশিদসহ ১২ জন আসামি করা হয়েছে।

এ মামলায় মঙ্গলবার আদালতে হাজির হয়ে বাড্ডা থানার দুই পুলিশ সদস্য অভিযোগ স্বীকার করে বলেন, বাড্ডা থানার তৎকালীন ওসির নির্দেশে তারা বাদী নিশি ইসলামকে আটক ও নির্যাতনে অংশ নেন। তবে এদিন শাওন ও সাবেক ডিবিপ্রধান হারুনসহ বাকি আসামিরা হাজির না হওয়ায় আদালত তাদের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করেন। আদালতের এমন আদেশে সন্তুষ্টি প্রকাশ করে মামলার বাদী নিশি ইসলাম বলেন, ‘আমরা চাই আসামিদের শাস্তি হোক। শাওন এই মামলায় অনেক প্রভাব বিস্তার করেছে। সে আমাদের মারধর করেছে।’

প্রসঙ্গত, গত বছরের শুরুর দিকে শাওনের বাবা ইঞ্জিনিয়ার মোহাম্মদ আলী একটি ম্যারেজ মিডিয়ায় বিয়ের জন্য পাত্রী চাই বিজ্ঞাপন দেন। সেই বিজ্ঞাপন থেকেই নিশির সঙ্গে তার পরিচয় ও বিয়ে হয়। এরপর ৫৩ পৃষ্ঠায়



## যুক্তরাষ্ট্রের গাইবেন মৌসুমী



আজকাল বিনোদন

চিত্রনায়িকা মৌসুমী, বেশ লম্বা সময় অভিনয় থেকে দূরে আছেন। তবে শুধু অভিনয়ই নয়, তিনি যে চমৎকার গানও গাইতে পারেন, এটাও সবার জানা। এবার যুক্তরাষ্ট্রের একটি অনুষ্ঠানে গান গাইবেন তিনি। অনেক দিন ধরেই মৌসুমী অবস্থান করছেন যুক্তরাষ্ট্রে। তবে সেখানে গিয়েও বসে নেই। সময় ও সুযোগ বুঝে নানা অনুষ্ঠানে অংশ নিচ্ছেন এই নায়িকা।

সেই ধারাবাহিকতায় বাংলাদেশের স্বাধীনতার ৫৫ বছর উপলক্ষে ‘বাংলাদেশ ইউনিটি ফেডারেশন অব লস অ্যাঞ্জেলস’ (বাফলা) আয়োজিত ‘বাংলাদেশ ডে প্যারেড অ্যান্ড ফেস্টিভ্যাল’ অনুষ্ঠানে গান গাইবেন মৌসুমী। তবে মৌসুমী একাই নন, একই মঞ্চে গান গাইবেন সেলিম চৌধুরী ও দিনাত জাহান মুন্নী। ওই অনুষ্ঠান উপস্থাপনার দায়িত্বে আছেন আনিসুর রহমান মিলন ও নোভা ফিরোজ। গান গাওয়ার পাশাপাশি ২৭ এপ্রিল মৌসুমী একটি নৃত্য পরিবেশনেও অংশগ্রহণ করবেন। এ বিষয়ে মৌসুমী বলেন, ‘বাফলা’র প্রতি আন্তরিক কৃতজ্ঞতা সুন্দর ও বর্ণাঢ্য এই আয়োজনে আমাকে সম্পৃক্ত রাখার জন্য। দেশের বাইরে থেকেও দেশের প্রতি, দেশের মানুষের প্রতি শ্রদ্ধা জানাতে পারবো আমরা, এটাই যেন অনেক অনেক ভালোলাগার একটি বিষয়।’

বলা প্রয়োজন, ২৯টি সংগঠন নিয়ে গঠিত ফেডারেশন এরপর ৫৩ পৃষ্ঠায়

## ভাঙলো অভিনেত্রী মাহির ৪ বছরের সম্পর্ক

আজকাল বিনোদন

ছোট পর্দার জনপ্রিয় অভিনেত্রী সামিরা খান মাহির সম্পর্ক ভেঙে গেছে। বিষয়টি নিজেই স্বীকার করেছেন অভিনেত্রী। সাদাত শাকি নাবিলের সঙ্গে গত ৪ বছর ধরে সম্পর্কে ছিলেন অভিনেত্রী।





বৃহস্পতিবার নিজের ইনস্টাগ্রাম হ্যান্ডেলে সামিরা খান মাহি বেশকিছু ছবি পোস্ট করে বিষয়টি নিশ্চিত করেন।

পোস্টে মাহি লিখেছেন, ‘গত কয়েকটা দিন ভীষণ কষ্টের কেটেছে। ট্রোল্ড হওয়া থেকে শুরু করে- আমার বোনের বিয়ের দায়িত্ব বহন করা, আমার সম্পর্ক ভেঙে যাওয়া- সবকিছু মিলিয়ে আমি ভেঙে গেছি, হারিয়ে গেছি। তবে এটা অনেক হয়েছে।’

বছর দুয়েক আগে প্রকাশ্যে এনেছিলেন প্রেমিকের কথা, এবার সামনে আনলেন নিজের ভেঙে যাওয়া সম্পর্কের কথা। অবশ্য শুধু এ এই প্রণয় বিচ্ছেদের কথাই নয়, এই অভিনেত্রী এখন শনির দশায় রয়েছেন- সেসব কথাও জানালেন।

জানালেন একের পর এক খারাপ সময় খারাপ সময় পার করে এখন ক্লান্ত, বিধ্বস্ত তিনি।

আরও লিখেন, ‘ট্রোল্ড হওয়া থেকে শুরু করে- আমার বোনের বিয়ের দায়িত্ব বহন করা, আমার সম্পর্ক ভেঙে যাওয়া- সবকিছু মিলিয়ে আমি ভেঙে গেছি, হারিয়ে গেছি। তবে এটা অনেক হয়েছে।’

মাহি যাদেরকে কষ্ট দিয়েছেন তাদের প্রতি দুঃখও প্রকাশ করেছেন। তিনি বলেন, ‘আমি ভুল করেছি, যা অনেককেই কষ্ট দিয়েছে, এটাও আমি বহন করে গেছি। আমি জানি আমি হৃদয় ভেঙেছি, এর জন্য আমি দুঃখিত। এরপর ৫৩ পৃষ্ঠায়

## অস্ট্রেলিয়ায় নতুন লুকে শাবনূর





আজকাল বিনোদন

এক সময়ের জনপ্রিয় চিত্রনায়িকা শাবনূর। এখনও তার নাম ঢালিউডে সমান গুরুত্ব রাখে। তবে এ জগৎ ছেড়ে তিনি পাড়ি দিয়েছেন দূর দেশে। অস্ট্রেলিয়ার সিডনিতে বসবাস করছেন দীর্ঘ সময় ধরে। দেশে আসা যাওয়ার মধ্যে থাকেন চিত্রনায়িকা।

শোবিজে ততটা দেখা না গেলেও সামাজিক যোগাযোগ মাধ্যমে বেশ সরব থাকেন অভিনেত্রী। ঘরে কিংবা বাইরে কোথাও ঘুরতে গেলে ভক্ত দর্শকের সঙ্গে মুহূর্তগুলো শেয়ার করে নেন তিনি।

এবার শাবনূরকে দেখা গেল আপেলের পাহাড়ে সেখানে আপেল গাছের নিচে দাঁড়িয়ে আপেল হাতে নিয়ে ছবি শেয়ার করতে। সবুজ গাছের পাশে সাদা-কালো পোশাকে কাড়লেন ৯০ এর পর্দা কাঁপানো অভিনেত্রী। ক্যাপশনে তিনি লিখেছেন, ‘বিলপিনে এই দিনটি ফল তোলার জন্য।’ অস্ট্রেলিয়ার সিডনিতে এই জায়গাটি আপেলের পাহাড় এরপর ৫৩ পৃষ্ঠায়


REAL ENERGY PRODUCTION & AZEEM HAROON PRESENTS
A RIDHI SIDHI ENTERTAINMENT PRODUCTION
PRODUCED BY SHAHREEN AKTER SUMI
SK FILMS
USA DISTRIBUTIONS
REAL ENERGY PRODUCTION
দর্শকদের ভালোবাসায় 'বরবাদ'
এখন দ্বিতীয় সপ্তাহে!
MEGASTAR SHAKIB KHAN
BORBAAD
DIRECTED BY: MEHEDI HASSAN HRIDOY
CINEMART CINEMAS
10603 Metropolitan Ave, Forest Hills, NY 11375
4/23/25 WED 1:30 PM 4:30 PM 7:30 PM
4/24/25 THU 1:30 PM 4:30 PM 7:30 PM
4/25/25 FRI 12:00 PM 2:50 PM 5:45 PM 8:45 PM
4/26/25 SAT 2:50 PM 5:45 PM 8:45 PM
4/27/25 SUN 11:30AM 1:30PM 4:30PM 7:20PM
4/28/25 MON 1:30PM 4:30PM 7:30PM
4/29/25 TUE 1:30PM 4:30PM 7:30PM
4/30/25 WED 1:30PM 4:30PM 7:30PM
5/01/25 THU 1:30PM 4:30PM 7:30PM
KEW GARDENS CINEMAS
81-05 Lefferts Boulevard, Kew Gardens, Queens, NY 11415
4/23/25 WED 1:30 PM 4:30 PM 7:00 PM 7:30 PM
4/24/25 THU 2:00 PM 4:30 PM 7:30 PM
4/25/25 FRI 5:10 PM
4/26/25 SAT 4:45 PM
4/27/25 SUN 4:30 AM
4/28/25 MON 4:45 PM
4/29/25 TUE 4:40PM
4/30/25 WED 4:40PM
5/01/25 THU 4:40PM
অগ্রিম টিকেট পাওয়া যাচ্ছে
থিয়েটার ওয়েবসাইট এবং থিয়েটার বক্স অফিসে
Design & Print by: ihopeprint.com, 929-538-7903
IN ASSOCIATED WITH:
Galaxy media
EVENT PARTNER:
GOLDEN AGE HOME CARE
MEDIA PARTNER:
আজকাল
SUPPORTED BY
NAWBAR


জ্যাকসন হাইট্স, উডসাইড এ নিরিবিলি পরিবেশে
বাংলাদেশী ডাক্তার
মেডিসিন বিশেষজ্ঞ
Internal Medicine
Geriatric Medicine
শামীম আহমেদ এম, ডি
• আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য সুলভে পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
• নিয়মিত শারিরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।
• ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।
আমরা প্রায় সব ধরণের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি। অফিসে আসার পূর্বে অনুগ্রহ করে ফোন করুন।
35-30 , 64th Street, Woodside NY 11377 (Subway E, F, R, N, V, G, 7)
TEL: 718-205-6561


যেসব বিষয়ে পরামর্শ দিই
• ASYLUM Cases
• Business Immigration/Non-Immigrant Work Visa (H-1B, L1A/L1B, O, P, R-1, TN)
• PERM Labor Certification (Employment based Green Card)
• Family Petition
• Deportation
• Cancellation of Removal
• Visas for physicians, nurses, extra-ordinary ability cases
• Appeals
• All other immigration matters
Khagendra Gharti-Chhetry, Esq
Attorney-At-Law
ইমিগ্রেশনসহ যে কোন আইনি সহায়তার জন্য
এ পর্যন্ত আমরা দুই শতাধিক বাংলাদেশীকে বিভিন্ন ডিটেনশন সেন্টার থেকে মুক্ত করেছি।
এখনো শতাধিক বাংলাদেশী ডিটেইনির মামলা পরিচালনা করছি।
আপনাদের সুবিধার্থে আমাদের বাফেলো শাখা থেকেও ইমিগ্রেশন সেবা দিচ্ছি।
বিস্তারিত জানতে যোগাযোগ করুন।
বাফেলো ঠিকানা :
Nasreen K. Ahmed
Chhetry & Associates P.C.
2290 Main Street, Buffalo, NY 14214
Nasreen K. Ahmed
Sr. Legal Consultant
LLM, New York.
Cell: 646-359-3544
Direct: 646-893-6808
nasreenahmed2006@gmail.com
CHHETRY & ASSOCIATES P.C.
363 7th Avenue, Suite 1500, New York, NY 10001
Phone: 212-947-1079 ext. 116


PEOPLE N TECH
A Global Leader in IT Training, Consulting, and Job Placement Since 2005
EARN 100K TO 200K PER YEAR
• Selenium Automation Testing
• SQL Server Database Administration
• Business Analyst
PROVIDED JOBS TO 7000+ STUDENTS.
100% JOB PLACEMENT
RECORD FOR THE LAST 17 YEARS.
Opportunity to get up to 50% scholarship for Bachelor's and Master's Degree as PeopleNTech Alumni from Partner University: www.wust.edu
Washington University of Science and Technology
Authorized Employment Agency by:
NYC Consumer and Worker Protection
Certified Training Institute by:
If you are making less than 80k/yr, contact now for two weeks free sessions:
info@piit.us 1-855-JOB-PIIT(1-855-562-7448) www.piit.us


জ্যামাইকার হিলসাইডে অভিজ্ঞ ও নির্ভুল ট্যাক্স ফাইলিং প্রতিষ্ঠান
IRS e-file
নুসরাত জেরিন
CALL: 917-436-0954
সর্বোচ্চ ট্যাক্স রিটার্ন
কম সময় এবং নূন্যতম ফি
ট্যাক্স, ইমিগ্রেশন
কন্সালটেশন, নোটারী পাবলিক
নির্ভুল, ঝামেলামুক্ত ও সঠিক ট্যাক্স ফাইলিংসহ যাবতীয় কাজ এর জন্য যোগাযোগ করুন।
168-47 Hillside Avenue (FL2)
Suite B, Jamaica, NY 11432
718-480-6904, 917-436-0954
Email: globalnusrat@gmail.com

# Clearview Eye Center






## কুইন্সের বহু বছর যাবত চোখের চিকিৎসায় সাফল্য অর্জনকারী ডাক্তার সাজ্জাদ আখতার এর চিকিৎসা নিন

* চোখ আপনার জীবনের অমুল্য সম্পদ
* সময় থাকতে অভিজ্ঞ ডাক্তারের পরামর্শ নিয়ে চোখের সঠিক যত্ন নিন
* আমরা বাংলায় কথা বলি



All kinds of eye's Problems Solved by

**SAJJAD AKHTAR, M.D.**

117-04 Jamaica Ave, Richmond hill, NY 11418

**Tel : 718-847-3937**



25-19 35th Street, Suite: CFAstoria, NY 11103

**Tel : 718-728-3606**

We Accept most of Insurances.



ESTD 2017

## Tribune Training Academy

Workplace Safety Training School

40-38 75th Street,
Jackson Heights, NY 11373
(718) 790-2664
tribunest@gmail.com
www.tribunest.com



## 40-HR OSHA/SST: $400

Tribune Training Academy is an outstanding institution with a proven track record of excellence that has made it a top player in the field of safety and technical training. Based in New York City, our esteemed organization has continuously set the standard for quality education through our unwavering commitment to providing the very best in certification training. Below are a list of some of the courses we offer:

- 30 Hour OSHA Training
- 40 Hour OSHA/SST
- 62 Hour Supervisor SST
- 4,16 & 32 Hour Scaffold
- 8-Hour EPA Lead Renovator
- NYS Security Guard License
- Fire Guard/FSD Training
- Work-zone Flagger
- Forklift/Scissor Lift Operator
- Defensive Driving Course

**40-HR OSHA/SST: $400 (LIMITED TIME OFFER)**

Get your 40-Hour OSHA/SST Training for only $400. This is a limited time offer only and this rate will not be honored once this promotional rate ends.



## Zillur Tax Accounting and Insurance

Accounting, Tax Filling, Audit, Insurance and Real State

### Zillur Rahim



IRS Enrolled Agent, MBA

**646-322-3254**

### Our Services:

- Personal tax filling
- Business tax filling
- New Business Set-up
- Immigration
- Insurance and all kind of form fill up
- Notary

IRS e-file

We help Buying, Selling and Renting

**Zillur Rahim**
Exit Realty Prime

88-11A, 169th St. (2nd floor) Jamaica NY-11432

**646-322-3254, 718-374-3110**

Email : zillurincometaxnyc@gmail.com

Zillurtaxandinsurance.com






## ওজোন পার্কে নিউইয়র্ক সিনিয়র অ্যাডাল্ট ডে-কেয়ার উদ্বোধন

৬৪ পৃষ্ঠার পর

শাহ নেওয়াজ বলেন, 'এটা সম্পূর্ণরূপে সেবামূলক প্রতিষ্ঠান। আমরা মানুষের সেবা করতে চাই। আমাদের জন্য দোয়া করবেন। আপনাদের উপস্থিত আমাদের আনন্দিত করেছে। আমরা আপনাদের কাছে কৃতজ্ঞ। আমাদের জন্য দোয়া করবেন। এটা আমাদের দ্বিতীয় শাখা। ভবিষ্যতে নতুন নতুন ঠিকানায় শাখা খোলা হবে। উদ্বোধনী অনুষ্ঠানে পবিত্র কোরআন তেলাওয়াত ও দোয়া পরিচালনা করেন ওজোনপার্ক জামে মসজিদের ইমাম মাওলানা আব্দুস শুকুর। অনুষ্ঠানে










শুভেচ্ছা বক্তব্য রাখেন মুরাদ হোসেন, ফ্রেনক পলাকো, ডানিয়েল ক্রেম, বাংলাদেশ সোসাইটির সিনিয়র সহ-সভাপতি মহিউদ্দিন দেওয়ান, বিয়ানীবাজার সমিতির সাবেক সাধারণ সম্পাদক ও জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির সভাপতি ফখরুল ইসলাম দেলোয়ার, টিবিএন-২৪-এর ভাইস প্রেসিডেন্ট এ এফ মিসবাহউজ্জামান, বিয়ানীবাজার সমিতির সাবেক সাধারণ সম্পাদক মিছবাহ আহমেদ, ওজোনপার্ক জামে মসজিদের সেক্রেটারি জামাল হোসেন, রেফাতি ইসলাম উদ্দীন প্রমুখ। উপস্থিত ছিলেন শাহ ফাউন্ডেশনের প্রেসিডেন্ট শাহ জে চৌধুরী, অনিক রাজ, দেলোয়ার হোসেন, ওয়ার্ল্ড হিউম্যান ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট শাহ শহীদুল হক, জালালাবাদ অ্যাসোসিয়েশনের কোষাধ্যক্ষ আলিম উদ্দিন, খায়রুল খোকন, মোহাম্মদ জাহিদ প্রমুখ। এনওয়াই ইন্স্যুরেন্স দিয়ে ব্যবসায় শুরু করেছিলেন শাহ নেওয়াজ। ভালো সেবা ও মানুষের বিশ্বাস অর্জনের মাধ্যমে তিনি এখন বেশ কয়েকটি প্রতিষ্ঠানের মালিক। তার প্রতিটি প্রতিষ্ঠানই মানুষের মন জয় করেছে এবং আস্থা অর্জন করেছে। তারই ধারাবাহিকতায় তিনি ব্যবসার শাখা বাড়াচ্ছেন, নতুন নতুন প্রতিষ্ঠান গড়ে তুলছেন। বর্তমানে শাহ নেওয়াজ গ্রুপের অধীনে নিউইয়র্ক সিনিয়র অ্যাডাল্ট ডে-কেয়ার ছাড়াও, গোল্ডেন এজ হোম কেয়ার, এনওয়াই ইন্স্যুরেন্স ব্রোকারেজ, শাহ নেওয়াজ ব্রোকারেজ, এনওয়াই কার অ্যান্ড লিমো সার্ভিস, ক্যারিয়ার একাডেমি, বিগেনার্স ড্রাইভিং একাডেমি, এনএনআরআর প্রোপার্টিজ, ডিএমভি এক্সপ্রেস সার্ভিসের মতো প্রতিষ্ঠান রয়েছে।



## বাংলাদেশ সোসাইটির সাবেক কর্মকর্তাদের সম্মিলন

আজকাল রিপোর্ট

বাংলাদেশ সোসাইটির সাবেক কর্মকর্তাগণ দীর্ঘদিন পর অত্যন্ত মনোরম পরিবেশে মিলিত হয়েছিলেন জ্যামাইকায়। নিজেরা মিলিত হয়েছিলেন এক সম্মিলনে। এই ঘরোয়া অনুষ্ঠানের মাধ্যমে সোসাইটির জন্য অতীতে কাজ করে গেছেন এমন ব্যক্তিবর্গ নিজেদের মধ্যে মতবিনিময় করেন। এ সময় উপস্থিত সাবেক কর্মকর্তাগণ নিজের মতামত তুলে ধরেন। অনুষ্ঠানে বাংলাদেশ সোসাইটির সাবেক কর্মকর্তাসহ উপস্থিত ছিলেন ফখরুল আলম, আবদুর রব মিয়া, কাজী আজম, গিয়াস আহমেদ, গণ খানসহ প্রবীণ নেতারা আলোচনায় মশগুল ছিলেন। এমন ঘরোয়া আলোচনার মধ্য দিয়ে বাংলাদেশ সোসাইটির কল্যাণে আগামীতে নানা উদ্যোগ কাজে আনতে পারে বলে সংশ্লিষ্টরা মনে করেন।

# "তারার আলোর" উদ্যোগে বর্ণিল বর্ষবরণ ১৪৩২



আজকাল রিপোর্টঃ নিউইয়র্ক তথা উত্তর আমেরিকার একমাত্র সম্পূর্ণ মহিলা নিয়ন্ত্রিত এবং পরিচালিত সংগঠন "তারার আলো" অত্যন্ত জমজমাট ও প্রচুর সংখ্যক নারীদের নিয়ে চোখ ধাধানো পারফরমেন্স এর মাধ্যমে সম্পন্ন করেছে বাংলা নববর্ষ ১৪৩২। গত ১৯ এপ্রিল শনিবার জ্যাকসন হাইটসের ডাইভার সিটি প্লাজায় অনুষ্ঠিত হয় এই জাকজমক পূর্ণ অনুষ্ঠান। আকর্ষনীয় দেশীয় সাজে এবং বৈশাখী সংস্কার ও সাংস্কৃতিক নিয়মে পালিত উক্ত অনুষ্ঠানের মধ্যমনি ছিলেন "তারার আলো"র প্রধান ও প্রেসিডেন্ট মীনা ইসলাম। উল্লেখ্য মীনা ইসলাম নিজ উদ্যোগে দীর্ঘদিন যাবৎ নিউইয়র্কে তারার আলো প্রতিষ্ঠা করে নিয়মিত নানান অনুষ্ঠান পালনের মাধ্যমে আমেরিকায় বসবাসরত বাংলাদেশী নারীদের বাঙালী কৃষ্টি ও সাংস্কৃতিকে ধরে রাখার প্রয়াস চালিয়ে যাচ্ছেন। এছাড়াও পরোপকার ও কমিউনিটি এক্টিভিস্ট হিসাবে তার যথেষ্ট খ্যাতি রয়েছে। বাংলাদেশ থেকে আসা বিভিন্ন মিডিয়া ও বিশিষ্ঠ ব্যক্তিত্বকে বিভিন্ন সময়ে তিনি নিজ বাসভবনে সাময়িক আশ্রয়সহ নিঃস্বার্থভাবে নানাবিধ উপকার করেছেন। ডাইভারসিটি প্লাজায় এদিনের বর্ষবরণ অনুষ্ঠানের সকল সামগ্রী সরবরাহ সহ তিনি নিজ হাতে অত্যন্ত পরিশ্রম করে অনুষ্ঠানের সহায়তার জন্য "কুলা" ও বিভিন্ন চারু কার্য তৈরি করেন। উপস্থিত দেশী-বিদেশীদের মুখে এদিনের তারার আলোর পারফরমেন্স ও তাদের সাজ গোজসহ সকলের প্রশংসা করতে দেখা যায়। এক আলাপ চারিতায় তারার আলোর মীনা ইসলাম জানান তিনি ভবিষ্যতে প্রবাসী নারীদের আরও সুসংগঠিত করে সুন্দর ও আকর্ষনীয় অনুষ্ঠান উপহার দিবেন।









# কিশোরগঞ্জ ডিস্ট্রিক্ট এসোসিয়েশন এন এ ইনক এর ঈদ পুনর্মিলনি ও নববর্ষ ১৪৩২ উদযাপন




আজকাল রিপোর্টঃ অত্যন্ত মনোমুগ্ধকর ও বিপুল সংখ্যক প্রবাসী কিশোরগঞ্জবাসীদের উপস্থিতিতে উদযাপিত হয়েছে ঈদ পুনর্মিলনী, নববর্ষ ১৪৩২ এবং মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। ২০ এপ্রিল রবিবার জ্যামাইকার হিলসাইডস্থ মেজবান রেস্টুরেন্টে দুপুরে শুরু হওয়া উক্ত অনুষ্ঠানের পরিচালনা করেন এক্সিকিউটিভ ডাইরেক্টর মোঃ মনিরুজ্জামান। তিনি উপস্থিত বিশিষ্ট ব্যক্তিদের মধ্য থেকে একে একে মঞ্চে আসনের জন্য ডেকে নেন, সংগঠনের প্রেসিডেন্ট (চেয়ারম্যান) মোঃ এবাদুল হক, বোর্ড অব ট্রাস্টির চেয়ারম্যান এবিএম ওসমান গনি, ভাইস চেয়ারম্যান মফিজুর রহমান দুলাল, প্রফেসর মিজানুর রহমান মিজান, সদস্য মোঃ বেলাল হোসেন, ছাইদুর খান ডিউক, ডাঃ আব্দুল্লা জাহিদ ও উপদেষ্টা মন্ডলির সদস্য বীর মুক্তিযোদ্ধা মঞ্জুরুল হক চুন্নু, আজিজুন নাহার মুকুল, মোঃ রওশন আলম ও কামরুজ্জামান মুরাদ। শুভেচ্ছা বক্তব্যে সভাপতি মোঃ এবাদুল হক উপস্থিত সকল কিশোরগঞ্জবাসী ও মেহমানদেরকে বাংলা নববর্ষ ও ঈদ শুভেচ্ছা জানান। তিনি বলেন কিশোরগঞ্জ জেলা বাংলাদেশের একটি ঐতিহ্যবাহী এলাকা। এখানে বিশিষ্ঠ ও গুনী ব্যক্তিদের জন্ম হয়েছে এবং দেশের প্রশাসন থেকে শুরু করে রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ স্থানে তাদের অবদান রয়েছে যা এই সংক্ষিপ্ত পরিসরে বলে শেষ করা যাবে না। সংক্ষিপ্ত বক্তব্যে আরও অংশ নেন এবিএম ওসমান গনি, ছাইদুর খান ডিউক, কামরুজ্জামান চৌধুরী রুনু, জুবায়ের আহমেদ রানা প্রমুখ। তারা সকলেই তাদের বক্তব্যে কিশোরগঞ্জের ঐতিহ্য তুলে ধরেন। এছাড়া এদিনের অনুষ্ঠানের সার্বিক সহযোগিতায় ছিলেন, মোঃ সালাউদ্দিন, শামীর উদ্দিন নাসের, আলী মোঃ মাসুদ, রফিকুল ইসলাম মুন্সি, কামাল উদ্দিন, জাহিদুল ইসলাম, মোঃ মাহফুজুল হক, জাকিয়া খান ডেইজী, মকবুল হোসেন, মাহমুদুল হক, কামরুল ইসলাম চৌধুরী, বিশ্বজিৎ পাল, জাহাঙ্গীর আলম জয়, শিপু সামদানি, পলাশ আহমেদ, জিহাদ ইসলাম, সৈয়দ মোঃ আতিকুল রহমান, তাহমিনা চৌধুরী, মোঃ সাজ্জাদ করিম, কামরুল হুদা চৌধুরী মাসুদ, রিফাত আহমেদ, মাহবুবুর রহমান, জুনাইদ আহমেদ, শাওন আহমেদ, আনোয়ার হোসেন, বোরহান উদ্দিন আহমেদ, ফাহমিদা খানম, লুবনা শারমিন মমি, দিলশাদ বেগম পুস্প, ফারজানা ইসলাম, উষা সামদানি, তানিয়া রফিক, খালজা আকুঞ্জি, এ এইচ বাশার। আগত অতিথিদের মেজবান রেষ্টুরেন্টের সুস্বাদু নববর্ষের ঐতিহ্যবাহী খাবারের সাথে অন্যান্য মুখরোচক খাবার পরিবেশন করা হয়। সবশেষে ছিল উত্তর আমেরিকার জনপ্রিয় শিল্পী রোখসানা মির্জা ও নাজু আকন্দের সঙ্গীত পরিবেশনা। এ সময় সকলে প্রাণ ভরে সঙ্গীত উপভোগ করেন এবং আয়োজকদের ভুয়সী প্রশংসা করেন।









!! 100% HALAL & TASTY FOOD IN MANHATTAN !!



We do catering

HALAL CHINESE

HALAL FOOD

CURRY KING RESTAURANT حلال

PAKISTANI, INDIAN & BANGLADESHI CUISINE







ম্যানহাটানের প্রাণকেন্দ্রে ১০০% হালাল ও সুস্বাদু খাবার

* PAKISTANI -BANGLADESHI- INDIAN CUISINE

COME & ENJOY OUR DELICIOUS FOOD



WE DO MONEY TRANSFER
AVAILABLE RECHARGE PHONE CARDS
FREE DELIVERY & ONLINE ORDER







সকল অনুষ্ঠানের ক্যাটারিং এর অর্ডার নেয়া হয়

942 COLUMBUS AVE. NEW YORK, NY 10025

TEL : 646-669-7826

# নারী বিশ্বকাপের মূলপর্বে বাংলাদেশ

## সেই ১ বলের সমীকরণ মিলিয়ে অবশেষে ঠাঁই হলো

আজকাল স্পোর্টস



জয় পেয়েও শেষ হাসি হাসতে পারলো না ওয়েস্ট ইন্ডিজ। থাইল্যান্ডের বিপক্ষে ১৬৭ রানের লক্ষ্য ১০.৫ ওভারে ছুঁয়ে ম্যাচ জিতলেও বিশ্বকাপের টিকিট কাটতে পারেনি ক্যারিবীয় নারীরা।
কারণ, জয়ের জন্য শুধু লক্ষ্য টপকানো নয়, প্রয়োজন ছিল নির্দিষ্ট সংখ্যক বলে চার ও ছক্কা হাঁকানোরজ়রুটা হয়নি। ফলে নেট রানরেটে এগিয়ে থেকে নারী টি-টোয়েন্টি বিশ্বকাপের মূলপর্বে জায়গা করে নিল বাংলাদেশ।
এই জয়ের পর ওয়েস্ট ইন্ডিজের নেট রানরেট দাঁড়ায় ০.৬৩, আর বাংলাদেশের ০.৬৪। সেখানেই ব্যবধান গড়ে দেয় বিশ্বকাপের দৌড়ে।
অর্থাৎ, পরিপূর্ণ লড়াইয়ের পরও বাংলাদেশকে ঠেকানো গেল না। ইতিহাস গড়ে আরেকবার নারী বিশ্বকাপের মঞ্চে উঠলো টাইগ্রেসরা।
নিজেদের ম্যাচে বাংলাদেশ দিনের শুরুতে হেরে গিয়েছিল পাকিস্তানের কাছে। ৭ উইকেটে হার দেখতে হয়েছিল টাইগ্রেসদের। তারপরেও আশার প্রদীপটা একেবারেই নিভে যায়নি। ওয়েস্ট ইন্ডিজের নারীদের হার কিংবা নেট রানরেটে পিছিয়ে থাকা জ্যোতির দলকে পৌঁছে দেবে বিশ্বকাপে এটাই ছিল সমীকরণ।
সেই কাজটা অনেকটাই সহজ হয়ে যায় থাইল্যান্ডের ব্যাটার নান্তাখাম চাংথামের কল্যাণে। তার এক ফিফটিতে ভর করে উইন্ডিজ নারীদের বিপক্ষে থাইল্যান্ডের স্কোর হয়েছিল ১৬৬। থাইল্যান্ডের ইনিংস অবশ্য শেষ হতে পারতো আরও অনেক আগেই। ওয়েস্ট ইন্ডিজের নারীদের দুর্দান্ত বোলিংয়ে একসময় ৮৫ রানেই ৭ উইকেট হারায় থাইল্যান্ড। চারে নামা চাংথাম একাই ছিলেন প্রাচীর হয়ে। খেলেছেন ৬৬ রানের ইনিংস।
শেষদিকে থাই নারীদের আর কেউই দুই অঙ্কের ঘরে যেতে না পারলেও বলের পর বল খেলে গিয়েছেন, আর সেটাই বাংলাদেশের স্বপ্নটা উজ্জ্বল করেছে বিশ্বকাপের দৌড়ে।
বহু জটিলতার পর জানা যায়, ১০.১ ওভারে ১৬৭ রান করতে হবে ওয়েস্ট ইন্ডিজকে। সেটা ১১ ওভার পর্যন্ত যেতে পারে। সেক্ষেত্রে স্কোর থ এরপর ৩৬ পৃষ্ঠায়



## বিশ্বকাপ নিশ্চিত করে র‍্যাঙ্কিংয়ে উন্নতি নাহিদা-মারুফাদের

আজকাল স্পোর্টস

সূক্ষ্ম ব্যবধানে ওয়েস্ট ইন্ডিজকে পেছনে ফেলে নারী বিশ্বকাপের মূলপর্বে জায়গা নিশ্চিত করেছে বাংলাদেশ নারী দল। শেষ ২ ম্যাচে হারলেও প্রথম তিন ম্যাচ জিতে টুর্নামেন্টে উড়ন্ত শুরু পেয়েছিল টাইগ্রেসরা। আর সেই পারফরম্যান্সের কারণেই এবার র‍্যাঙ্কিংয়ে উন্নতি হয়েছে বাংলাদেশ দলের অধিকাংশ ক্রিকেটারের।
মঙ্গলবার (২২ এপ্রিল) নারী ক্রিকেটের হালনাগাদকৃত র‍্যাঙ্কিং প্রকাশ করেছে আইসিসি। ব্যাটিংয়ে ক্যারিয়ার-সর্বোচ্চ রেটিং পয়েন্ট পেয়েছেন শারমিন আক্তার, রিতু মনি ও মারুফা আক্তার। বোলারদের মধ্যে ক্যারিয়ার-সর্বোচ্চ রেটিং পয়েন্ট পেয়েছেন নাহিদা আক্তার, রাবেয়া খান ও মারুফা এরপর ৩৮ পৃষ্ঠায়



## ভারতে স্থগিত সাফ অ্যাথলেটিকস

### চলতি ক্যাম্প নিয়ে কী ভাবছে বাংলাদেশ?

আজকাল স্পোর্টস

সাত মাসের মধ্যে দ্বিতীয়বার স্থগিত সাফ অ্যাথলেটিকস প্রতিযোগিতা। পাকিস্তানের অ্যাথলেটদের ভিসা পেতে দেরি হওয়ায় এই প্রতিযোগিতা স্থগিত রাখার কথা জানানো হয়েছে। আগামী ৩-৫ মে রাঁচির বিরসা মুন্ডা অ্যাথলেটিকস স্টেডিয়ামে এই প্রতিযোগিতা হওয়ার কথা ছিল। এখন সেটি জুনের দ্বিতীয় বা তৃতীয় সপ্তাহে হতে পারে। অবশ্য জম্মু-কাশ্মীরের পহেলগাঁওয়ে সন্ত্রাসী হামলায় পাকিস্তানকে আদৌ ভিসা দেওয়া হবে কি না তা নিয়ে সংশয় রয়েছে। এ কারণে এই প্রতিযোগিতা নিকট ভবিষ্যতে হওয়ার ব্যাপারে ধোঁয়াশা রয়েছে।
গত বছরের অক্টোবরে হওয়ার কথা ছিল সাফ অ্যাথলেটিকসের এই চতুর্থ আসর। তখন সেটি বাতিল হয়ে গিয়েছিল। পাকিস্তান ছাড়াও শ্রীলঙ্কা, বাংলাদেশ, নেপাল, ভুটান এবং ভারতের ক্রীড়াবিদদের অংশ নেওয়ার কথা। ভুটান ইতিমধ্যেই রাঁচিতে পৌঁছে অনুশীলনও শুরু করে দিয়েছে!
বাংলাদেশও প্রস্তুতি শুরু করেছিল। বাংলাদেশ অ্যাথলেটিকস ফেডারেশনের সাধারণ সম্পাদক শাহ আলম বাংলা ট্রিবিউনকে বলেছেন, 'আমাদেরকে জানানো হয়েছে সাফ অ্যাথলেটিকস স্থগিত। পরবর্তীতে কবে হবে তা জানানো হয়নি। তবে এক সপ্তাহ পর আপডেট দিবে। আমরা সেই অপেক্ষায় আছি। যদি এরপর ৫৩ পৃষ্ঠায়



## ঢাকায় হামজার অভিষেক

### সিঙ্গাপুর ম্যাচ ঘিরে এখনই চাপে বাফুফে



আজকাল স্পোর্টস

১০ জুন ঢাকায় এশিয়ান কাপ বাছাইয়ে বাংলাদেশ হোম ম্যাচে মুখোমুখি হবে সিঙ্গাপুরের। সেই ম্যাচ ঢাকার জাতীয় স্টেডিয়ামে করার সব প্রস্তুতি চলছে। ইংলিশ লিগে খেলা হামজা চৌধুরীর ঢাকার মাঠে অভিষেক হবে এই ম্যাচ দিয়ে। এছাড়া সামিত সোম কিংবা কিউবা মিচেলেরও অভিষেক হওয়ার কথা রয়েছে। তাই এখন থেকেই দর্শকদের মাঝে ম্যাচের টিকিট পাওয়া নিয়ে আশা-প্রত্যাশা বেড়ে গেছে। বাফুফেও তা অনুভব করছে। এই ম্যাচকে সামনে রেখে আজ বৃহস্পতিবার কম্পিটিশন কমিটির এক সভা করেছে ফুটবল ফেডারেশন।
কম্পিটিশন কমিটির চেয়ারম্যান বাফুফে নির্বাহী সদস্য ও সাবেক জাতীয় ফুটবলার গোলাম গাউস। সভা শেষে বাংলা ট্রিবিউনকে বলেছেন, 'হামজার ম্যাচকে সামনে রেখে দর্শকদের আগ্রহ বাড়ছে। এছাড়া অনেক দিন পর এই মাঠে আন্তর্জাতিক ম্যাচ হবে। এশিয়ান কাপের বাছাই পর্বে আগে ভারতের সঙ্গে ড্র করায় প্রত্যাশাও বেড়েছে। আমরা দর্শক-সমর্থকদের আগ্রহটা বুঝতে পারছি। টিকিট প্রাপ্তি এরপর ৩৮ পৃষ্ঠায়

## অবশেষে পিছিয়ে গেল সাফ চ্যাম্পিয়নশিপ

আজকাল স্পোর্টস



সাফ চ্যাম্পিয়নশিপ পিছিয়ে যেতে পারে- আগে থেকেই আশঙ্কা করা হচ্ছিল। শেষপর্যন্ত পিছিয়েই গেল আসরটি। ২০২৬ সালের আগে আসরটি আলোর মুখ দেখছে না। বৃহস্পতিবার দক্ষিণ এশিয়ান ফুটবল ফেডারেশন (সাফ) থেকে বিষয়টি নিশ্চিত করা হয়েছে।
এ সংক্রান্ত বিবৃতিতে বলা হয়েছে, 'এ বছর হোম এন্ড অ্যাওয়ে ফরম্যাটে মর্যাদাপূর্ণ সাফ চ্যাম্পিয়নশিপ আয়োজনের সিদ্ধান্ত নেওয়া হয়েছিল। সে অনুযায়ী প্রস্তুতিও নেওয়া হয়েছিল। আমাদের সদস্য সংস্থা এবং মার্কেটিং পার্টনার স্পোর্টস-ফাইভ মনে করেছে যে প্রতিযোগিতা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য আরও সময়ের প্রয়োজন।'
বিবৃতিতে আরও বলা হয়েছে, 'আমরা সাফ চ্যাম্পিয়নশিপ ২০২৬ সাল পর্যন্ত স্থগিত করার সিদ্ধান্ত নিয়েছি। যাতে আমাদের সকল অংশীদার এবং সদস্য দেশগুলো আসর আয়োজনের জন্য পর্যাপ্ত সময় পায়। ২০২৬ ফিফা বিশ্বকাপ বছর। এ কারণে সাফ চ্যাম্পিয়নশিপের জন্য উপযুক্ত সময়সূচী এবং স্থান নির্ধারণের দিকে যথেষ্ট মনোযোগ দিতে হবে।'
হোম এন্ড অ্যাওয়ে ভিত্তিতে সাফ চ্যাম্পিয়ন আয়োজিত হলে ম্যাচগুলো ফিফা উইন্ডোতে হবে কি নাড়নিশ্চিত করা হয়নি। ফিফা উইন্ডোতে হলে হামজা চৌধুরী এবং প্রবাসী অন্যান্য ফুটবলারদের সার্ভিস পাবে বাংলাদেশ। কিন্তু উইন্ডোর বাইরে হলে প্রবাসী ফুটবলারদের সার্ভিস পাবে না লাল-সবুজরা।
গত বৃহস্পতিবার সাফের সর্বশেষ বিবৃতি প্রকাশের আগ পর্যন্ত ১৫তম আসর শ্রীলংকার রাজধানী কলম্বোতে অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। সে মাফিক প্রস্তুতিও নিচ্ছিল সদস্য দেশগুলো। সাফ আদৌ এ বছর হবে কি নাড়চূড়ান্ত হওয়ার কথা ছিল ২৪ মে প্রস্তাবিত সভায়। সে সভার এক মাস আগেই সিদ্ধান্ত হয়ে গেলড়এবার সাফ হচ্ছে না। পরবর্তী আসরের জন্য ২০২৬ সাল পর্যন্ত এরপর ৩৮ পৃষ্ঠায়

## তাওহীদ হৃদয়ের নিষেধাজ্ঞা বিতর্ক নিয়ে মুখ খুললেন ফাহিম





আজকাল স্পোর্টস

ঢাকা প্রিমিয়ার লিগে তাওহীদ হৃদয়ের খেলা ঘিরে তৈরি হয়েছে চরম বিতর্ক। নিষেধাজ্ঞা পাওয়ার পরও এক ম্যাচ বিরতির পর মাঠে নামার সুযোগ পান এই ব্যাটারজ্ঞা নিয়মবহির্ভূত ও শৃঙ্খলা প্রশ্নে বড়সড় ধাক্কা বলেই মনে করছেন অনেকেই। এ বিতর্কের জেরে বিসিবির চাকরি ছেড়েছেন দেশসেরা আম্পায়ার শরফুদৌল্লা ইবনে শহীদ। শেষ পর্যন্ত এ নিয়ে মুখ খুললেন বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) এরপর ৩৮ পৃষ্ঠায়

## তিন দেশের ৪০ থিয়েটারে 'জংলি'

৪৬ পৃষ্ঠার পর

প্রেক্ষাগৃহে যাচ্ছেন। দেশের সিনেমাপ্রেমীদের মন জয় করে এবার কানাডা, আমেরিকা ও ইউকে'র ৪০টি থিয়েটারে মুক্তি পাচ্ছে সিনেমা 'জংলি'। ২৫ এপ্রিল থেকে স্বপ্ন স্কেয়ারক্রো-এর পরিবেশনায়, ঈদের সিনেমাগুলোর মধ্যে দেশের বাইরে সবচেয়ে বেশি থিয়েটারে একযোগে মুক্তি পেতে যাচ্ছে এই সিনেমাটি।

প্রথম সপ্তাহে কানাডার ৫টি, আমেরিকার ২৮টি ও ইউকে'র ৭টি থিয়েটারে চলবে 'জংলি'। ইউ কে'তে স্বপ্ন স্কেয়ারক্রো-এর সাথে যৌথভাবে পরিবেশনা করছে রিভেরি ফিল্মস।

মূলত, তিন দেশের মোট চল্লিশটি শহরের, চল্লিশটি বিশ্বখ্যাত চেইন থিয়েটারে 'জংলি' মুক্তি পাচ্ছে।

প্রথম সপ্তাহে প্রধান যেসব শহরে চলবে 'জংলি'...

কানাডা : টরন্টো, মন্ট্রিয়াল, অটোয়া, ভ্যানকুভার ও উইন্ডসর।

আমেরিকা : নিউ ইয়র্ক সিটি, বাফেলো, ডেট্রয়েট, শিকাগো, ফিলাডেলফিয়া, আটলান্টা, ডালাস, হিউস্টন, লস এঞ্জেলেস, ওয়াশিংটন ডিসি, আটলান্টিক সিটি ও ক্যানসাস সিটি।

ইংল্যান্ড : লন্ডন, বার্মিংহাম, ওয়েম্বলি, লুটন ও রেনহাম।

এ বিষয়ে পরিবেশক স্বপ্ন স্কেয়ারক্রো-এর প্রেসিডেন্ট মোহাম্মদ অলিউল্লাহ সজীব বলেন, 'বছরের এই সময়ে হলিউড এবং বলিউডের সিনেমার প্রেসার থাকে ওয়ার্ল্ড মার্কেটে। তবে ভালো শুরু পেলে, পরের সপ্তাহে এখান থেকে অনেক দিন ধরে রাখতে পারবে 'জংলি'। সেই সাথে থাকছে আরেক বড় চেইন ইউনাইটেড আর্টিস্ট (ইউএ)-এ নতুন কিছু হল পাবার সুযোগ।'

বলা প্রয়োজন, 'জংলি' সিনেমায় মুখ্য চরিত্রে অভিনয় করেছেন সিয়াম আহমেদ, বুবলী ও দীঘি। শিশুশিল্পী চরিত্রে অভিনয় করেছেন নৈঋতা। 'জংলি' সিনেমার চারটি গানের সংগীত পরিচালনা করেছেন প্রিন্স মাহমুদ। সিনেমাটির বিভিন্ন চরিত্রে আরও অভিনয় করেছেন দিলারা জামান, শহীদুজ্জামান সেলিম, রাশেদ মামুন অপু, সোহেল খান, এরফান মৃধা শিবলু প্রমুখ।

টাইগার মিডিয়া প্রযোজিত 'জংলি' সিনেমার গল্প লিখেছেন আজাদ খান, চিত্রনাট্য করেছেন যৌথভাবে মেহেদী হাসান মুন ও কলকাতার সুকৃতি সাহা।

## অস্ট্রেলিয়ায় নতুন লুকে শাবনূর

৪৬ পৃষ্ঠার পর

হিসেবে জনপ্রিয়। পর্যটকরা ছুটতে যান সেখানে।

কিছুদিন আগে তুশিনারে দেশে ঘুরে গেছেন শাবনূর, কাউকে বুঝতেও দেননি। অবশ্য, কেনই বা বুঝতে দেবেন; এমন ভালো পরিস্থিতিতেও ছিলেন না নায়িকা। সে সময় তার মাঝে ছিল ব্যাপক উদ্বেগ-উৎকণ্ঠা ও শঙ্কা।

দেশে আসার এই খবর জানিয়ে দেন নায়িকা নিজেই। গণমাধ্যমকে দেয়া এক বার্তায় শাবনূর জানান, সে সময়টা পুরোটা অস্থিরতায় কেটেছে তার। তাই তেমন কাউকে জানানোটা হয়ে ওঠেনি।

কিন্তু কী কারণে এত তাড়াহুড়া ছিল শাবনূরের?

জানালেন, নিজের অসুস্থ মা কে নিয়ে সেকেন্ডেই ঢাকায় এসেছিলেন শাবনূর। তা আবার খুবই স্বল্প সময়ের জন্য। মাত্র আট ঘণ্টা ঢাকায় অবস্থান করেন নায়িকা।

প্রখ্যাত চলচ্চিত্রকার এহতেশাম পরিচালিত 'চাঁদনী রাতে' সিনেমার মাধ্যমে চলচ্চিত্রে আগমন শাবনূরের। প্রথম ছবি ব্যর্থ হলেও পরে প্রয়াত নায়ক সালমান শাহের সঙ্গে জুটি গড়ে ব্যাপক সফলতা পান। ক্যারিয়ারে রিয়াজ, শাকিব খান, ফেরদৌস, শাকিব খানসহ অনেক নায়কের সঙ্গে জুটি গড়ে অসংখ্য ব্যবসা সফল সিনেমা উপহার দেন।

ক্যারিয়ারে শীর্ষে থাকার সময় হঠাৎই অভিনয় জীবন থেকে দূরে সরে অস্ট্রেলিয়ায় বসবাস করতে শুরু করেন শাবনূর। সর্বশেষ ২০২৩ সালে শাবনূর নারীকেন্দ্রিক সিনেমা 'রঙনা'য় অভিনয় করেন, যে সিনেমার কাজ এখনও শেষ হয়নি।


BECOME A REALTOR
রিয়েল এস্টেট পেশায় আসুন
Make SIX-FIGURE ($$$$$$) or more income/ year !
মাত্র ১ মাসেই লাইসেন্স করা সম্ভব
বছরে লক্ষ লক্ষ ডলার ($$$$$$) আয় করুন
YES, Sky is the Limit! NO MORE ODD JOB!
No Bossing! Work Independently
Work Part-time/ Full-time, We Help You:
Pass Real Estate Exam
[ Salesperson in New York State ]
মাতৃভাষায় ব্যাখ্যা করা হয়
Unlimited Package Deal- Flat Fee - Until You Pass
পাশ-চুক্তি পড়ানো- পাশের নিশ্চয়তা ১০০%
Real Estate Productivity Coaching





Azizul Hoque
[Realtor Hoque]
Consultant, Coach & Licensed Realtor
148-45 Hillside Avenue, Suite 201B
Jamaica, NY 11435
Phone: 347 451 7307
Email: realtorhoque64@gmail.com



kw LANDMARK II
KELLERWILLIAMS. REALTY






•Residential •Commercial • Investment
•Foreclosures •Auctions • Co-Op & Condo
•Short Sale •Hud • Rentals
•Bank Owned/ REO Properties
List Your Property Faster with TOP $$$
Free Market Analysis
Consultation





Azizul Hoque
[Realtor Hoque]
Licensed Realtor
realtorhoque64@gmail.com
azizul.hoque@kw.com
www.azizul-hoque.kw.com
347-451-7307
347-846-1200
347-846-1201
75-35 31st Avenue Suite, 202
Jackson Heights, NY-11370
realtorhoque64
AzizulH48770125
azizul-hoque-880064245


## যুক্তরাষ্ট্রের গাইবেন মৌসুমী

৪৬ পৃষ্ঠার পর

বাফলা। ২০০৬ সাল থেকে নিয়মিত বাংলাদেশের স্বাধীনতা উদযাপনের জন্য এই আয়োজনটি করে আসছে বাফলা। সেই ধারাবাহিকতায় ২৬ ও ২৭ এপ্রিল লস অ্যাঞ্জেলেসে অনুষ্ঠিত হবে বাংলাদেশ ডে প্যারেড অ্যান্ড ফেস্টিভ্যাল। আয়োজনে নির্ধারিত দিনে শত শত বাংলাদেশি বর্ণাঢ্য প্যারেডে তিন ঘণ্টাব্যাপী অংশগ্রহণ করবেন।

উল্লেখ্য, এটিই প্রথম নয়, এর আগেও যুক্তরাষ্ট্রের মঞ্চে গান গেয়েছেন মৌসুমী।

## ভারতে স্থগিত সাফ অ্যাথলেটিকস

৫২ পৃষ্ঠার পর

শিগগিরই সাফ অ্যাথলেটিক্স না হয় তাহলে আমাদের চলমান ক্যাম্প আছে, সেটা নিয়ে নতুন পরিকল্পনায় নামতে হবে। দেখা যাক কী আছে সামনের দিকে।'

## যুক্তরাষ্ট্র কাঁপাচ্ছে "বরবাদ"

৪৬ পৃষ্ঠার পর

ম্যাটার করে না। ১৫/২০টি থিয়েটারে চললে যদি সবগুলো হাউজফুল যায় সেটিই হবে অত্যন্ত সম্মানের। উদাহরণ দিয়ে তিনি বলেন, নিউইয়র্কের দুটি নামকরা থিয়েটারে প্রথম দিন থেকে দৈনিক ৩টি শো করে। ৩টিই হাউজফুল যাচ্ছে। শাকিব খানের সিনেমার এত এত দর্শক খোদ আমেরিকাতে রয়েছে যা দেখে অবাক হয়ে যাই। আসলে ভালো সিনেমা এলে দর্শক দেখে এটা প্রমাণ।

মেহেদী হাসান হৃদয় পরিচালিত শাকিব খান, ইধিকা পাল, যীশু সেনগুপ্ত অভিনীত 'বরবাদ'দেশে ঝড় তোলার পর বর্তমানে আমেরিকার পাশাপাশি কানাডা ও ইংল্যান্ডেও ঝড় তুলেছে। প্রবাসীরা লুফে নেয়ায় বিদেশের প্রেক্ষাগৃহগুলোতেও শাকিব অভিনীত সিনেমা কাঁপাচ্ছে।

আগামী ২৬ এপ্রিল সুদূর অস্ট্রেলিয়া ও নিউজিল্যান্ডে মুক্তি পেতে যাচ্ছে ঢালিউডের সবচেয়ে বিগ বাজেটের ও ব্যবসা সফল সিনেমা 'বরবাদ'। মে-এর দ্বিতীয় সপ্তাহে 'বরবাদ' চলবে মালয়েশিয়াতেও।

## অভিনেত্রী শাওনের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা

৪৬ পৃষ্ঠার পর

অভিযোগ রয়েছে, এ ঘটনা জানার পর বাবার ওপর শারীরিক ও মানসিক নির্যাতন চালান শাওন। পাশাপাশি আওয়ামী লীগের রাজনীতির সঙ্গে যুক্ত থাকায় সেই প্রভাব খাটিয়ে সৎ মা লিপিকে ৬ মাস জেলে খাটান।

এমন অভিযোগও আছে, বাবাকে মানসিক ভারসাম্যহীন বানিয়ে কয়েক মাস একটি মানসিক স্বাস্থ্য কেন্দ্রে আটকে রেখেছিলেন শাওন। এসব ঘটনার সঙ্গে শাওনের অন্যান্য ভাইবোনেরও জড়িত বলে সে সময় অভিযোগ করেছিলেন বাদী লিপি ইসলাম।

## ভাঙলো অভিনেত্রী মাহির ৪ বছরের সম্পর্ক

৪৬ পৃষ্ঠার পর

সত্যিই আমি ভেঙে পড়েছি- আর এটা বলতে ভয় পাই না আমি।' ইনস্টাগ্রাম হ্যান্ডেলে চোখের জলের ছবি পোস্ট করে লিখেছেন, 'আমার এই দুর্বলতম সময়েও আমি জানি, উঠে দাঁড়ানোর শক্তি আমাকে ছেড়ে যায়নি। আমি এখন শুধুই ক্লান্ত, তবে পরাজিত নই। যদি সবার সঙ্গে হাসি শেয়ার করা যায়, তাহলে আমি বলবো চোখের জলও শেয়ার করা যায়।'

এক বছরের বন্ধুত্ব তারপর প্রেমের সম্পর্কে গিয়েছেন বলে জানিয়েছিলেন মাহি। পরিচয়ের পর নিয়মিত কথা হতো তাদের। কথা বলা থেকে ভালো লাগা শুরু। এরপর প্রেম।

সাহিলের সঙ্গে চার বছর সম্পর্কের পর বিচ্ছেদের কথা জানালেন মাহি।

## নিউইয়র্কে বাংলাদেশির বাড়িতে অগ্নিকাণ্ডে নিহত ৩

৬২ পৃষ্ঠার পর

গেছে, আহত মিসবাহ মাহমুদ হাসপাতালের আইসিইউতে আছেন। তবে তার অবস্থা শঙ্কামুক্ত। গত ১৮ এপ্রিল রাতে এই অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে।

সূত্রে জানা গেছে, বাংলাদেশি-আমেরিকান মিসবাহ মাহমুদের বাড়িতে অন্য কমিউনিটির মানুষ ভাড়াটিয়া হিসেবে বসবাস করছিলেন। এই ঘটনায় কমিউনিটিতে নানা কথা শুনা যাচ্ছে এবং মিশ্র প্রতিক্রিয়াও রয়েছে। আহত মিসবাহ মাহমুদ বাংলাদেশি-আমেরিকান অ্যাডভোকেসি গ্রুপ (বাগ)-এর বোর্ড সদস্য। তার সুস্থতায় কমিউনিটি নেতৃবৃন্দ সবার দোয়া কামনা করেছেন।

পুলিশ জানায়, ইস্টার সানডের শুরুতেই রাত ১টা ৪০ মিনিটে এই অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। স্থানীয় ৮৭-২৫ পেটি জেফ স্ট্রিটে অগ্নিকাণ্ডের সঙ্গে সঙ্গে ৯১১-এ খবর পেয়ে অগ্নিনির্বাপক দল ঘটনাস্থলে পৌঁছে এবং আগুন নিয়ন্ত্রণে আনে। মৃত তিন পুরুষের বয়স ৪৫, ৫২ ও ৬৭ বছর। তাদের নাম-পরিচয় প্রকাশ করা হয়নি। আহতদের মধ্যে তিনজনকে স্থানীয় জ্যামাইকা হসপিটাল সেন্টারে এবং অপর একজনকে কুইন্স হসপিটাল সেন্টারে ভর্তি করা হয়েছে। অগ্নিকাণ্ডের কারণ জানা যায়নি। ঘটনার তদন্ত চলছে।


ঘরে বসে আয় করুন
আপনার কি বাবা, মা, আত্মীয় স্বজন, বন্ধু বান্ধব কিংবা প্রতিবেশী অসুস্থ?
তাহলে এক্ষুনি আমাদের সাথে যোগাযোগ করুন। আমরা আপনাকে সর্বোচ্চ ইনকামের নিশ্চয়তা দিচ্ছি।




যোগাযোগ : ৯১৭ ৫১৯ ১১৫১

UCS Ultra Credit Solutions Inc.

CREDIT REPAIR

ক্রেডিট রিপেয়ার




আমাদের সেবাসমূহঃ

পাবলিক রেকর্ড, কালেকশন একাউন্ট, ব্যাংকক্রাপসি, ডেবট সেটেলমেন্ট, লেট-পেমেন্ট, ষ্টুডেন্ট লোন, মেডিক্যাল বিল ও কার রিপজিশানিং রিমুভাল।

(এটি একটি বাংলাদেশী প্রতিষ্ঠান)

Public Record Removal, Collection Removal
Bankruptcy Removal, Debt Settlement, Debt Elimination

929-386-6426
929-386-4705

3716 73rd Street, Suite. 302-B (3RD FLOOR)
JACKSON HEIGHTS, NY 11372
34-18 Northern Blvd, Suite # 5/14
Long Island City, NY 11101 (বাংলাদেশ কনস্যুলেট অফিসের উপর তলায়)

www.ultracreditsolutions.com

MITU DISABILITY CENTER



RONJAN (Consultant)
646-730-8416



JABBAR SHARIFF
Attorney & Counselor at Law

IF YOU ARE SICK, YOU CAN GET
$500-$2500 PER MONTH

State Disability (TANF) • Federal Disability (SSI, SSDI)

Citizenship Without Exam N-648 Waiver

Personal Injury • Divorce • Bankruptcy • Immigration
Car, Home, Life Insurance (No Broker Fee) Real State
Buy Sale Loan Modification • Physical Therapy by Doctor

আপনি যদি অসুস্থ হন তাহলে মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন

* ষ্টেট ডিসএ্যাবিলিটি * ফেডারেল ডিসএ্যাবিলিটি
* পরীক্ষা ছাড়া আমেরিকার সিটিজেন।
এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।
ইমিগ্রেশনের বিষয়ে সাহায্য করা হয়।

37-47 73 St. #215, Jackson Heights NY 11372
TEL: 718-701-2666



ডাঃ গোবিন্দ পাল
মেডিসিন বিশেষজ্ঞ

Attending Physician
Wyckoff Heights
Medical Center

Gobinda Paul M.D., F.A.C.P.
Board Certified in Internal Medicine

- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য সুলভে পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
